প্রত্যেক কার্য্যেরই কারণ আছে। কারণ উৎপাটিত হ'লে কার্য্যগুলি সহজেই চিরতরে বিলুপ্ত হ'তে পারে। 'কার্য্য'ই আমাদের প্রত্যক্ষের বিষয় হয়; 'কারণ' অনেক সময়েই নেপথ্যে বা অন্তরালে লুক্কায়িত থাকে। গাছের মূল মাটীর অভ্যন্তরে আমাদের দৃষ্টির অন্তরালে প্রোথিত থাকে, কিন্তু মূলের কার্য্য-স্বরূপ ডালপালা-ফল-ফুল—এগুলিই নিরন্তর প্রত্যক্ষের বিষয় হয়। কা'রও সুন্দর দালানে বটগাছ হ'য়েছে, বটগাছের কেবল পাতা-শাখাগুলি দেখা যাচ্ছে, মূলটী প্রাচীরের অন্তরে লুক্কায়িত। যতবার বটগাছ গজিয়ে ওঠে, গৃহস্বামী কেবল পাতা-শাখাগুলি ছেটে দিয়ে থাকেন;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিন্তু তা'তে বটগাছ কিছুতেই নির্ম্মূল হ'ল না, বরং ভেতরে আরও অধিক শক্তি সঞ্চয় ক'রতে থাক্‌ল—মূলকে আরও বিস্তার ক'রতে থাক্‌ল। অনেক সময় দেখ্‌তে পাওয়া যায়, কতকগুলি গাছ আছে, তা'দের যত কেটে দেবেন, ছেটে দেবেন, ততই আরও অধিকতর ভাবে তাদের প্রসবিনী শক্তি পরিবর্দ্ধিত হ'তে থাকে। কর্ম্মবীর যে ঐ রোগের গাছ-পালা, ফল-ফুলগুলো দেখে কেবল পুনঃ পুনঃ কর্ত্তনের প্রণালী অবলম্বন ক'রেছিলেন, তা'তে অনেক সময় রোগের মূল কারণের প্রসবিনী শক্তি পরিবর্দ্ধিত হ'য়ে যায়—জীবের বহির্ম্মুখতার শক্তি বা পরিমাণ আরও বেড়ে উঠ্‌তে থাকে। এজন্যে শ্রীচৈতন্যের দাস যখন ঐ কুষ্ঠ-রোগীকে দেখ্‌লেন, তখন কেবল প্রত্যক্ষ কার্য্য দেখে আপাত আর্দ্র-ভাবে বুদ্ধিহারা না হ'য়ে ঐ কার্য্যের 'কারণ' কোথায় অনুসন্ধান ক'রতে থাক্‌লেন :—'ঐ কুষ্ঠরোগী এমন কি কাজ ক'রেছে, যা'র জন্যে তা'কে এ প্রকার যন্ত্রণাদায়ক রোগে ভুগ্‌তে হ'চ্ছে।'

বৈষ্ণবাপরাধী কুষ্ঠরোগী ও গলৎকুষ্ঠী বাসুদেবের প্রতি শ্রীচৈতন্যদেব

সজ্জনমণ্ডলি, আপনারা একবার শ্রীচৈতন্যদেবের চরিত্রের একটী চিত্র উন্মোচন করুন, সেই কুষ্ঠী বাসুদেবের কথা একবার স্মরণ করুন। যখন প্রথমোক্ত কুষ্ঠরোগীটি শ্রীচৈতন্যের নিকট এসে উপস্থিত হ'লো তখন শ্রীচৈতন্যদেব ব'ল্‌লেন,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই ব্যক্তি ভগবানের ভক্তের চরণে এমন একটা অপরা ক'রেছে, যা'র জন্যে শুধু এজন্মে কুষ্ঠরোগ কেন, এর চে আরও অনেক গুণে যন্ত্রণাদায়ক রোগে অনন্তজন্ম একে ভুগ হবে। অত্যন্ত বহির্ম্মুখতা, অত্যন্ত রাজদ্রোহের অপরা হ'য়েছে ব'লে আমরা এই ত্রিতাপের কারাগারে এসে উপ হ'য়েছি। কুষ্ঠরোগ বা শারীরিক মানসিক কোন ব্যা ত' সেই অনন্ত ত্রিতাপের একটা সামান্য বৈচিত্র্যের অন্যতম। সেই কুষ্ঠরোগী যখন শ্রীচৈতন্যের শরণাগত হ'য়ে ব'লে "তা'হ'লে আমার উদ্ধারের উপায় কি ?" তখন শ্রীচৈতন্য কুষ্ঠরোগীকে চরকসংহিতার কোন কথা ব'ল্লেন না কিংবা কোন বুজরুক তথাকথিত সাধুসন্ন্যাসীর ম কিছু ভস্ম বা তাবিজ-কবচও দিলেন না। ব'ল্লেন,—

* চরকাদি চিকিৎসাশাস্ত্রও স্বীকার করিয়াছেন যে, বিশেষ বিশে গুরুতর অপরাধ বা পাপ হইতে বিশেষ বিশেষ ব্যাধি উৎপন্ন হয় এব সেই সকল পাপের প্রায়শ্চিত্ত হইলে ব্যাধিগুলিরও উপশম হয়। কি কর্ম্মমার্গে যে পাপের প্রায়শ্চিত্তের বিধান আছে, শ্রীমদ্ভাগবতের বিচারে সদ্যুক্তিতে তাহা হস্তিস্নানের ন্যায় নিরর্থক। ঐ সকল প্রায়শ্চিত্ত-বিধা দ্বারা পাপের বীজ অবিদ্যার বিনাশ না হওয়ায় পুনঃ পুনঃ ঐ পা সংঘটিত হইতে পারে। এজন্য শ্রীমদ্ভাগবত ও সর্ব্বশ্রেষ্ঠ সদ্বৈদ্য ভগবদ্ভক্তিকেই একমাত্র সকল ত্রিতাপ উন্মূলনের অমোঘ ও অব্য মহৌষধ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। শ্রীমদ্ভাগবত এই ত্রিতা উন্মূলনেরই অদ্বিতীয় চিকিৎসা-বিজ্ঞান।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে মুখ দিয়ে কাঁটা বিঁধেছে, সেই মুখ দিয়েই কাঁটাকে বের ক'রতে হ'বে। তুমি শ্রীবাসের চরণে অপরাধ ক'রেছ, শ্রীবাস যদি ক্ষমা করেন, তা'হ'লে তোমার এই রোগের বীজ নির্ম্মূল হ'বে, নতুবা স্বয়ং ধন্বন্তরিও এসে যদি তোমার এই কুষ্ঠরোগ সারিয়ে দেন, সেটা ক'দিনের জন্য? কারণ, তোমার ঐ মনোহর দিব্য দেহের মধ্যেও যে বটগাছের বীজটী—অপরাধের বিষাক্ত বীজটী লুকায়িত র'য়েছে, ধন্বন্তরি সেটী নির্ম্মূল ক'রতে পারলেন কই? তিনি কেবল উপরের ডালপালাগুলোই কেটে দিলেন। যখন সেই কুষ্ঠরোগী গিয়ে শ্রীবাস-চরণে ক্ষমা ভিক্ষা ক'রলেন, তখনই সেই কুষ্ঠরোগীর আসল রোগ নির্ম্মূল হ'ল, তখনই তাঁ'র আত্মা আবরণ-মুক্ত হ'ল—সুপ্ত আত্মা উদ্বুদ্ধ হ'ল।

কেবল মানুষের রোগ-নিরাসমাত্র হ'লেই তা'র সম্পূর্ণ স্বাস্থ্য লাভ হয় না। সুস্থ হ'য়ে সুস্থের মত চলা ফেরা ক'রতে না পারলে সুস্থ হ'বার সার্থকতা কি? তাই শ্রীচৈতন্যদেব সেই দিব্যদেহ-প্রাপ্ত কুষ্ঠরোগীকে ব'ললেন, তুমি যে মুখে ভগবানের ভক্তের নিন্দা ক'রেছ, সেই মুখে যদি কেবল ভগবানের ভক্তের গুণ কীর্ত্তন কর, তা' হ'লে কোনদিন কোনপ্রকার ভবরোগই আর তোমাকে আক্রমণ ক'রবে না।

রোগের অনুভূতিই যন্ত্রণাদায়ক। যাঁ'রা শ্রীচৈতন্যের প্রেমে অনুপ্রাণিত, তাঁ'দের যদি বাহ্য দেহে সাধারণ চক্ষুতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রোগও দৃষ্ট হয়, তা'তে তাঁ'দের কৃষ্ণে অধিকতর প্রে বর্দ্ধিত হ'য়ে থাকে ; আমাদের মত কৃষ্ণে ভক্তি ক'মে য না। আমাদের মত তাঁ'রা বলেন না, "হে কৃষ্ণ যখন তু আমার রোগ সারাতে পারলে না, আমার একমাত্র পু কন্যাকে মৃত্যুর মুখ হ'তে রক্ষা ক'রতে পারলে না, তখ তোমার অস্তিত্ব নাই, তোমাকে ভজন ক'রবো না।" ব দুঃখে কষ্টে বিপদে, নানাপ্রকার বাধা-বিপত্তিতে, রো শোকে সেই মহীশ্বরের কৃষ্ণরাজসাগরের অপূর্ব্ব দৃশ্যের স্ম তাঁ'দের প্রেম আরও অধিকতর উদ্বেলিত হ'য়ে ওঠে তাঁ'রা তখন 'তত্তেঽনুকম্পাং' শ্লোক পাঠ ক'রতে ক'র অধিকতর বিপ্রলম্ভে ও কৃষ্ণপ্রেমে আসক্ত হ'য়ে পড়েন

শ্রীচৈতন্য যে আলিঙ্গন-দ্বারা কুষ্ঠী বাসুদেব বিপ্রকে উদ্ধা ক'রেছিলেন, তাঁ'কে উদ্ধার ক'রে কি ক'রলেন ? ব'ল্লেন,-

"—কভু তোমার না হ'বে অভিমান।
নিরন্তর কহ তুমি 'কৃষ্ণ' 'কৃষ্ণ' নাম ॥
'কৃষ্ণ' উপদেশি' কর জীবের নিস্তার।
অচিরাতে কৃষ্ণ তোমা' করিবেন অঙ্গীকার ॥"

শ্রীল কবিরাজ গোস্বামী এজন্যে এখানে শ্রীচৈতন্যদেবে প্রণাম ক'রে ব'ল্‌ছেন—

"ধন্যং তং নৌমি চৈতন্যং বাসুদেবং দয়াদ্র্যধীঃ।
নষ্টকুষ্ঠং রূপপুষ্টং ভক্তিতুষ্টং চকার যঃ ॥"

(চৈঃ চঃ ম ৭।১)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অমোঘের বিসূচিকা-রোগ ও শ্রীচৈতন্যের কৃপার প্রকার

সজ্জনমণ্ডলি, সেই সার্ব্বভৌম ভট্টাচার্য্যের জামাতা অমোঘের কথা স্মরণ করুন। শ্রীচৈতন্যের চরণে অপরাধ করার দরুণ অমোঘ যখন দারুণ বিসূচিকা-রোগগ্রস্ত হ'য়ে প'ড়লেন, তখন শ্রীচৈতন্য ব'লেছিলেন,—"অমোঘ, তোমার হৃদয় ব্রাহ্মণ-হৃদয়, তাহা কৃষ্ণের যোগ্য বসতিস্থল, সেখানে প্রেমের আসন না পেতে তুমি কেন সেখানে প্রেম-বিরোধী মাৎসর্য্যের আসন পাত্‌লে?" শ্রীচৈতন্য তখন সার্ব্ব-ভৌমের সম্বন্ধে অমোঘকে কৃপা ক'রে তাঁ'কে ভগবদ্‌ভক্তির—ভগবৎসেবার উপদেশ দিলেন। শ্রীচৈতন্যবিরোধ বা বহির্ম্মুখতা যে বিসূচিকা-রোগ রূপ কার্য্য বা লক্ষণ প্রকাশ ক'রেছিল, সেরকম অনন্ত বিসূচিকা-রোগ বা ত্রিতাপ শ্রীচৈতন্যের কৃপায় সমূলে নির্ম্মূল হ'ল।

শ্রীল বাসুদেবঠাকুরের জীবে দয়ার প্রণালী

সজ্জনমণ্ডলি, আপনারা সেই শ্রীচৈতন্যের প্রেমে প্রেমিক বাসুদেব দত্ত ঠাকুরের নাম শুনেছেন—ঠাকুর হরিদাসের নাম শুনেছেন—

ভবরোগবৈদ্য মুরারিগুপ্ত

ভবরোগবৈদ্য মুরারিগুপ্তের নাম শুনেছেন, তাঁ'দের 'জীবে দয়া' প্রবৃত্তি এইরকম ছিল। তাঁ'রা পূর্ণবস্তুকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধ'রে Integer গণনা ক'রেছেন এবং পূর্ণবস্তুতে প্রী ক'রে—পূর্ণবস্তুর বিভিন্নাংশ জীবকে পূর্ণবস্তুর প্রীতি দীক্ষিত ক'রে প্রকৃত পরমেশ্বর-প্রেমের আদর্শ স্থাপ ক'রেছেন।

'জড়দেহে' জীবত্ব-দর্শন কামেরই পরিচায়ক

যদি দেহকে দর্শন ক'রে 'জীব'-দর্শন হয়, তা'হ'লে এক দেহের আর এক দেহের প্রতি যে আকর্ষণ, তা' কখন 'প্রেম'পদবাচ্য হ'তে পারে না। দেহে দেহে আকর্ষণকে 'কাম' বলে। আর যদি অণুচেতনকে লক্ষ্য ক'রেও 'জীব' বলা হয়, তা'হ'লেও অণুচেতনের ইন্দ্রিয়-তৃপ্তি 'প্রেম'পদবাচ্য হ'তে পারে না। কেননা তা'হ'লে প্রেম একটি অসম্পূর্ণ খণ্ডিত বস্তু হ'য়ে যায়।

জীবকে প্রেমিকরূপে প্রকাশই শ্রীচৈতন্যভক্তের জীবে দয়া বা পরোপকার-প্রণালী

সজ্জনমণ্ডলি, আপনারা লক্ষ্য ক'রে থাকবেন যে, উপরি-উক্ত দৃষ্টান্তে প্রকৃত জীবের প্রতি দয়া, জীবের রোগের বীজ উৎপাটন, জীবকে প্রেমিক ক'রে দেওয়ার চেষ্টা একমাত্র শ্রীচৈতন্যভক্তের আদর্শেই প্রকাশিত হ'য়েছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্থ তরঙ্গ

শ্রীবুদ্ধ, শ্রীশঙ্করাদি সাময়িক যুগপ্রয়োজনাবতার-গণের—সকলস্থান কাল-পাত্রের একমাত্র প্রয়োজনপ্রদাতা সর্ব্বাবতারী-শ্রীচৈতন্যের প্রেম-প্রচারেরই ব্যতিরেকভাবে সেবা

ভগবান্ বুদ্ধদেব, আচার্য্য শঙ্কর প্রভৃতি মনীষিগণ এবং পূর্ব্ব পূর্ব্ব মহাজনগণ সকলেই ন্যূনাধিক অন্বয় বা ব্যতিরেক-ভাবে শ্রীচৈতন্যের প্রেমেরই পোষকতা ক'রেছেন। কপিল-বাস্তর রাজকুমার যে "অহিংসা পরমোধর্ম্মঃ" নীতি প্রচার ক'রেছেন, সেটাও প্রেমের বিরুদ্ধভাব-নিরাসের একটা নিষেধ-মূলক দিক্ মাত্র। প্রেমের অভাবের নাম—হিংসা; প্রেমে হিংসা নাই। অহিংসায় প্রেমের সমস্ত কথা নাই, কিন্তু প্রেমে আনুষঙ্গিকরূপে অন্বয়-ব্যতিরেকভাবে অহিংসা-ধর্ম্ম অনুস্যূত র'য়েছে। আপনাদের কাছে আমি একটী পৌরাণিক আখ্যা ব'লছি :—একসময় দেবর্ষি নারদ বদরিকাশ্রম হ'তে প্রয়াগে ত্রিবেণীস্নান ক'রবার জন্যে বন-পথ দিয়ে চ'লে আস্‌ছেন। এমন সময়, পথে দেখ্‌তে পেলেন, কতকগুলি হরিণ অর্দ্ধমৃতাবস্থায় রক্তাক্ত-কলেবরে অত্যন্ত যন্ত্রণায় ছট্‌ফট্ ক'রছে। নারদ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অত্যন্ত ব্যথিত হ'লেন। আর একটু অগ্রসর হ'
দেখ্‌লেন, ঠিক সেই রকম অবস্থায় কতকগুলি শূকর ব
মধ্যে প'ড়ে র'য়েছে, নারদ আরও কিঞ্চিৎ অগ্রসর হ'লে
হ'য়ে দেখ্‌লেন, ঠিক সেই রকম অবস্থায় কতকগুলি শশ
যন্ত্রণায় আর্ত্তনাদ ক'রছে। ক্রমে আরও কিয়দ্দূর অগ্রস
হ'য়ে দেখ্‌লেন, একটী কৃষ্ণবর্ণ ভীষণাকৃতি রক্তবর্ণ-চ
ব্যাধ ধনুর্ব্বাণ-হস্তে বৃক্ষের আড়ালে লুক্কায়িত থেকে
কতকগুলি মৃগের উপর লক্ষ্য ক'রে দাঁড়িয়ে র'য়েছে
নারদ সেই দিক্ দিয়ে যেতেই মৃগগুলি সব ইতস্ততঃ বিক্ষি
হ'য়ে প'ড়ল। দেখে ব্যাধ নারদের প্রতি অত্যন্ত ক্রু
হ'ল। নারদ যেন তা'র মুখের গ্রাসটী কেড়ে নিলেন। কি
নারদ তা'তে কোন প্রকার বিচলিত না হ'য়ে ব্যাধের দিকে
অগ্রসর হ'লেন এবং ব্যাধকে ব'ল্‌লেন,—"বনের মধ্যে যে
সমস্ত অর্দ্ধমৃত পশু দেখ্‌তে পেলাম, সেগুলি কি তোমার?"
ব্যাধ ব'ল্‌লে—হাঁ; তখন নারদ ব্যাধকে ব'ল্‌লেন,—"আমাকে
একটি জিনিষ তোমার ভিক্ষা দিতে হ'বে।" ব্যাধ মনে
ক'রেছিল,—'নারদ বুঝি তা'র কাছে অন্যান্য সাধুবেশী
ব্যক্তিগণেরই মত বাঘছাল বা মৃগচর্ম্ম প্রভৃতি চাইবেন।'
এরূপ কল্পনা ক'রে ব্যাধ নারদকে ব'ল্‌ল,—"ঠাকুর তুমি
আমার বাড়ী চল, বাঘছাল চাও, কি মৃগের চর্ম্ম চাও
তোমার যা' খুসি তোমাকে তা'ই দেব।" নারদ বল্‌লেন,—
"আমি ও-সমস্ত কিছুই চাই না, আমার একটি মাত্র ভিক্ষা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই, তুমি যে পশুগুলিকে হত্যা কর, ঐগুলি আধমরা ক'রে না মেরে একেবারে মেরে ফেল্‌বে।" তা'তে ব্যাধ ব'ল্‌লে,—"ঠাকুর, আমি পিতার কাছ থেকে এইরকমই শিক্ষা ও উপদেশ পেয়ে এসেছি যে, জন্তুগুলিকে আধমরা ক'রেই মারতে হয়, তা'তে আমাদের হৃদয়ে খুব আনন্দ হয়। জন্তুগুলি যত ধড়্‌ফড়্‌ ক'র্‌তে থাকে, আমাদের হৃদয়ও সেই সঙ্গে সঙ্গে আনন্দে নেচে ওঠে। তুমি সাধু, তুমি আমাদের সে আনন্দে বাধা দিচ্ছ কেন?" নারদ ব'ল্‌লেন,—"তোমার আনন্দ যা'তে তোমার নিরানন্দের কারণ না হয়, সে-জন্যেই আমি তোমার কাছে এই ভিক্ষাটি চাচ্ছি, তুমি এখন বুঝ্‌তে পারছ না যে, এতে ভবিষ্যতে তোমার কত কষ্ট পেতে হ'বে। তুমি তোমার পিতার শিক্ষাই বল, আর তোমার গুরুজনের শিক্ষাই বল, তোমার জন্ম থেকে যতগুলি পশু মেরেছ, তোমাকেও আবার ততগুলি পশুরূপে পরিণত হ'য়ে তা'দের কাছ থেকে যন্ত্রণা ভোগ করতে হ'বে; তখন তা'রাও তোমাকে আধমরা ক'রে এইরকম ভাবেই মেরে রাখ্‌বে এবং তুমি যখন তা'দেরই মত যন্ত্রণায় ছট্‌ফট্‌ ক'র্‌তে থাক্‌বে, তখন তা'রাও হাতে তালি দিয়ে নাচ্‌তে থাক্‌বে—সুদে-আসলে প্রতিশোধ নেবে।

কর্ম্মরাজ্যের পরস্পর সম্বন্ধ

তুমি সেই ক্লেশের ভাবী বাস্তব চিত্র এখন মনে ভাব্‌তেও পারছ না; জান, এই জগৎটাই এই প্রকার। এখানে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যতটা ধার করা যা'বে, ততটা ধার শোধ ত' ক'র্তেই হ'বে, তা' ছাড়া আরও অনেক সুদ দিতে হ'বে। ধার শোধ না ক'রে কা'রও যা'বার উপায় নাই। তুমি যদি ধার শোধ না দেও, প্রকৃতি কোনও না কোনপ্রকারে তোমাকে দিয়ে চক্রবৃদ্ধি সুদসমেত তোমার সে ধার পরিশোধ করাবেই করাবে।" ব্যাধ নারদের কথা শুনে ব'ল্লে,—"সত্যি ঠাকুর, আমাকে এরূপ যন্ত্রণা ভোগ ক'র্তে হ'বে? তা'হ'লে আমার রক্ষার উপায় কি?" নারদ ব'ল্লেন,—"তুমি আমার কথা শুন্বে?" তখন ব্যাধ ব'ল্লে,—"হাঁ, নিশ্চয়ই শুন্ব, আপনি বলুন।"

আসক্তির দ্রব্যটি ভাঙ্গা চাই

নারদ ব'ল্লেন,—"আমার কথা শুন্বার আগে তোমাকে একটা কাজ ক'র্তে হ'বে, তোমার ধনুকটি সর্ব্বাগ্রে ভাঙ্তে হ'বে।" ব্যাধ ব'লে উঠ্ল—"বলেন কি ঠাকুর, এই ধনুকই হ'ল আমার জীবিকার একমাত্র উপায়, ধনুক ভাঙ্লে খা'ব কি?" তখন নারদ ব'ল্লেন,—"হাঁ, তুমি যেটিকে তোমার একমাত্র উপায় মনে ক'রেছ, সেটি না ভাঙ্গা পর্য্যন্ত আমার কথা শোনা হ'বে না, আর রক্ষাও পা'বে না। তোমার খাওয়ার চিন্তা কি? তোমার দ্বারে এত জিনিষ এসে উপস্থিত হ'বে যে, তুমি নিজে খেয়ে, তোমার স্ত্রীকে পরিপালন ক'রে, বহু লোককে বিতরণ ক'রেও তোমার অনেক জিনিষ বাঁচ্বে।" তখন ব্যাধ ব'ল্লে,—"আচ্ছা বলুন্ ঠাকুর, আপনি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যা' বল্‌বেন, তা'ই ক'র্‌ব, এই আপনার সাম্‌নে আমার ধনুকটি ভাঙ্গ্‌ছি।" তখন নারদ ব্যাধকে ব'ল্‌লেন,—"তুমি এবং তোমার পত্নী, এই দুই জন প্রয়াগে গঙ্গার তীরে একটি কুটীর বেঁধে বাস কর এবং সেখানে একটি তুলসীমঞ্চ রচনা ক'রে তুলসী পরিক্রমা এবং সমস্ত হিংসাবৃত্তি পরিত্যাগ ক'রে অনুক্ষণ ভগবানের নাম কীর্ত্তন ক'রতে থাক।" নারদের উপদেশে ব্যাধ এইরকমভাবে জীবন যাপন ক'র্‌তে আরম্ভ করায় সর্ব্বত্র একটা সাড়া প'ড়ে গেল যে,—"মহা-হিংসক ব্যাধ মহা-বৈষ্ণব হ'য়েছে।" চতুর্দ্দিক হ'তে কত কত লোক সর্ব্বক্ষণ নানাপ্রকার খাদ্যদ্রব্য নিয়ে ব্যাধের কাছে আস্‌তে থাকল, তা'রা দু'জনে কত আর খা'বে!

ব্যাধের নিকট সন্ন্যাসিশিষ্য-সহ নারদের গমন

একদিন নারদ তাঁ'র সেই ব্যাধ-শিষ্যকে দেখ্‌বার জন্যে তাঁ'রই আর একজন সন্ন্যাসী শিষ্য, নাম তাঁ'র পর্ব্বতমুনি, তাঁ'কে ডেকে ব'ল্লেন,—চল, আমার একটি শিষ্য দেখ্‌বে। দেবর্ষি নারদ ও পর্ব্বতমুনি যখন ব্যাধের কুটীরের কাছাকাছি এসে উপস্থিত হ'লেন, তখন ব্যাধ শ্রীগুরুদেবকে আস্‌তে দেখে অত্যন্ত বিনীতভাবে পথে কোনপ্রকার পিপীলিকাদি জন্তু তাঁ'র পদাঘাতে বিনষ্ট না হয়, লক্ষ্য ক'র্‌তে ক'র্‌তে অত্যন্ত সতর্কতার সঙ্গে চ'ল্‌তে লাগ্‌ল। যে ব্যাধ একদিন অসংখ্য জন্তুকে বাণবিদ্ধ ক'রে অত্যন্ত যন্ত্রণা দিয়ে হত্যা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক'র্‌তে আনন্দবোধ ক'র্‌ত, সেই ব্যাধ আজ বৈষ্ণবগুরুর সঙ্গ-প্রভাবে একটি পিপীলিকা পর্য্যন্ত তা'র পদাঘাতে বিনষ্ট না হয়, সেজন্যে অত্যন্ত সতর্কতার সঙ্গে পথে চ'ল্‌ছে দেখে সেই পূর্ব্ব ব্যাধকে সম্বোধন ক'রে নারদ ব'ল্‌লেন—

হরিভক্তের অহিংসাধর্ম্ম আনুষঙ্গিক

"এতে ন হ্যদ্ভুতা ব্যাধ তবাহিংসাদয়ো গুণাঃ।
হরিভক্তৌ প্রবৃত্তা যে ন তে স্যুঃ পরতাপিনঃ॥"

অর্থাৎ হে ব্যাধ, তোমার এই সমস্ত অহিংসাদি গুণ অদ্ভুত নহে, কেন না যাঁ'রা হরিভক্তিতে প্রবৃত্ত হন, তাঁ'রা কখনও পরকে ক্লেশ প্রদান করেন না।

সেই ব্যাধ-দম্পতি শ্রীগুরুপাদপদ্মে এসে প্রণত হ'লেন এবং শ্রীগুরুর চরণোদক পান ও হরিনাম ক'র্‌তে ক'র্‌তে প্রেমে পরিপ্লুত হ'য়ে প'ড়্‌লেন, এই ঘটনা দেখে পর্ব্বতমুনি বিস্মিত হ'লেন এবং নারদকে ব'ল্লেন,—

প্রেমৈকনিষ্ঠ শুদ্ধভক্ত নারদের কৃপায় নীচ-ব্যক্তিরও প্রেমোদয়

"অহো ধন্যোঽসি দেবর্ষে কৃপয়া যস্য তৎক্ষণাৎ।
নীচোঽপ্যুৎপুলকো লেভে লুব্ধকো রতিমচ্যুতে॥"

অহো! দেবর্ষে, আপনিই ধন্য, আপনার কৃপায় অত্যন্ত নীচ ব্যাধও শ্রীকৃষ্ণে রতিবিশিষ্ট হ'য়ে অষ্টসাত্ত্বিক বিকার লাভ ক'রেছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীচৈতন্যদাসানুদাস প্রেমিকগণে অহিংসা-ধর্ম্ম অনুস্যূত

সজ্জনমণ্ডলি, এই ব্যাধের দৃষ্টান্ত হ'তে আমরা কি শিক্ষা পাই? ভগবদ্ভক্তে—কৃষ্ণের প্রতি প্রেমিক পুরুষে শাক্যসিংহের প্রচারিত 'অহিংসা পরম ধর্ম্ম' আনুষঙ্গিকভাবে অতি নিম্নপর্য্যায়েই দৃষ্ট হয়। সেই জন্যই ব'ল্‌ছিলাম যে, শাক্যসিংহ প্রভৃতিও পরোক্ষভাবে শ্রীচৈতন্যের প্রেমেরই ন্যূনাধিক আংশিকভাব প্রচার ক'রেছেন।

অদৈবমোহন শ্রীশঙ্করাচার্য্যাদিও শ্রীচৈতন্যের প্রেমেরই ব্যতিরেকভাবে পুষ্টিকারক

আচার্য্য শঙ্করও সেই পরমগুহ্য প্রেমসম্পুটকে সংগোপন ক'র্‌বার জন্য বঞ্চনামূলক মায়াবাদ প্রচার ক'রেছেন। * অধিক কি, ভারতের সেই চার্ব্বাক ব্রাহ্মণ, চীনদেশের ইয়াংচু, রোমের রুক্রিসিয়াম্, গ্রীকদেশের লুসিপস্ পর্য্যন্ত ব্যতিরেকভাবে শ্রীচৈতন্যের প্রেমেরই পুষ্টিবিধান ক'রেছেন।

প্রেমের আধারে পরিপন্থিভাবগুলিরও অপূর্ব্ব সমন্বয় ও পুষ্টিকারকতা

অপ্রেমের রাজ্যে বিরোধী বা পরিপন্থী ভাবগুলি প্রেমের আরও পোষকতা ও ঔজ্জ্বল্য বৃদ্ধি করে। কৃষ্ণ-লীলায়

---

* স্বাগমৈঃ কল্পিতৈস্ত্বন্ত জনান্ মদ্বিমুখান্ কুরু।
মাঞ্চ গোপয় যেন স্যাৎ সৃষ্টিরেষোত্তরোত্তরা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কংস, জরাসন্ধ, অভিমন্যু প্রভৃতি—চন্দ্রাবলী, শৈব্যা, জটিলা, কুটিলা প্রভৃতি শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার প্রেমকে ব্যতিরেকভাবে উজ্জ্বলরূপেই প্রকাশ ক'রেছে ; এমন কি, গোলোকে কংস, অভিমন্যু প্রভৃতির বাস্তব সত্তা না থাকলেও তত্তদ্‌ভাবগুলি নিত্য প্রকাশিত থেকে কৃষ্ণপ্রেমের ঔজ্জ্বল্য বিধান ক'র্‌ছে। কিন্তু তা'থেকে আবার এই বুঝ্‌তে হ'বে না যে, সেখানে চিজ্জড়সমন্বয়ের অবকাশ আছে। যে বিরহ অপ্রেমের রাজ্যে মহা যন্ত্রণাদায়ক, সেই বিরহই অপ্রাকৃত মূর্ত্তিতে অপ্রাকৃত প্রেমের রাজ্যে প্রেমের নবনবায়মান পুষ্টিকারক ; এজন্যে সেই অপ্রাকৃত প্রেমের বর্ণনা ক'রে শ্রীচৈতন্যদেব ব'লেছেন—

"বাহিরে বিষজ্বালা হয়, ভিতরে আনন্দময়,
কৃষ্ণপ্রেমের অদ্ভুত চরিত ॥
এই প্রেমা আস্বাদন, তপ্ত ইক্ষু চর্ব্বণ,
মুখ জ্বলে, না যায় ত্যজন।
সেই প্রেমা যাঁ'র মনে, তা'র বিক্রম সেই জানে,
বিষামৃতে একত্র মিলন ॥"

(চৈঃ চঃ মঃ ২য় পঃ)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পঞ্চম তরঙ্গ

আত্মসুখদুঃখবিচার প্রেমের বিরোধী ; প্রেম—স্বেচ্ছাময় ও কৃষ্ণসুখতাৎপর্য্যপর

প্রেমের স্বভাবই এই যে, তা' নিজের দুঃখকে দুঃখ ব'লে গণনা করে না—নিজের লাভ-পূজা-প্রতিষ্ঠা, নিজের ধর্ম্ম, নিজের অর্থ, নিজের কাম-পরিতৃপ্তি, নিজের ত্রিতাপ হ'তে মুক্তি, এক কথায়, নিজের ঘরে যত কিছু জমা(?)র কথা, সমস্তই প্রেমের বিরোধী। যেখানে ধর্ম্ম, অর্থ, কাম বা মোক্ষের কথা, সেখানে প্রেমাভাব। প্রেমে নিজসুখ-তাৎপর্য্যপরতা নাই, আছে—কেবল কৃষ্ণসুখ-তাৎপর্য্যপরতা; মহিমাজ্ঞান নাই, আছে—ব্যক্তিত্বের স্বতঃসিদ্ধ সহজ আকর্ষণ। কৃষ্ণের প্রতি কাষ্ণের্র এবং কাষ্ণের্র প্রতি কৃষ্ণের সুখপ্রদানেচ্ছাই প্রেম। 'প্রেম' জিনিষটী স্বেচ্ছাময়, সর্ব্বতন্ত্রস্বতন্ত্র। প্রেম কৃষ্ণকে নাচায়, আবার কৃষ্ণের ভক্তকেও নাচায়। পরস্পরের প্রতি পরস্পরের সুখ প্রদান করে।

মানুষের বুদ্ধির দৌড় ও শ্রীকৃষ্ণের অপ্রাকৃত গৃহস্থালী

ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ পর্য্যন্ত মানুষের বুদ্ধির দৌড়। মানুষ ভোগের কথা বোঝে, আর ভোগের আপাত-প্রতিযোগী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্যাগের কথা বোঝে; হয় গৃহাসক্ত হও, না হয় সন্ন্যাসী হও,—এই দু'দিকের দু'টি মোটা কথাই মানুষ বোঝে, বোকা লোকও এ-সমস্ত কথা বোঝে; কিন্তু অপ্রাকৃত রাজ্যের গৃহস্থালী—অপ্রাকৃত গৃহব্রতের কথা লোকের মাথায় প্রবেশ করে না। কৃষ্ণের মত এত বড় আসক্ত গৃহব্রত আর কেউ নাই। দ্বারকাতেও কৃষ্ণের গৃহস্থালী সম্পূর্ণতা প্রাপ্ত হয়নি; একমাত্র ব্রজবনিতাগণই কৃষ্ণের গৃহস্থালীর সার্থকতা সম্পাদন ক'র্তে পেরেছিলেন; তাই তাঁ'রা স্যমন্তপঞ্চকে কৃষ্ণের সঙ্গে মিলিত হ'য়ে ব'লেছিলেন,—

"আহুশ্চ তে নলিননাভ পদারবিন্দং
যোগেশ্বরৈর্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।
সংসারকূপপতিতোত্তরণাবলম্বং
গেহং জুষামপি মনস্যুদিয়াৎ সদা নঃ॥"

(ভাঃ ১০।৮২।৪৮)

গোপীগণ ব'ল্লেন,—হে পদ্মনাভ! অগাধবোধ বিষয়নিবৃত্ত যোগীশ্বরগণের হৃদয়ে সর্ব্বতোভাবে ধ্যেয়, সংসারকূপে পতিতগণের আশ্রয়স্বরূপ তোমার পাদপদ্ম তোমার গৃহসেবী আমাদের হৃদয়ে উদিত হউক। বিষয় নিবৃত্ত ত্যাগিগণের প্রেমের অভাব ব'লে তা'রা দূর হ'তে তোমার ধ্যানমাত্র করে, আর ভোগী বিষয়িগণ তোমাকে ভুলে ভোগান্ধকূপে পতিত হ'য়ে থাকে। আমরা যোগীর মত তোমাকে দূ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হ'তে ধ্যান ক'র্‌তেও চাই না বা ভোগীর মত তোমাকে ভুলে থাক্‌বারও সামর্থ্য আমাদের নাই; তুমি আমাদের নিকট এত সহজ, এত নিকট, এত আপনার যে, তোমার গৃহসেবী আমাদের শত চেষ্টা ক'রেও তোমা' হ'তে অন্যত্র মন ফিরা'বার উপায় নাই।

"তোমার সেবায় দুঃখ হয় যত, সেও ত' পরম সুখ"

আমরা পূর্ব্বেই ব'লেছি, প্রেমের স্বভাবই এই যে, প্রেম নিজের কোন তাৎপর্য্য যাচ্ঞা করে না। শ্রীচৈতন্যদেব শ্রীবার্ষভানবীর প্রেমবিভাবিত হ'য়ে ব'ল্‌ছেন—

"আ'শ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মা-
মদর্শনান্মর্ম্মহতাং করোতু বা।
যথা তথা বা বিদধাতু লম্পটো
মৎপ্রাণনাথস্তু স এব নাপরঃ॥"

"না গণি আপন-দুঃখ, সবে বাঞ্ছি তা'র সুখ,
তাঁ'র সুখ—আমার তাৎপর্য্য।
মোরে যদি দিয়া দুঃখ, তাঁ'র হৈল মহাসুখ,
সেই দুঃখ—মোর সুখবর্য্য॥
কুষ্ঠী-বিপ্রের রমণী, পতিব্রতা-শিরোমণি,
পতি লাগি' কৈল বেশ্যার সেবা।
স্তম্ভিলা সূর্য্যের গতি, জীয়াইলা মৃত পতি,
তুষ্ট কৈল মুখ্য তিন দেবা॥"

(চৈঃ চঃ অন্ত্য ২০শ)

৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কুষ্ঠী-বিপ্রের উপাখ্যান

কোন এক কুষ্ঠরোগী ব্রাহ্মণের এক পতিব্রতা প ছিলেন। ঐ ব্যক্তি ও'রূপ কুৎসিৎ রোগে আক্রান্ত হ'ে পূর্ব্বাভ্যাস-বশতঃ সে অত্যন্ত কামাসক্ত ছিল। একদিন নিজ-পত্নীর নিকট কোন বারবনিতার গৃহে গমনের জ অভিলাষ প্রকাশ ক'র্‌ল। একদিকে কঠিন রোগের ক ওই ব্রাহ্মণক্রুবের নিজের পায়ে হাঁট্‌বার পর্য্যন্ত শক্তি ছি না, অপরদিকে ঐরকম কুৎসিৎ রোগগ্রস্ত পুরুষকে কে বারবনিতাই অভিলাষ ক'রত না; কিন্তু পতিব্রতার স্বা ইচ্ছা পূরণ ক'রতেই হ'বে। পতিব্রতা একটি উপায় আবি ক'রলেন,—স্বামীর অভিলষিত বারবনিতার গৃহে বি বেতনে বহুদিন দাসীর কার্য্য ক'রে বেশ্যাকে সন্তুষ্ট ক'র এবং সময় বুঝে একদিন তাঁ'র পতির অভিলাষ বারবনিতার কাছে এমনভাবে জ্ঞাপন ক'রলেন যে, বেশ্যা কিছুতেই এই পতিব্রতার অনুরোধ অস্বীকার ক'র পার্‌ল না। পতিব্রতা স্বামীকে স্কন্ধে ক'রে সেই বে গৃহে নিয়ে গেলেন। এদিকে পত্নীর এরূপ অদ্ভুত স্বা সেবাপ্রবৃত্তি দেখে ঐ কুষ্ঠরোগীর হৃদয়ে নির্ব্বেদ উপা হ'ল। সে বারবনিতার গৃহে উপস্থিত হ'বার পূ সে'স্থান হ'তে ফিরে আস্‌তে চাইল। পতিব্রতা স্বা ইচ্ছানুসারে যখন স্বামীকে স্কন্ধে ক'রে বনপথে রাত্রিক নিজগৃহাভিমুখে ফিরছিলেন, তখন পথে, 'মাণ্ডব্য' না

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এক ঋষি ঘোর তপস্যায় নিমগ্ন ছিলেন, দৈবক্রমে হঠাৎ অজ্ঞাতসারে সেই ঋষির গায়ে ঐ বিপ্রবন্ধুর পা লেগে যাওয়ায় ঋষির ধ্যান ভেঙ্গে গেল; ঋষি তখন ক্রুদ্ধ হ'য়ে ঐ বিপ্রবন্ধুকে অভিশাপ প্রদান ক'রে ব'ল্লেন, সূর্য্যোদয়ের পরেই তা'র প্রাণবিয়োগ হ'বে। পতিব্রতা ঋষির এই বাক্য শুনে দুঃখিত হ'লেন এবং সূর্য্যোদয় বন্ধ ক'র্‌বার জন্য প্রতিজ্ঞা ক'র্‌লেন। পতিব্রতার অদ্ভুত চেষ্টা দেখে ব্রহ্মা, বিষ্ণু ও শিব—এই তিন দেবতা পতিব্রতার নিকট এসে উপস্থিত হ'লেন এবং পতিব্রতার পতিপরায়ণতায় সন্তুষ্ট হ'য়ে তাঁ'র পতিকে নবজীবন প্রদান ক'র্‌লেন। এই দৃষ্টান্তে নিজস্বার্থবর্জ্জিত হ'য়ে পাতিব্রত্যের অর্থাৎ কেবলমাত্র সেব্যের সুখ-চেষ্টার আদর্শ প্রদর্শিত হ'য়েছে।

প্রেমের স্বভাবই এই যে, প্রেম নিজের ধর্ম্ম-অর্থ-কাম বা মুক্তি চায় না,—এ' সম্বন্ধে আমরা আপনাদের কাছে আর একটি ঐতিহাসিক ঘটনার উল্লেখ ক'র্‌ছি,—

শৈলপূর্ণ ও গোবিন্দের সেবা

আপনারা সকলেই শ্রীরামানুজাচার্য্যের নাম শুনেছেন। এক সময়ে তিনি শ্রীশৈলপূর্ণের অনুরোধে তাঁ'র আশ্রমে এক-মাসকাল বাস ক'রেছিলেন। এই সময় 'গোবিন্দ' নামে একজন খুব বিশ্রম্ভ সেবক ও শিষ্য শৈলপূর্ণের সেবা ক'র্‌তেন। একদিন রামানুজ দেখ্‌তে পেলেন যে, গোবিন্দ শৈলপূর্ণের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শয্যা প্রস্তুত ক'রে তা'র উপরে শু'য়ে র'য়েছেন। তা' দে শ্রীরামানুজ গোবিন্দের প্রতি অত্যন্ত অসন্তুষ্ট হ'লেন এ শিষ্যনামধারীর ওরকম ধৃষ্টতা ও অপরাধের ক শ্রীশৈলপূর্ণের কাছে জানালেন। শৈলপূর্ণ গোবিন্দে প্রীতিময়ী সেবার কথা জান্‌তেন, তথাপি তিনি রামানুজে কাছে গোবিন্দের প্রকৃত অন্তর প্রকাশিত ক'র্‌বার জ গোবিন্দকে ডাক দিয়ে ব'ল্লেন.—গোবিন্দ, তুমি না আমার বিছানার উপর শুয়ে থাক? গোবিন্দ বিনীতঃ ব'ল্‌লেন,—প্রভো, আমি প্রত্যহই আপনার শয্যা প্র কর্‌বার পর তা'র উপর কিছুক্ষণ শয়ন করি। শৈল ব'ল্লেন,—তুমি জান, গুরুশয্যাশায়ীর নরক অবশ্যম্ভাবী গোবিন্দ ব'ল্‌লেন,—"প্রভো, তা' আমি আপনার উপ হ'তে জেনেও প্রত্যহই আমি আপনার শয্যায় শয়ন করি কারণ আমার নরক হয়, হ'ক, তা'তে ক্ষতি নেই, কি আপনার জন্য যে শয্যা প্রস্তুত করি, সেই শয্যা সর্বতো ভাবে সুকোমল হ'ল কি না—আপনার সুখ-শয়নের কো প্রকার বিঘ্নকারক হ'ল কি না, তা' জান্‌বার জন্যই অ প্রত্যহ শয্যা রচনা কর্‌বার পর তা'তে একটু শয়ন ক দেখি; আমার নরক হ'য়েও যদি আপনার সুখ হয়, আ তা'ই কাম্য।" সম্ভ্রম-বিচারে শ্রীরামানুজ যা' ভেবেছিলে গোবিন্দের অন্তর্নিহিত অন্য প্রকার চিত্তবৃত্তি শুনে আ স্তম্ভিত হ'লেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহাপ্রভুর সেবক গোবিন্দের "সেবা সে নিয়ম"

আমরা শ্রীমন্মহাপ্রভুর সেবক অন্ত গোবিন্দেও প্রেমময় সেবার আদর্শ দেখ্‌তে পাই। একদিন মহাপ্রভু সঙ্কীর্ত্তনে মহানৃত্যকীর্ত্তন ক'রে অত্যন্ত পরিশ্রান্ত হ'য়ে গম্ভীরার সমস্ত দ্বারটী জুড়ে শয়ন ক'রে র'য়েছিলেন। গোবিন্দের ইচ্ছা হ'ল, এই সময় মহাপ্রভুর কিছু পাদসম্বাহন, কটি-মর্দ্দনাদি ক'রে প্রভুর সুখ বিধান করেন। গম্ভীরার অভ্যন্তরে না গেলে প্রভুর সেবা হয় না দেখে গোবিন্দ প্রভুকে ব'ল্লেন,—প্রভো, আমাকে ভিতরে যা'বার একটু স্থান দিন। প্রভু ব'ল্লেন,—আমার নড়্‌বার শক্তি নেই। গোবিন্দ ব'ল্লেন,—আমি একটু কটিমর্দ্দন ক'রে দেব। মহাপ্রভু ব'ল্লেন,—তুমি কিছু কর আর নাই কর, আমি কিছুতেই স'রতে পা'র্‌ব না। অগত্যা গোবিন্দ প্রভুর শ্রীঅঙ্গের উপরে একখানা বহির্ব্বাস স্থাপন ক'রে প্রভুকে উল্লঙ্ঘন ক'রেই গম্ভীরার মধ্যে প্রবেশ ক'র্‌লেন। গোবিন্দের সেবায় প্রভুর সুখনিদ্রা হ'ল। প্রায় একঘণ্টা পরে প্রভু জাগ্রত হ'য়ে দেখ্‌লেন, গোবিন্দ তখনও সেই স্থানে ব'সে র'য়েছেন; প্রভু গোবিন্দকে জিজ্ঞাসা ক'র্‌লেন,—গোবিন্দ, তুমি এখন পর্য্যন্ত প্রসাদ গ্রহণ ক'র্‌তে যাও নাই কেন? গোবিন্দ ব'ল্লেন প্রভো, আমি আপনাকে উল্লঙ্ঘন ক'রে কি ক'রে যা'ব? তখন মহাপ্রভু ব'ল্লেন,—"ঘরে প্রবেশ কর্‌বার সময় আমাকে কিপ্রকারে উল্লঙ্ঘন ক'রে এসেছিলে,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যেমন ভাবে এসেছিলে, তেমনভাবেই গেলে ত' পার্তে। তখন গোবিন্দ নিরুত্তর হ'য়ে মনে মনে ভাব্তে লাগ্লেন—

গোবিন্দ কহেন,—"আমার সেবা সে নিয়ম।
অপরাধ হউক, কিম্বা নরকে গমন॥
সেবা লাগি' কোটী অপরাধ নাহি গণি।
স্বনিমিত্ত অপরাধাভাসে ভয় মানি॥"

সজ্জনমণ্ডলি, প্রেমের স্বভাব দেখ্লেন?—প্রেমের রীতি বুঝ্লেন? এখানে কোন ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষকামী চিত্তবৃত্তি নাই—প্রচ্ছন্ন বা অপ্রচ্ছন্নভাবে নিজের কো সুখবাঞ্ছা নাই—আছে কেবল সেব্যের সুখের জন্য সর্ব্বস্ব সমর্পণ।

শ্রীরামানুজ, বরদাচার্য্য, তৎপত্নী এবং যজ্ঞেশে দৃষ্টান্তে সেবা ও সম্ভোগবাদের পার্থক্য-প্রদর্শন

আপনাদের নিকট আর একটি ঘটনা ব'লে প্রেম ও সম্ভোগবাদের আদর্শের মধ্যে কতটা তফাৎ, তা' দেখা'বার যত্ন ক'র্ছি। এই ঘটনাটিও আচার্য্য রামানুজের চরিত্রের এক ঘটনা। একদিন আচার্য্য রামানুজ তাঁ'র শিষ্যদিগকে সঙ্গে ক'রে তিরুপতি বা শ্রীশৈলতীর্থে গমন ক'র্ছিলেন। একদিন একরাত্রি হাঁট্বার পর তাঁ'রা দ্বিতীয়দিনে 'অষ্টসহস্র' নামক এক গ্রামে এসে উপস্থিত হ'লেন। সেই গ্রামে রামানুজের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুইজন শিষ্য বাস ক'র্‌তেন; তাঁ'দের মধ্যে একজন খুব ধনাঢ্য, আর একজন অত্যন্ত দরিদ্র। ধনাঢ্য ব্যক্তির নাম—যজ্ঞেশ, আর দরিদ্র ব্রাহ্মণটির নাম—বরদাচার্য্য। শ্রীরামানুজ সেই যজ্ঞেশের বাড়ীতে সেইদিন সশিষ্য ভিক্ষা ক'র্‌বেন ব'লে তাঁ'র দু'জন শিষ্যকে পাঠিয়ে দিলেন। রামানুজের শিষ্য দু'টী যজ্ঞেশের কাছে গিয়ে গুরুদেবের আগমন এবং সেই-দিন সেখানে সশিষ্য-গুরুদেবের ভিক্ষার সঙ্কল্প জানা'লেন। যজ্ঞেশ আনন্দে এত উৎফুল্ল হ'য়ে প'ড়লেন যে, তিনি গুরুর সেবা ক'রে সুখ্যাতি ও সুখ অর্জ্জনের জন্যে নানাপ্রকার দ্রব্য-সংগ্রহে অত্যন্ত বিব্রত হ'য়ে প'ড়লেন এবং গৃহের অভ্যন্তরে গিয়ে এতদূর আনন্দে আপ্লুত হ'য়ে গেলেন যে, একঘণ্টা অতিক্রম হ'য়ে গেল, তথাপি তাঁ'র গুরুভ্রাতাদের সংবাদ দিবার জন্যে পুনরায় আর বাইরের ঘরে আস্‌বার কথাই তাঁ'র মনে থাক্‌ল না। এদিকে গৃহের অভ্যন্তর হ'তে যজ্ঞেশের বাইরে আস্‌তে এত বিলম্ব হ'চ্ছে দেখে যজ্ঞেশের গুরুভ্রাতা দু'জন অগত্যা যজ্ঞেশের গৃহ পরিত্যাগ ক'র্‌লেন। তাঁ'রা শ্রীরামানুজের নিকট একথা জানালে রামানুজ যজ্ঞেশের গৃহ পরিত্যাগ ক'রে দরিদ্র বরদাচার্য্যের গৃহেই স্বয়ং গমন ক'রলেন। যখন শ্রীরামানুজাচার্য্য বরদা-চার্য্যের গৃহে উপস্থিত হ'লেন, তা'র অনেক পূর্ব্বেই বরদাচার্য্য ভিক্ষার ঝুলি নিয়ে গৃহদেবতা নারায়ণের সেবার জন্যে ভিক্ষা ক'র্‌তে বেরিয়েছেন। ঘরে তখন একমাত্র বরদাচার্য্যের পত্নী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ছিলেন; তিনি তখন সবে মাত্র তাঁ'র স্নান সমাপন ক'রেছেন এবং একখণ্ড ক্ষুদ্র চীরবস্ত্র পরিধান ক'রে তাঁ'র শতছিদ্র পরিধেয় বস্ত্রখানিকে রৌদ্রে শুকাচ্ছিলেন। গৃহে শ্রীগুরুদেব অপ্রত্যাশিতভাবে এসেছেন, দূর হ'তে দেখে বরদাচার্য্যের সহধর্ম্মিণী লক্ষ্মী হাতে তালি দিয়ে নিজ অবস্থার কথা জানালেন। শ্রীরামানুজ তখন দূর হ'তে তাঁ'র উত্তরীয় বস্ত্রখানা বরদাচার্য্যের পত্নীর নিকট নিক্ষেপ ক'র্‌লে লক্ষ্মী সেই বস্ত্র পরিধান ক'রে শ্রীগুরুদেবের সম্মুখে উপস্থিত হ'লেন এবং ভক্তিভাবে ভূমিষ্ঠ হ'য়ে প্রণাম ক'রে শ্রীগুরুদেবের সেবার জন্যে অবিলম্বে পাদ্যাদি এনে দিলেন। শ্রীগুরুদেবকে ব'ল্লেন—"প্রভো, আপনি সশিষ্য স্নানাদি সমাধা ক'রে এখানে কৃপা-পূর্ব্বক ভিক্ষা করুন।" এদিকে কিন্তু ঘরে একটি তণ্ডুলকণাও নাই, অন্য কোন দ্রব্য ত' নাই-ই। বরদাচার্য্য ভিক্ষা ক'রে ফিরলে সেই তণ্ডুল পাক হ'বে, তা'র পরে নারায়ণের ভোগ হ'বে; কিন্তু দু'প্রহর উপস্থিত, সশিষ্য শ্রীগুরুদেবের সেবা ক'রতেই হ'বে, কোথায় দ্রব্যসম্ভার পাওয়া যায়, এই চিন্তা ক'রতে ক'রতে হঠাৎ লক্ষ্মীর হৃদয়ে একটা কথা স্মরণ হ'ল। সেই গ্রামে একজন খুব ধনী শেঠ বাস ক'রতেন। সেই শেঠ অনেকবার লক্ষ্মীকে তাঁ'র গৃহরাণী কর্‌বার জন্যে নানাপ্রকারে প্রলোভন, ভয়প্রদর্শন—কত কি চেষ্টা ক'রেও নিরাশ হ'য়েছিলেন। পতিব্রতা লক্ষ্মী এবং স্বধর্ম্মপর বরদাচার্য্য কিছুতেই ঐ শেঠের কুপ্রস্তাবে সম্মত হ'ন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিজ নিজ সুখের জন্য অর্থ বা ভোগাদি গ্রহণ করেন নাই। আজ লক্ষ্মী বিচার ক'র্‌লেন,—"যদি আমি গুরুসেবার জন্যে এই রক্ত-মাংস-মেদ-মজ্জা-পূয়-পরিপূর্ণ ঘৃণ্য দেহকে বিক্রয় ক'রে গুরুসেবা ক'র্‌তে পারি, তা'তে আপত্তি কি? কলিঘ্ন নামক কোন চোর চৌর্য্যবৃত্তি ক'রেও ত' হরির সেবা ক'রেছিলেন, তা'তে হরি সন্তুষ্টই হ'য়েছিলেন।" এই বিচার ক'রে লক্ষ্মী আজ সেই শেঠের বাড়ীতে উপস্থিত হ'লেন এবং শেঠকে ব'ল্লেন যে, যদি তিনি লক্ষ্মীর গুরুসেবার জন্যে এখনই কিছু উৎকৃষ্ট দ্রব্যসম্ভার প্রদান করেন, তা'হ'লে আজই রাত্রিকালে তিনি শেঠের নিকট দেহ সমর্পণ ক'র্‌বেন। শেঠ অকস্মাৎ লক্ষ্মীর মুখে এরকম কথা শুনে যেন হাতে আকাশের চাঁদ পেলেন। যা'কে এত সাধ্য-সাধনা ক'রেও শেঠ বিন্দুমাত্র বিচলিত ক'র্‌তে পারেন নি, সে কিনা আজ স্বয়ং উপযাচিকা হ'য়ে বাড়ীতে এসেই উপস্থিত! শেঠ তখনই তাঁ'র ভৃত্যগণকে শতশতভারে নানাপ্রকার দ্রব্যসম্ভার বরদাচার্য্যের গৃহে প্রেরণ কর্‌বার জন্যে আদেশ দিলেন। লক্ষ্মী সেই সকল দ্রব্যসম্ভার-দ্বারা পাকাদি কার্য্য আরম্ভ ক'রছেন, এমন সময় বরদাচার্য্য ভিক্ষার ঝুলি নিয়ে গৃহে প্রত্যাবৃত্ত হ'লেন এবং অকস্মাৎ শ্রীগুরুদেবকে দেখ্‌তে পেয়ে সাষ্টাঙ্গে পতিত হ'লেন। বরদাচার্য্য শ্রীগুরুদেবের নৈবেদ্য প্রস্তুতের বন্দোবস্ত কর্‌বার জন্যে অত্যন্ত ব্যস্ত হ'য়ে অভ্যন্তরে লক্ষ্মীর নিকট ভিক্ষাঝুলি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিয়ে উপস্থিত হ'য়ে দেখ্‌তে পেলেন যে, লক্ষ্মীদেবী বহু উৎকৃষ্ট দ্রব্যসম্ভার তাঁ'র চা'রদিকে নিয়ে ভগবানের নৈবেদ্য পাক ক'র্‌ছেন। বরদাচার্য্য দরিদ্রের গৃহে ঐরকম বহুমূল্য দ্রব্যসম্ভারের অকস্মাৎ আগমনের কারণ নির্ণয় ক'র্‌তে না পেরে লক্ষ্মীকে জিজ্ঞাসা ক'র্‌লে লক্ষ্মী বরদাচার্য্যের কাছে আনুপূর্ব্বিক সমস্ত ঘটনা ব্যক্ত ক'র্‌লেন। ভোগিপুরুষের নিজ-স্ত্রীকে অপর ভোগীর ভোগের উপকরণরূপে পরিণত হ'তে দেখ্‌লে যেরকম দুঃসহ ক্লেশের উদয় হয়, এখানে গুরু-সেবক বরদাচার্য্যের সেরকম কোন ভাবেরই উদয় হ'ল না। লক্ষ্মী পতির অনুমতি ব্যতীত আত্মদেহ বিক্রয় ক'রে গুরুসেবার জন্য লালায়িত হ'য়েছেন দেখে বরদাচার্য্য আনন্দে উৎফুল্ল হ'য়ে নৃত্য ক'র্‌তে ক'র্‌তে ব'ল্লেন,—অহো! আমি আজ ধন্য হ'লাম, ধন্য হ'লাম; তোমার ন্যায় গুরু-সেবৈকব্রতা পত্নী লাভ ক'রে আমারও আজ চিত্ত শুদ্ধ হ'ল —আমিও আজ শ্রীগুরুসেবার সৌভাগ্য লাভ ক'রলাম।

এদিকে লক্ষ্মী অল্প সময়ের মধ্যেই নৈবেদ্য প্রস্তুত ক'রে শ্রীগুরুদেবের নিকট উপস্থিত ক'র্‌লেন। আচার্য্যের প্রসাদ-প্রাপ্তির পর সকলেই তাঁ'র উচ্ছিষ্ট গ্রহণ ক'র্‌লেন। প্রতিশ্রুতি-অনুসারে লক্ষ্মী সন্ধ্যার পরই শেঠের নিকট গিয়ে উপস্থিত হ'লেন; কিন্তু লক্ষ্মী সঙ্গে নিলেন কিছু গুরুদেবের অবশেষ। লক্ষ্মীর অনুরোধে সেই শেঠ আচার্য্যের উচ্ছিষ্ট গ্রহণ ক'র্‌লে শেঠের মনের গতি অন্যরূপ হ'ল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তিনি ব'লতে লাগ্‌লেন,—"অহো! আমার আজ কি বুদ্ধি-ভ্রংশ হ'য়েছিল, আপনি শ্রীনারায়ণের দাসী ও নিত্যসেবিকা, আমি সেই নারায়ণের ভোগ্যবস্তুর প্রতি ভোগবুদ্ধি ক'রেছিলাম, ধিক্ ধিক্, আমার জীবনে শত ধিক্! নিষাদ যেমন দময়ন্তীকে স্পর্শ ক'র্‌তে গিয়ে ভস্মীভূত হ'য়ে গিয়েছিল, আমার অদৃষ্টেও আজ তাই ছিল। আপনি আমাকে আজ সেই বিপদ্ হ'তে রক্ষা ক'র্‌লেন।"

লক্ষ্মী তখন সেই শেঠকে ব'লতে লাগ্‌লেন,—"এতে আমার কিছু মহিমা নেই, সকলই আমার শ্রীগুরুপাদপদ্মের মহিমা, আপনি আজ আচার্য্যের উচ্ছিষ্ট গ্রহণ ক'রে আমার নমস্য হ'য়েছেন, আচার্য্যের উচ্ছিষ্ট-গ্রহণেই আপনার সদ্‌বুদ্ধির উদয় হ'য়েছে।" শেঠ তখন ব'ল্‌লেন,—"আমাকে আপনার আচার্য্যের পাদপদ্মদর্শন ও তৎকৃপা প্রদান করিয়ে কৃতার্থ করুন।" লক্ষ্মীর কৃপায় শেঠ অচিরেই শ্রীরামানুজা-চার্য্যের কৃপা লাভ ক'রে ধন্য হ'লেন। সেই শেঠ বরদাচার্য্যের দুঃখ দূর করবার জন্যে তাঁ'কে বহু অর্থ প্রদান ক'র্‌তে ইচ্ছুক হ'লে বরদাচার্য্য ব'ল্লেন,—"আমার অর্থের কোনই প্রয়োজন নাই; আপনার এই অর্থ-দ্বারা আপনি শ্রীগুরুপাদপদ্মের সেবা করুন—তাঁ'র হরিকথা-প্রচারের আনুকূল্য করুন।"

যেখানে সেবা অপেক্ষা নিজসুখ বা আনন্দান্বেষণা প্রবল, সেখানেই সম্ভোগবাদ

সজ্জনমণ্ডলি, আপনারা এই ঘটনাটি হ'তে বিশ্রম্ভসেবা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ও সম্ভোগবাদ—এই দু'টির পরিস্ফুট চিত্র দেখতে পা'বেন। যজ্ঞেশের আচরণে সম্ভোগের চিত্র ফুটে উঠেছে, আর লক্ষ্মী ও বরদাচার্য্যের আদর্শে প্রকৃত সেবার আদর্শ প্রকাশিত হ'য়েছে। যজ্ঞেশ শ্রীগুরুদেবের সেবার আয়োজন ক'র্‌তে গিয়ে আনন্দে এত মত্ত হ'য়ে প'ড়লেন যে, তা'তে গুরুসেবায় বিঘ্ন উপস্থিত হ'ল। এটী বিশ্রম্ভসেবার লক্ষণ নয়। যেখানে সেবাকালে সেব্যের ইন্দ্রিয়প্রীতি অপেক্ষা নিজের ইন্দ্রিয়প্রীতি প্রবল হ'য়ে সেবার বিঘ্নকারক হয়, সেখানে তা' 'সম্ভোগ'—'সেবা' নয়; তাই শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু ব'লেছেন,—

"নিজ-প্রেমানন্দে কৃষ্ণ-সেবানন্দ বাধে।
সে আনন্দের প্রতি ভক্তের হয় মহাক্রোধে॥"

(চৈঃ চঃ আ ৪।২০১)

শ্রীকৃষ্ণের প্রতি দারুকের চামর-ব্যজনের দৃষ্টান্ত

একসময় দারুক শ্রীকৃষ্ণকে চামর ব্যজন ক'র্‌ছিলেন। ব্যজন-সেবা ক'র্‌তে ক'র্‌তে দারুকের এতদূর প্রেমানন্দ হ'ল যে, তা'তে প্রেমানন্দজনিত জড়তা এসে উপস্থিত হ'ল, অমনি নিমেষকাল ব্যজনটী স্তব্ধ হ'য়ে প'ড়্‌ল। দারুক তা' বুঝ্‌তে পেরে আপনাকে অত্যন্ত ধিক্কার ক'র্‌তে লাগ্‌লেন,—"অহো! আমার এই জড়তা কৃষ্ণসেবার বিঘ্নকারক হ'ল, ধিক্ আমাকে শত ধিক্!"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আনন্দাশ্রু কৃষ্ণসেবার বাধক হ'লে প্রেমিকের তাহা অনভিলষণীয়

একসময় পদ্মলোচনী কৃষ্ণভামিনী যখন কৃষ্ণ দর্শন ক'র্‌ছিলেন, তখন প্রেমানন্দে নেত্র হ'তে আনন্দাশ্রু নির্গত হ'চ্ছে দেখে ভামিনী নিজ-আনন্দকে অতিশয় ধিক্কার ক'র্‌তে লাগ্‌লেন :—

অঙ্গস্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং প্রেমানন্দং দারুকো নাভ্যনন্দৎ।
কংসারাতের্বীজনে যেন সাক্ষাদক্ষোদীয়ানন্তরায়ো ব্যধায়ি ॥

(ভঃ রঃ সিঃ পঃ বিঃ ২।২৪ শ্লোক)

গোবিন্দপ্রেক্ষণাক্ষেপিবাষ্পপূরাভিবর্ষিণম্।
উচ্চৈরনিন্দদানন্দমরবিন্দবিলোচনা ॥

(ভঃ রঃ সিঃ দঃ বিঃ ৩।৩২ শ্লোক)

গোপীগণের কৃষ্ণদর্শন কাম বা সম্ভোগবাদ নহে

গোপীদর্শনে শ্রীকৃষ্ণের যে সুখ হয়, তা' অপেক্ষা কৃষ্ণ-দর্শনে গোপীর কোটিগুণ সুখ হ'য়ে থাকে। কৃষ্ণ আমাদিগকে দেখে সুখী হ'চ্ছেন, এই কৃষ্ণসুখতাৎপর্য্যমাত্র-বিচারেই গোপী আনন্দ লাভ করেন,—

"গোপীগণ করেন যবে কৃষ্ণ-দরশন।
সুখবাঞ্ছা নাহি, সুখ হয় কোটিগুণ ॥
গোপিকা-দর্শনে কৃষ্ণের যে আনন্দ হয়।
তাহা হৈতে কোটিগুণ গোপী আস্বাদয় ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তা' সবার নাহি নিজসুখ-অনুরোধ।
তথাপি বাড়য়ে সুখ, পড়িল বিরোধ॥
এ বিরোধের একমাত্র দেখি সমাধান।
গোপিকার সুখে কৃষ্ণসুখ-পর্য্যবসান॥
গোপিকা-দর্শনে কৃষ্ণের বাড়ে প্রফুল্লতা।
সে মাধুর্য্য বাড়ে, যার নাহিক সমতা॥
আমার দর্শনে কৃষ্ণ পাইল এত সুখ।
এই সুখে গোপীর প্রফুল্ল অঙ্গমুখ॥
গোপী-শোভা দেখি' কৃষ্ণের শোভা বাড়ে যত।
কৃষ্ণশোভা দেখি' গোপীর শোভা বাড়ে তত॥
এই মত পরস্পর পড়ে হুড়াহুড়ি।
পরস্পর বাড়ে, কেহ মুখ নাহি মুড়ি॥
কিন্তু কৃষ্ণের সুখ হয় গোপী-রূপ-গুণে।
তাঁ'র সুখে সুখবৃদ্ধি হয়ে গোপীগণে॥
অতএব সেই সুখ কৃষ্ণসুখ পোষে।
এই হেতু গোপীপ্রেমে নাহি কাম-দোষে॥"

(চৈঃ চঃ আদি ৪র্থ)

নিরুপাধিক প্রেমের রীতি

নিরুপাধিক প্রেমের ইহাই রীতি যে, সেব্য বিষয়ের প্রীতিতেই সেবক আশ্রয়ের প্রীতি,—

"প্রীতিবিষয়ানন্দে তদাশ্রয়ানন্দ।
তাঁহা নাহি নিজসুখবাঞ্ছার সম্বন্ধ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিরুপাধি প্রেম যাঁহা, তাঁহা এই রীতি।
প্রীতিবিষয়সুখে আশ্রয়ের প্রীতি॥"

(চৈঃ চঃ আদি ৪র্থ)

পূর্ব্বোক্ত উদাহরণে যজ্ঞেশের আদর্শে নিজ-প্রীতি এবং লক্ষ্মী বা বরদাচার্য্যের আদর্শে ভগবৎপাদ শ্রীগুরুদেবের প্রীতি পরিস্ফুট হ'য়েছে।

বরদাচার্য্য-পত্নীর সেবা ঐশ্বর্য্যবুদ্ধি-প্রণোদিত, তাহা গোপীর কৃষ্ণসেবার সহিত তুলনার যোগ্য নহে

এই উদাহরণে বিশ্রম্ভসেবার আদর্শ থা'কলেও ইহা ঐশ্বর্য্যগন্ধময়। গুরুবুদ্ধিতে বা ঈশ্বরতার প্রভাবে প্রভাবান্বিত হ'য়ে যেখানে সেবার পরিচয়, সেই সেবা প্রকৃত 'প্রেম'পদ-বাচ্য হ'তে পারে না। 'গুরু' বা শ্রেষ্ঠ বিচারে যে সেবা, তা' শ্রেষ্ঠ নহে; প্রেমে সেবকের সেব্যের সহিত সমান ও তা' হ'তে আপনাকে শ্রেষ্ঠজ্ঞান, যেমন—সুবল, শ্রীদামাদি বিশ্রম্ভসখাগণের, নন্দযশোদাদি গুরুবর্গের এবং পারকীয় ব্রজবনিতাগণের।

"আপনাকে বড় মানে, আমারে সম-হীন।
সেইভাবে হই আমি তাহার অধীন॥
মাতা মোরে পুত্রভাবে করেন বন্ধন।
অতিহীন-জ্ঞানে করে লালন পালন॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সখা শুদ্ধসখ্যে করে স্কন্ধে আরোহণ।
তুমি কোন্ বড় লোক,—তুমি আমি সম॥
প্রিয়া যদি মান করি' করয়ে ভর্ৎসন।
বেদস্তুতি হ'তে হরে সেই মোর মন॥
এই শুদ্ধভক্তি লঞা করিমু অবতার।
করিব বিবিধ-বিধ অদ্ভুত বিহার॥
বৈকুণ্ঠাদ্যে নাহি যে লীলার প্রচার।
সে সে লীলা করিব, যা'তে মোর চমৎকার॥
মো-বিষয়ে গোপীগণের উপপতি ভাবে।
যোগমায়া করিবেক আপন-প্রভাবে॥"

(চৈঃ চঃ আদি ৪র্থ)

উপরে যে শ্রীশৈলপূর্ণভৃত্য গোবিন্দ ও শ্রীরামানুজ-শিষ্যা লক্ষ্মীর দৃষ্টান্ত প্রদত্ত হ'য়েছে, তা' গুরুবুদ্ধি-প্রচুর। সুতরাং তা'তে স্বাভাবিকী পূর্ণতমা প্রীতির শৈথিল্য ন্যূনাধিক বর্ত্তমান। কিন্তু শ্রীচৈতন্যের প্রচারিত ব্রজের প্রেমবার্ত্তায় সেরকম গৌরববুদ্ধি নাই। প্রেমাস্পদ অপেক্ষা সেখানে প্রেমিকের স্বাভাবিক শ্রেষ্ঠজ্ঞান বা সমান-জ্ঞান প্রেমসেবাকে সান্দ্র ও মধুময় ক'রে রেখেছে। পরব্রহ্মের প্রতি যে বেদস্তুতি, তা' ত' গৌরবভাবময়—সেখানে পরব্রহ্ম খুব বড় বস্তু, আর স্তবকারী খুব ক্ষুদ্র। কিন্তু সেই পরব্রহ্মকে যেখানে অপ্রাকৃত প্রেমবিগ্রহ ব্রজবনিতাগণ ভর্ৎসনা ক'র্‌ছেন, সেখানে ঐরকম সম্ভ্রমবুদ্ধি বা বৈধবিচার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নাই এবং দ্বারকামহিষীগণের সম্ভ্রমজ্ঞানটুকু পর্য্যন্ত ও নাই; পরব্রহ্ম সেখানে ব্রজললনাগণের ভর্ৎসনার পাত্র হ'য়েছেন, সেই ভর্ৎসনা বেদস্তুতি হ'তেও পরব্রহ্মের অধিকতর কর্ণ-মন-তৃপ্তিকারী, কেন না, সে-সকল ভর্ৎসনা কৃষ্ণসুখাসক্তিময়—অত্যন্ত কৃষ্ণ-সেবা-দরদী ও কৃষ্ণাসক্ত গোপীগণের বিপ্রলম্ভ-জ্ঞাপক।

যাঁ'রা ভগবান্‌কে—নারায়ণকে খুব আদরের সহিত সেবা করেন, তাঁ'দের চিত্তবৃত্তিতে ঐশ্বর্য্যভাবই প্রবল। যেহেতু নারায়ণের ঐশ্বর্য্য আছে, নারায়ণের চা'রটি হাত আছে, নারায়ণের মহাবৈকুণ্ঠ আছে, নারায়ণের অসংখ্য চতুর্ভুজ পার্ষদ আছেন, অসংখ্য লক্ষ্মী বিরাজিত র'য়েছেন, নানা-প্রকার হস্তী, অশ্ব, রথ ও অসংখ্য ঐশ্বর্য্য আছে, সেই হেতুই তাঁ'রা নারায়ণকে অতি সম্ভ্রমের সহিত ভজনা করেন। যদি নারায়ণ হ'তে ঐশ্বর্য্যকে পৃথক্ ক'রে নেওয়া যায়, তা' হ'লে আর তাঁ'দের সেবাবুদ্ধি থাকে না। আমি যদি কোন ধনীকে উপাসনা করি, কিন্তু সেই ধনী নিঃস্ব হ'য়ে গেলে আর তাঁ'র ভজনা না করি, তা' হ'লে জান্‌তে হ'বে, আমি সেই ব্যক্তির ব্যক্তিত্ব অপেক্ষা তাঁ'র ধনের—ঐশ্বর্য্যেরই উপাসনা ক'রেছি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ষষ্ঠ তরঙ্গ

ঐশ্বর্য্যগন্ধহীন গোপীপ্রেমে কৃষ্ণের নিজত্বের সেবা

শ্রীচৈতন্যের প্রেম—যা' গোপীগণের প্রেমের আদর্শ, তা'তে ব্যক্তিত্বের উপাসনাই প্রবল। কৃষ্ণের যা' স্বরূপ—কৃষ্ণের যা' ব্যক্তিত্ব, নিজত্ব, সেরূপ কৃষ্ণকেই তাঁ'রা অতি প্রীতিভরে তাঁ'রই সুখ-তাৎপর্য্যে সেবা করেন।

বিষ্ণূপাসকগণের আংশিক পূজা এবং ব্রজ-গোপীগণের সর্ব্বাঙ্গীন ও পূর্ণ সেবা

যাঁ'রা ঐশ্বর্য্যের বা শ্রীনারায়ণের সেবক, তাঁ'দের সেবা বা পূজা-প্রণালী কেবল অঙ্গের উন্নতাংশ দিয়ে সাধিত হয়। শ্রীরামানুজাচার্য্য যে সেবা-প্রণালীর কথা ব'লেছেন, তা'তে নাভির উপরিভাগ হ'তে মস্তক পর্য্যন্ত, যা'কে আমরা জাগতিক বিচারে 'উন্নতাঙ্গ' বলি, তা'দিয়েই সাধিত হ'তে পারে; কিন্তু শ্রীচৈতন্যদেব যে সেবার কথা ব'লেছেন, তা'তে তিনি জানিয়েছেন যে, কেবল উন্নতাঙ্গ ভগবানের প্রয়োজনে নিযুক্ত রেখে নিম্নাঙ্গ নিজেদের ইন্দ্রিয়তর্পণে নিযুক্ত ক'র্‌লে সেবা সর্ব্বাঙ্গীন হ'ল না, —বিক্ষিপ্ত, খণ্ডিত, বিভক্ত ও মিশ্রিত হ'য়ে গেল। পূর্ণ সেব্যবস্তুকে ষোল আনা সেবা দিতে হ'বে। খানিকটা নিজের ইন্দ্রিয়-তৃপ্তির জন্যে রেখে খানিকটা তাঁ'কে দেব—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এ রকম বুদ্ধি হ'লে সব দেওয়া হ'ল না—ষোল আনা দেওয়া হ'ল না; কেবল মাথা দিয়ে আমার সেব্যের সেবা ক'র্‌তে পার্‌ব, পা' দিয়ে তাঁ'র সেবা ক'র্‌তে পা'র্‌ব না, এরকম ধরণের বিচার আংশিক বা একদেশিক বিচার। অর্জ্জুন মাথা দিয়ে অর্থাৎ শ্রীকৃষ্ণের চরণে প্রণত হ'য়ে যতটা সেবা ক'র্‌তে পারেন নাই, শ্রীকৃষ্ণের বিশ্রম্ভ সখা শ্রীদাম-সুদাম প্রভৃতি পা' দিয়ে কৃষ্ণের কাঁধের উপর চ'ড়ে অর্জ্জুন অপেক্ষা কোটিগুণ অধিক সেবা ক'রেছেন। ব্রজগোপীদের সেবা সর্ব্বাঙ্গ দিয়ে চিন্ময়ী সেবা। একমাত্র অদ্বয়জ্ঞান ব্রজেন্দ্রনন্দন—একমাত্র পরমপুরুষ স্বরাট্ কৃষ্ণের কাছে তাঁ'রা সর্ব্বাঙ্গ উন্মুক্ত ক'রেছিলেন, কোন অঙ্গকে অবগুণ্ঠিত ক'রে রাখেন নাই—নিজের ইন্দ্রিয়তৃপ্তির জন্যে আবদ্ধ রাখেন নাই। তাঁ'দের সর্ব্বাঙ্গ কৃষ্ণবিলাসের সদন; তাঁ'রা কৃষ্ণকাম-যান। তাঁ'দের সর্ব্ব অপ্রাকৃত চিদঙ্গ-দ্বারা তাঁ'রা পূর্ণতম চেতন শ্রীকৃষ্ণের সর্ব্বাঙ্গীনী সেবা ক'রেছেন। শ্রীচৈতন্যদেব সেই প্রেমের কথাই ব'লেছেন।

অপ্রাকৃত কামই গোপীপ্রেম

গোপীদের যে প্রেম, সেইটীই 'অপ্রাকৃত কাম' নামে অভিহিত। উদ্ধবাদি পর্য্যন্ত তা' বাঞ্ছা ক'রে থাকেন,—

প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথাম্।
ইত্যুদ্ধবাদয়োঽপ্যেতং বাঞ্ছন্তি ভগবৎপ্রিয়াঃ॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ২।১৪৩, ১৪৪)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুপ্রসিদ্ধা 'কাম'রূপা ভক্তি কেবল ব্রজদেবীতে বিরাজমানা। এঁদের এই বিশিষ্ট প্রেম কোন এ অনির্ব্বচনীয়া মাধুরী প্রাপ্ত হ'য়ে তত্তৎক্রীড়ার কারণ হ ব'লে পণ্ডিতেরা ঐ প্রেমবিশেষকে অপ্রাকৃত 'কাম'-শব্দে অভিহিত ক'রে থাকেন। যে ভক্তি সম্ভোগ-তৃষ্ণাকে প্রেমময়রূপে পরিণত করে, সেইটাই 'কাম'রূপা ভক্তি। এই 'কাম'রূপা ভক্তিতে কেবল কৃষ্ণসুখের জন্য উদ্যম দেখতে পাওয়া যায় ব'লে ওই 'কাম'ই 'প্রেম'-শব্দবাচ্য।

ইয়ন্তু ব্রজদেবীষু সুপ্রসিদ্ধা বিরাজতে।
আসাং প্রেমবিশেষোঽয়ং প্রাপ্তঃ কামপি মাধুরীম্।
তত্তৎক্রীড়া-নিদানত্বাৎ কাম ইত্যুচ্যতে বুধৈঃ॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ২।১৪২)

সা কামরূপা সম্ভোগতৃষ্ণাং যা নয়তি স্বতাম্।
যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যমঃ॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ২।১৪১)

কুব্জার কামপ্রায়া রতি

ব্রজবনিতাগণের মত বিশুদ্ধ প্রেমের অভাব-জন্য কুব্জাতে যে রতি দেখা যায়, তা' 'কামপ্রায়' মাত্র। কুব্জার রতি কেবল আত্মসম্ভোগার্থ, কৃষ্ণসুখতাৎপর্য্যের জন্য নয়; কেবল ও'র সামান্য মূল্য এই যে, ও'টী যে-কোন প্রকারে হ'ক, কৃষ্ণের সঙ্গেই সংযুক্ত হ'য়েছে, নতুবা ও'টা প্রাকৃত কামেরই তুল্য হ'য়ে যেতো। এজন্যে ওকে 'কামপ্রায়া'

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বলা হ'য়েছে ; যেমন আমরা ভক্তিশাস্ত্র আলোচনাকালে 'বৈষ্ণবপ্রায়' ও 'ভক্তপ্রায়' প্রভৃতি কথা শুন্‌তে পাই। 'কামপ্রায়া রতি' বিশুদ্ধ প্রেমিকগণের আদরণীয়া নয়।

"কামপ্রায়া রতিঃ কিন্তু কুব্জায়ামেব সম্মতা।"

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ২।১৪৫)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সপ্তম তরঙ্গ

অপ্রাকৃত ভাবের স্বরূপ

প্রেমের প্রথমাবস্থাই 'ভাব', এ'জন্যে ভাবকে 'প্রেম-সূর্য্যের কিরণ-তুল্য' বলা হ'য়েছে। শুদ্ধসত্ত্বস্বরূপই ভাবের স্বরূপলক্ষণ। 'ভাব' ব'ল্তে আমরা যেমন মনের বিকার বা মনোধর্ম্মকেই বুঝে থাকি, তা'কে শ্রীমন্মহাপ্রভু 'ভাব' বলেন নাই। শ্রীকৃষ্ণের যে সর্ব্ব-প্রকাশক সম্বিদাখ্য স্বরূপ-শক্তিবৃত্তিরূপ শুদ্ধসত্ত্ব, তা' নিত্যসিদ্ধস্বরূপরূপে ভাবে বিরাজমান।

শুদ্ধসত্ত্ববিশেষাত্মা প্রেমসূর্য্যাংশুসাম্যভাক্।
রুচিভিশ্চিত্তমাসৃণ্যকৃদসৌ ভাব উচ্যতে॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ৩।১)

অর্থাৎ শুদ্ধসত্ত্বস্বরূপই ভাবের স্বরূপ-লক্ষণ। তা' প্রেমরূপ সূর্য্যের কিরণ-সদৃশ। কৃষ্ণপ্রাপ্তির অভিলাষ—কৃষ্ণের সর্ব্বপ্রকারের আনুকূল্যের অভিলাষ এবং সৌহার্দ্দ-ভাবাভিলাষের দ্বারা চিত্তের আর্দ্রতা-বিধানকারী প্রেমাঙ্কুরই 'ভাব'; আর,—

প্রেমের সংজ্ঞা ও স্বরূপ-লক্ষণ

সম্যঙ্মসৃণিতস্বান্তো মমতাতিশয়াঙ্কিতঃ।
ভাবঃ স এব সান্দ্রাত্মা বুধৈঃ প্রেমা নিগদ্যতে॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ৪।১)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যখন সেই ভাব চিত্তকে সম্যক্ মসৃণ ক'রে অত্যন্ত মমতা-দ্বারা পরিচিত হয় এবং স্বয়ং গাঢ়স্বরূপ হয়, তখন তা'কে পণ্ডিতগণ 'প্রেম' ব'লে থাকেন। সান্দ্রাত্মত্বই প্রেমের স্বরূপ-লক্ষণ, অন্য দু'টী তটস্থ-লক্ষণ।

বিষয়ভোগ বা ত্যাগেচ্ছার আভাসেও ভাবোদয় অসম্ভব

যাঁ'রা মনে করেন যে, তাঁ'দের কোনপ্রকার বিষয়ভোগ বা বিষয়ত্যাগে আসক্তি থাকবে, আবার কতকগুলো আনুকরণিক বাহ্য ভাববিকারের মুদ্রা দেখিয়ে তাঁ'রা 'প্রেমিক' ব'লেও পরিচিত হ'বেন বা ওরকম কপটতাকেই 'প্রেম' ব'ল্বেন, তাঁ'রা কখনও শ্রীচৈতন্যের প্রেমের—বাস্তব প্রেমের সন্ধান পান নাই বা ও'রকম বিচারে আবদ্ধ থাক্‌লে অনন্তকালেও পাবেন না।

ভক্তির যথার্থ স্বরূপ কি ?

শ্রীরূপ গোস্বামী প্রভু এ'জন্যে পঞ্চরাত্রের বাক্য উদ্ধার ক'রে ব'ল্‌ছেন,—যখন, কৃষ্ণই একমাত্র মমতার পাত্র, আর মমতার পাত্র কেউই নেই,—এরকম একটী স্বাভাবিকী আসক্তির উদয় হয়, তা'কেই ভীষ্ম, প্রহ্লাদ, উদ্ধব, নারদাদি ভক্তগণ 'ভক্তি' ব'লেছেন,—

অনন্যমমতা বিষ্ণৌ মমতা প্রেমসঙ্গতা।
ভক্তিরিত্যুচ্যতে ভীষ্মপ্রহ্লাদোদ্ধবনারদৈঃ॥
(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ৪।২)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভাবোত্থ ও প্রসাদোত্থ প্রেম

এই প্রেম 'ভাবোত্থ' এবং ভগবানের 'অতিপ্রসাদোত্থ' ভেদে দুই প্রকার। অন্তরঙ্গ ভক্ত্যঙ্গ-সমূহের নিরন্তর সেবনের দ্বারা 'ভাব' পরমোৎকর্ষ প্রাপ্ত হ'লেই 'ভাবোত্থ প্রেম' ব'লে কথিত হয়। সেই ভাবোত্থ-প্রেম আবার "বৈধী ভক্তি হ'তে সঞ্জাত" এবং "রাগানুগভাব হ'তে উদিত"—এই দুই প্রকার হ'য়ে থাকে। শ্রীল রূপ প্রভু বৈধভাবোত্থ প্রেমের দৃষ্টান্তরূপে ভাগবতের এই শ্লোকটী ব'লেছেন,—

বৈধভাবোত্থ প্রেম

এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।
হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ।
(ভাঃ ১১।২।৪০)

কৃষ্ণসেবাব্রত পুরুষ অবশচিত্ত হ'য়ে স্বীয় প্রিয়তম শ্রীকৃষ্ণের নামকীর্ত্তনে জাতানুরাগবশতঃ শ্লথহৃদয় হন; উন্মত্তের ন্যায় লোকবাহ্য অর্থাৎ অপেক্ষাশূন্য হ'য়ে কখনও হাস্য, কখনও রোদন, কখনও চীৎকার, কখনও বা গীত-নৃত্যাদি করেন।

রাগভাবোত্থ প্রেম

রাগানুগীয় ভাবোত্থ-প্রেমের দৃষ্টান্ত এই,—

ন পতিং কাময়েৎ কঞ্চিদ্‌ব্রহ্মচর্য্যস্থিতা সদা।
তামেব মূর্ত্তিং ধ্যায়ন্তী চন্দ্রকান্তির্বরাননা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীকৃষ্ণগাথাং গায়ন্তী রোমাঞ্চোদ্ভেদলক্ষণা।
অস্মিন্নন্বন্তরে স্নিগ্ধা শ্রীকৃষ্ণপ্রিয়বার্ত্তয়া॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ৪।৪)

সেই ইন্দুনিভা চারুমুখী ব্রহ্মচর্য্যব্রত-ধারিণী হইয়া প্রাকৃত কোন পতির সহিত আর বিবাহ-কামনা করেন নাই, উপরন্তু এই মন্বন্তরেই ভগবানের সেই মনোহারিণী মূর্ত্তির ধ্যান ও তাঁহার গাথা কীর্ত্তন করিতে করিতে রোমাঞ্চোৎফুল্ল-কলেবরে ভগবানের প্রিয় কথায় প্রেমস্নিগ্ধা হইয়াছিলেন।

অতিপ্রসাদোত্থ প্রেম

শ্রীকৃষ্ণের সঙ্গদানাদি বিশিষ্টতাই অতিপ্রসাদোত্থ প্রেমের লক্ষণ। গোপীগণ সেই প্রকার অতিপ্রসাদোত্থ প্রেমের পাত্র,—

তে নাধীতশ্রুতিগণা নোপাসিতমহত্তমাঃ।
অব্রতাতপ্ততপসঃ মৎসঙ্গান্মামুপাগতাঃ॥

(ভাঃ ১১।১২।৭)

শ্রীকৃষ্ণ উদ্ধবকে ব'লেছিলেন,—হে উদ্ধব, ব্রজসুন্দরীগণ আমাকে পাওয়ার জন্যে বেদাধ্যয়ন করেন নাই, বেদ অধ্যয়নার্থ মহত্তম ব্যক্তিগণের উপাসনা করেন নাই, কোন ব্রতাচরণ করেন নাই, কোন প্রকার তপস্যাও করেন নাই, কেবলমাত্র আমার সঙ্গ-দ্বারাই আমাতে উপগত হ'য়েছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহিমাজ্ঞানযুক্ত ও কেবল-অতি-প্রসাদোত্থ প্রেম

এই অতিপ্রসাদোত্থ প্রেম দুই প্রকার,—মাহাত্ম্যজ্ঞান-যুক্ত এবং কেবল। বিধিপথের পথিকগণের মহিমাজ্ঞানযুক্ত প্রেম এবং রাগানুগীয়গণের কেবলপ্রেম দেখা যায়। বৈধী-ভক্তির কোন অংশ-যুক্ত হ'লে কেবলপ্রেম উদিত হ'তে পারে না,—

মনোগতিরবিচ্ছিন্না হরৌ প্রেমপরিপ্লুতা।
অভিসন্ধিবিনির্ম্মুক্তা ভক্তির্বিষ্ণুবশঙ্করী॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ৪।৮)

যাবতীয় অভিসন্ধি হ'তে সর্ব্বতোভাবে নির্ম্মুক্ত এবং প্রেমপরিপূরিত শ্রীকৃষ্ণে নিরবচ্ছিন্ন মনোগতিকে 'ভক্তি' বলা যায়। এই প্রকার কেবলাভক্তিই বিষ্ণুকে বশ ক'রতে সমর্থ।

সাধনভক্তির পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ-চতুষ্টয় ভাবভক্তি ও প্রেমভক্তির ক্রম

শ্রীচৈতন্যদেব প্রেমভক্তিলাভের ক্রমপন্থা নির্দ্দেশে ব'লেছেন,—

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ॥
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ৪।১০)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কোন ভাগ্যে কোন জীবের 'শ্রদ্ধা' যদি হয়।
তবে সেই জীব 'সাধুসঙ্গ' করয় ॥
সাধুসঙ্গ হৈতে হয় 'শ্রবণ-কীর্ত্তন'।
সাধনভক্ত্যে হয় 'সর্ব্বানর্থনিবর্ত্তন' ॥
অনর্থনিবৃত্তি হৈলে ভক্তি 'নিষ্ঠা' হয়।
নিষ্ঠা হৈতে শ্রবণাদ্যে 'রুচি' উপজয় ॥
রুচি-ভক্তি হৈতে হয় 'আসক্তি' প্রচুর।
আসক্তি হৈতে চিত্তে জন্মে কৃষ্ণে প্রীত্যঙ্কুর ॥
সেই 'রতি' গাঢ় হৈলে ধরে 'প্রেম'-নাম।
সেই প্রেমা—'প্রয়োজন' সর্ব্বানন্দ-ধাম ॥

(শ্রীচৈঃ চঃ ম ২৩।৯-১৩)

সাধনভক্তি যখন রুচিময়ী হ'য়ে পড়ে, তখন আর তা'তে শাস্ত্র-শাসন বা বৈধভাবের পরাক্রম থাকে না, তখন স্বাভাবিকী আসক্তি এবং আসক্তি হ'তে নির্ম্মলাত্মায় কৃষ্ণে প্রীত্যঙ্কুর স্থায়িভাবের উদয় হয়। সেই রতি গাঢ়তা-প্রাপ্ত হ'লে 'প্রেম'রূপ প্রয়োজন উদিত হ'য়ে থাকে। সাধনভক্তি পূর্ব্বার্দ্ধে শ্রদ্ধা হ'তে অনর্থ-নিবৃত্তি পর্য্যন্ত ৪ চা'র প্রকার এবং উত্তরার্দ্ধে নিষ্ঠা হ'তে ভাব পর্য্যন্ত ৪ চা'র প্রকার, ভাবভক্তি বা স্থায়ী ভাব ৪ চা'র প্রকার সামগ্রীর সম্মেলনে অপ্রাকৃত রসোদয়ে প্রেমভক্তির উদয় করায়।

উত্থিতভাবাঙ্কুরের নববিধ লক্ষণ

প্রেমের প্রথমাবস্থায় যে ভাব, তা'র অঙ্কুরমাত্র যাঁ'র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হৃদয়ে উপস্থিত হয়, তাঁ'তে নয় প্রকার লক্ষণ দেখা যায়। ক্ষান্তি অর্থাৎ ক্ষোভের কারণ থাকা সত্ত্বেও চিত্তের অক্ষুব্ধাবস্থা, অব্যর্থকালত্ব অর্থাৎ শ্রীকৃষ্ণের সেবাব্যতীত এক মুহূর্ত্তও বৃথা যাপন না করা, বিরক্তি অর্থাৎ কৃষ্ণসম্বন্ধ-ব্যতীত অন্য বস্তুতে বৈরাগ্য, মানশূন্যতা অর্থাৎ মানের হেতু থাক্‌তেও মানহীন হওয়া, আশাবন্ধ অর্থাৎ শ্রীকৃষ্ণের সেবা নিশ্চয়ই লাভ ক'রব, এ-বিষয়ে দৃঢ় আশা, সমুৎকণ্ঠা, কৃষ্ণনামগানে রুচি, কৃষ্ণগুণবর্ণনে আসক্তি এবং কৃষ্ণ বা অকৃত্রিম কৃষ্ণভক্তের বাসস্থানে নিরন্তর সেবাবুদ্ধিতে বাসের জন্যে প্রীতি।

ভাবাঙ্কুর কখন প্রেমরূপে প্রকাশিত হয় ?

এই সকল ভাবাঙ্কুর যখন শুদ্ধসত্ত্ববিশেষাত্মা হ'য়ে 'ভাব'-রূপে প্রকাশিত হয়, তখনই প্রেমিক ভক্তের কৃপায় তা' আরও গাঢ়ত্ব প্রাপ্ত হ'য়ে প্রেমরূপে প্রকাশিত হ'য়ে থাকে।

কৃষ্ণপ্রেমিকের আচরণ

শ্রীচৈতন্যদেব কৃষ্ণপ্রেমিক বৈষ্ণব বা শুদ্ধভক্তের আচরণ কিরূপ, তা' ব'ল্‌ছেন,—

যাঁ'র চিত্তে কৃষ্ণপ্রেমা করয়ে উদয়।
তাঁ'র বাক্য, ক্রিয়া, মুদ্রা, বিজ্ঞেহ না বুঝয় ॥

(চৈঃ চঃ ম ২৩।৩৫)

ধন্যস্যায়ং নবপ্রেমা যস্যোন্মীলতি চেতসি।
অন্তর্ব্বাণিভিরপ্যস্য মুদ্রা সুষ্ঠু সুদুর্গমা ॥

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ৪।১১)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে ধন্যব্যক্তির চিত্তে নবপ্রেম উদিত হয়, তাঁ'র ক্রিয়া ও মুদ্রাসকল অর্থাৎ চিহ্নসকল শাস্ত্রজ্ঞ পুরুষদেরও সুদুর্ব্বোধ্য হ'য়ে পড়ে।

মহাভাব

প্রেম আবার গাঢ় হ'তে গাঢ়তর অবস্থা লাভ ক'রে সর্ব্বশেষে 'মহাভাব'রূপে প্রকাশিত হয়। এই মহাভাব-স্বরূপিণীই—শ্রীবার্ষভানবী।

প্রেমা ক্রমে বাড়ি' হয় স্নেহ, মান, প্রণয়।
রাগ, অনুরাগ, ভাব, মহাভাব হয়॥
যৈছে ইক্ষুরস-বীজ—গুড়, খণ্ডসার।
শর্করা, সিতা-মিছরি, শুদ্ধমিছরি আর॥
ইঁহা যৈছে ক্রমে ক্রমে বাড়ে নির্ম্মল স্বাদ।
রতি-প্রেমাদির তৈছে বাড়য়ে আস্বাদ॥

(চৈঃ চঃ ম ২৩।৩৮-৪০)

স্থায়িভাব ও সামগ্রীচতুষ্টয়

রতি হ'তে মহাভাব পর্য্যন্ত সমস্তই কৃষ্ণভক্তিরসের স্থায়িভাব। সেই স্থায়িভাবে বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারী এই চা'রটী সামগ্রী মিলিত হ'লে রসোদয় হয়। এই স্থায়িভাবই—রসের মূল, বিভাবই—রসের হেতু, অনুভাবই—রসের কার্য্য, সাত্ত্বিকভাবও রসের কার্য্যবিশেষ এবং সঞ্চারী বা ব্যভিচারী ভাবসকলই—রসের সহায়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিভাব

বিভাব দুই প্রকারে বিভক্ত,—আলম্বন ও উদ্দীপন। আলম্বন আবার দুইরূপে বিভক্ত,—বিষয় ও আশ্রয়। কৃষ্ণভক্তিরসে ভক্তই আশ্রয়, কৃষ্ণই বিষয় এবং কৃষ্ণের গুণসমূহই উদ্দীপন।

অনুভাব, সাত্ত্বিক ও সঞ্চারী

অনুভাব তের প্রকার—নৃত্য, বিলুণ্ঠন, তনুমোটন, হুঙ্কার, জৃম্ভণ ইত্যাদি। সাত্ত্বিক ভাব আট প্রকার,—স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, বেপথু, বৈবর্ণ্য, অশ্রু এবং প্রলয়। ব্যভিচারী বা সঞ্চারী ভাব তেত্রিশ প্রকার,—নির্ব্বেদ, বিষাদ, দৈন্য ইত্যাদি।

কৃষ্ণভক্তিরস

এইসব কৃষ্ণভক্তিরসে স্থায়িভাব।
স্থায়িভাবে মিলে যদি বিভাব, অনুভাব॥
সাত্ত্বিক, ব্যভিচারী ভাবের মিলনে।
কৃষ্ণভক্তিরস হয় অমৃত আস্বাদনে॥
যৈছে দধি, সিতা, ঘৃত, মরীচ, কর্পূর।
মিলনে 'রসালা' হয় অমৃত মধুর॥

(চৈঃ চঃ ম ১৯।১৮০-১৮২)

দধি, সিতাপল, কর্পূর, ঘৃত, এলাচিচূর্ণ প্রভৃতি মিশ্রণে যেমন সুমধুর পানা প্রস্তুত হয়, তেমন স্থায়িভাবের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সঙ্গে চতুর্ব্বিধ সামগ্রীর মিলনে উৎকৃষ্ট অপ্রাকৃত কৃষ্ণ-প্রেমরস প্রস্তুত হ'য়ে থাকে।

'রসো বৈ সঃ' শ্রুতির প্রতিপাদ্যৈকবস্তুই শ্রীকৃষ্ণ

শ্রীকৃষ্ণই অখিলরসামৃতসিন্ধু। বেদ যাঁ'কে "রসো বৈ সঃ" ব'লে কীর্ত্তন ক'রেছেন, সেই রস-স্বরূপই রসরাজ রাসনায়ক —শ্রীকৃষ্ণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অষ্টম তরঙ্গ

প্রেমে রসাভাস নাই

শ্রীচৈতন্যের প্রচারিত প্রেমে রসাভাস-দোষ নাই। রসাভাস-দোষযুক্ত ব্যাপার প্রেমপদবাচ্য হ'তে পারে না এবং তা' কৃষ্ণের সন্তোষ বিধান ক'র্‌তে পারে না,—

গোপিকার প্রেমে নাহি রসাভাস-দোষ।
অতএব কৃষ্ণের করে পরম সন্তোষ ॥

(চৈঃ চঃ ম ১৪.১৫৭)

রস-লক্ষণ হ'তে বিপর্য্যয়তা লাভ ক'র্‌লে তা'কে 'রসাভাস' বলা যায়। উপরস, অনুরস, অপরস—এ-সব-গুলিই 'রসাভাস'।

অপ্রাকৃতরসের লক্ষণ

শ্রীচৈতন্যদেব শ্রীরূপগোস্বামী প্রভুর দ্বারা আমাদিগকে রসের এইরূপ লক্ষণ জানিয়েছেন,—

ব্যতীত্য ভাবনাবর্ত্ম যশ্চমৎকারভারভূঃ।
হৃদি সত্ত্বোজ্জ্বলে বাঢ়ং স্বদতে স রসো মতঃ ॥

(ভঃ রঃ সিঃ দঃ বিঃ ৫।৭৯)

ভাবনার পথ অতিক্রম-পূর্ব্বক চমৎকার-প্রাচুর্য্যের ভূমিকাস্বরূপ যে স্থায়িভাব শুদ্ধসত্ত্ব-পরিমার্জ্জিত উজ্জ্বল হৃদয়ে অতিশয় আস্বাদিত হয়, সেইটীই রস।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্ম্মি-জ্ঞানি-যোগি-তপস্বিগণ অপ্রাকৃত-রসাস্বাদন হইতে বঞ্চিত

অভক্তগণ কখনও এই রস আস্বাদন ক'র্‌তে পারেন না, তাঁ'দের কাছে ভক্তিরস সর্ব্বপ্রকারেই দুরূহ। কিন্তু অখিলরসামৃতমূর্ত্তি শ্রীকৃষ্ণের পাদপদ্মসেবাই যাঁ'দের সর্ব্বস্ব, সেই প্রেমিক পুরুষগণই রস আস্বাদন ক'র্‌তে পারেন। এজন্যে শ্রীচৈতন্যদেব শ্রীল রূপগোস্বামী প্রভুর দ্বারা আমাদের জানিয়েছেন,—

ফল্গুবৈরাগ্যনির্দ্দগ্ধাঃ শুষ্কজ্ঞানাশ্চ হৈতুকাঃ।
মীমাংসকা বিশেষেণ ভক্ত্যাস্বাদবহির্ম্মুখাঃ॥
ইত্যেষ ভক্তিরসিকৈশ্চৌরাদিব মহানিধিঃ।
জরন্মীমাংসকাদ্রক্ষ্যঃ কৃষ্ণভক্তিরসঃ সদা॥
সর্ব্বথৈব দুরূহোঽয়মভক্তৈর্ভগবদ্রসঃ।
তৎপাদাম্বুজ-সর্ব্বস্বৈর্ভক্তৈরেবানুরস্যতে॥

(ভঃ রঃ সিঃ দঃ বিঃ ৫।৭৬-৭৮)

অর্থাৎ যা'রা ফল্গুবৈরাগ্যের দাবানলে দগ্ধ হ'চ্ছে, যা'রা শুষ্ক নির্ভেদজ্ঞান পেষণ ক'র্‌তে ক'র্‌তে হৈতুক বা কেবল কুতর্কেই নিষ্ঠালাভ ক'রেছে, যা'রা মীমাংসক বা কর্ম্মকাণ্ড-পরায়ণ, যা'রা নির্ভেদ-ব্রহ্মানুসন্ধানকারী, তা'রা ভক্তিরসাস্বাদনে বহির্ম্মুখ। অতএব চোর, দস্যু প্রভৃতি অসদ্ব্যক্তিগণ হ'তে যেমন মহানিধি রক্ষা ক'র্‌তে হয়, তেম্‌নি ভক্তি-রসিকগণ মীমাংসকাদি ব্যক্তিগণের কাছ থেকে সর্ব্বদা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তিরসকে গোপনে রাখ্‌বেন, তা'দের নিকট কখনই কৃষ্ণভক্তিরসের কথা প্রকাশ ক'র্‌বেন না।

প্রচ্ছন্ন অপসাম্প্রদায়িক সমন্বয়বাদী প্রেমের সন্ধান হইতে চিরবঞ্চিত

একমাত্র ভক্তির পথ ব্যতীত—পূর্ণতম বস্তুর প্রতি সর্ব্বেন্দ্রিয়ে সুখসম্পাদনেচ্ছা ব্যতীত আর অন্যান্য যাবতীয় সাধনচেষ্টা ও অভিলাষই জীবকে অপ্রেমের রাজ্যে নিয়ে যায়। যাঁ'রা একমাত্র অভিসন্ধিনির্ম্মুক্তা শুদ্ধভক্তি-ব্যতীত অন্যপ্রকার সাধনকে তাঁ'দের বিচরণ-পথ ব'লে স্বীকার করেন অর্থাৎ "ভক্তি গ্রহণ না ক'রে কর্ম্ম, জ্ঞান, যোগ, অন্যাভিলাষ প্রভৃতি যে-কোন পথ গ্রহণ ক'র্‌লেই হয়—সবই এক", এ রকম বলেন, তাঁ'দের প্রয়োজন বা প্রাপ্যবস্তু 'প্রেম' নয়; তাঁ'রা প্রেমবর্জ্জিত নির্ব্বিশেষ-ভাবকে তাঁ'দের 'প্রয়োজন' বিচার ক'রে যে-কোন একটা আত্মেন্দ্রিয়-তৃপ্তিকর পথ নিয়ে সুবিধাবাদী হ'য়ে পড়েন।

কখন জীবের প্রেমকে কর্ম্ম-জ্ঞানাদির পর্য্যায়ে গণনার চেষ্টা হয়?

সজ্জনমণ্ডলি, আপনারা এ'কথাটী বিশেষ সতর্কতার সঙ্গে বিচার করুন, অনুধাবন করুন, দেখ্‌তে পাবেন যে যেখানে মূলে আমাদের অন্তরে কৃষ্ণের ইন্দ্রিয়তৃপ্তি-সম্পাদনের পরিবর্ত্তে অর্থাৎ প্রেমার পরিবর্ত্তে নিজের ইন্দ্রিয়তৃপ্তি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কোনও না কোনরকম কাম-বাঞ্ছা প্রচ্ছন্নভাবে লুক্কায়িত র'য়েছে, সেখানে একমাত্র শুদ্ধভক্তির পথ ব্যতীত কর্ম্ম, জ্ঞান, যোগ প্রভৃতিতেই আমাদের আগ্রহ দেখা যায় এবং সেই আগ্রহমূলেই আমরা কপটতা ক'রে ভক্তিকে কর্ম্ম-জ্ঞানের পর্য্যায়ে আন্‌বার চেষ্টা করি; আর ঐ রকম অপ্রেমের চেষ্টাকেই 'প্রেম' বা 'অসাম্প্রদায়িকতা' ব'লে প্রচার ক'রে কামী গণগড্ডলিকার কাছে প্রিয়তা অর্জ্জন ক'রে থাকি!

সমন্বয়বাদী প্রেমবিরোধী কামুক মাত্র

ভক্তিকে কর্ম্ম, জ্ঞান, যোগাদির সঙ্গে যাঁ'রা সমান বলেন—পতিব্রতাকে বহুবিলাসিনীর পর্য্যায়ে যাঁ'রা গণনা করেন, তাঁ'দের মূলে একমাত্র সেব্য পতির সেবানিষ্ঠার অভাব; তাঁ'রা পতি-প্রীতি অপেক্ষা নিজের কামরুচিকে অধিক ভালবাসেন। বর্ত্তমানে তথাকথিত ধর্ম্মের বাজারে ভিন্ন ভিন্ন রুচি-অনুসারে ভিন্ন ভিন্ন ধর্ম্মের যে-সব কল্পনা —'যত মত, তত পথ' প্রভৃতি যে-সব হেঁয়ালি, "কর্ম্ম, জ্ঞান, যোগ, ভক্তি—কালী, কৃষ্ণ, শিব—সবই সমান" প্রভৃতি জীবের বহির্ম্মুখ-রুচির অনুকূল যে-সমস্ত কথা তথাকথিত সমন্বয়বাদের নামে ব্যষ্টি হ'তে সমষ্টিকে পিশাচীর মত পেয়ে ব'সেছে—মোহিনীমূর্ত্তির ন্যায় অদৈবগণকে প্রেমামৃত হ'তে বঞ্চনা ক'রে সুগোপ্য প্রেমসম্পুটকে রক্ষা ক'র্‌ছে, সে-সমস্ত মতবাদ কেবল প্রেমের অভাব হ'তেই জগতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তিরসকে গোপনে রাখ্‌বেন, তা'দের নিকট কখনই কৃষ্ণভক্তিরসের কথা প্রকাশ ক'র্‌বেন না।

প্রচ্ছন্ন অপসাম্প্রদায়িক সমন্বয়বাদী প্রেমের সন্ধান হইতে চিরবঞ্চিত

একমাত্র ভক্তির পথ ব্যতীত—পূর্ণতম বস্তুর প্রতি সর্ব্বেন্দ্রিয়ে সুখসম্পাদনেচ্ছা ব্যতীত আর অন্যান্য যাবতীয় সাধনচেষ্টা ও অভিলাষই জীবকে অপ্রেমের রাজ্যে নিয়ে যায়। যাঁ'রা একমাত্র অভিসন্ধিনির্ম্মুক্তা শুদ্ধভক্তি-ব্যতীত অন্যপ্রকার সাধনকে তাঁ'দের বিচরণ-পথ ব'লে স্বীকার করেন অর্থাৎ "ভক্তি গ্রহণ না ক'রে কর্ম্ম, জ্ঞান, যোগ, অন্যাভিলাষ প্রভৃতি যে-কোন পথ গ্রহণ ক'র্‌লেই হয়—সবই এক", এ রকম বলেন, তাঁ'দের প্রয়োজন বা প্রাপ্যবস্তু 'প্রেম' নয়; তাঁ'রা প্রেমবর্জ্জিত নির্ব্বিশেষ-ভাবকে তাঁ'দের 'প্রয়োজন' বিচার ক'রে যে-কোন একটা আত্মেন্দ্রিয়-তৃপ্তিকর পথ নিয়ে সুবিধাবাদী হ'য়ে পড়েন।

কখন জীবের প্রেমকে কর্ম্ম-জ্ঞানাদির পর্য্যায়ে গণনার চেষ্টা হয়?

সজ্জনমণ্ডলি, আপনারা এ'কথাটী বিশেষ সতর্কতার সঙ্গে বিচার করুন, অনুধাবন করুন, দেখ্‌তে পাবেন যে যেখানে মূলে আমাদের অন্তরে কৃষ্ণের ইন্দ্রিয়তৃপ্তি-সম্পাদনের পরিবর্ত্তে অর্থাৎ প্রেমার পরিবর্ত্তে নিজের ইন্দ্রিয়তৃপ্তি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কোনও না কোনরকম কাম-বাঞ্ছা প্রচ্ছন্নভাবে লুক্কায়িত র'য়েছে, সেখানে একমাত্র শুদ্ধভক্তির পথ ব্যতীত কর্ম্ম, জ্ঞান, যোগ প্রভৃতিতেই আমাদের আগ্রহ দেখা যায় এবং সেই আগ্রহমূলেই আমরা কপটতা ক'রে ভক্তিকে কর্ম্ম-জ্ঞানের পর্য্যায়ে আন্‌বার চেষ্টা করি; আর ঐ রকম অপ্রেমের চেষ্টাকেই 'প্রেম' বা 'অসাম্প্রদায়িকতা' ব'লে প্রচার ক'রে কামী গণগড্ডলিকার কাছে প্রিয়তা অর্জ্জন ক'রে থাকি!

সমন্বয়বাদী প্রেমবিরোধী কামুক মাত্র

ভক্তিকে কর্ম্ম, জ্ঞান, যোগাদির সঙ্গে যাঁ'রা সমান বলেন—পতিব্রতাকে বহুবিলাসিনীর পর্য্যায়ে যাঁ'রা গণনা করেন, তাঁ'দের মূলে একমাত্র সেব্য পতির সেবানিষ্ঠার অভাব; তাঁ'রা পতি-প্রীতি অপেক্ষা নিজের কামরুচিকে অধিক ভালবাসেন। বর্ত্তমানে তথাকথিত ধর্ম্মের বাজারে ভিন্ন ভিন্ন রুচি-অনুসারে ভিন্ন ভিন্ন ধর্ম্মের যে-সব কল্পনা —'যত মত, তত পথ' প্রভৃতি যে-সব হেঁয়ালি, "কর্ম্ম, জ্ঞান, যোগ, ভক্তি—কালী, কৃষ্ণ, শিব—সবই সমান" প্রভৃতি জীবের বহির্ম্মুখ-রুচির অনুকূল যে-সমস্ত কথা তথাকথিত সমন্বয়বাদের নামে ব্যষ্টি হ'তে সমষ্টিকে পিশাচীর মত পেয়ে ব'সেছে—মোহিনীমূর্ত্তির ন্যায় অদৈবগণকে প্রেমামৃত হ'তে বঞ্চনা ক'রে সুগোপ্য প্রেমসম্পুটকে রক্ষা ক'র্‌ছে, সে-সমস্ত মতবাদ কেবল প্রেমের অভাব হ'তেই জগতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকাশিত হ'য়েছে। শ্রীচৈতন্যের প্রেমের অন্তঃপটের বাইরে যাঁ'রা র'য়েছেন, যাঁ'রা প্রেমের কোন সন্ধানই কোন দিন পান নাই বা পাবেন না, তাঁ'রাই ঐ সব মতবাদ সৃষ্টি ক'রে জগতে মহা-প্রেমাভাব সৃষ্টি ক'রেছেন, ক'রছেন ও ক'রবেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নবম তরঙ্গ

সমন্বয়বাদ, সাম্যবাদাদির মূলে কপটতাময় আত্মকাম-চরিতার্থতার পিপাসা

তথাকথিত সমন্বয়বাদ, তথাকথিত সাম্যবাদ, তথাকথিত বিশ্বপ্রেমবাদ, তথাকথিত জীবপ্রেমবাদ, তথাকথিত জীবসেবাবাদ, তথাকথিত সংখ্যাধিক্যে সত্যনিরূপণবাদ শ্রীচৈতন্যের প্রেমের কোন সন্ধানই পায় নি, এ'দের মূলেই প্রেমাভাব ও কপটবৃত্তি বিরাজিত। শ্রীচৈতন্যদেব মুকুন্দের আদর্শে যে 'খড়জাঠিয়া বেটা'র কথা প্রকাশ ক'রেছেন, সেই 'খড়জাঠিয়া বেটা'ই তথাকথিত আধুনিক সমন্বয়বাদের আদর্শ।

—"ও বেটা যখন যথা যায়।
সেই মত কথা কহি' তথায়ই মিশায়॥"

এই রকম "হাঁ জি, হাঁ জি" মতাবলম্বী কখনই প্রেমের কোন কথাই শোনে নি, কেবল রজোগুণোদ্ভূত কামের দ্বারা পরিচালিত হ'য়ে কামী গণগড্ডলিকা হ'তে শৌকরীবিষ্ঠা প্রতিষ্ঠা-মাত্র পেয়েছে। এ'রা মনে ক'রেছে, —'লোকপ্রিয়তা অর্জ্জনই—প্রেম'। ঐ সমস্ত তোষামোদ-কারি-সম্প্রদায় মাতাল-গণগড্ডলিকাকে এক পেয়ালা বেশী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মদের যোগান দিয়ে তা'দের রুচি-অনুযায়ী ধর্ম্ম ব্যাখ্যা অর্থাৎ তা'দের ইন্দ্রিয়তর্পণটাকেই 'প্রেম' ব'লে প্রচার ক'রে কৃষ্ণেন্দ্রিয়তর্পণটীকে তা'রা আন্দামান-দ্বীপে চিরনির্ব্বাসিত ক'রেছে! এই সব লোককে যদি জগতের শতকরা নিরানব্বই দশমিক নয় পৌনঃপুনিক সংখ্যক ব্যক্তিও 'ধর্ম্মনেতা', 'ধর্ম্মগুরু' ব'লে স্বীকার করে, তা' হ'লেও যথার্থ অকৈতব প্রেমিক প্রকৃত প্রেমের স্বরূপ বুঝ্‌তে বিচলিত হ'বেন না। এরা শ্রীচৈতন্যের প্রেমের নাম-গন্ধ পর্য্যন্ত জানে না।

মনোধর্ম্মী সুবিধাবাদিগণের কুনাট্য

মনোধর্ম্মী, সুবিধাবাদী, তথাকথিত সমন্বয়বাদী, প্রাকৃত সাহিত্যিক, প্রাকৃত সাহজিক, অবৈধ অনুকরণিক ব্যক্তিগণ শ্রীচৈতন্যের প্রেম-সম্বন্ধে যা' বুঝেছেন, তা' অচৈতন্যের কাম বা অপচৈতন্যের বিকার মাত্র। কেউ মনে ক'রেছেন,—লোক দেখাবার জন্যে 'ভাঙ্গি'কে ধ'রে আলিঙ্গন ক'র্‌তে পার্‌লেই শ্রীচৈতন্যের প্রেমের অনুকরণ করা হ'ল; কেউ মনে ক'রেছেন,—অত্যন্ত স্ত্রৈণ বা পরস্ত্রী-লম্পট হ'তে পার্‌লেই শ্রীচৈতন্যের প্রেমের আদর্শ প্রকাশ করা হ'ল; কেউ মনে ক'রেছেন,—বাউল, সহজিয়া, কর্ত্তাভজা হ'তে পার্‌লেই শ্রীচৈতন্যের প্রেমে প্রেমিক হওয়া গেল; কেউ মনে ক'রেছেন,—প্রচ্ছন্ন কামপিপাসা চরিতার্থ কর্‌বার জন্যে কামক্রোধের দাস হ'য়ে রাই-কানুর প্রীতির কথাগুলি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিয়ে ছিনিমিনি খেল্‌তে পার্‌লেই শ্রীচৈতন্যের প্রেমের পথের পথিক হ'তে পারা গেল; কেউ মনে ক'রেছেন,—লোকপ্রিয়তা-অর্জ্জন-মানসে কা'কেও কিছু না ব'লে নিজের ইন্দ্রিয়তৃপ্তি ক'র্‌তে পার্‌লেই শ্রীচৈতন্যের প্রেম যাজন করা হ'ল; কেউ মনে ক'রেছেন,—'সকল মত, সকল পথই সমান' এইরকম উক্তিময় ইন্দ্রিয়তর্পণের আবরণে স্ব-স্ব উচ্ছৃঙ্খলতার প্রশ্রয় দিবার একটি কৌশল আবিষ্কার ক'রে নিতে পার্‌লেই শ্রীচৈতন্যের প্রেমের পথ অনুসরণ করা হ'ল; আবার কেউ মনে ক'রেছেন,—কতকগুলো শারীরিক অভ্যাস বা ব্যায়ামের দ্বারা কপট অশ্রু, পুলক, কম্পঝম্প লোককে দেখাতে পার্‌লেই শ্রীচৈতন্যের প্রেমে মহাপ্রেমিক হ'তে পারা গেল!

জগতের মনোধর্ম্মিসম্প্রদায়ের কপটতা হইতে সাধু সাবধান!

সুধীমণ্ডলি, আপনারা বিচার করুন, আপনাদের বিচারে যেন কোনপ্রকার ছলনার যবনিকা এসে না পড়ে; গণ-বাদের মোহ যেন আপনাদের নির্ম্মল আত্মাকে মোহগ্রস্ত না করে; কাম-প্রেমের সংজ্ঞা যেন আপনাদের চিত্তপটে প্রোজ্জ্বল ভাস্করের মত নিয়ত দীপ্তিমান থাকে; আপনারা সেই আলোকের সাহায্যে দর্শন করুন—শ্রীচৈতন্যের প্রদত্ত অভূতপূর্ব্ব কৃপার আলোকে শ্রীচৈতন্যের প্রকৃত স্বরূপ দর্শন করুন। শ্রীচৈতন্যের প্রেমে আত্মেন্দ্রিয়তৃপ্তির কোন-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকার পূতিগন্ধ নাই; কিন্তু পূর্ব্বোক্ত উদাহরণগুলিতে ইন্দ্রিয়তৃপ্তির বারবিলাসিনী মূর্ত্তি কৃত্রিম পোষাকের দ্বারা অবগুণ্ঠিত র'য়েছে। নানা ঘৃণ্য কুৎসিত ব্যাধিতে জর্জ্জরিত বারবিলাসিনী যেমন কতকগুলি বাহ্য প্রসাধন-সামগ্রী ও বাহ্য বেশাদি দিয়ে নিজের কুরূপ ও কুচরিত্রকে ঢেকে কামলুব্ধ ব্যক্তিগণের কাছে পতিব্রতার প্রেমের অবৈধ প্রতিযোগিতা করে, শ্রীচৈতন্যের প্রেমের নামে অচৈতন্য বা অপচৈতন্যের কামতাণ্ডবগুলিও তেম্‌নি জগতের লোককে বঞ্চনা ক'র্‌ছে। একমাত্র শ্রীচৈতন্যের অকৈতব প্রেমিকগণই জীবকে এ রকম প্রেমের বিরুদ্ধ ব্যাপারে—কামের অন্ধকূপে নিমজ্জিত হ'তে না দিয়ে তা'দের জন্যে শ্রীচৈতন্যের প্রেমের যথার্থ স্বরূপ নিরন্তর কীর্ত্তন ক'রে থাকেন। আর যা'রা লোকের আপাত প্রেম বা কামের ইন্ধন প্রদান ক'রে লোকের হিংসা—জগতের হিংসা—সমাজের হিংসা—বিশ্বের হিংসা করে, কেবল তা'র উপর একটা ইন্দ্রিয়তর্পণের মুখোস দিয়ে লোকের কাছ হ'তে 'বাহাবা' নিতে চায়, তা'রা লোককে সত্যকথা ব'লতে সাহসী হয় না বা প্রকৃতির গঠন-বশতঃই তা'দের কামের আধারে প্রেমের যথার্থ স্বরূপের কথা প্রকাশিত হ'তে পারে না।

প্রেমিক গৌরজনের শিক্ষা

শ্রীচৈতন্যের প্রেমের অকৈতব প্রেমিকবর ঠাকুর ভক্তিবিনোদ মনঃশিক্ষার ছলে আমাদিগকে শ্রীচৈতন্যের প্রেম

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবং অপচৈতন্যের কামের স্বরূপ ও বঞ্চনাগুলিকে অতি সরল ভাষায় প্রকাশ ক'রে দিয়েছেন,—

কি আর বলিব তোরে মন !
মুখে বল 'প্রেম' 'প্রেম', বস্তুতঃ ত্যজিয়া হেম,
শূন্যগ্রন্থি অঞ্চলে বন্ধন ॥
অভ্যাসিয়া অশ্রুপাত, লম্ফ ঝম্প অকস্মাৎ,
মূর্চ্ছা-প্রায় থাকহ পড়িয়া।
এ লোক বঞ্চিতে রঙ্গ, প্রচারিয়া অসৎসঙ্গ,
কামিনী, কাঞ্চন লভ গিয়া ॥
প্রেমের সাধন ভক্তি, তা'তে নৈল অনুরক্তি,
শুদ্ধপ্রেম কেমনে মিলিবে।
দশ অপরাধ ত্যজি' নিরন্তর নাম ভজি'
কৃপা-হ'লে সুপ্রেম পাইবে ॥
না মানিলে সুভজন, সাধুসঙ্গে সঙ্কীর্ত্তন,
না করিলে নির্জ্জনে স্মরণ।
না উঠিয়া বৃক্ষোপরি, টানাটানি ফল ধরি',
দুষ্টফল করিলে অর্জ্জন ॥
অকৈতব কৃষ্ণপ্রেম, যেন সুবিমল হেম,
এই ফল নৃলোকে দুর্ল্লভ।
কৈতবে বঞ্চনা মাত্র, হও আগে যোগ্যপাত্র,
তবে প্রেম হইবে সুলভ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কামে প্রেমে দেখ ভাই, লক্ষণেতে ভেদ নাই,
তবু কাম, প্রেম নাহি হয়।
তুমি ত' বরিলে কাম, মিথ্যা তাহে প্রেমনাম
আরোপিলে কিসে শুভ হয়॥

*　　*　　*　　*

কেন মন কামেরে নাচাও প্রেমপ্রায়।
চর্ম্মমাংসময় কাম, জড়সুখ অবিরাম,
জড়বিষয়েতে সদা ধায়॥
জীবের স্বরূপ ধর্ম্ম, চিৎস্বরূপে প্রেমমর্ম্ম,
তাহার বিষয়মাত্র হরি।
কাম-আবরণে হায়, প্রেম এবে সুপ্তপ্রায়,
প্রেমে জাগাও কাম দূর করি'॥
শ্রদ্ধা হৈতে সাধুসঙ্গে, ভজনের ক্রিয়া-রঙ্গে,
নিষ্ঠা, রুচি, আসক্তি-উদয়।
আসক্তি হইতে ভাব, তাহে প্রেম প্রাদুর্ভাব,
এই ক্রমে প্রেম উপজয়॥
ইহাতে যতন যা'র, সেই পায় প্রেমসার,
ক্রমত্যাগে প্রেম নাহি জাগে।
এ' ক্রম-সাধনে ভয়, কেন কর দুরাশয়,
কামে প্রেম কভু নাহি লাগে॥
নাটকাভিনয়-প্রায়, সকপট প্রেম ভায়,
তাহে মাত্র ইন্দ্রিয়সন্তোষ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইন্দ্রিয়তোষণ ছার, সদা কর পরিহার,
ছাড় ভাই অপরাধ-দোষ ॥

জগতের মনোধর্ম্মিসমাজ কপটতাকেই 'প্রেম' মনে করে ; পরন্তু অপরাধ, পাষণ্ডতা প্রভৃতির প্রতি ক্রোধই প্রেমের লক্ষণ

কেবলমাত্র বহির্ম্মুখলোকের যথেচ্ছাচারিতার প্রতিবাদ না করাই প্রেম বা দৈন্যের চিহ্ন,—এ'কথা বিকৃত ধারণায় অনেকেই মনে করেন। শ্রীচৈতন্যের প্রেমের প্রধান পতাকা-বাহী শ্রীনিত্যানন্দ প্রভুর শেষভৃত্য ঠাকুর বৃন্দাবনদাস যখন নিত্যানন্দ-নিন্দকের সম্বন্ধে "তবে লাথি মারোঁ তা'র শিরের উপরে" প্রভৃতি বাক্য উচ্চারণ ক'রেছিলেন কিম্বা স্বয়ং প্রেমের মূলপুরুষ শ্রীগৌরসুন্দর নিত্যানন্দের প্রতি জগাই মাধাই'র ব্যবহার-দর্শনে যখন 'চক্র' 'চক্র' ব'লে সুদর্শনকে আহ্বান ক'রেছিলেন, তখন আধুনিক মনোধর্ম্মিসাহিত্যিক-সমাজের কেহ কেহ ঠাকুর বৃন্দাবনকে সহিষ্ণুতা-ধর্ম্ম বা প্রেম-ধর্ম্মের বিরোধী এবং গৌরসুন্দরকে নিত্যানন্দ অপেক্ষা কম প্রেমিক, এমন কি, প্রেম-বিরোধী পর্য্যন্ত ব'ল্‌তে কুণ্ঠিত হ'ন নাই। যাঁ'রা অকৈতব প্রেমের মহাজনগণের প্রতি ঐরূপ উক্তি ক'রেছেন, তাঁ'দের প্রেমের কতটা অভাব, এ কথা দুর্ভাগ্য-বশতঃ তাঁ'রা বুঝ্‌তে পারেন নি। শ্রীল শুকদেব গোস্বামী কখনও কখনও কংসকে "ভোজানাং কুলপাংসনঃ" —'ভোজবংশের কলঙ্ক' প্রভৃতি ব'লে নিন্দা ক'রেছেন,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কামে প্রেমে দেখ ভাই, লক্ষণেতে ভেদ নাই,
তবু কাম, প্রেম নাহি হয়।
তুমি ত' বরিলে কাম, মিথ্যা তাহে প্রেমনাম
আরোপিলে কিসে শুভ হয় ॥

* * * *

কেন মন কামেরে নাচাও প্রেমপ্রায়।
চর্ম্মমাংসময় কাম, জড়সুখ অবিরাম,
জড়বিষয়েতে সদা ধায় ॥
জীবের স্বরূপ ধর্ম্ম, চিৎস্বরূপে প্রেমমর্ম্ম,
তাহার বিষয়মাত্র হরি।
কাম-আবরণে হায়, প্রেম এবে সুপ্তপ্রায়,
প্রেমে জাগাও কাম দূর করি' ॥
শ্রদ্ধা হৈতে সাধুসঙ্গে, ভজনের ক্রিয়া-রঙ্গে,
নিষ্ঠা, রুচি, আসক্তি-উদয়।
আসক্তি হইতে ভাব, তাহে প্রেম প্রাদুর্ভাব,
এই ক্রমে প্রেম উপজয় ॥
ইহাতে যতন যা'র, সেই পায় প্রেমসার,
ক্রমত্যাগে প্রেম নাহি জাগে।
এ' ক্রম-সাধনে ভয়, কেন কর দুরাশয়,
কামে প্রেম কভু নাহি লাগে ॥
নাটকাভিনয়-প্রায়, সকপট প্রেম ভায়,
তাহে মাত্র ইন্দ্রিয়সন্তোষ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইন্দ্রিয়তোষণ ছার, সদা কর পরিহার,
ছাড় ভাই অপরাধ-দোষ ॥

জগতের মনোধর্ম্মিসমাজ কপটতাকেই 'প্রেম' মনে করে ; পরন্তু অপরাধ, পাষণ্ডতা প্রভৃতির প্রতি ক্রোধই প্রেমের লক্ষণ

কেবলমাত্র বহির্ম্মুখলোকের যথেচ্ছাচারিতার প্রতিবাদ না করাই প্রেম বা দৈন্যের চিহ্ন,—এ'কথা বিকৃত ধারণায় অনেকেই মনে করেন। শ্রীচৈতন্যের প্রেমের প্রধান পতাকা-বাহী শ্রীনিত্যানন্দ প্রভুর শেষভৃত্য ঠাকুর বৃন্দাবনদাস যখন নিত্যানন্দ-নিন্দকের সম্বন্ধে "তবে লাথি মারোঁ তা'র শিরের উপরে" প্রভৃতি বাক্য উচ্চারণ ক'রেছিলেন কিম্বা স্বয়ং প্রেমের মূলপুরুষ শ্রীগৌরসুন্দর নিত্যানন্দের প্রতি জগাই মাধাই'র ব্যবহার-দর্শনে যখন 'চক্র' 'চক্র' ব'লে সুদর্শনকে আহ্বান ক'রেছিলেন, তখন আধুনিক মনোধর্ম্মিসাহিত্যিক-সমাজের কেহ কেহ ঠাকুর বৃন্দাবনকে সহিষ্ণুতা-ধর্ম্ম বা প্রেম-ধর্ম্মের বিরোধী এবং গৌরসুন্দরকে নিত্যানন্দ অপেক্ষা কম প্রেমিক, এমন কি, প্রেম-বিরোধী পর্য্যন্ত ব'ল্‌তে কুণ্ঠিত হ'ন নাই! যাঁ'রা অকৈতব প্রেমের মহাজনগণের প্রতি ঐরূপ উক্তি ক'রেছেন, তাঁ'দের প্রেমের কতটা অভাব, এ কথা দুর্ভাগ্য-বশতঃ তাঁ'রা বুঝ্‌তে পারেন নি। শ্রীল শুকদেব গোস্বামী কখনও কখনও কংসকে "ভোজানাং কুলপাংসনঃ" —'ভোজবংশের কলঙ্ক' প্রভৃতি ব'লে নিন্দা ক'রেছেন,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৃণাদপি সুনীচতা ও প্রেমধর্ম্মের আদিশিক্ষক শ্রীচৈতন্য-দেবও কীর্ত্তন-বিরোধী কাজীর নিগ্রহ-কালে, দেবানন্দ পণ্ডিতের দণ্ডদান-কালে, প্রকাশানন্দের নির্ব্বিশেষ-ব্যাখ্যা সম্বন্ধে উক্তি-কালে ও অসংখ্য অবসরে নানাপ্রকার বাহ্য ক্রোধের চিহ্ন প্রদর্শন ক'রেছেন। এই ক্রোধ যে কৃষ্ণ-প্রেমেরই লক্ষণ, তা' প্রেমহীন প্রাকৃত কাম-ক্রোধাদিযুক্ত ব্যক্তি কিছুতেই বুঝ্‌তে পারেন না। তাঁ'দের কামের ব্যাঘাতে যদি ক্রোধের উৎপত্তি হয়, কৃষ্ণকামে কামিগণের কৃষ্ণের কাম অর্থাৎ সেবায় বিঘ্নপ্রদানকারিগণের প্রতি যে স্বভাবতঃই ক্রোধের উৎপত্তি হ'বে,—এ কথা তাঁ'রা তাঁ'দের কামময় নীচ চিত্তবৃত্তিতে ধারণা ক'রে উঠ্‌তে পারেন না। যদি ঠাকুর বৃন্দাবনের মুখে ঐ রকম ক্রোধলীলাব্যঞ্জক বাক্যে কৃষ্ণপ্রেমাসক্তির পরিচয় প্রকাশিত না হ'ত, 'তৃণাদপি সুনীচতা' শিক্ষার প্রধান শিক্ষক ও প্রেমের মূল প্রস্রবণের মুখে ঐ রকম ক্রোধলীলার আদর্শ প্রকটিত না হ'ত, তা' হ'লে লোকশিক্ষক আচার্য্যবৃন্দের প্রেমের অভাব বা কপটতা আছে, এ কথা সাধারণ যুক্তি একবাক্যে নির্ণয় ক'র্‌তেন। কৃষ্ণকাম চরিতার্থ ক'র্‌বার জন্যে তাঁ'দের এতদূর আসক্তি যে, তাঁ'রা ঐ কামের বিন্দুমাত্র বিঘ্নও সহ্য ক'র্‌তে পারেন না,—এ'রই নাম—"প্রেম"। কৃষ্ণকামে বিঘ্ন উৎপাদিত হ'ক, আর আমি বহির্ম্মুখ লোকের কাছ থেকে আমার ইন্দ্রিয়তৃপ্তির জমার ঘরে 'বিনয়' প্রভৃতি গুণে বিভূষিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব'লে আত্মপ্রতিষ্ঠা সংগ্রহ ক'র্‌তে থাকি, এটা প্রেমগন্ধহীন প্রাকৃত কামী ছাড়া কখনই অকৃত্রিম প্রেমিকের মনোবৃত্তি হ'তে পারে না। ঠাকুর বৃন্দাবনের ঐরকম বাক্যে, শ্রীগৌর-সুন্দরের নানা প্রকার ক্রোধব্যঞ্জক বাক্যে তাঁ'দের কৃষ্ণের প্রতি প্রেম কতটা গভীর, তৎশিক্ষার আদর্শই জগতে প্রচারিত হ'য়েছে।

ভক্তিসন্দর্ভে শ্রীল জীবগোস্বামিপাদ ব'লেছেন,—"যাঁ'রা কৃষ্ণপ্রেমে প্রেমিক, যাঁ'রা নিজেদের কোটী কোটী প্রাণ দিয়েও ভগবানের একটী মাত্র পাদপদ্মরেণু-নির্ম্মঞ্ছন-ব্যাপারে সতত ইচ্ছুক, তাঁ'রা ভগবানের প্রতি অন্যের দুর্ব্যবহার-দর্শনে অত্যন্ত ক্ষুব্ধ হন এবং নিজ-নিজ হৃদয়-অনুসারে এ রকম বিচার করেন যে,—ঈদৃশ চেতন কে আছে, যে এই সর্ব্বানন্দ-কন্দ-কদম্ব-স্বরূপ, নিরুপাধিক প্রেমরসাস্পদ, সর্ব্বানু-গ্রহকারী, সর্ব্ব সদ্‌গুণমণিবিভূষিত এবং সর্ব্বলোকের পরিণাম-হিতকারী শ্রীপুরুষোত্তমের প্রতি অথবা তাঁ'র প্রিয়-জনের প্রতি প্রীতি না করে ?"

প্রচলিত সাম্যবাদের ধারণা অকপট প্রেমের বিরোধী

তথা-কথিত সাম্যবাদ প্রেমের সম্পূর্ণ বিরোধী। প্রেমের আস্পদ বা বিষয় যিনি, তিনি অসমোর্দ্ধ, এ'কথা শ্রুতি, স্মৃতি ও সাধারণ যুক্তি—সকলেই সমস্বরে ব'ল্‌বেন। প্রেমের বিষয়ের সমান যদি আর কেউ প্রতিদ্বন্দ্বী থাকে, অথবা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আমার প্রেমাস্পদ হ'তেও আর কারো অধিক শ্রেষ্ঠত্ব থাকে, তা'হ'লে সেখানে কখনও 'প্রেম' থাকতে পারে না। শ্রুতি যাঁ'কে "ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে" ব'লেছেন, সেই "রসো বৈ সঃ" পুরুষই প্রেমের অসমোর্দ্ধ বিষয়; একমাত্র সেই রসনায়ক ব্যতীত অপর কোন বস্তুতেই 'প্রেম' শব্দ প্রযোজ্য হ'তে পারে না। মধ্যমভাগবতের লক্ষণে শ্রীমদ্ভাগবত ব'লেছেন,—পরমেশ্বরেই প্রেম বিহিত, পরমেশ্বরের অধীন বস্তুতে অর্থাৎ ভগবদ্ভক্তে প্রেমাস্পদ-পরমেশ্বর-সম্বন্ধে মিত্রতা। যাঁ'রা পরমেশ্বরের ন্যায় অনীশ্বর বস্তুতেও প্রেম নিযুক্ত হ'তে পারে, এ রকম কল্পনা করেন, তাঁ'রা প্রেমের চৌদ্দ-সীমানায়ও কখনও আস্তে পারেন নি বা পারবেনও না। জগতে যে 'সাম্যবাদ'-কথাটা প্রচারিত হ'য়েছে, সেটা কেবল প্রেমের অভাবময় কামের বিকারমাত্র।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দশম তরঙ্গ

প্রেমের প্রতিশব্দ বা প্রতিদ্বন্দ্বী নাই

যেমন একমাত্র 'কৃষ্ণ' ব্যতীত অপর কোন বস্তুতেই 'প্রেম' প্রযুক্ত হ'তে পারে না, তেম্নি 'প্রেম' শব্দটীও এমন যে, অন্য কোন প্রতিশব্দ দিয়ে প্রেমকে বুঝান' যায় না। খৃষ্টধর্ম্মে যা'কে 'love' বলে বা যাবনিক ধর্ম্মে যা'কে 'এস্ক' বলে, তা' শ্রীকৃষ্ণের প্রেম বা শ্রীচৈতন্যের প্রদর্শিত প্রেমের তাৎপর্য্য কিছুই প্রকাশ ক'র্তে পারে না। 'love' বা 'এস্ক' প্রভৃতি শব্দের সহিত অন্বয় বা ব্যতিরেকভাবে ন্যূনাধিক জাগতিক সম্বন্ধ সংশ্লিষ্ট আছে। তথাকথিত সমন্বয়বাদি-গণের মুখে ঈশা, মুষা ও শ্রীচৈতন্যের প্রেমের একাকারের কথা শুন্‌তে পাওয়া যায় বটে, কিন্তু সেটা তাঁ'দের প্রেম-স্বরূপ-বিচারের অভাবজনিত মনোধর্ম্ম হ'তে প্রলাপবাক্যের মত উদিত হ'য়েছে। পরমেশ্বরের পুত্রত্ব-বিচার খৃষ্টধর্ম্মে নাই, পরমেশ্বরের কেবল-পিতৃত্ব-বিচারে একটা দাস্যভাবমাত্র থাক্‌লেও সেখানে প্রেমের অভাব। প্রেম এমনই একটী অপূর্ব্ব জিনিষ যে, তা' প্রেমিকের অবস্থানকে প্রেমাস্পদের অবস্থান হ'তেও উচ্চতর ক'রে রাখে। পরাৎপর পরমেশ্বরকেও প্রেমিকের পাল্যরূপে পরিণত ক'র্‌তে পারে—একমাত্র প্রেম;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিন্তু প্রেমাভাব বা মর্য্যাদা-বিচার তা' পারে না। খৃষ্টধর্ম্মে এই অসম্পূর্ণতা আছে ব'লে তাঁ'দের ভগবানের প্রতি 'love' শব্দ 'প্রেম'-শব্দের সমকক্ষ হ'তে পারে না। হাফেজের 'এস্ক'ভাব-বর্ণন দেখ্‌লেও মনে হয় যে, শুদ্ধ চিদ্বস্তুর সঙ্গে পূর্ণচেতন বস্তুর যে স্বাভাবিকী রুচি, তা' সেখানে 'এস্ক'পদের বাচ্য হ'তে পারে নি। তাঁ'রা কখনও স্থূলদেহের, কখনও বা লিঙ্গদেহের মমতা বা মোহকে 'এস্ক' ব'লে বর্ণন ক'রেছেন।

প্রাকৃতসাহজিকগণ মিছা-প্রেম বা প্রেমচেষ্টার অনুকরণ কৃত্রিমতাকেই "প্রেম" বলে

ঠাকুর বৃন্দাবনের কথিত "তবে লাথি মারোঁ তা'র শিরের উপরে"—বাক্যটীর ব্যাখ্যা ক'র্‌তে গিয়ে কোন একজন প্রাকৃতসাহজিক পণ্ডিতাভিমানী বৈষ্ণবব্রুবব্যক্তি লিখেছেন,—"প্রেম জিনিষটি লোককে অন্ধ করে; ঠাকুর বৃন্দাবনও প্রেমে অন্ধ হ'য়েছিলেন; কাজেই তিনি উত্তেজিত হ'য়ে নিত্যানন্দ-নিন্দকের মস্তকে লাথি মার্‌বার জন্যে উদ্যত হ'য়েছেন।" প্রাকৃতসহজিয়া-সম্প্রদায় কামকে 'প্রেম' মনে করেন ব'লে—কামান্ধকূপে পতিত হ'য়ে নানাপ্রকার কামের বিকারে ব্যতিব্যস্ত হ'য়ে পড়েন ব'লে তাঁ'রা নিজেদের তুলনায় অকৈতব কৃষ্ণপ্রেমে প্রেমিকগণকেও নিজেদের মত মনে ক'রে থাকেন; কিন্তু বিষয়টি তা' নয়। প্রাকৃত-সহজিয়াগণ যা'কে 'প্রেম' মনে করেন, তা'তে কৃষ্ণকথার বাহ্য মুখোসপরা থাক্‌লেও তা' প্রেমের আনুকরণিক চেষ্টামূলে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কামেরই বিকার মাত্র। ঠাকুর হরিদাসের ডঙ্কের কীর্ত্তন-শ্রবণে যে সাত্ত্বিকভাব প্রকাশিত হ'য়েছিল, তা'কেই আমরা 'প্রেম' ব'ল্‌ব; আর ঠাকুর হরিদাসের প্রতিযোগিতামূলে ঢঙ্গবিপ্রের যে অভিনয় হ'য়েছিল, তা'কে আমরা 'শ্রীচৈতন্যের প্রেম' না ব'লে অপচৈতন্য প্রাকৃতসহজিয়ার কামের তাণ্ডবই ব'ল্‌ব।

কৃষ্ণপ্রেম ব্যতীত জড়-ব্যবহিত কোন কাম 'প্রেম'-শব্দ-বাচ্য নহে

জগতে উদ্‌ভ্রান্ত পত্নীপ্রেম, ভ্রাতৃপ্রেম, দেশপ্রেম প্রভৃতি যে-সকল কথা শুন্‌তে পাওয়া যায়, সেগুলিও প্রেমের বিকৃত ছবি বা কামের বৈচিত্র্য মাত্র। যেখানে জড়-ব্যবধান, সেখানে কেবল-চেতনের ধর্ম্ম 'প্রেম' থাক্‌তে পারে না; জড়ে জড়ে কখনও প্রেম হয় না, তা'তে কামেরই উৎপত্তি হয় মাত্র। পূর্ণচেতন ও বিশুদ্ধ চেতনের মধ্যে পরস্পর প্রেম প্রকাশিত হয়; জড়ে জড়ে 'প্রেম'-শব্দের যে অপব্যবহার বা বিকৃতি, তা'তে একমাত্র অনন্যোর্দ্ধ প্রেমাস্পদের ইন্দ্রিয়-তৃপ্তি নাই; কিন্তু প্রচ্ছন্ন বা অপ্রচ্ছন্নভাবে পরস্পরের আত্মেন্দ্রিয়তর্পণেচ্ছাই অনুস্যূত র'য়েছে।

৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

একাদশ তরঙ্গ

ধর্ম্মার্থকামমোক্ষাভিলাষই—প্রেমাভাব

প্রেমাভাবই—ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ; বরং ধর্ম্ম, অর্থ ও কামকে গুণ্ডিচামার্জ্জনের ন্যায় হৃদয় হ'তে মার্জ্জিত ক'রে প্রেমের উদয় সম্ভাবনা হয়, কিন্তু প্রেমের একান্ত বিরোধী মোক্ষাভিসন্ধি থাক্‌লে 'প্রেম' কখনই উদিত হ'তে পারে না। এজন্যে প্রেমের প্রতিপাদ্য মহাগ্রন্থ পারমহংসীসংহিতা শ্রীমদ্ভাগবতের প্রারম্ভে শ্রীধরস্বামিপাদ প্রোজ্ঝিত-কৈতব প্রেমধর্ম্মের ব্যাখ্যায় "প্র-শব্দের দ্বারা মোক্ষাভি-সন্ধিও নিরস্ত হ'য়েছে",—এরূপ জানিয়েছেন। শ্রীচৈতন্যদেব এজন্যে মোক্ষাভিসন্ধিযুক্ত নির্ভেদজ্ঞানী প্রকাশানন্দের প্রতি ক্রুদ্ধ হ'য়ে ব'লেছিলেন,—

"কাশীতে বসয়ে বেটা প্রকাশানন্দ।
সেই বেটা করে মোর অঙ্গ খণ্ড খণ্ড॥"

চিন্মাত্রবাদী ও অচিন্মাত্রবাদী—উভয়েই প্রেমের অত্যন্ত বিরোধী

শ্রীচৈতন্যদেব ব'লেছেন,—তিনি সকলকে প্রেম দিয়েই উদ্ধার ক'র্‌বেন; কিন্তু যাঁ'রা প্রেমের আস্পদ, প্রেমিক ও তাঁ'দের উভয়ের মধ্যস্থ নিত্যবিলাস প্রেমকেই গলা টিপে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মারতে চান অর্থাৎ যাঁ'রা মোক্ষাভিসন্ধিরূপ আত্মহত্যা-দুরভিসন্ধির পক্ষপাতী, তাঁ'রা 'প্রেম' হ'তে চিরদিনই নিজ-নিজ-দুর্দ্দৈব-ফলে বঞ্চিত। পরমেশ্বরে প্রেমের অভাব হ'লেই জীবের এ'রকম চরমদণ্ড হয়। মহাপ্রভু দারী সন্ন্যাসীর গৃহে পর্য্যন্ত স্বয়ং উপযাচক হ'য়ে গিয়েছেন; কিন্তু তিনি কাশীর আকুমার ব্রহ্মচারী, মহাতপস্বী, বেদাধ্যায়ী, নিত্যস্নায়ী সন্ন্যাসিগণের মুখদর্শন করেন নাই! তিনি ব'লেছেন,—বরং ভোগী বিষয়ী ভাল—বরং পাপী দুরাচার ভাল, তথাপি চৈতন্যের বিলাস-অনঙ্গীকারকারী বা চৈতন্যের বিনাশ-প্রয়াসী চিন্মাত্রবাদী ও অচিন্মাত্রবাদী বাহ্যে মহা সংযম, তপস্যা প্রভৃতি গুণে বিভূষিত থাকলেও তা'দের কোনই মূল্য নাই।

নির্ব্বিশেষবাদীর বালচেষ্টার দৃষ্টান্ত

নির্ব্বিশেষবাদী একদিকে যেমন নিজের অণুচৈতন্য সত্তাকে অস্বীকার ক'রে জগতের অস্তিত্বে অন্ধ থাকবার চেষ্টা করেন, আর একদিকে তেম্‌নি জগৎকে অস্বীকার ক'রে, তাঁ'র জগদ্দর্শনাভাবে নিজ-সত্তাভাব কল্পনা ক'রে থাকেন। এটা বাল-চেষ্টার ন্যায়। বালক মনে করে, সে যতই কুকর্ম্ম করুক না কেন, নিজে চক্ষু বুঁজ্‌তে পার্‌লেই তা'র কুকর্ম্ম-দর্শনের অন্য কোন সত্তার অস্তিত্ব থাক্‌ল না! কিন্তু তদ্দ্বারা প্রকৃত-প্রস্তাবে যেমন বাস্তবসত্তার কর্ত্তৃত্বা-ধিষ্ঠানের বিলোপ-সাধন হয় না, সেই রকম মায়াবাদী তাঁ'র নিজ-সত্তা বা জগৎ ও তা'দের মূল-বিম্বস্থানীয় নিত্য-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সবিশেষ পুরুষোত্তমবস্তুকে অস্বীকার ক'র্‌লেও উহাদের বাস্তব সত্তা বিলুপ্ত হ'য়ে যায় না। উহা কেবল তাঁর ভগবানে প্রেমের অভাবই প্রমাণিত করে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বাদশ তরঙ্গ

প্রেমই একমাত্র পুরুষার্থ ; 'পুরুষ' শব্দের তাৎপর্য্য

পুরুষার্থ-বিনির্ণয়ে প্রেমই একমাত্র পুরুষার্থ। কিন্তু পুরুষ যখন স্বরূপ-বিস্মৃত হ'য়ে এই জড়ব্রহ্মাণ্ডভাণ্ডের বা তদ্ব্যতিরেক কোন বিচারের অস্মিতা নিয়ে প্রকৃতিকে অন্বয় ও ব্যতিরেকভাবে আলিঙ্গন ক'রে থাকে, তখন তা'র পুরুষাভিমান, প্রকৃতি-অভিমান বা প্রাকৃত পুরুষ ও প্রকৃতির ব্যতিরেকসম্বন্ধগন্ধবিশিষ্ট নপুংসকাভিমান—সবই পুরুষাভিমানে অর্থাৎ ভোক্তৃ-অভিমানে পর্য্যবসিত হয়। পুরুষ প্রকৃতিকে যোষা ক'রে যেমন ভোক্তৃ-অভিমানে পাগল হ'য়ে পড়ে, প্রকৃতিও তেম্‌নি পুরুষকে মৌখিকতায় 'পুরুষ' ব'লে কার্য্যতঃ তা'র কথিত পুরুষকে নিজ-ভোগ্য বা যোষায় পরিণত ক'রে নিজেই পুরুষ হ'য়ে পড়ে। বিদ্ধশাক্তেয়মতবাদে পুরুষ ও প্রকৃতির সম্বন্ধ এইরূপই। কখনও প্রকৃতির উপর পুরুষ আরোহণ ক'রেছে, কখনও বা পুরুষের উপর প্রকৃতি আরোহণ ক'রে পুরুষ হ'য়ে প'ড়েছে।

অপরদেশের প্রকৃতিপূজাও ঐসকল মতেরই প্রতিধ্বনি ; পুরুষার্থের তাৎপর্য্য

ফরাসি-দার্শনিক অগস্ত্য, কোমত যে প্রকৃতি-পূজার দুন্দুভি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঘোষণা ক'রেছেন, তা' ন্যূনাধিক ভারতীয় বিদ্ধ তান্ত্রি
শাক্তেয়মতবাদের বীজাণুর সংস্পর্শ হ'তেই উৎপত্তি লা
ক'রেছে। বর্ত্তমান যুগে উহারই বিচিত্র-বিলাস কখনও
পুংস্বাধীনতা, কখনও বা স্ত্রী-স্বাধীনতার নামে বদ্ধজীবে
ভোগ-কল্পনাকেই 'পৌরুষ' ব'লে নির্ণয় ক'রেছে। ঐ
পৌরুষ যখন দশাননের দশ মস্তক ও বিংশতি হস্ত প্রসারি
ক'রছে, তখনই তা' পুরুষোত্তমের অপ্রাকৃত শক্তিকে হর
ক'রে নির্ব্বিশেষবাদে আত্মহত্যাকেই পুরুষার্থরূপে কল্প
ক'রছে। কিন্তু ভোগ-রোগ বা আত্মহত্যারূপ নির্ব্বিশে
মুক্তি—কোনটীই পুরুষার্থরূপে নির্ণীত হ'তে পারে না।

সালোক্যাদি মুক্তি-পিপাসাও প্রেমানুরাগে শিথিলতার পরিচয়

পুরুষের অর্থ বা পুরুষোত্তমের অর্থ—উভয়ই প্রেম
পুরুষের অনর্থই ভোগ বা মোক্ষ—যা' প্রেমাভাব। আবার
লীলাপুরুষোত্তমের অর্থ ব্যতীত পুরুষের পৃথক্ নিজ-অর্থ
প্রেমাভাব বা অপচৈতন্যের কাম ; এজন্যে একমাত্র পঞ্চ
পুরুষার্থ 'প্রেম' ব্যতীত সালোক্য, সার্ষ্টি, সামীপ্য ব
সাযুজ্য উপযাচক হ'য়ে শ্রীচৈতন্যানুগ-গণের পদলুণ্ঠি
হ'লেও তাঁ'রা ঐ সকলের প্রতি দৃক্‌পাতও করেন না
তাঁ'রা প্রেমাস্পদকে নিয়েই এত ব্যস্ত যে, ঐসকলের দিকে
তাকা'বার সময়ই তাঁ'দের নাই। সালোক্যাদি পিপাসা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যাঁ'দের অন্তরে যতটা বিরাজিত, তাঁ'রা প্রেমাস্পদ হ'তে ততটা দূরে বিক্ষিপ্ত।

মদ্‌গুণশ্রুতিমাত্রেণ ময়ি সর্ব্বগুহাশয়ে।
মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গাম্ভসোঽম্বুধৌ॥
লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্য হ্যুদাহৃতম্।
অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে॥
সালোক্যসার্ষ্টিসারূপ্য সামীপ্যৈকত্বমপ্যুত।
দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ॥
(ভাঃ ৩.২৯।১০-১২)

মৎসেবয়া প্রতীতং তে সালোক্যাদিচতুষ্টয়ম্।
নেচ্ছন্তি সেবয়া পূর্ণাঃ কুতোঽন্যৎ কালবিপ্লুতম্॥
(ভাঃ ৯।৪।৬৭)

শ্রীচৈতন্যদেব-প্রচারিত কৃষ্ণ-প্রেমের অসমোর্দ্ধতা

ভোগ বা মোক্ষ আত্মেন্দ্রিয়তর্পণমূলক, আর প্রেম কৃষ্ণেন্দ্রিয়-তর্পণমূলক ; সুতরাং ভোগ ও মোক্ষের মস্তকের উপরে— চতুর্ব্বিধ পুরুষার্থের মস্তকের উপরে পঞ্চমপুরুষার্থ প্রেম নিত্যকালই নৃত্য ক'রে থাকে। এই প্রেমসম্পদ্ যাঁ'তে যত প্রচুর, তিনি তত কৃষ্ণের প্রিয়। দেবহূতি-নন্দন কপিল সালোক্যাদি-পিপাসা-বর্জ্জনরূপ শুদ্ধভক্তির কথা ব'ল্‌লেও শ্রীচৈতন্যের প্রেম—যা' সেবা-রাজ্যের পরাকাষ্ঠা, সেই নিরুপাধিক প্রেমের কথা ব'ল্‌তে পারেন নাই। এজন্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীল রূপগোস্বামিপাদ জ্ঞান-বিমুক্ত সনকাদি শুদ্ধভক্তগণ অপেক্ষা প্রেমৈকনিষ্ঠ নারদাদি শুদ্ধভক্তগণের শ্রেষ্ঠত্ব এবং সর্ব্বপ্রকার প্রেমৈকনিষ্ঠ শুদ্ধভক্তগণ অপেক্ষা পশুপাল-পঙ্কজদৃক্ কৃষ্ণগতপ্রাণা ব্রজসুন্দরীগণকে কৃষ্ণের অধিক প্রিয় ব'লেছেন। প্রেমৈকনিষ্ঠ নারদাদিও ব্রজবনিতার প্রেম-মাধুরী আকাঙ্ক্ষা করেন। অপ্রাকৃত পারকীয় প্রেমের মাহাত্ম্য একমাত্র ব্রজের নিজস্ব সম্পদ্। ব্রজের যমুনা, যামুনতট, কুঞ্জ, বংশী, গোধন প্রভৃতিতে যে নিরপেক্ষ পারকীয় প্রেম আছে, তা' ব্রহ্মাদি দেবতারও কাম্য। ব্রজের রক্তক, পত্রক, পত্রী, মধুকণ্ঠ, মধুব্রত প্রভৃতিতে যে পারকীয় দাসরস আছে, তা' চন্দ্রধ্বজ, হরিহর, বহুলাশ্ব, পুণ্ডরীকাদি শরণাগত দাস—এমন কি, উদ্ধব, দারুক, সাত্যকি প্রভৃতি পারিষদ্ দাস—সুচন্দ্র, মণ্ডল, স্তম্ভ প্রভৃতি পুরস্থ দাসগণেরও পরম কাম্যবস্তু। অর্জ্জুন, ভীমসেন, শ্রীদামবিপ্র প্রভৃতি পুরসম্বন্ধী সখা অপেক্ষা পারকীয়-সখ্য-ভাবাশ্রিত শ্রীদাম, সুদাম, দাম, বসুদাম, স্তোককৃষ্ণ ইত্যাদি কৃষ্ণের অধিকতর প্রিয় ও প্রেমিক।

বসুদেব-দেবকী যে পারকীয় বাৎসল্য-প্রেম-মাধুরী আস্বাদন ক'র্তে পারেন নাই, নন্দ-যশোদার দ্বারে সেই প্রেম-সম্পদ্ অনুক্ষণ বিলুণ্ঠিত হ'য়েছে। দ্বারকার মহিষীগণ, এমন কি, শ্রীরুক্মিণীদেবীও শ্রীব্রজবনিতাগণের মত কৃষ্ণের প্রিয় হ'তেপারেন নাই। যদিও পুরবাসিনীগণ শ্রীকৃষ্ণের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিবাহিতা পত্নী এবং শ্রীকৃষ্ণকে কেন্দ্র ক'রেই তাঁ'রা ধর্ম্ম, কর্ম্ম, পুত্র, পৌত্র, গৃহাদিতে ব্যগ্রচিত্তা, তথাপি তাঁ'রা বিবাহিতা পত্নীভাবে গৌরবান্বিতা হ'য়েই শ্রীকৃষ্ণের সেবা ক'রে থাকেন ; কিন্তু যে গোপীগণ ইহলোক ও পরলোকের সকলপ্রকার সাধ্য ও সাধনকে ধিক্কার ক'রে—আর্য্যপথ পর্য্যন্ত পরিত্যাগ ক'রে একমাত্র অদ্বিতীয় প্রেমাস্পদের ইন্দ্রিয়-সুখতাৎপর্য্যে তাঁ'দের লজ্জা, কুল, মান, সর্ব্বাঙ্গ আহুতি প্রদান ক'রেছেন, তাঁ'রাই প্রেমে সর্ব্বগরীয়সী। 'প্রেম'-শব্দ একমাত্র তাঁ'দেরই নিজস্ব সম্পৎ। এমন কি, ভগবান্ শ্রীকৃষ্ণ পুরবনিতাগণকে ব'লেছিলেন,—"যদি তোমাদের সকলকে পরিত্যাগ ক'র্‌লে ব্রজবাসিগণ প্রীত হন, তা'হ'লে আমি শপথ ক'রে বল্‌ছি, সত্যসত্যই এখনই আমি তাই করি। ব্রজবাসিগণের প্রত্যুপকারে আমি অসমর্থ। তাঁ'রা আমার গীতার বাক্যকে—গীতার প্রতিজ্ঞাকে পর্য্যন্ত ভঙ্গ করিয়েছেন, আমি তাঁ'দের নিকট চিরঋণী। আমি যে পুরবনিতাগণকে বিবাহ ক'রেছি, তা'ও ব্রজবনিতাগণের প্রেমের উদ্দীপনের জন্যই। রুক্মিণীকে দর্শন ক'রে আমার গোপীগণের স্মৃতি আরও বৃদ্ধি-প্রাপ্ত হয়। আমাকে পাবার জন্যে যে ষোল হাজার একশত আট জন গোপাঙ্গনা কাত্যায়নীব্রত ক'রেছিলেন, তাঁ'দের সহিত পুরবনিতার সংখ্যার সাদৃশ্য দেখে তদ্দ্বারা আমি আমার মনকে সুস্থ কর্‌বার ইচ্ছায় পুরবনিতাগণকে বিবাহ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক'রেছি। ব্রজবাসিগণ আমাকে দেখ্‌লেও আমার সেবার জন্য—আমার বিরহের জন্য তাঁ'দের দুঃখের শান্তি হয় না; কারণ, আমার বিচ্ছেদ-চিন্তায় আকুলচিত্ত ব্রজবাসিগণের সুখের জন্য আমি যে-কিছু মধুর বিহারাদি ক'রে থাকি, সকলগুলিই তাঁ'দের ঐ দুঃখকে দ্বিগুণ ক'রে তোলে। আমি ব্রজে এরূপ সন্তোষ-সাগরে সর্ব্বদা মগ্ন ক'রে থাকি যে, তখন ব্রহ্মাদি দেবতাগণ আমার স্তব বা বন্দনা ক'র্‌তে প্রবৃত্ত হ'লেও আমি তাঁ'দের দর্শন ও সম্ভাষণ দুঃখজনক বোধ ক'রে দেবকার্য্য-সকল বিস্মৃত হ'য়ে থাকি। আমি ব্রজে অপুর্ব্ব রূপ, বেষ ও বংশীরবামৃত বর্ষণ ক'রে ব্রজবাসিগণের কথা দূরে থাকুক, নিখিল বিশ্ব-সংসারকে প্রেমভরে বিমোহিত করি। কি আকাশচারী ব্রহ্মা, কি রুদ্র, কি ইন্দ্র, কি চন্দ্র, কি অপরাপর দেবগণ, সিদ্ধগণ, গো-গণ, বৃষগণ, বৎসগণ, মৃগগণ, পক্ষীগণ, অধিক কি, তরু-গুল্ম-লতাসকল, নদীসকল, মেঘরাশি, স্থাবর ও জঙ্গম প্রাণিগণ, চেতন-অচেতন নিখিল-প্রপঞ্চ আমার প্রেম-প্রবাহে—সাত্ত্বিক বিকারে বিভূষিত হ'য়ে অচেতন চেতনের ধর্ম্ম প্রাপ্ত হয়।" গোপীগণের মধ্যে গোপীশিরোমণি বৃষভানুনন্দিনীর কথা অনির্ব্বচনীয়া। কৃষ্ণের আনন্দ-বিধায়িনী যে স্বরূপশক্তি হ্লাদিনী, সেই হ্লাদিনীর সার অংশ প্রেম, সেই প্রেমের পরমসার মহাভাব, সেই মহাভাব-রূপাই শ্রীমতী রাধাঠাকুরাণী। রাধার স্বরূপ ও দেহ—এক।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বস্তু, তা' সম্পূর্ণ কৃষ্ণপ্রেমময়। কৃষ্ণেন্দ্রিয়তৃপ্তিপরাকাষ্ঠা মূর্ত্ত হ'য়েই—শ্রীরাধিকা। সেই কৃষ্ণপ্রেমের মূর্ত্তবিগ্রহ শ্রীরাধিকার কৃষ্ণপ্রেমবিনোদিনী কায়ব্যূহস্বরূপা অষ্টসখী। শ্রীরাধিকার প্রত্যেক অঙ্গ-প্রত্যঙ্গ, প্রত্যেক মানসিক ভাব, অঙ্গ-প্রত্যঙ্গের গতি-সঞ্চালন—কৃষ্ণপ্রেমের এক একটি শোভা বা ভূষণ। শ্রীবার্ষভানবী আনখকেশাগ্র কৃষ্ণ-প্রেমময়ী। তাঁ'র অলঙ্কার, তাঁ'র বস্ত্র, তাঁ'র মাল্য, তাঁ'র পরিচ্ছদ, তাঁ'র ললাটস্থ সিন্দুরবিন্দু, তাঁ'র স্নান, অঙ্গমার্জ্জন, তাঁ'র তাম্বূলাদি-সেবন, তাঁ'র প্রতিপদবিক্ষেপ, তাঁ'র মান, তাঁ'র বাম্য—প্রত্যেকটীই কৃষ্ণপ্রেমের শোভাকে রূপ দিয়ে বিকশিত র'য়েছে। শ্রীবার্ষভানবীর কৃষ্ণবশকারী প্রেম কিরূপ অদ্বিতীয়, তৎসম্বন্ধে শ্রীরাম-রায় আমাদিগকে এ'রূপ জানিয়েছেন,— (চৈঃ চঃ ম ৮ম পঃ)

যাঁ'র সৌভাগ্য-গুণ বাঞ্ছে সত্যভামা।
যাঁ'র ঠাঞি কলাবিলাস শিখে ব্রজ-রামা॥
যাঁ'র সৌন্দর্য্যাদিগুণ বাঞ্ছে লক্ষ্মী-পার্ব্বতী।
যাঁ'র পতিব্রতাধর্ম্ম বাঞ্ছে অরুন্ধতী॥
যাঁ'র সদ্গুণ-গণনে কৃষ্ণ না পায় পার।
তাঁ'র গুণ গণিবে কেমনে জীব ছার॥

শ্রীচৈতন্যদেব প্রেমময়ী বার্ষভানবীর সমস্ত প্রেমের অঙ্গকান্তি ও প্রেমের মানসিকভাবে বিভাবিত হ'য়ে জগতে পূর্ণতম সর্ব্বতন্ত্রস্বতন্ত্র প্রেমের বার্ত্তা প্রকাশ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক'রেছেন। 'প্রেম' জিনিষটী সকলের অন্তরাত্মার জীবাতু-স্বরূপ। প্রেম-ব্যতীত চেতনের আনন্দময় জীবন নাই। প্রেমই চেতনের একমাত্র লক্ষ্যবস্তু; এমন কি, সম্বন্ধ ও অভিধেয় সেরূপ নয়। শ্রীচৈতন্যের দান—অভিধেয়, আর শ্রীচৈতন্যের প্রেম—প্রয়োজন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্রয়োদশ তরঙ্গ

শ্রীচৈতন্যের প্রেমই—সার্ব্বজনীন ; কর্ম্মী বা জ্ঞানী প্রভৃতির কথা সার্ব্বজনীন নহে

শ্রীচৈতন্যের প্রেম—সার্ব্বজনীন। তথাকথিত সমন্বয়বাদিগণের ভোগ ও মোক্ষের আকাশকুসুম কখনও সার্ব্বজনীন হ'তে পারে না। কারণ, উহা অপস্বার্থপরতায় আচ্ছন্ন। আমার ভোগে তোমার বা তা'র ভোগ হয় না, বরং তোমার বা তা'র পীড়া হয়। আমার মোক্ষেও তোমার বা তা'র মোক্ষ হয় না, অপিচ তোমার বা তা'র আত্মহত্যার নজির হয়। কিন্তু আমি যখন শ্রীচৈতন্যের প্রেমের বিন্দুমাত্রও শিরে গ্রহণ ক'রে ধন্যাতিধন্য হ'তে পারি, তখন সেই প্রেমের এমনই স্বভাব যে, তা' অদ্বিতীয় প্রেমাস্পদকে কেন্দ্রীভূত ক'রে সকলকেই প্রেমাস্পদের প্রেমের কেন্দ্রে আকর্ষণ বা অভ্যর্থনা করে। ভোগ ও মোক্ষ নিজ স্থূল ও সূক্ষ্ম দেহকে নিয়েই গণ্ডী দেয় ; কিন্তু প্রেম নিজচেতনের অফুরন্ত উদ্বেলিত প্রস্রবণকে প্লাবনের মত বিস্তার ক'রে থাকে।

সর্ব্বাপেক্ষা প্রেম-প্রতীপ আত্মবঞ্চক কাহারা ?

অপচৈতন্য বা বিবর্ত্তচৈতন্য হ'তে যে ভোগ ও মোক্ষের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ছবি প্রকাশিত হয়, তা'তে সঙ্কীর্ণতার চিত্রই কামি-সমাজে 'উদারতা' ব'লে কল্পিত হ'য়ে থাকে। ভোগ ও মোক্ষ অদ্বিতীয় প্রেমাস্পদ কৃষ্ণকে নির্ব্বাসিত ক'রে আত্মম্ভরিতা অর্জ্জন কর্‌তে চায় এবং এই প্রেমাভাবরূপ আত্মম্ভরিতাকেই তা'দের কাম্যবস্তু মনে করে। জগতে যদি প্রেমের শত্রু ও সর্ব্বাপেক্ষা আত্মমঙ্গলে বঞ্চিত কোন ব্যক্তি থাকে, তা' হ'লে তা' তথাকথিত সমন্বয়বাদী বা সাম্যবাদীই। এ'রা শ্রীচৈতন্যের প্রেমের সার্ব্বজনীনতা হৃদয়ঙ্গম ক'র্‌তে পারে না, স্ব স্ব কাম-উত্তেজনায় ও উত্তেজিত কামি-জগতের রুচিতে কামসঙ্কীর্ণতাকে সংযুক্ত ক'রে প্রেমের বিরুদ্ধ ভাবকেই কামনা করে।

ভোগ ও মোক্ষ-চেষ্টা—সংঘর্ষ-উৎপাদিকা; প্রেম-ব্যতীত "মুক্তি"—বন্ধ্যার "পুত্রবতী" বিশেষণের ন্যায়

ভোগ বা মোক্ষ কখনও দ্বন্দ্ব বা সংঘর্ষকে প্রশমিত ক'র্‌তে পারে না, বরং ও'দের আরও বাড়িয়ে তোলে। যেখানে ভোগ, সেখানেই দ্বন্দ্ব বা সংঘর্ষের তাণ্ডব। মোক্ষ প্রচ্ছন্নরূপে ঐ সংঘর্ষের সহায়ক। অধিক কি, প্রেম-ব্যতীত মোক্ষের অস্তিত্ব কেবল কল্পনা বা স্বপ্নমাত্র। প্রেমিক ব্যক্তিই—মুক্তশিরোমণি; এই কথাই ভগবান্ শ্রীচৈতন্যদেব শ্রীরামানন্দ-মুখে স্বয়ং বক্তা হ'য়ে আমাদিগকে জানিয়েছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্ম্ম-জ্ঞান-যোগাদি মত কেন সার্ব্বজনীন নহে? 'প্রেম'ই সার্ব্বজনীন কেন?

কর্ম্ম, জ্ঞান, যোগ—সার্ব্বজনীন নহে, একমাত্র প্রেমই সার্ব্বজনীন। গর্ভস্থ শিশুর কর্ম্ম-জ্ঞান-যোগাদি অনুশীলনের অবকাশ নাই, কিন্তু গর্ভস্থ চেতনও শ্রীচৈতন্যের প্রেমে দীক্ষিত হ'তে পারেন। শিবানন্দসেনাত্মজ পুরীদাস মাতৃকুক্ষিতে অবস্থান ক'রেও শ্রীচৈতন্যের প্রেমপ্রসাদ লাভ ক'রেছিলেন। শিশু পুরীদাস অতি বাল্যকালে মহাপ্রভুর অঙ্গুষ্ঠ পান ক'র্‌তে ক'র্‌তে বাহ্যজগতের বিচারে অজ্ঞানাবস্থায়ও শ্রীচৈতন্যের প্রেম আস্বাদন ক'রেছিলেন। চারি বৎসরের অজ্ঞান বালিকা নারায়ণী শ্রীচৈতন্যের প্রেমে আপ্লুতা হ'য়েছিলেন। তরুণ রঘুনাথ তথাকথিত মাতৃ-পিতৃপ্রেম ও পত্নীপ্রেম হ'তে পৃথক্ থেকেও শ্রীচৈতন্যের প্রেমের একজন সর্ব্বোৎকৃষ্ট প্রেমিক হ'য়েছিলেন। ব্রহ্মহত্যা, সুরাপানপ্রভৃতি জগতে যত প্রকার দুরাচার থাক্‌তে পারে, সকল দুরাচারে দুষ্টাচারী জগাই-মাধাই শ্রীনিত্যানন্দ-কৃপায় শ্রীচৈতন্যের প্রেমের সন্ধান পেয়ে মুহূর্ত্ত-মধ্যে সর্ব্বপ্রকার দুরাচার চিরতরে বিসর্জ্জন ক'রে শ্রীচৈতন্যের প্রেমে প্রেমিক—মহাভাগবত হ'য়েছিলেন। গৌরাঙ্গ-গোপালের অলঙ্কার-অপহরণকামী চোর, নিত্যানন্দের অলঙ্কার-লুণ্ঠনকামী নবদ্বীপের ব্রহ্মবন্ধু দস্যুসেনাপতি ও দস্যুদল শ্রীচৈতন্যের প্রেমের সন্ধান পেয়ে অতি অনায়াসে তাঁ'দের তাৎকালিক স্বভাব পরিত্যাগ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক'রে প্রেমের প্রচারক হ'য়ে প'ড়েছিলেন। অতি দরিদ্রের পক্ষে কর্ম্মবীরের ও ধনবীরের সম্পাদ্য রাজসূয়যজ্ঞ অনুষ্ঠানের সামর্থ্য নাই; কিন্তু শ্রীচৈতন্যের প্রেম ধনী-দরিদ্র-নির্ব্বিশেষে সকলকেই কৃতার্থ কর্‌তে সমর্থ। শুক্লাম্বর ব্রহ্মচারী, শ্রীধর প্রভৃতির ন্যায় কপর্দ্দকশূন্য ব্যক্তিগণও শ্রীচৈতন্যের প্রেমে মহাধনী হ'য়ে অষ্টসিদ্ধিকেও পদাঘাত ক'র্‌তে পারেন; আবার প্রতাপরুদ্রের ন্যায় রাজচক্রবর্ত্তীও শ্রীচৈতন্যের প্রেমে আপ্লুত হ'য়ে একমাত্র শ্রীচৈতন্যের প্রেমসেবা-ব্যতীত সাম্রাজ্যলক্ষ্মীকেও তুচ্ছজ্ঞান ক'রে থাকেন। শুক্লাম্বর, শ্রীধর যেরূপ প্রেমের অধিকারী, মহারাজ প্রতাপরুদ্রও সেইরূপই অধিকারী। শ্রীচৈতন্যের প্রেমে দীন-দরিদ্র এমন কি, দাস-দাসীরও কোন প্রকার প্রতিবন্ধক নাই; কারণ, স্থূল বা সূক্ষ্মদেহের বিচার প্রেমের পরিপন্থী হ'তে পারে না। চেতনের সঙ্গেই প্রেমের সম্বন্ধ। শ্রীবাসের গৃহের দাসী বা বাঁদিস্থলীয় 'দুঃখী' (গৌরসুন্দরের কথিত 'সুখী'), মহাপ্রভুর বাড়ীর ভৃত্য ঈশান—এঁ'দের শ্রীচৈতন্যের প্রেমের কিছু অভাব ছিল না। ব্রহ্মাদি দেবতাগণ-পর্য্যন্ত দুঃখী ও ঈশানের পদধৌত কর্‌বার জল প্রদান ক'র্‌তে পার্‌লে নিজেদের কৃতার্থ বোধ করেন। বিধর্ম্মী চাঁদকাজি, গৌড়ের বাদসাহ হুসেনসাহ পর্য্যন্ত শ্রীচৈতন্যের প্রেমের মহিমার কণা লাভ ক'রেছিলেন। আবার আর একদিকে সার্ব্বভৌম ভট্টাচার্য্যাদির ন্যায় পরম পণ্ডিত ও ব্রাহ্মণ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কুলশিরোমণি ব্যক্তিগণ শ্রীচৈতন্যের প্রেমের নিকট স্ব-স্ব পাণ্ডিত্য, আভিজাত্য, স্বধর্ম্মপরায়ণতা যে কত অকিঞ্চিৎকর, তা' হৃদয়ঙ্গম ক'রেছিলেন। নানা অপরাধে অপরাধী, রাজদণ্ডের দণ্ডিত কয়েদিগণ পর্য্যন্ত ঠাকুর হরিদাসের কৃপায় শ্রীচৈতন্যের প্রেমের মহিমা শ্রবণের অবকাশ পেয়েছিলেন— যে সৌভাগ্য 'মুক্ত'-অভিমানী মায়াবাদিগণের মূল পুরুষ-গণের পর্য্যন্ত লাভ হয় নাই! ষষ্টিসহস্র মায়াবাদী সন্ন্যাসীর গুরু প্রকাশানন্দ শ্রীচৈতন্যের কৃপায় শ্রীচৈতন্যের প্রেমের বার্ত্তা অবগত হ'য়ে তাঁ'র ব্রহ্মজ্ঞতাকে শত সহস্র ধিক্কার দিয়েছিলেন। কে কবে শু'নেছিল,—বনের হিংস্র ব্যাঘ্র-ভল্লুক-সিংহাদির সঙ্গে শান্ত প্রকৃতির পশু মৃগাদি একত্র হ'য়ে ভগবানের সেবায়—ভগবানের নামানন্দে নৃত্য কর্‌তে পারে? কে কবে শু'নেছিল,—বনের বৃক্ষ-তৃণ-গুল্ম-লতাদি আত্মমঙ্গলের পরাকাষ্ঠা লাভ ক'র্‌তে পারে? কিন্তু শ্রীচৈতন্যের প্রেম আবিষ্কৃত হ'লে সেই অসম্ভবও সম্ভবে পরিণত হ'য়েছিল। পশু-পক্ষী-তৃণ-গুল্ম-লতা জ্ঞানের কুতর্ক বুঝ্‌তে পারে না—ঘট-পটের তর্কে যোগদানে তা'দের সামর্থ্য নাই; কিন্তু ঝারিখণ্ডের হিংস্র ব্যাঘ্র, ভল্লুক, সিংহ এবং তৎসঙ্গে শান্ত মৃগ-গণ তা'দের হিংসাবৃত্তি ও পশুবৃত্তি ভুলে' শ্রীচৈতন্যের প্রেমের প্লাবনে মগ্ন হ'য়েছিল। তাই যেমন বিনা বীজে অঙ্কুরোদগম অসম্ভব, তদ্রূপ শ্রীচৈতন্যের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পদরেণুগণের আশ্রয়-ব্যতীত নিগূঢ় প্রেম-লাভও সম্পূর্ণ অসম্ভব। এ'জন্যই মহাকবি বলেছেন,—

বিনা বীজং কিং নাঙ্কুরজননমন্ধোঽপি ন কথং
প্রপশ্যেন্নে পঙ্গুর্গিরিশিখরমারোহতি কথম্।
যদি শ্রীচৈতন্যে হরিরসময়াশ্চর্য্যবিভবে-
ঽপ্যভক্তানাং ভাবী কথমপি পরপ্রেমরভসঃ॥

অতি যত্নেও যদি কখনও স্বীয় ভক্তিরস-স্বরূপ পরম-চমৎকারকারি-বিভববিশিষ্ট শ্রীচৈতন্যচন্দ্রে ভক্তিহীন ব্যক্তিদিগের পরেশ-সম্বন্ধী প্রেমানন্দ উদিত হওয়ার সম্ভাবনা থাকে, তা' হ'লে বিনা বীজে অঙ্কুরোদ্গম হয় না কেন? অন্ধব্যক্তিই বা দেখ্‌তে পায় না কেন? আর পঙ্গুই বা সুমেরু পর্ব্বতের শিখরদেশে আরোহণ ক'র্‌তে পারে না কেন?

অলৌকিক্যা প্রেমোন্মদরসবিলাসপ্রথনয়া
ন যঃ শ্রীগোবিন্দোনুচরসচিবেষ্বেষু কৃতিষু।
মহাশ্চর্য্যপ্রেমোৎসবমপি হঠাদ্দাতরি ন য-
ন্মতির্গৌরে সাক্ষাৎ পর ইহ স মূঢ়ো নরপশুঃ॥

পার্ষদরূপে শ্রীরাধাগোবিন্দ-লীলার সহায়ক সুকৃতিমান্ পুরুষগণের মধ্যে যিনি কেহই নহেন, তাঁ'কেও যিনি অলৌকিকভাবে প্রেমোত্থ হর্ষ-গর্ব্ব প্রভৃতি রস-বিলাস বিস্তার ক'রে অকস্মাৎ পরম চমৎকার প্রেমানন্দ প্রদান করেন, সেই সাক্ষাৎ গৌরসুন্দরে যাঁ'র মতি হয় না, ইহজগতে সেই 'নরপশু' অত্যন্ত মূঢ়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীচৈতন্যের প্রেম কিরূপ সার্ব্বজনীন ও বিশ্বব্যাপী, তৎসম্বন্ধে শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদ যে অমৃতময়ী গীতি রচনা ক'রেছেন, তা' আবৃত্তির লোভ সম্বরণ করতে পারলাম না,—

উদ্গৃহ্লন্তি সমস্তশাস্ত্রমভিতো দুর্ব্বারগর্ব্বান্বিতা
ধন্যম্মন্যধিয়শ্চ কর্ম্মতপসাদ্যুচ্চাবচেষু স্থিতাঃ।
দ্বিত্রাণ্যেব জপন্তি কেচন হরের্নামানি বামাশয়াঃ
পূর্ব্বং সংপ্রতি গৌরচন্দ্র উদিতে প্রেমাপি সাধারণঃ॥

কোন কোন ব্যক্তি দুর্নিবার গর্ব্বে গর্ব্বিত হ'য়ে সমগ্র শাস্ত্র সর্ব্বতোভাবে সংগ্রহ করতেন অর্থাৎ 'আমি সর্ব্বশাস্ত্রবিৎ, আমা অপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তি কেহ নাই'—এ'রূপ মনে করতেন। কেহ কেহ বা নিজেই নিজকে কৃতার্থ মনে করতেন, সেই সকল কৃতার্থম্মন্য এবং স্মৃতিশাস্ত্রোক্ত নিত্য-নৈমিত্তিক কর্ম্ম, তথা তপস্যা, সাংখ্য-যোগাদিমার্গে উচ্চ-নীচভাবে অবস্থিত ব্যক্তিগণের কেহ কেহ দুই তিনবার মাত্র হরির নামাবলী জপ করতেন, তথাপি তাঁ'দের চিত্ত কৈতবপূর্ণই ছিল। পূর্ব্বের অবস্থা এ' প্রকার; কিন্তু এখন গৌরচন্দ্র অবতীর্ণ হ'লে 'প্রেম'ও সাধারণ হ'য়ে পড়ল অর্থাৎ আপামর সর্ব্বসাধারণেই প্রেম প্রাপ্ত হ'ল।

দেবে চৈতন্যনামন্যবতরতি সুরপ্রার্থ্যপাদাব্জসেবে
বিষদ্রীচীঃ প্রবিস্তারয়তি সুমধুরপ্রেমপীযূষবীচীঃ।
কো বালঃ কশ্চ বৃদ্ধঃ ক ইহ জড়মতিঃ কা বধূঃ কো বরাকঃ
সর্ব্বেষামেকরস্যং কিমপি হরিপদে ভক্তিভাজাং বভূব॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুরগণ যাঁ'র পাদপদ্মসেবা বাঞ্ছা করেন, সেই লীলাময় পুরুষ শ্রীচৈতন্যদেব প্রপঞ্চে অবতীর্ণ হ'য়ে বিশ্বব্যাপিনী সু-মধুর প্রেমপীযূষলহরী (সর্ব্বত্র) প্রকৃষ্টরূপে বিস্তার ক'রে কি বালক, কি বৃদ্ধ, কি স্ত্রী, কি জড়মতি, কি শোচনীয় নীচ ব্যক্তি—এই সংসারে সকলেরই ভক্তিলাভে যোগ্যতা এবং শ্রীহরির চরণে কোন এক অপূর্ব্ব চমৎকারময় অদ্বয়জ্ঞান-রস উদিত হ'য়েছিল

সর্ব্বে শঙ্করনারদাদয় ইহায়াতাঃ স্বয়ং শ্রীরপি
প্রাপ্তা দেবহলায়ুধোঽপি মিলিতো জাতাশ্চ তে বৃষ্ণয়ঃ।
ভূয়ঃ কিং ব্রজবাসিনোঽপি প্রকটা গোপালগোপ্যাদয়ঃ
পূর্ণে প্রেমরসেশ্বরেঽবতরতি শ্রীগৌরচন্দ্রে ভুবি॥

প্রেমরসরসিক-শিরোমণি স্বয়ং ভগবান্ গৌরচন্দ্র ভূমণ্ডলে অবতীর্ণ হ'লে শঙ্কর, নারদাদি সকলেই (অদ্বৈত, শ্রীবাস প্রভৃতি ভক্তরূপে) আগমন ক'রেছিলেন। স্বয়ং লক্ষ্মীও (শ্রী লক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়ারূপে) আবির্ভূতা হ'য়েছিলেন। স্বয়ং ভগবান্ হ'তে অভিন্ন তদীয় প্রকাশ-স্বরূপ বলদেব (পাষণ্ড-দলনবানা নিত্যানন্দরায়রূপে) বিরাজ করছিলেন। যাদবগণও (শচী, জগন্নাথ প্রভৃতিতে) প্রকাশিত হ'য়েছিলেন। আর অধিক কি বলব, নন্দাদি ব্রজবাসিগণ, রক্তক, চিত্রক প্রভৃতি দাসগণ, সুবলাদি-প্রমুখ সখাসকল এবং গোপী-প্রমুখ শক্তিগণ কৃষ্ণলীলার নিত্যসিদ্ধ পার্ষদ—সকলেই গৌরলীলায় অবতীর্ণ হ'য়েছিলেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভৃত্যাঃ স্নিগ্ধা অতিসুমধুরপ্রোজ্জ্বলোদারভাজ-
স্তৎ পাদাব্জদ্বয়সবিধে সর্ব্ব এবাবতীর্ণাঃ।
প্রাপুঃ পূর্ব্বাধিকতর মহাপ্রেমপীযূষলক্ষ্মীং
স্বপ্রেমাণং বিতরতি জগত্যদ্ভুতং হেমগৌরে॥

তপ্তকাঞ্চনদ্যুতি শ্রীগৌরসুন্দর পৃথিবীতে স্বীয় অলৌকিক প্রেম বিতরণ কর্‌লে দাস, সখা ও ঐশ্বর্য্যজ্ঞানহীন কেবল মধুর রসের নিত্যসিদ্ধসেবিকা প্রেয়সীবর্গ,—এঁরা সকলেই গৌরপাদপদ্ম সন্নিধানে অবতীর্ণ হ'য়ে পূর্ব্বের (কৃষ্ণলীলার) প্রেমাস্বাদন অপেক্ষাও মহাপ্রেমামৃতসম্পত্তি লাভ ক'র্‌ছেন।

হসন্ত্যচ্চৈরুচ্চৈরহহ কুলবধ্বোঽপি পরিতো
দ্রবীভাবং গচ্ছন্ত্যপি কুবিষয়গ্রাবঘটিতাঃ।
তিরস্কুর্ব্বন্ত্যজ্ঞা অপি সকল শাস্ত্রজ্ঞসমিতিং
ক্ষিতৌ শ্রীচৈতন্যেঽদ্ভুতমহিমসারেঽবতরতি॥

অতি অলৌকিক পরম-মহিমান্বিত শ্রীকৃষ্ণচৈতন্য পৃথিবীতে অবতীর্ণ হ'লে কুলবধূগণও (লজ্জা পরিত্যাগ-পূর্ব্বক কৃষ্ণ-প্রেমে) অতি উচ্চৈঃস্বরে হাস্য কচ্ছে, ইন্দ্রিয়তর্পণপর কু-বিষয়-পাষাণ-নির্ম্মিত কঠিনহৃদয়ও সর্ব্বতোভাবে দ্রবীভূত হচ্ছে, তত্ত্বজ্ঞানহীন অজ্ঞ ব্যক্তিগণও (চৈতন্য-কৃপায় তত্ত্বজ্ঞান লাভ ক'রে) সকল শাস্ত্রজ্ঞ সমাজকে ধিক্কার কচ্ছে (অর্থাৎ অপরাবিদ্যানিপুণ শাস্ত্রজ্ঞ পণ্ডিতাভিমানীদিগের শাস্ত্রজ্ঞানে ধিক্কার প্রদান কচ্ছে)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রায়শ্চৈতন্যমাসীদপি সকলবিদাং নেহ পূর্ব্বৈঃ যদেষাং
ধর্ম্মা সর্ব্বার্থসারেঽপ্যকৃত নহি পদং কুণ্ঠিতা বুদ্ধিবৃত্তিঃ।
গম্ভীরোদারভাবোজ্জলরসমধুরে প্রেমভক্তি প্রবেশঃ
কেষাং নাসীদিদানীং জগতি করুণয়া গৌরচন্দ্রেঽবতীর্ণে।

শ্রীচৈতন্যাবির্ভাবের পূর্ব্বে এই প্রপঞ্চে সর্ব্বশাস্ত্রবি পণ্ডিতাভিমানীদিগেরও কৃষ্ণসেবারূপ চেতনবৃত্তি আচ্ছাদিত প্রায় হ'য়েছিল। এঁরা সর্ব্বপুরুষার্থ-শিরোমণি কৃষ্ণপ্রেম লক্ষ্য করেন নাই, যেহেতু এঁদের বুদ্ধিবৃত্তি অতি সামান্য ও সন্দেহপ্রবণ। কিন্তু সম্প্রতি গৌরচন্দ্র কৃপা-পূর্ব্বক জগতে উদিত হওয়ায় সুদুর্লভ, পরম চমৎকার-বিভাব-অনুভাবাদি সামগ্রীপুষ্টা উন্নতোজ্জ্বল মধুররসময়ী প্রেমভক্তিতে কাঁ'দেরই বা প্রবেশ না হ'য়েছে !

অতিপুণ্যৈরতিসুকৃতৈঃ কৃতার্থীকৃতঃ কোঽপি পূর্ব্বৈঃ।
এবং কৈরপি ন কৃতঃ যৎ প্রেমাব্ধৌ নিমজ্জিতং বিশ্বম্।

বিশেষ সদাচারী ও পরম ধার্ম্মিক প্রাচীন মহাপুরুষগণের দ্বারা কোন কোন ব্যক্তি বৈকুণ্ঠাদি লোক প্রাপ্ত হ'য়ে কৃত-কৃতার্থ হ'য়েছেন; কিন্তু শ্রীচৈতন্যচন্দ্র যেরূপ সমগ্র বিশ্বকে প্রেমসমুদ্রে নিমজ্জিত ক'রেছেন, পূর্ব্বে আর কেহই এরূপ করেন নাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্দ্দশ তরঙ্গ

বেদ-বেদান্ত ও শ্রীচৈতন্যের প্রেম

সনাতন-ধর্ম্মের প্রচারক ও গ্রাহক মনীষিগণের মধ্যে প্রসিদ্ধ প্রবাদ এই যে,—"বেদ বা বেদান্তই সনাতনধর্ম্মের ভিত্তি বা মূল। যে কথা বেদে নাই—বেদান্তে নাই, সে-কথা 'সনাতন' ব'লে গৃহীত হ'তে পারে না,—একথা সর্ব্বতো-ভাবে সমীচীন। যে বেদান্তের উপজীব্য শ্রুতিমালা, সেই শ্রুতির পথ বা শ্রৌতপথকে পরিত্যাগ ক'রে ধর্ম্ম কখনও 'সনাতন' পদবাচ্য হ'তে পারে না। শ্রৌতপথ হ'তে স্বতন্ত্র ধর্ম্ম—স্বকপোলকল্পিত মনোধর্ম্ম-মাত্র। যদি ইহাই নিশ্চিত হয়, তা' হ'লে বেদে শ্রীচৈতন্যের প্রেমের কথার কোন মৌলিকতা পাওয়া যায় কি? যদি শ্রীচৈতন্যের প্রচারিত প্রেম বেদের মৌলিকতা আকর্ষণ করে, তবেই আমরা তা'কে 'সনাতনধর্ম্ম' ব'লে গ্রহণ ক'র্‌ব।" এরূপ একটা সন্দেহ বা পূর্ব্বপক্ষ মনীষিগণের চিত্তে স্থান পে'তে পারে।

'বেদ' বল্‌তে সাধারণতঃ সংহিতা-অংশ এবং শ্রুত্যংশ বিচারিত হয়। সংহিতা-অংশে কর্ম্মকাণ্ডের আবাহন ও প্রশস্তি এবং বেদের শিরোভাগ উপনিষদে কর্ম্মকাণ্ডের নিবৃত্তিপর উপদেশরাজির সমাবেশ দেখ্‌তে পাওয়া যায়। সকলেই অত্যন্ত স্থূলবুদ্ধি ল'য়েও বেদে প্রবৃত্তমার্গ ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রায়শ্চৈতন্যমাসীদপি সকলবিদাং নেহ পূর্ব্বং যদেষাং
খর্ব্বা সর্ব্বার্থসারেঽপ্যকৃত নহি পদং কুণ্ঠিতা বুদ্ধিবৃত্তিঃ।
গম্ভীরোদারভাবোজ্জ্বলরসমধুরে প্রেমভক্তি প্রবেশঃ
কেষাং নাসীদিদানীং জগতি করুণয়া গৌরচন্দ্রেঽবতীর্ণে।

শ্রীচৈতন্যাবির্ভাবের পূর্ব্বে এই প্রপঞ্চে সর্ব্বশাস্ত্রবিৎ পণ্ডিতাভিমানীদিগেরও কৃষ্ণসেবারূপ চেতনবৃত্তি আচ্ছাদিত প্রায় হ'য়েছিল। এঁরা সর্ব্বপুরুষার্থ-শিরোমণি কৃষ্ণপ্রেম লক্ষ্য করেন নাই, যেহেতু এঁদের বুদ্ধিবৃত্তি অতি সামান্য ও সন্দেহপ্রবণ। কিন্তু সম্প্রতি গৌরচন্দ্র কৃপা-পূর্ব্বক জগতে উদিত হওয়ায় সুহৃদাধ, পরম চমৎকার-বিভাব-অনুভাবাদি সামগ্রীপুষ্টা উন্নতোজ্জ্বল মধুররসময়ী প্রেমভক্তিতে কাঁ'দেরই বা প্রবেশ না হ'য়েছে !

অতিপুণ্যৈরতিসুকৃতৈঃ কৃতার্থীকৃতঃ কোঽপি পূর্ব্বৈঃ।
এবং কৈরপি ন কৃতঃ যং প্রেমাব্ধৌ নিমজ্জিতং বিশ্বম্।

বিশেষ সদাচারী ও পরম ধার্ম্মিক প্রাচীন মহাপুরুষগণের দ্বারা কোন কোন ব্যক্তি বৈকুণ্ঠাদি লোক প্রাপ্ত হ'য়ে কৃত-কৃতার্থ হ'য়েছেন; কিন্তু শ্রীচৈতন্যচন্দ্র যেরূপ সমগ্র বিশ্বকে প্রেমসমুদ্রে নিমজ্জিত ক'রেছেন, পূর্ব্বে আর কেহই এরূপ করেন নাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্দ্দশ তরঙ্গ

বেদ-বেদান্ত ও শ্রীচৈতন্যের প্রেম

সনাতন-ধর্ম্মের প্রচারক ও গ্রাহক মনীষিগণের মধ্যে প্রসিদ্ধ প্রবাদ এই যে,—"বেদ বা বেদান্তই সনাতনধর্ম্মের ভিত্তি বা মূল। যে কথা বেদে নাই—বেদান্তে নাই, সে-কথা 'সনাতন' ব'লে গৃহীত হ'তে পারে না,—একথা সর্ব্বতো-ভাবে সমীচীন। যে বেদান্তের উপজীব্য শ্রুতিমালা, সেই শ্রুতির পথ বা শ্রৌতপথকে পরিত্যাগ ক'রে ধর্ম্ম কখনও 'সনাতন' পদবাচ্য হ'তে পারে না। শ্রৌতপথ হ'তে স্বতন্ত্র ধর্ম্ম—স্বকপোলকল্পিত মনোধর্ম্ম-মাত্র। যদি ইহাই নিশ্চিত হয়, তা' হ'লে বেদে শ্রীচৈতন্যের প্রেমের কথার কোন মৌলিকতা পাওয়া যায় কি? যদি শ্রীচৈতন্যের প্রচারিত প্রেম বেদের মৌলিকতা আকর্ষণ করে, তবেই আমরা তা'কে 'সনাতনধর্ম্ম' ব'লে গ্রহণ ক'রব।" এরূপ একটা সন্দেহ বা পূর্ব্বপক্ষ মনীষিগণের চিত্তে স্থান পে'তে পারে।

'বেদ' বল্‌তে সাধারণতঃ সংহিতা-অংশ এবং শ্রুত্যংশ বিচারিত হয়। সংহিতা-অংশে কর্ম্মকাণ্ডের আবাহন ও প্রশস্তি এবং বেদের শিরোভাগ উপনিষদে কর্ম্মকাণ্ডের নিবৃত্তিপর উপদেশরাজির সমাবেশ দেখ্‌তে পাওয়া যায়। সকলেই অত্যন্ত স্থূলবুদ্ধি ল'য়েও বেদে প্রবৃত্তমার্গ ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৎপ্রতিযোগী নিবৃত্তমার্গের কথা দেখ্তে পান। কিন্তু বেদে ভগবদ্ভক্তির চরম সীমা প্রেমের কথা কোথায় আছে? যদি না থাকে, তা' হ'লে প্রেমধর্ম্ম কিরূপেই বা পঞ্চম পুরুষার্থরূপে স্বীকৃত হ'তে পারে? আর সেই পঞ্চম পুরুষার্থ প্রচারকারী শ্রীচৈতন্যদেবের প্রচারেরই বা কি সার্থকতা থাক্তে পারে?

এই পূর্ব্বপক্ষ বা সাধারণ সংশয়ের মীমাংসায় অনেকগুলি উত্তর উপস্থাপিত হ'তে পারে। আচার্য্যগণ এই সাধারণ সংশয়ের উৎকৃষ্ট মীমাংসা ক'রেছেন। বেদ অন্যাভিলাষ বা পাতক, অনুপাতক, অপপাতক, অতিপাতক প্রভৃতি অসৎকর্ম্ম-সমূহের নিরাসের জন্য অত্যন্ত ভোগোন্মুখ মানবজাতির নানাপ্রকার ফলশ্রুতিমূলে বহু দেবতার আবাহনকারী কর্ম্মবাদ-সমূহের প্রসংশা ক'রেছেন। ইহা ধর্ম্ম-রাজ্যের অত্যন্ত শিশুগণের বালচাপল্য-নিরাসের জন্য একটী চেষ্টা-মাত্র। বালককে লড্ডুকের লোভ দেখিয়ে ঔষধ-সেবনে প্রলুব্ধ কর্বার চেষ্টা এ'তে প্রকাশিত হ'য়েছে।

কর্ম্মাকর্ম্ম-বিকর্ম্মেতি বেদবাদো ন লৌকিকঃ।
বেদস্য চেশ্বরাত্মত্বাৎ তত্র মুহ্যন্তি সূরয়ঃ ॥
পরোক্ষবাদো বেদোঽয়ং বালানামনুশাসনম্।
কর্ম্মমোক্ষায় কর্ম্মাণি বিধত্তে হ্যগদং যথা ॥
নাচরেদ্ যস্তু বেদোক্তং স্বয়মজ্ঞোঽজিতেন্দ্রিয়ঃ।
বিকর্ম্মণা হ্যধর্ম্মেণ মৃত্যোর্ম্মৃত্যুমুপৈতি সঃ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেদোক্তমেব কুর্ব্বাণো নিঃসঙ্গেঽর্পিতমীশ্বরে।
নৈষ্কর্ম্ম্যাং লভতে সিদ্ধিং রোচনার্থা ফলশ্রুতিঃ॥
(ভাঃ ১১।৩।৪৩-৪৬)

[কর্ম্ম, অকর্ম্ম ও বিকর্ম্ম বলিয়া যে বিতর্ক হয়, তাহাও বেদবাদ। বেদ—স্বয়ং ঈশ্বর। সুতরাং পণ্ডিতাভিমানী সূরিগণও তাহাতে মোহপ্রাপ্ত হন। প্রকৃত অর্থকে সংগোপন করিবার জন্য উহাকে অন্য প্রকারে বর্ণন করার নাম পরোক্ষবাদ। বেদ স্বয়ং পরোক্ষবাদ এবং অজ্ঞ, অশান্ত, বালস্বভাবতুল্য জীবগণের অনুশাসন। পিতা যেরূপ রোগ-গ্রস্ত সন্তানের আরোগ্য-জন্য তাহাকে মিষ্টান্নের প্রলোভন দেখাইয়া ঔষধ সেবন করান, শাস্ত্রও সেইরূপ কর্ম্ম-নিবৃত্তির উদ্দেশ্যেই কর্ম্ম-বিধানে ফলের প্রলোভন দেখাইয়া কর্ম্মমূঢ় জীবসকলকে কর্ম্মে প্রবৃত্ত করেন।]

যেমন পিতা বা মাতা বালককে কোন আপাত-চাক্‌চিক্য বস্তু প্রদান ক'রে বালককে ঔষধাদি সেবন বা অধ্যয়নাদিতে নিযুক্ত করেন, কিন্তু তৎকালে চাক্‌চিক্য বস্তুর ক্ষণভঙ্গুরতা বালকের নিকট প্রকাশ না ক'রে উহার আপাত সৌন্দর্য্যেরই প্রশংসা ক'রে থাকেন, তদ্রূপ বেদ তৎক্ষণাৎ কর্ম্মকাণ্ডের নিন্দা না ক'রে উহার প্রশস্তি গান-পূর্ব্বক ধর্ম্মরাজ্যের শিশুগণকে অত্যন্ত অধর্ম্ম বা পাপরাজ্য হ'তে পুণ্যময় অনুশীলনে প্রবৃত্ত করবার চেষ্টা কচ্ছেন। আবার যখন তা'রা পুণ্যে প্রতিষ্ঠিত হ'য়েছে, তখন তা'দের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিবৃত্তির কথা শুনাবার জন্যে কর্ম্মের নিন্দা ক'রে শ্রুত্যংশে বল্‌ছেন,—

অবিদ্যায়াং বহুধা বর্ত্তমানা বয়ং কৃতার্থা ইত্যভিমন্যন্তি বালাঃ।
যৎ কর্ম্মিণো ন প্রবেদয়ন্তি রাগাৎ তেনাতুরা ক্ষীণলোকাশ্চ্যবন্তে।
(মুণ্ডক ১।২।৯)

অজ্ঞ ব্যক্তিগণ বহুবিধ অবিদ্যার মধ্যে থেকেই "আমরা কৃতার্থ হ'য়েছি"—এরূপ অভিমান করে; যেহেতু তা'রা কর্ম্মী, কর্ম্মে অনুরাগ বশতঃ প্রকৃত তত্ত্বে অনভিজ্ঞ। এজন্যই তা'রা অত্যন্ত ব্যাকুল হ'য়ে কর্ম্ম-ফলে যে স্বর্গাদি লোক লাভ করে, পুণ্যক্ষয় হ'লে সে-স্থান হ'তে চ্যুত হয়।

যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্।
তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি॥
(মুণ্ডক ৩।৩)

যে-কালে হেমবর্ণ-বিগ্রহ হিরণ্যগর্ভ জগৎকর্ত্তাকে দেখ্‌তে পান, তখন পরবিদ্যালাভ-ফলে অপরা লৌকিকী বুদ্ধিপ্রসূতা পাপপুণ্য-ধারণা সম্যগ্‌রূপে ধৌত ক'রে নির্ম্মল ও সমতা লাভ করেন।

—এই শ্রুতির শ্লোকের প্রতিধ্বনি গীতার

"ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্॥"

—শ্লোকে পাওয়া যায়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্ম্ম, জ্ঞান, যোগাদি সাধন ও নির্ব্বিশেষ বিচার পরিত্যাজ্য হইলে শাস্ত্রে উহাদের অবতারণার কারণ কি ?

শ্রুতিতে এই যে পরম উপশান্তির উপদেশ, তা'র উত্তর-ফলরূপে অর্থাৎ তা'র লক্ষ্যরূপে গীতার উক্তি-অনুসারে ভক্তিই নির্দ্দিষ্ট হ'য়েছে দেখা যায়। "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা" হওয়ার পরও কার্য্য শেষ হয় নাই। সেখানে ইতি বা ছেদ দেওয়া যায় না। তা'র পরে "মদ্ভক্তিং লভতে পরাং"—কৃষ্ণ পরাভক্তি-লাভের আকাঙ্ক্ষা থাকে। শ্রুতিতে অনেক স্থানে দেখা যায়, কর্ম্মবাদ অর্থাৎ জড়-সবিশেষবাদ নিরাস ক'রে একটা আপাত-নির্ব্বিশেষবাদের বিচার প্রকাশিত হ'য়েছে। বেদ পাঠ ক'রে এক সম্প্রদায় যেমন কর্ম্মবাদকেই বেদের চরম লক্ষ্য মনে করেন, আর এক সম্প্রদায় আবার তেমনি নির্ব্বিশেষবাদকেই বেদের চরম কথা ব'লে হঠাৎ বিচার ক'রে বসেন। জড়-সবিশেষ নিরাস ক'রে বেদে কি জন্য নির্ব্বিশেষের অবতারণা হ'য়েছে, তা' তাঁ'রা আর অধিক অনুসন্ধান ক'রে দেখেন না। সুচতুর দোকানী যখন তাঁ'র কোন একটি দ্রব্য গ্রাহককে প্রদর্শন করেন, তখন প্রথমেই গ্রাহককে সর্ব্বোৎকৃষ্ট দ্রব্যটি দেখিয়ে ফেলেন না। গ্রাহকের কতটা যোগ্যতা আছে অর্থাৎ গ্রাহকের কতটা সম্বল বা অর্থ আছে, কতটা ভাল জিনিষ সে কিনতে পারবে, সেজন্য সুচতুর বিক্রেতা অল্পদামের দ্রব্য হ'তে গ্রাহককে দেখাতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আরম্ভ করেন। কিন্তু গ্রাহক যদি সর্ব্বোৎকৃষ্ট দ্রব্যের গ্রাহক হন, তা' হ'লে তিনি 'তা'র পর কি', 'আগে কহ আর' ব'লে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ দ্রব্য খুঁজে নেন। যাঁ'রা বেদের কর্ম্মবাদে প্রলুব্ধ হ'য়ে প'ড়্লেন, তাঁ'রা অত্যন্ত নিম্নশ্রেণীর গ্রাহক। তাঁ'দের যোগ্যতা বা সম্বল অত্যন্ত কম। আবার যাঁ'রা তা'র চেয়েও উচ্চতর জিনিষের প্রার্থী হ'য়ে বেদের নিকট উপস্থিত হ'লেন, তাঁ'রা বেদ-ভাণ্ডার হ'তে জড়-সবিশেষের পরিবর্ত্তে জড়সবিশেষ-নিরাসক নির্ব্বিশেষ-ফল পেয়ে যদি ভুলে না যান, তা' হ'লেই চিৎসবিশেষ-ফলের অনুসন্ধান-তৎপর হ'তে পার্বেন। তখনই বুঝ্তে পার্বেন যে, "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা" এই প্রাকৃতবিশেষরহিত শান্তভাবের পরও বেদের বিপণিতে "মদ্ভক্তিং লভতে পরাং"-রূপ উৎকৃষ্ট দ্রব্য আছে।

দৃষ্টান্তস্বরূপ আমরা 'ক্যালকাটা ইম্প্রুভ্মেণ্ট ট্রাষ্টে'র কথা উল্লেখ ক'র্তে পারি। ক্যাল্কাটা ইম্প্রুভমেণ্ট ট্রাষ্টের কাজ কি? প্রথম-মুখে যাঁ'রা ওঁদের কাজ দেখেন, তাঁ'রা মনে করেন, নির্ব্বিশেষ ক'রে দেওয়াই তাঁ'দের কাজ। কারণ, যেখানে যত খারাপ বাড়ীঘর আছে, ঐগুলিকে ভেঙ্গে-চুরে একেবারে ভূমিসাৎ ক'রে দেওয়াই ইম্প্রুভ্মেণ্ট ট্রাষ্টের প্রথম কাজ। কিন্তু ঐ ট্রাষ্টের ওরূপ কর্বার শেষ উদ্দেশ্যটী কি? কি জন্যে ট্রাষ্ট ওরকম ক'রে থাকেন? খারাপ বাড়ীঘরগুলোকে ভেঙ্গে—(জড়সবিশেষকে ভূমিসাৎ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক'রে—নির্ব্বিশেষ ক'রে) সেখানে সুন্দর সৌধ—সুন্দর বাগান (অর্থাৎ অপ্রাকৃত সুন্দর চিৎসবিশেষের সৌধ-সমূহ) প্রকাশের জন্যই ওরকম চেষ্টা। বেদও তা'ই ক'রেছেন। কর্ম্মবাদরূপ, পাপ-পুণ্যরূপ জীবের চেষ্টাকে নিরাস ক'রে নির্ব্বিশেষের কথা ব'লেছেন। এখানেই বেদের কথা শেষ হয়নি। এখানে বেদ অনধিকারীর কাছে—অযোগ্য গ্রাহকের কাছে আত্মগোপন করতে পারেন সত্য, কিন্তু জড়-সবিশেষকে নিরাস ক'রে সেখানে চিৎ-সবিশেষের অর্থাৎ ভক্তির চরমকাষ্ঠা প্রেমের সৌধ-নির্ম্মাণের জন্যেই শ্রুতির প্রবৃত্তি। বেদকে এজন্যেই আমরা ধর্ম্মের মূল ব'লে থাকি। যেমন ইম্প্রুভ্মেণ্ট-ট্রাষ্ট খারাপ দালান-কোঠাকে নিরাস ক'রে সুন্দর সৌধ-নির্ম্মাণের জন্যে উৎকৃষ্ট ভূমি ক'রে দেন, বেদও তা'ই ক'রেছেন। তিনি ভূমি ক'রে দিয়েছেন। বেদের কৃপায় ভূমিকা-পত্তন সম্ভব হ'য়েছে ব'লে বেদকে যাঁ'রা অমান্য ক'রে থাকেন, তাঁ'রা মূল ভূমিকাকেই অমান্য ক'রে ফেলেন! বেদকে অমান্য কর্'লে জড়-সবিশেষের ভূমি বা নানাপ্রকার খারাপ স্যাঁৎ-সেঁতে ভূমি এসে উপস্থিত হ'বার সম্ভাবনা আছে। সেরকম ভূমিতে সৌধের ভিত্তি স্থাপন ক'র্লে অচিরেই তা' ধ্বংস হ'য়ে যা'বে। কাজেই জড়সবিশেষ-নিরাসের জন্যে নির্ব্বিশেষ অর্থাৎ সাম্যভাব বা শান্তভাব—ভক্তিসৌধের ভূমিকা-মাত্র, তা' ভক্তির নিরাকরণ নয়। ইম্প্রুভ্মেণ্ট-ট্রাষ্ট প্রথমে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আরম্ভ করেন। কিন্তু গ্রাহক যদি সর্ব্বোৎকৃষ্ট দ্রব্যের গ্রাহক হন, তা' হ'লে তিনি 'তা'র পর কি', 'আগে কহ আর' ব'লে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ দ্রব্য খুঁজে নেন। যাঁ'রা বেদের কর্ম্মবাদে প্রলুব্ধ হ'য়ে প'ড়্লেন, তাঁ'রা অত্যন্ত নিম্নশ্রেণীর গ্রাহক। তাঁ'দের যোগ্যতা বা সম্বল অত্যন্ত কম। আবার যাঁ'রা তা'র চেয়েও উচ্চতর জিনিষের প্রার্থী হ'য়ে বেদের নিকট উপস্থিত হ'লেন, তাঁ'রা বেদ-ভাণ্ডার হ'তে জড়-সবিশেষের পরিবর্ত্তে জড়সবিশেষ-নিরাসক নির্ব্বিশেষ-ফল পেয়ে যদি ভুলে না যান, তা' হ'লেই চিৎসবিশেষ-ফলের অনুসন্ধান-তৎপর হ'তে পার্বেন। তখনই বুঝ্তে পার্বেন যে, "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা" এই প্রাকৃতবিশেষরহিত শান্তভাবের পরও বেদের বিপণিতে "মদ্ভক্তিং লভতে পরাং"-রূপ উৎকৃষ্ট দ্রব্য আছে।

দৃষ্টান্তস্বরূপ আমরা 'ক্যালকাটা ইম্প্রুভ্মেণ্ট ট্রাষ্টে'র কথা উল্লেখ ক'র্তে পারি। ক্যাল্কাটা ইম্প্রুভমেণ্ট ট্রাষ্টের কাজ কি? প্রথম-মুখে যাঁ'রা ওঁদের কাজ দেখেন, তাঁ'রা মনে করেন, নির্ব্বিশেষ ক'রে দেওয়াই তাঁ'দের কাজ। কারণ, যেখানে যত খারাপ বাড়ীঘর আছে, ঐগুলিকে ভেঙ্গে-চুরে একেবারে ভূমিসাৎ ক'রে দেওয়াই ইম্প্রুভ্মেণ্ট ট্রাষ্টের প্রথম কাজ। কিন্তু ঐ ট্রাষ্টের ওরূপ কর্বার শেষ উদ্দেশ্যটা কি? কি জন্যে ট্রাষ্ট ওরকম ক'রে থাকেন? খারাপ বাড়ীঘরগুলোকে ভেঙ্গে—(জড়সবিশেষকে, ভূমিসাৎ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক'রে—নির্ব্বিশেষ ক'রে) সেখানে সুন্দর সৌধ—সুন্দর বাগান (অর্থাৎ অপ্রাকৃত সুন্দর চিৎসবিশেষের সৌধ-সমূহ) প্রকাশের জন্যই ওরকম চেষ্টা। বেদও তা'ই ক'রেছেন। কর্ম্মবাদরূপ, পাপ-পুণ্যরূপ জীবের চেষ্টাকে নিরাস ক'রে নির্ব্বিশেষের কথা ব'লেছেন। এখানেই বেদের কথা শেষ হয়নি। এখানে বেদ অনধিকারীর কাছে—অযোগ্য গ্রাহকের কাছে আত্মগোপন করতে পারেন সত্য, কিন্তু জড়-সবিশেষকে নিরাস ক'রে সেখানে চিৎ-সবিশেষের অর্থাৎ ভক্তির চরমকাষ্ঠা প্রেমের সৌধ-নির্ম্মাণের জন্যেই শ্রুতির প্রবৃত্তি। বেদকে এজন্যেই আমরা ধর্ম্মের মূল ব'লে থাকি। যেমন ইম্প্রুভ্মেণ্ট-ট্রাষ্ট খারাপ দালান-কোঠাকে নিরাস ক'রে সুন্দর সৌধ-নির্ম্মাণের জন্যে উৎকৃষ্ট ভূমি ক'রে দেন, বেদও তা'ই ক'রেছেন। তিনি ভূমি ক'রে দিয়েছেন। বেদের কৃপায় ভূমিকা-পত্তন সম্ভব হ'য়েছে ব'লে বেদকে যাঁ'রা অমান্য ক'রে থাকেন, তাঁ'রা মূল ভূমিকাকেই অমান্য ক'রে ফেলেন! বেদকে অমান্য কর্'লে জড়-সবিশেষের ভূমি বা নানাপ্রকার খারাপ স্যাঁৎ-সেঁতে ভূমি এসে উপস্থিত হ'বার সম্ভাবনা আছে। সেরকম ভূমিতে সৌধের ভিত্তি স্থাপন ক'র্লে অচিরেই তা' ধ্বংস হ'য়ে যা'বে। কাজেই জড়সবিশেষ-নিরাসের জন্যে নির্ব্বিশেষ অর্থাৎ সাম্যভাব বা শান্তভাব—ভক্তিসৌধের ভূমিকা-মাত্র, তা' ভক্তির নিরাকরণ নয়। ইম্প্রুভ্মেণ্ট-ট্রাষ্ট প্রথমে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

খারাপ বাড়ীঘরগুলোকে ভেঙ্গে ফে'লছিলেন ব'লে যে পরবর্ত্তিকালে সুন্দর ভূমিকায়ও তাঁ'দেরই বিধানানুসারে সুগঠিত সুদৃঢ় সৌধগুলোকে উড়িয়ে দিতে হ'বে, তা' নয়। বেদ জড় সবিশেষ নিরাকরণ ক'রেছেন ব'লে চিৎসবিশেষ নিরাকরণ করেন নাই। যেমন কোন সুন্দরী পতিব্রতা রমণী তাঁ'র গায়ের মলিনতাগুলোকে নদীতে ধৌত কচ্ছেন, শরীরের মলিনতা ধৌত ক'রেই কিন্তু তাঁ'র কার্য্য শেষ হ'ল না, তিনি মলিনতা ধৌত ক'রে সেই দেহ দিয়ে পতির সেবা ক'র্‌বেন, পতির সেবা না ক'রে কেবল শরীর-ধৌতি-মাত্রেই তাঁ'র শেষ উদ্দেশ্য কেন্দ্রীভূত ক'র্‌লে তাঁ'কে বুদ্ধিমতী বলা যা'বে না। তা'তে তিনি অধিক পরিমাণ সুখ লাভ ক'র্‌তে পার্‌বেন না। শরীর-বিধৌতির পর স্বামি-সেবায় ও স্বামি-সাহচর্য্যেই তাঁ'র সুখের চরমসীমা লাভ হ'বে। বেদ আমাদের জড়মলিনতা দূর কর্‌বার যে উপদেশ দিয়েছেন, তা'তে আমরা বিরজাস্নান-মাত্র ক'র্‌লাম। এখানেই কিন্তু আমাদের কাজ শেষ হ'ল না। যাঁ'রা নির্ব্বিশেষবাদকে চরম লক্ষ্য জ্ঞান করেন, তাঁ'দের বিচার—"বিরজা-স্নান পর্য্যন্তই কাজ, তা'রপরে আর কোন কাজ নেই।" কিন্তু কি জন্যে স্নান, কা'র জন্যে স্নান, এ বিষয়ে যাঁ'রা আরও অধিকতর অনুসন্ধান কর্‌'লেন, তাঁ'রা দেখ্‌লেন, পতির সেবার জন্যেই স্নানের প্রয়োজন বা অঙ্গের মলিনতা-বিদূরণ-কার্য্যের আবশ্যক হ'য়েছিল, কেবল স্নানই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চরম ফল নয়। কেবল স্নানে যে সাময়িক স্নিগ্ধভাব হয় বা শান্তভাব আসে, তা' শেষ ফল হ'তে পারে না। স্বামি-সেবায় চরমসুখ পাওয়া যায়। বেদ এ কথা ইঙ্গিতে অনেক স্থানে ব'লেছেন। বেদ ধর্ম্মরাজ্যের প্রাথমিক বা আদিম শাস্ত্র ব'লে সেখানে ধর্ম্মরাজ্যের ব্যক্তিগণের প্রাথমিক কথা পর্য্যন্ত স্পষ্টভাবে আছে; কিন্তু যাঁ'রা বেদের কথাকে পূরণ ক'র্‌তে চা'ন, বেদকে আরও পরিষ্কৃতভাবে—বিস্তৃতভাবে—পল্লবিত ও প্রস্ফুটিতরূপে দেখ্‌তে চা'ন, তাঁ'দের জন্যে বেদের পরিশিষ্টরূপ বা বেদেরই পরিপূরকরূপে পুরাণ—সাত্বত-তন্ত্র প্রভৃতি জগতে প্রকাশিত হ'য়েছেন। যাঁ'রা বলেন, আমরা কেবল বেদ মান্‌ব বা বেদের মধ্যে কিয়দংশ মাত্র মানব, কিম্বা আমাদের মনগড়া ক'রে বেছে বেছে কথাগুলি নেব, তাঁ'রা সমগ্র সনাতন শাস্ত্রকে মান্‌লেন না। কিন্তু মহাপ্রভুর শিক্ষায় সমগ্র সনাতন সাত্বত শাস্ত্রের স্বীকার আছে—যথার্থ সমন্বয় আছে। তিনি বেদকে, শ্রুতিকে, পুরাণকে, পঞ্চরাত্রকে, স্মৃতিকে সমভাবে স্বীকার ক'রেছেন এবং সকলকেই একতাৎপর্য্যপর ব'লেছেন; কিন্তু নির্ব্বোধ গ্রাহকের মত শাস্ত্র প্রথম যে জিনিষটী দেখিয়ে গ্রাহকের যোগ্যতা পরীক্ষা ক'রে নিচ্ছেন, সেই প্রাথমিক জিনিষগুলোকেই চরম জিনিষ বলেন নাই। গীতার তৃতীয় অধ্যায় খুলে' কর্ম্মের প্রশংসা দেখে' সেখানেই গীতা বন্ধ ক'রে দেন নাই। ষষ্ঠ অধ্যায়ের উপসংহার-শ্লোকে যোগের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রশংসা দেখে' এবং কর্ম্ম হ'তে যোগকে শ্রেষ্ঠ জেনে' যোগই গীতা-বিপণির শ্রেষ্ঠ দ্রব্য—এরকম সিদ্ধান্ত ক'রে গীতার কপাট বন্ধ ক'রে দেন নাই। আবার একটী অধ্যায়ে জ্ঞানের প্রশংসা দেখে' জ্ঞানকেই গীতা-ভাণ্ডারের শ্রেষ্ঠ রত্ন সিদ্ধান্ত ক'রে দোকান পরিত্যাগ করেন নাই। 'আগে কহ আর'—এরূপ ব'ল্‌তে ব'ল্‌তে যখন গীতার চরম শ্লোকে ভগবানের শ্রীমুখবাক্যের মধ্যে 'গুহ্যতম'—এই উক্তিটী পেয়েছেন, সেই 'তমপ' প্রত্যয় যেখানে চরমের কথা—শরণাগতিরূপ ভগবদ্‌ভক্তির শেষ কথা অর্থাৎ প্রেমের কথা ব'লেছেন, সেখানেই তিনি 'এহ হয়' ব'লে সন্তুষ্ট হ'য়েছেন।

শরণাগতির শেষসীমা—শ্রীচৈতন্যের প্রেম

যাঁ'রা সর্ব্বেন্দ্রিয় দিয়ে সেবা না ক'র্‌তে পারেন, তাঁ'রা শরণাগত ন'ন। শ্রীরামানুজাচার্য্যের শিক্ষায় প্রপত্তি বা শরণাগতির কথা আছে বটে, কিন্তু তা' সর্ব্বাঙ্গীন শরণাগতি নয়। গোপীগণের মত তা'তে আর্য্যপথ, লজ্জা, ধৈর্য্য, আত্মসুখ-পরিত্যাগরূপ শরণাগতি নেই; কৃষ্ণ চেলচুরি ক'রে গোপীগণকে যে শরণাগতির কথা জানিয়েছিলেন, সে-রকম কথা রামানুজের শরণাগতিতে নেই—সর্ব্বাঙ্গ-দ্বারা সেবার কথা রামানুজের কথিত প্রপত্তিতে নেই। সমস্ত অঙ্গ কৃষ্ণসেবায় না দিতে পার্‌লে শরণাগতি হ'ল কই? 'অর্দ্ধেক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শরণাগতি'—শরণাগতির পূর্ণতম পরিচয় নয়। শ্রীচৈতন্যের প্রেমে সেই গীতোক্ত শরণাগতির—'মামেকং শরণং ব্রজ' মন্ত্রের পূর্ণতম অভিব্যক্তি—পরাকাষ্ঠা প্রকাশিত হ'য়েছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পঞ্চদশ তরঙ্গ

শ্রীচৈতন্যের প্রেমই বেদ-বেদান্তের চরম প্রতিপাদ্য

তাই শ্রীচৈতন্যের প্রেমই প্রকৃত নিগমকল্পতরুর গলিত ফল, সর্ব্ববেদান্তসার, বেদান্তের অকৃত্রিম ভাষ্য শ্রীমদ্ভাগবতে বর্ণিত হ'য়েছে। শ্রুতি যে "রসো বৈ সঃ", "অয়মাত্মা সর্ব্বেষাং ভূতানাং মধু," প্রভৃতি মন্ত্রে রস-স্বরূপ, মধুস্বরূপ, মধুর রসবিগ্রহ, অখিলরসামৃতমূর্ত্তি শ্রীকৃষ্ণের কথা ব'লেছেন, সেই রসস্বরূপ স্থায়িভাবের সঙ্গে মিলিত হ'য়ে বিভাব, অনুভাব, সাত্ত্বিক, ব্যভিচারী প্রভৃতির মিলনে কি প্রকারে অপ্রাকৃত রসরূপে প্রকাশিত হ'তে পারে, তা'র কথা শ্রীচৈতন্যের প্রেমের বার্ত্তায়ই পাওয়া যায়। যাঁ'রা "রসো বৈ সঃ" এই শ্রুতি-মন্ত্র অমান্য করেন না, তাঁ'রা জানেন যে, 'সঃ' পদ ক্লীবের বাচ্য নহে, পুরুষের বাচ্য। ক্লীবব্রহ্মবাদে 'সঃ' পদ বা 'রস'-শব্দ নিযুক্ত হ'তে পারে না। লীলাপুরুষোত্তমই উপনিষদুক্ত 'সঃ' পদ বা 'রস'-শব্দের একমাত্র বাচ্য হ'তে পারেন না। আবার আলঙ্কারিক-মাত্রেই জানেন,—যেখানে 'রস' শব্দ প্রযুক্ত, সেখানে বিভাব, অনুভাব, সাত্ত্বিক, ব্যভিচারী বাদ দিয়ে 'রস'-শব্দ থাকতে পারে না। বিভাবের মধ্যে বিষয়ালম্বন ও আশ্রয়ালম্বনকে যদি বাদ দেওয়া যায় অর্থাৎ যদি আশ্রয়ের বা ভজনকারীর নিত্য অস্তিত্ব অস্বীকার করা যায়,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তা' হ'লে আলম্বনের অভাবে 'রস' ব'লে কোন কথাই উপস্থিত হ'তে পারে না। কাজে কাজেই বেদমন্ত্রের সমীচীনতা থাকে না। সুতরাং যদি "রসো বৈ সঃ" এই বেদমন্ত্র স্বীকার ক'র্‌তে হয়, আর বেদমন্ত্র যদি নিত্যই হয়, তা' হ'লে সঙ্গে-সঙ্গে এটাও নিঃসন্দেহে স্বীকার ক'র্‌তে হ'বে যে, যেখানে 'সঃ' বস্তু রসস্বরূপ, সেখানে রসের বিষয়ালম্বন ও আশ্রয়ালম্বন, রসের উদ্দীপনসমূহ, রসের বিভাবসমূহ, রসের অনুভাবসমূহ, রসের সাত্ত্বিক ও ব্যভিচারিভাবসমূহ নিশ্চয়ই আছে। কাজেই এই বেদমন্ত্রই অতি স্পষ্টভাবে নির্ব্বিশেষবাদকে নিরাস ক'রে বেদ যে সেই রসস্বরূপ, প্রেমাস্পদ রসরাসতাণ্ডবী শ্রীকৃষ্ণেরই গান ক'রেছেন, শ্রীচৈতন্যের প্রেমের বার্ত্তাই অস্ফুটধ্বনিতে কীর্ত্তন ক'রেছেন এবং বেদান্তের অকৃত্রিম ভাষ্য শ্রীমদ্‌-ভাগবতে যে সেই অস্ফুট ধ্বনিই দুন্দুভিনাদে প্রতিধ্বনিত হ'য়েছে, তা' আমরা দুই বাহু তুলে ব'ল্‌তে পারি।

শ্রীচৈতন্যের প্রেম-ব্যতীত বেদান্তের প্রবৃত্তিই হ'তে পারে না। বেদান্ত বা শ্রুতিগণ এই শ্রীচৈতন্যের প্রেমের অভিসারে যা'বার জন্যেই নিরন্তর উপাসনা করেন। শ্রুতিগণ শ্রীকৃষ্ণের প্রেম-সেবার জন্যে গোপালতাপনী উপনিষদের সহিত জন্মগ্রহণ ক'রেছিলেন, এটাও শাস্ত্র-প্রসিদ্ধি আছে। শ্রুতিমালা নিরন্তর প্রেমবধূজীবন শ্রীনামেরই নখচন্দ্রিকা নীরাজিত ক'রে থাকেন। এজন্যে, শ্রীকৃষ্ণচৈতন্যদেব প্রেমাম্বুধি-বর্দ্ধনের একমাত্র উপায় ও উপেয়রূপে শ্রীকৃষ্ণ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নামকেই নির্ণয় ক'রেছেন। শ্রীচৈতন্যের প্রেমে সেই অপ্রাকৃত শ্রীকৃষ্ণনামের সর্ব্বোপরি বিজয় বিঘোষিত হ'য়েছে। শ্রীচৈতন্যের প্রেমের সন্ধান পে'তে হ'লে শ্রীচৈতন্যানুগ-গণের আনুগত্যে শ্রীকৃষ্ণনামাশ্রয়ই আমাদের সাধন ও সাধ্য ব'লে নির্ণীত হয়।

প্রস্ফুটিত অপ্রাকৃত প্রেমকুসুমের কলিকাই অপ্রাকৃত শ্রীকৃষ্ণনাম

শ্রীচৈতন্যের প্রেমের গ্রাহক নামতত্ত্ববিৎ শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় ক'রে কিরূপভাবে শ্রীচৈতন্যের প্রেমের প্রেমিক হ'য়ে পড়েন, তা' আমরা শ্রীচৈতন্য-নিজ-জন ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের একটি গীতির মধ্যে দেখ্‌তে পাই,—

কৃষ্ণনাম ধরে কত বল।
বিষয়বাসনানলে, মোর চিত্ত সদা জ্বলে,
রবিতপ্ত মরুভূমি সম।
কর্ণরন্ধ্র পথ দিয়া, হৃদিমাঝে প্রবেশিয়া,
বরিষয় সুধা অনুপম ॥ ১ ॥
হৃদয় হইতে বলে, জিহ্বার অগ্রেতে চলে,
শব্দরূপে নাচে অনুক্ষণ।
কণ্ঠে মোর ভঙ্গে স্বর, অঙ্গ কাঁপে থর থর,
স্থির হইতে না পারে চরণ ॥ ২॥
চক্ষে ধারা, দেহে ঘর্ম্ম, পুলকিত সব চর্ম্ম,
বিবর্ণ হইল কলেবর।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মূর্চ্ছিত হইল মন, প্রলয়ের আগমন,
ভাবে সর্ব্বদেহ জরজর ॥ ৩ ॥
করি' এত উপদ্রব, চিত্তে বর্ষে সুধাদ্রব,
মোরে ডারে প্রেমের সাগরে।
কিছু না বুঝিতে দিল, মোরে ত' বাতুল কৈল,
মোর চিত্ত-বিত্ত সব হরে ॥ ৪ ॥
লইনু আশ্রয় যাঁ'র, হেন ব্যবহার তাঁ'র,
বর্ণিতে না পারি এ সকল।
কৃষ্ণনাম ইচ্ছাময়, যাহে যাহে সুখী হয়,
সেই মোর সুখের সম্বল ॥ ৫ ॥
প্রেমের কলিকা নাম, অদ্ভুত রসের ধাম,
হেন বল করয়ে প্রকাশ।
ঈষৎ বিকশি' পুন, দেখায় নিজ-রূপ-গুণ,
চিত্ত হরি' লয় কৃষ্ণপাশ ॥ ৬ ॥
পূর্ণ বিকশিত হঞা, ব্রজে মোরে যায় লঞা,
দেখায় মোরে স্বরূপ-বিলাস।
মোরে সিদ্ধদেহ দিয়া, কৃষ্ণপাশে রাখে নিয়া,
এ দেহের করে সর্ব্বনাশ ॥ ৭ ॥
কৃষ্ণনাম-চিন্তামণি, অখিল-রসের খনি,
নিত্যমুক্ত শুদ্ধরসময়।
নামের বালাই যত, সব ল'য়ে হই হত,
তবে মোর সুখের উদয় ॥ ৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জগতের অচৈতন্য বা অপচৈতন্য-সম্প্রদায় চরমফলরূপে অন্যান্য যে-কিছু মতবাদই কল্পনা ক'রে বা শাস্ত্রের দোহাই দিয়ে শাস্ত্রীয় ক্ষুদ্রাধিকারের যোগ্যতায় প্রচারিত মতকে তাঁ'দের চরম প্রাপ্য ব'লে মনে করেন, করুন্; আমরা কিন্তু সেই শ্রীচৈতন্য-দাসানুদাসগণের পাদপদ্মই বন্দনা করি,—যাঁ'দের প্রয়োজন-নির্ণয়ের চমৎকারিতা দর্শন ক'রে স্বয়ং ব্রহ্মা সেই প্রেমের রাজ্যের তৃণ-গুল্ম-লতা হ'তে চা'ন, উদ্ধবাদি মহাভক্তিযোগি-গণ সেই প্রেমাস্পদগণের চরণরেণু হ'বার সৌভাগ্য প্রার্থনা করেন, এমন কি স্বয়ং নারায়ণের বক্ষঃস্থিতা লক্ষ্মীদেবী পর্য্যন্ত নারায়ণের বক্ষোবিলাস পরিত্যাগ ক'রে উদ্‌ভ্রান্তা হ'য়ে পড়েন; অধিক কি, স্বয়ং প্রেমাস্পদ গোপীজনবল্লভও যেখানে চিরঋণী হ'য়ে থাকেন; কাজেই আমাদের সেই শ্রীচৈতন্যের প্রেমরূপ পরম-পুরুষার্থ-ব্যতীত অন্য কোন জাগতিক বস্তু দূরে থাকুক, যেন সালোক্য-সার্ষ্টি-সারূপ্য-সামীপ্যাদি বৈকুণ্ঠের দানেও আদর হয় না।

এজন্যে শ্রীচৈতন্যের প্রেমের প্রেমিক রসিক-কুলচূড়ামণি শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুর ব'লেছেন,—

আরাধ্যো ভগবান্ ব্রজেশতনয়স্তদ্ধাম বৃন্দাবনং
রম্যা কাচিদুপাসনা ব্রজবধূবর্গেণ যা কল্পিতা।
শ্রীমদ্ভাগবতং প্রমাণমমলং প্রেমা পুমর্থো মহান্
শ্রীচৈতন্যমহাপ্রভোর্মতমিদং তত্রাদরো নঃ পরঃ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'ভারতবর্ষ' ও ভক্তিপথ

শ্রীগৌড়ীয়মঠ
কলিকাতা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

"ভারতবর্ষ" ও ভক্তিপথ

[ভারতে ভক্তিপথ-ব্যতীত অভক্তিপথ-ত্রয় অধিকার-ভেদে পূর্ণমাত্রায় প্রচারিত আছে। সাধারণ বিচারহীন সম্প্রদায় আপাত ফললাভে লুব্ধ হইয়া কর্ম্মপথ, কর্ম্মপথে বিরক্ত জনগণ শ্লথবিচারবিশিষ্ট হইয়া জ্ঞানপথ এবং যথেচ্ছাচারিতা-প্রিয়ব্যক্তিগণ অন্যাভিলাষের পথ গ্রহণ করিয়া থাকেন। ভক্তিপথগ্রহণে তাঁহাদের অনেকেরই ইচ্ছা প্রবলা দেখা যায় না। ভক্তিপথের পথিকগণ দুষ্প্রাপ্য হওয়ায় হরিসেবা-বিমুখ ব্যক্তিগণ নানাপথ উদ্ভাবন করিয়াছেন। কিন্তু ভক্তিপথের সৌন্দর্য্য, মহিমা ও একমাত্র প্রয়োজনীয়তা ভারতবাসী জনসাধারণ যাহাতে তারতম্যবিচার-মূলে আলোচনা করিতে পারেন, তজ্জন্য কালে কালে ভগবদবতারসমূহ ও তদনুগ শুদ্ধভক্তগণ যত্ন করিয়াছেন, করিতেছেন ও করিবেন। অভক্তসম্প্রদায় অর্থাৎ অন্যাভিলাষী, কর্ম্মী, জ্ঞানী, অন্যাভিলাষমিশ্র কর্ম্মী, অন্যাভিলাষযুক্ত জ্ঞানী, কর্ম্মমিশ্র জ্ঞানী প্রভৃতি ব্যক্তিগণ নির্ম্মলা ভক্তির কথা চাপা দিবার জন্য সর্ব্বতোভাবে সচেষ্ট। লোকের মনোরঞ্জন করিয়া ভৃতিলাভের আশাই যাঁহাদের জীবনের একমাত্র তাৎপর্য্য, তাঁহারা ভক্তিপথের সৌন্দর্য্য লোকনয়নে আনয়ন করিবার প্রতিপন্থী।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌরসুন্দরের অনুগত গৌড়ীয়গণ শুদ্ধভক্তিপথের পথিক। তাঁহারা প্রাণিমাত্রকে কোন প্রকারে উদ্বেগ দিতে প্রস্তুত না হইলেও জগদ্‌বাসীর সহিত প্রেমাভাব-যুক্ত না হওয়ায় শ্রীচৈতন্যচন্দ্রের দয়ার অনুসরণ করিয়া থাকেন। 'ভোগী' বা 'ত্যাগী' অভিমানীর অহঙ্কারনিরসনের জন্যই অর্জ্জুনের ও উদ্ধবের নিকট শ্রীকৃষ্ণের গান এবং বহির্ম্মুখ জনগণকে বঞ্চনপূর্ব্বক তাহাদের অযোগ্যতার গর্হণকল্পেই ভগবান্ বেদশাস্ত্রের কদর্থ করিবার প্রবৃত্তি জীবহৃদয়ে উদয় করাইয়াছেন।

নিম্নলিখিত নিবন্ধটি পাঠ করিলে পাঠক চরম মঙ্গল লাভ করিবেন। এই মঙ্গল ক্ষণ-কালের জন্য নহে অথবা অপূর্ণ মঙ্গলের প্রকার-ভেদ নহে। ভারতবর্ষে রজোগুণতাড়িত তমোগুণাচ্ছন্ন বিচারক-সম্প্রদায়-ব্যতীত ভক্তিপথের পথিক একেবারে থাকিবেন না, তাঁহাদিগকে ভারতবর্ষ হইতে বৈকুণ্ঠের দিকে অভিযান করাইবার উদ্দেশ্য থাকা উচিত নহে, রজস্তমোগুণাবলম্বিগণ সাত্ত্বিকের বিনাশ কামনা করিয়া থাকেন বলিয়াই শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্যদেব ও শুদ্ধ-ভক্ত গৌড়ীয়গণ ভারতবর্ষে ভক্তির কথা প্রচার করিবেন না বা তাহা চাপা দিয়া রাখিবেন এবং তৎফলে অভক্তের তাণ্ডব নৃত্যে ভারতবাসী মানবগণকে হরিসেবা-বিমুখ রাখিবে —এই কুবিচার গ্রহণ করিতে নিরপেক্ষ সুধীগণ অসমর্থ বলিয়া মহামহোপদেশক অধ্যাপক আচার্য্য শ্রীযুক্ত নিশি-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কান্ত সান্যাল এম্-এ মহোদয়ের একটি নিবন্ধ প্রকাশ করা হইতেছে। যে কোন প্রকারে হউক, এই নিবন্ধ সুপঠিত হইলে অভক্তগণের একমাত্র শ্রেয়ঃ এবং ভক্তগণের আনন্দ বর্দ্ধন করিবে বলিয়াই ইহা প্রকাশিত হইল।

—শ্রীগৌড়ীয়-সঙ্ঘপতি।]

আশ্বিনের (১৩৪২) 'ভারতবর্ষ' পত্রে শ্রীযুত বসন্ত কুমার চট্টোপাধ্যায় এম্-এ "শ্রীচৈতন্যদেব ও জাতিভেদ"-শীর্ষক একটি প্রবন্ধ লিখিয়াছেন। তাহাতে তিনি ঢাকা-বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার মহাশয়ের 'ভারতবর্ষের ইতিহাসে' লিখিত "Chaitanya did away with distinction of caste" (Page 202) অর্থাৎ 'শ্রীচৈতন্যদেব জাতিভেদ তুলিয়া দিয়াছিলেন'—এই কথার সমালোচনা করিয়া বলিয়াছেন,—এই "কথাটি যে কত ভুল, তাহা শ্রীচৈতন্যদেবের জীবনী-সম্বন্ধে প্রামাণিক এবং সর্ব্বজন-পরিচিত 'শ্রীচৈতন্যভাগবত' ও 'শ্রীচৈতন্যচরিতামৃত' আলোচনা করিলেই বুঝিতে পারা যাইবে। শ্রীচৈতন্যদেব বিশ্বাস করিতেন যে, পূর্ব্বকৃত কর্ম্মানুসারে অধিকারভেদের উপর জাতিভেদ প্রতিষ্ঠিত।"

বসন্তবাবু আরও লিখিয়াছেন,—"সংহিতা ও উপনিষদ্ উভয়ের মধ্যেই জাতিভেদের কথা আছে। পুরাণের মধ্যেও যে জাতিভেদের কথা যথেষ্ট পরিমাণে আছে, তাহা বলাই বাহুল্য। শ্রীচৈতন্যদেবের ধর্ম্ম শ্রীমদ্ভাগবতের সহিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট,—ইহা সুবিদিত। শ্রীমদ্ভাগবতে জাতিভেদের কথা অনেক স্থলেই আছে। বস্তুতঃ শ্রীমদ্ ভাগবতে স্পষ্টভাবে উল্লেখ করা হইয়াছে যে, ঈশ্বর জাতিভেদ সৃষ্টি করিয়াছেন; শ্রীচৈতন্যদেব সনাতনকে তত্ত্বোপদেশ দিবার সময় সেই শ্লোক উদ্ধৃত করিয়াছেন।

মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ।
চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্॥"

(ভাঃ ১১।৫।২)

'শ্রীচৈতন্যদেব জাতিভেদ তুলিয়া দিয়াছিলেন বলিয়া ইংরাজী শিক্ষিত ব্যক্তিগণের মধ্যে যে ভুল ধারণা'র কথা বসন্তবাবু উল্লেখ করিয়াছেন, তাহা একদিকে যেমন আংশিক সত্য, আর একদিকে কর্ম্মজড়স্মার্ত্তভাবাপন্ন আর এক শ্রেণীর ইংরাজী শিক্ষিত ব্যক্তিদের একটি ভুল ধারণা এই যে, শ্রীচৈতন্যদেব তাঁহার অনাবিল পারমার্থিক বিচারকে পার্থিব জাতিভেদের গণ্ডির মধ্যে প্রবেশ করাইয়াছিলেন। তাঁহারা শ্রীচৈতন্যদেবের অন্য কোন শিক্ষাই গ্রহণ করেন না; কিন্তু শ্রীচৈতন্যদেবের দ্বারা নিজেদের পার্থিব সুবিধাবাদের সমর্থন করাইয়া লইবার উদ্দেশ্যে 'শ্রীচৈতন্যভাগবত', 'শ্রীচৈতন্যচরিতামৃত' প্রভৃতি গ্রন্থ হইতে বর্ণভেদের প্রয়োজনমত একদেশিবাক্য সংগ্রহ করিয়া সার্ব্বদেশিক সিদ্ধান্তবাক্যসমূহকে আবৃত করেন। শ্রীচৈতন্যদেব কোন পার্থিব সমাজ-সংস্কারক ছিলেন না,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তিনি কর্ম্মবাদ বা জ্ঞানবাদেরও প্রচারক ছিলেন না; কাজেই পূর্ব্বকর্ম্মানুসারে যে ব্যক্তি যে ব্যবহারিক কুলে জন্মগ্রহণ করিয়াছেন, তাহার সংরক্ষণ বা তদ্বিরুদ্ধে কোন অভিযান,—উভয়ই তাঁহার আলোচনার বিষয় ছিল না। শ্রীচৈতন্যদেব সনাতন-শিক্ষায় বলিয়াছেন,—

চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।
স্বকর্ম্ম করিতে সে রৌরবে পড়ি মজে॥
(চৈঃ চঃ মঃ ২২।২৬)

পুণ্যকর্ম্মফলে কেহ চ্যুতগোত্রীয় ঋষিকুলের অন্তর্গত ব্রাহ্মণযোনিতে জন্মগ্রহণ করিয়াছেন, কেহ বা পুণ্যের ক্রমিক অল্পতানুযায়ী যথাক্রমে ক্ষত্রিয়-বৈশ্যাদিকুলে জন্মগ্রহণ করিয়াছেন; ইঁহারা যদি সেই সেই বর্ণের সমস্ত কার্য্য যথাযথ ভাবে প্রতিপালনও করেন, তথাপি একমাত্র কৃষ্ণভজন না করিলে তাঁহাদিগকে রৌরব-নরক-যন্ত্রণা ভোগ করিতে হইবে। রৌরব-নরকের বর্ণনা শ্রীমদ্ভাগবত ৫।২৬।১০-১২ শ্লোকে দেখিতে পাওয়া যায়। যাহারা এই পৃথিবীতে দেহ ও অর্থাদিতে 'আমি ও আমার' বুদ্ধি করিয়া অপর প্রাণীর হিংসার দ্বারা নিজের ও আত্মীয়-স্বজনের ভরণপোষণ করে, তাহারা রৌরব-নরকে পতিত হয়। 'রুরু' নামক প্রাণী সর্প হইতেও অত্যন্ত ক্রূরস্বভাব-বিশিষ্ট প্রাণিবিশেষ। পূর্ব্বহিংসিত প্রাণিগণই পরলোকে 'রুরু' হইয়া দেহাভিমানী ব্যক্তিকে পীড়ন করিয়া থাকে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্রাভিমান—সকলই কর্ম্মফল-জাত বদ্ধদেহের অভিমান। দেহাত্মবুদ্ধিই উচ্চ বা নীচ-জাতি-বুদ্ধির মূল। এইজন্য শ্রীচৈতন্যদেব লোকশিক্ষার্থ স্বমুখে বলিয়াছেন,—

"নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিল-পরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥"

(পদ্যাবলী ও চৈঃ চঃ ম ১৩।৮০)

আমি ব্রাহ্মণ নহি, ক্ষত্রিয়-রাজা নহি, বৈশ্য নহি, কিংবা শূদ্রও নহি; আমি ব্রহ্মচারী নহি, গৃহস্থ নহি, বানপ্রস্থ নহি, সন্ন্যাসীও নহি; কিন্তু নিত্য স্বতঃপ্রকাশমান নিখিল পরমানন্দপূর্ণ অমৃতসমুদ্ররূপ শ্রীকৃষ্ণের পদকমলের দাসগণের দাসানুদাস।

সনাতন-শিক্ষায় শ্রীচৈতন্যদেব,—"কৃষ্ণ-নিত্যদাস জীব তাহা ভুলি' গেল। এই দোষে মায়া তা'র গলায় বান্ধিল। চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।"—প্রভৃতি প্রসঙ্গের অব্যবহিত পরেই "মুখবাহূরুপাদেভ্যঃ" (ভাঃ ১১।৫।২-৩) শ্লোকের অবতারণা করিয়াছেন; কিন্তু বসন্তবাবু 'ব্রাহ্মণাদি জাতি পরমেশ্বরের মুখ, বাহু, ঊরু ও পদ হইতেই যথাক্রমে জাত হইয়াছে' মাত্র এই কথাটি জানাইবার জন্য উক্ত শ্লোকের একাংশের সুযোগ গ্রহণ করিয়াছেন। পরের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অপরিহার্য্য প্রয়োজনীয় অংশ—যাহা শ্রীচৈতন্যদেব উদ্ধার করিয়াছেন, তাহা তিনি উদ্ধৃত করেন নাই। তাহা এই,—

"য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরম্।
ন ভজন্ত্যবজানন্তি **স্থানাদ্‌ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ॥"**
(ভাঃ ১১।৫।৩)

ইহারই পদ্যানুবাদ——"চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।" ইত্যাদি।

পূর্ব্বকৃত কর্ম্মানুসারে অধিকারভেদের কথা বসন্তবাবু বিশ্বাস করেন বলিয়া স্বীকার করিয়াছেন এবং তিনি শ্রীমদ্ভাগবত ও পুরাণাদিও বিশ্বাস করেন বলিয়া জানাইয়াছেন। কিন্তু 'আমি ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করিয়াছি'—এই বদ্ধজীবোচিত দেহাভিমান লইয়া যদি আমি কেবল স্বকর্ম্ম করিয়া যাই, অথচ নিষ্কপটভাবে কৃষ্ণভজন না করি, বা কৃষ্ণভজনকে গৌণ কিংবা অন্য-উদ্দেশ্যসাধক করিয়া রাখি, তাহা হইলে আমাকে **স্বস্থান হইতে ভ্রষ্ট হইতে হইবে,**—ইহাই ভাগবতের সিদ্ধান্ত অর্থাৎ আমি ক্রমে ক্রমে অধঃপতিত হইতে হইতে শূদ্র, এমন কি, অন্ত্যজ হইয়া যাইতে পারি। শ্রীচৈতন্যদেবের যে সনাতনশিক্ষার কথা বসন্তবাবু উদ্ধার করিয়াছেন, তাহাতে হরিসেবাহীন স্বকর্ম্মসাধক চারি বর্ণাশ্রমীর ন্যায় নির্ব্বেদজ্ঞানসাধক বর্ণাশ্রমীরও পাতিত্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অবশ্যম্ভাবী,—ইহাই উক্ত হইয়াছে। কেননা, "য এষাং পুরুষং সাক্ষাৎ" শ্লোকের অব্যবহিত পূর্ব্বের ও পরের পদ্যানুবাদ "স্বকর্ম্ম করিতে সে রৌরবে পড়ি মজে" এবং "জ্ঞানী জীবন্মুক্ত দশা পাইনু করি' মানে" ও তৎসঙ্গে শ্রীমদ্ভাগবতের (১০।২।২৬) "পতন্ত্যধোঽনাদৃত-যুষ্মদঙ্ঘ্রয়ঃ" শ্লোক কর্ম্মী ও জ্ঞানী বর্ণাশ্রম-ধর্ম্মযাজীর অধঃপতন প্রমাণিত করিয়াছে।

"মুখবাহূরুপাদেভ্যঃ" (ভাঃ ১১।৫।২) এই শ্লোকের মূল বেদের সুপ্রসিদ্ধ পুরুষসূক্ত। অধ্যাপক শ্রীযুক্ত মোহিনীমোহন রায় এম্-এ, বি-এল বেদতীর্থ মহাশয় তাঁহার 'বৈদিকসন্দর্ভ' পুস্তকে "ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ" ইত্যাদি পুরুষসূক্তের কথা উল্লেখ কবিয়া লিখিয়াছেন যে, "উক্ত মন্ত্রে 'ব্রাহ্মণ সেই পুরুষের মুখ'—এই কথা বলায় ব্রাহ্মণ জনসাধারণের উপদেষ্টা—এই অর্থ ই সূচিত হয়। তেমনি বাহুবলের আবাস-স্থল, বাহুস্থানীয় ক্ষত্রিয় অস্ত্র-শস্ত্রাদি-পরিচালনা-দ্বারা রাজ্যশাসন ও সংরক্ষণাদি করিবেন, আর বৈশ্যকে উরু করা হইয়াছে—ইহাদ্বারা দেহের নিম্নতর অংশবিশেষ যেরূপ ভক্ষ্যবস্তুর প্রধান আধারস্বরূপ, তেমনি সকলের জন্য খাদ্যসংগ্রহ বৈশ্যজাতিরই করণীয়—ইহাই সূচিত হয়। আর শূদ্র পাদ হইতে উৎপন্ন হওয়ার দ্বারা ইহাই বুঝিতে হইবে যে, পদ যেরূপ শরীরের অন্যান্য প্রত্যঙ্গকে স্থিরভাবে ধারণ করিয়া থাকে, তেমনি শূদ্রও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্যান্য শক্তিকে দৃঢ়ীভূত রাখার জন্য অন্যান্যের সেবা করিবেন।

মানুষের এই জাতিগত বিভাগ যে জন্মগত, এবিষয়ে বেদে অকাট্য নির্দ্দোষ প্রমাণ পরিস্ফুটরূপে উপলব্ধ হয় না। গীতোক্ত বর্ণ-বিভাগ জাতিগত বলিয়া মনে হয় না। উহা গুণ ও কর্ম্মানুসারে হইয়াছে, তাই শ্রীভগবান্ বলিয়াছেন,—

চাতুর্বর্ণ্যং ময়া সৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।

তবে উক্ত শ্লোকটিতেও প্রাচীনপন্থিগণ (?) 'সৃষ্ট'-শব্দটির উপর জোর দিয়া জন্মগত বিভাগরূপ স্বমতের প্রতিষ্ঠা করিতে কুণ্ঠিত হন নাই।

অত্রাবস্থায় সবিস্তারে বেদার্থ নির্ণয় করিতে হইলে ইতিহাস ও পুরাণের আশ্রয় গ্রহণ করার বিধি শাস্ত্রে রহিয়াছে। এই চাতুর্বর্ণ্য-বিভাগ যে গুণকর্ম্মগত, তাহা ভারতের প্রাচীন ইতিহাস মহাভারতে বেদব্যাস স্পষ্টভাবে উল্লেখ করিয়াছেন,—

ন বিশেষোঽস্তি বর্ণানাং সর্ব্বং ব্রাহ্মমিদং স্মৃতম্।
ব্রহ্মণা পূর্ব্বসৃষ্টং হি কর্ম্মভির্বর্ণতাং গতম্॥

মহর্ষি আপস্তম্ব ধর্ম্মসূত্রে প্রদর্শন করিয়াছেন,—নিম্ন বর্ণের লোক ধর্ম্মাচরণের দ্বারা—পূর্ব্ব পূর্ব্ব বর্ণ প্রাপ্ত হইয়া থাকে, তখন তাহার জাতি-পরিবর্ত্তন হইয়া থাকে। আর উচ্চবর্ণ অধর্ম্মাচরণ-দ্বারা জাতি-পরিবৃত্তি-বশতঃ নিম্নতর বর্ণ প্রাপ্ত হইয়া থাকে,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধর্ম্মচর্য্যয়া জঘন্যো বর্ণঃ পূর্ব্বং পূর্ব্বং
বর্ণমাপদ্যতে জাতিপরিবৃত্তৌ।
অধর্ম্মচর্য্যয়া পূর্ব্বো বর্ণো জঘন্যং
বর্ণমাপদ্যতে জাতি-পরিবৃত্তৌ ॥

পরাশর বলিয়াছেন,—শূদ্রও সদাচার-সম্পন্ন ও গুণবান্ হইলে ব্রাহ্মণ হইয়া থাকে, আবার ব্রাহ্মণও যদি ব্রাহ্মণোচিত ক্রিয়া-বিবর্জ্জিত হয়, তবে শূদ্রাপেক্ষাও অধম হইয়া থাকে,—

শূদ্রোঽপি শীলসম্পন্নো গুণবান্ ব্রাহ্মণো ভবেৎ।
ব্রাহ্মণোঽপি ক্রিয়াহীনঃ শূদ্রাৎপ্রত্যবরো ভবেৎ ॥

মনুও বলিয়াছেন,—ক্রিয়াদ্বারা শূদ্রও ব্রাহ্মণ হইয়া থাকে, আবার ব্রাহ্মণও শূদ্র হইয়া যায়,—

শূদ্রো ব্রাহ্মণতামেতি ব্রাহ্মণশ্চেতি শূদ্রতাম্।

সুতরাং পূর্ব্বোক্ত যুক্তিসমূহ-সাহায্যে বর্ণ-বিভাগ গুণ-কর্ম্ম-বিভাগানুসারেই সংগঠিত হইয়াছে,—ইহাই প্রতিপন্ন হয়।”—(বৈদিকসন্দর্ভ ২য় ভাগ ১৫২-১৫৫ পৃষ্ঠা)

শ্রীচৈতন্যদেবের জাতিভেদ-বিচার-সম্বন্ধে শ্রীচৈতন্য-ভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃতোক্ত সিদ্ধান্ত আমরা পরে আলোচনা করিব, তৎপূর্ব্বে যে শ্রীচৈতন্যদেবের ধর্ম্ম শ্রীমদ্ভাগবতের সহিত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট এবং যে শ্রীমদ্-ভাগবতে 'জন্মগত জাতিভেদের কথা উক্ত হইয়াছে' বলিয়া বসন্তবাবু লিখিয়াছেন, সেই শ্রীমদ্ভাগবতের সিদ্ধান্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আলোচনা করা প্রয়োজন। শ্রীমদ্ভাগবতের ৭ম স্কন্ধে দেখিতে পাওয়া যায়,—

"যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো বর্ণাভিব্যঞ্জকম্।
যদন্যত্রাপি দৃশ্যেত তত্তেনৈব বিনির্দ্দিশেৎ॥"

(ভাঃ ৭।১১।৩৫)

মনুষ্যগণের বর্ণের প্রকাশক যে-সকল লক্ষণ কথিত হইল, সেই সেই লক্ষণ যদি জন্মগত বর্ণব্যতীত অন্যত্র লক্ষিত হয়, তাহা হইলে সেই লক্ষণের দ্বারাই বর্ণ নির্দ্দেশ করিতে হইবে অর্থাৎ কেবল জাতিনিমিত্তে বর্ণ নির্দ্দিষ্ট হইবে না।

শ্রীচৈতন্যদেব যাঁহার সিদ্ধান্ত অভ্রান্ত ও যাঁহাকে জগদ্গুরু বলিয়াছেন, সেই ব্রাহ্মণকুলশিরোমণি জগদ্গুরু শ্রীধরস্বামিপাদ * উক্ত শ্লোকের টীকায় বলিতেছেন,—

"শমাদিভিরেব ব্রাহ্মণাদি-ব্যবহারো মুখ্যঃ, ন জাতি-মাত্রাৎ। যদ্ যদি অন্যত্র বর্ণান্তরেঽপি দৃশ্যেত, তদ্বর্ণান্তরং তেনৈব লক্ষণনিমিত্তেনৈব বর্ণেন বিনির্দ্দিশেৎ, ন তু জাতিনিমিত্তেনেত্যর্থঃ।"—(ভাঃ ৭।১১।৩৫ ভাবার্থদীপিকা)

শমাদিগুণ-দর্শন-দ্বারা ব্রাহ্মণাদি বর্ণ স্থির করাই প্রধান ব্যবহার। সাধারণতঃ জাতি-দ্বারা যে ব্রাহ্মণত্ব নিরূপিত

---

* প্রভু হাসি' কহে,—স্বামী না মানে যেই জন।
বেশ্যার ভিতরে তারে করিয়ে গণন॥
(চৈঃ চঃ অঃ ৭।১১১)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হয়, কেবল তাহাই নিয়ম নহে ; ইহা প্রতিপাদন করিবার জন্যই "যস্য যল্লক্ষণং"—(ভাঃ ৭।১১।৩৫) শ্লোকের অবতারণা করিতেছেন। যদি সংস্কারযুক্ত ব্রাহ্মণ ব্যতীত অশৌক্র বা সংস্কারহীন ব্রাহ্মণে অর্থাৎ যাঁহার 'ব্রাহ্মণ'-সংজ্ঞা নাই—এরূপ ব্যক্তিতে শমাদিগুণ দৃষ্ট হয়, তাহা হইলে তাঁহাকে শৌক্র জাতিনিমিত্তে বাধ্য না করিয়া লক্ষণ-দ্বারা তাঁহার বর্ণ নিরূপণ করিতে হইবে। অন্যথা প্রত্যবায়গ্রস্ত হইতে হইবে।

শ্রীমদ্ভাগবত জন্মগত বর্ণকে 'চ্যুতগোত্রীয়' এবং বৈষ্ণবকে 'অচ্যুতগোত্রীয়' বলিয়া জানাইয়াছেন (ভাঃ ৪।২১ ১২) ; কারণ, বৈষ্ণবতা জন্মগত কোন ব্যাপার নহে। জন্মব্যাপারটি চ্যুতি বা স্খলন হইতে উদিত। জন্মগত সর্ব্বোৎকৃষ্ট বর্ণ বর্ত্তমান জন্মের কর্ম্মফলানুযায়ী পরজন্মে যে-কোন নীচযোনি, এমন কি, পশু-পক্ষী-কীট-পতঙ্গও হইতে পারেন ; এজন্মেও নানাভাবে তাঁহার চ্যুতি ঘটিতে পারে। কিন্তু বৈষ্ণবতা অচ্যুত ও নিত্য, তাহা আত্মা ও চেতনের বৃত্তি, তাহাতে জড়ের কোন স্পর্শ নাই।

ইহা প্রত্যক্ষ সত্য যে, যাহা জন্মগত, তাহাই নশ্বর ও পরিণামশীল, তাহাতেই নানাপ্রকার হেয়তা ও অনুপাদেয়তা আছে,—

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।—(গীঃ ২।২৭)

শ্রীমদ্ভাগবত এই কর্ম্মসৃষ্ট ব্যাপারকে চিরদিনই গর্হণ করিয়াছেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্ম্মণাং পরিণামিত্ত্বাদাবিরিঞ্চ্যাদমঙ্গলম্।
বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ ॥
(ভাঃ ১১।১৯।১৮)

পণ্ডিত ব্যক্তি ব্রহ্মলোক পর্য্যন্ত যাবতীয় অদৃষ্ট পুণ্যকেও কর্ম্মজনিত জানিয়া অমঙ্গল-স্বরূপ ও ক্ষণস্থায়ী বলিয়া বিচার করিবেন।

শ্রীমদ্ভাগবতের ৫।৪।১২, ৯।১৭।৩, ৯।২০।১ শ্লোক এবং আরও বহু বহু প্রমাণ আলোচনা করিলে দেখা যায় যে, ভাগবতে জন্মগত বর্ণ-বিধান অপেক্ষা বৃত্তগত বর্ণ-বিধানেরই অধিকতর প্রাধান্য প্রতিষ্ঠিত হইয়াছে। ক্ষত্রিয় ঋষভদেব দেবদত্তা জয়ন্তী ভার্য্যার গর্ভে যে একশত সন্তান উৎপাদন করিয়াছিলেন, তন্মধ্যে ভরত ভারতবর্ষের এবং তাঁহার অনুজ নয়জন নয়টি বর্ষের রাজা হইয়াছিলেন; কবি, হবি প্রভৃতি নয়টি পুত্র 'নবযোগেন্দ্র'-নামে খ্যাত হইয়া মহাভাগবত বৈষ্ণব হন এবং অবশিষ্ট একাশীতিটি সন্তান ব্রাহ্মণ হইয়াছিলেন।

পুরুবংশে অনেক ব্রহ্মর্ষি জন্মগ্রহণ করিয়াছিলেন। চন্দ্রবংশীয় আয়ুরাজের পুত্র ক্ষত্রবৃদ্ধ; সেই বংশে শৌনক ব্রাহ্মণতা লাভ করিয়া মুনি হইয়াছিলেন। এইরূপ শত শত প্রমাণ শ্রীমদ্ভাগবতে পাওয়া যায়।

শ্রীমদ্ভাগবত আলোচনা করিলে জানা যায় যে, সত্যযুগে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র—এরূপ বর্ণ-বিভাগ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ছিল না ; ত্রেতাযুগের আরম্ভ হইতেই গুণকর্ম্মের বিভাগ-দ্বারা চারিটি বর্ণ প্রকাশিত হইয়াছে। 'গুণকর্ম্ম'—এই কথাটি বর্ণ-নির্ণয়ের মূল কথা ; ইহাকে ছাড়িয়া দিলে বর্ণ-শব্দের কোনপ্রকার মর্য্যাদাই থাকে না। গুণের দ্বারাই ইহলোকে ও পরলোকে সকলে চিহ্নিত ও পূজিত হন।

"আদৌ **কৃতযুগে** বর্ণো নৃণাং **হংস** ইতি স্মৃতঃ।"

"ত্রেতামুখে মহাভাগ প্রাণান্মে হৃদয়াৎ ত্রয়ী।
বিদ্যা প্রাদুরভূৎ তস্যা অহমাসং ত্রিবৃন্মখঃ ॥
বিপ্র-ক্ষত্রিয়-বিট্-শূদ্রা মুখবাহূরুপাদজাঃ।
বৈরাজাৎ পুরুষাজ্জাতা য **আত্মাচারলক্ষণাঃ** ॥"

(ভাঃ ১১।১৭।১০,১২-১৩)

বসন্তবাবু পুরাণের মধ্যে জন্মগত জাতিভেদের যথেষ্ট প্রমাণের কথা উল্লেখ করিয়াছেন। সেই পুরাণ এবং হিন্দুগণের সর্ব্বমান্য পুরাণ মহাভারতে গুণগত বর্ণ-বিধানের উপদেশ ও সহস্র সহস্র নজির রহিয়াছে।

ন যোনির্নাপি সংস্কারো ন শ্রুতং ন চ সন্ততিঃ।
কারণানি দ্বিজত্বস্য বৃত্তমেব তু কারণম্ ॥
সর্ব্বোঽয়ং ব্রাহ্মণো লোকে **বৃত্তেন** তু বিধীয়তে।
বৃত্তে স্থিতস্তু শূদ্রোঽপি ব্রাহ্মণত্বং নিযচ্ছতি ॥

(মঃ ভাঃ অনুঃ শাঃ পঃ ১৪৩।৫০,৫১)

জন্ম, সংস্কার, বেদাধ্যয়ন বা সন্ততি—কোনওটিই দ্বিজত্বের কারণ নহে, বৃত্তই একমাত্র কারণ। বৃত্তে অর্থাৎ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বর্ণাভিব্যঞ্জক স্বভাবে প্রতিষ্ঠিত হইলে শূদ্রও ব্রাহ্মণত্ব প্রাপ্ত হয়।

জন্মগত বর্ণ-বিধান কেন দূষিত ও সংশয়াপন্ন হইতে পারে, তদ্বিষয়ে মহাভারতে পরম সত্যবাদী ধর্ম্মরাজ যুধিষ্ঠির নহুষকে বলিতেছেন,—

জাতিরত্র মহাসর্প মনুষ্যত্বে মহামতে।
সঙ্করাৎ সর্ব্ববর্ণানাং দুষ্পরীক্ষ্যেতি মে মতিঃ॥
সর্ব্বে সর্ব্বাস্বপত্যানি জনয়ন্তি সদা নরাঃ।
বাঙ্মৈথুনমথো জন্ম মরণঞ্চ সমং নৃণাম্॥

(মঃ ভাঃ বঃ পঃ ১৮০।৩১-৩২)

হে মহামতে মহাসর্প, মনুষ্যত্বে সকল বর্ণের মধ্যে সাঙ্কর্য্যবশতঃ ব্যক্তিবিশেষের জাতিনিরূপণকার্য্য—দুষ্পরীক্ষ্য, ইহাই আমার বিশ্বাস ; যেহেতু সকল বর্ণের মানবগণ সকল বর্ণের স্ত্রীতেই সন্তান উৎপন্ন করিতে সমর্থ। মানবগণের বাক্য, মৈথুন, জন্ম ও মরণ—সকলবর্ণেরই একই প্রকার।

প্রবন্ধ-বিস্তার-ভয়ে আরও অন্যান্য পুরাণের বহু প্রমাণ এখানে উদ্ধৃত হইতে পারিল না।

সামবেদীয় ছান্দোগ্যোপনিষদের চতুর্থ প্রপাঠকের চতুর্থ খণ্ডে জবালা-তনয় সত্যকাম ও গৌতমের প্রসঙ্গ হইতে জানা যায় যে, গৌতম গুণবিচারদ্বারাই সত্যকাম-জাবালের বর্ণ নির্ণয় করিয়াছিলেন। এই প্রসঙ্গের যথার্থ তাৎপর্য্য আবরণ করিয়া কেহ কেহ বিকৃত অর্থ করিয়া থাকেন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বটে ; কিন্তু শ্রুতির তাৎপর্য্য বুঝিতে সংশয় বা মতভেদ উপস্থিত হইলে পুরাণের সিদ্ধান্তের আশ্রয় গ্রহণ করিতে হয়। ছান্দোগ্যোপনিষদের মাধ্বভাষ্যধৃত সামসংহিতার বাক্যের সহিত মিলাইয়া ছান্দোগ্যশ্রুত্যুক্ত সিদ্ধান্ত নির্ণয় করা যায়।

আর্জ্জবং ব্রাহ্মণে সাক্ষাৎ শূদ্রোঽনার্জ্জবলক্ষণঃ।
গৌতমস্ত্বিতি বিজ্ঞায় সত্যকামমুপানয়ৎ ॥
(ছান্দোগ্যে মাধ্বভাষ্যধৃত সামসংহিতা-বাক্য)

ব্রাহ্মণে সাক্ষাৎ সরলতা এবং শূদ্রে কুটিলতা বর্ত্তমান। হারিদ্রুমত গৌতম এইরূপ গুণ বিচার করিয়াই সত্যকামকে উপনয়ন বা সাবিত্র্য-সংস্কার প্রদান করিয়াছিলেন।

"গৌতম সত্যকামের সরলতা দেখিয়া তাঁহাকে সংস্কার-লব্ধ ব্রাহ্মণের ঔরসজাত-সন্তান বলিয়া বিবেচনা করিয়াছিলেন"—এইরূপ সিদ্ধান্ত করিলে শ্রুতির মন্ত্রের সহিত সঙ্গতি হয় না। কেননা, যৌবনে বহু লোকের পরিচর্য্যা-কারিণী জবালার নিজ পতির গোত্র না জানা কোনপ্রকার যুক্তি-দ্বারাই প্রকৃতপ্রস্তাবে সমর্থিত হইতে পারে না। দ্বিতীয়তঃ, আচার্য্য শঙ্করের ভাষ্যোপেত বজ্রসূচিকোপনিষদের মন্ত্রের সহিতও এইরূপ বিকৃত অর্থের সঙ্গতি হয় না,—

"তর্হি জাতির্ব্রাহ্মণ ইতি চেত্তন্ন। তত্র জাত্যন্তর-জন্তুষ্ব অনেকজাতিসংভবা মহর্ষয়ো বহবঃ সন্তি। ঋষ্যশৃঙ্গো মৃগ্যাঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৌশিকঃ কুশাৎ। জাম্বুকো জম্বুকাৎ। বাল্মীকো বল্মীকাৎ। ব্যাসঃ কৈবর্ত্তকন্যায়াম্। শশপৃষ্ঠাৎ গৌতমঃ। বশিষ্ঠঃ উর্ব্বশ্যাম্। অগস্ত্যঃ কলসে জাত ইতি শ্রুতত্বাৎ। এতেষাং জাত্যা বিনাপ্যগ্রে জ্ঞানপ্রতিপাদিতা ঋষয়ো বহবঃ সন্তি। **তস্মান্ন জাতিঃ ব্রাহ্মণঃ।"**

তাৎপর্য্য—তাহা হইলে কি 'জাতিই ব্রাহ্মণ' ?—তাহা নহে। অন্যজাতীয় প্রাণিমধ্যে অনেক জাত্যুদ্ভূত মহর্ষি-গণও উৎপন্ন। মৃগী হইতে ঋষ্যশৃঙ্গ, কুশ হইতে কৌশিক, জাম্বুক হইতে জম্বুকঋষি, বল্মীক হইতে বাল্মীকি, কৈবর্ত্ত-কন্যা হইতে ব্যাস, শশপৃষ্ঠ হইতে গৌতম, উর্ব্বশী হইতে বশিষ্ঠ এবং কলস হইতে অগস্ত্য উৎপন্ন হইয়াছেন শুনা যায়। এতদ্ভিন্ন ভিন্নজাত্যুৎপন্ন বহুঋষি আছেন, তজ্জন্য 'জাতি' 'ব্রাহ্মণ' নহে।

"যঃ কশ্চিদাত্মানং অদ্বিতীয়ং * * * অশেষভূতান্তর্যামি-ত্বেন বর্ত্তমানং অন্তর্ব্বহিশ্চাকাশবদনুস্যূতমখণ্ডানন্দস্বভাবং অপ্রমেয়ং অনুভবৈকবেদ্যং অপরোক্ষতয়া ভাসমানং করতলা-মলকবৎ সাক্ষাদপরোক্ষীকৃত্য কৃতার্থতয়া কামরাগাদি-দোষ-রহিতঃ শম-দমাদিসম্পন্নো ভাবমাৎসর্য্যতৃষ্ণাশামোহাদি-রহিতো দম্ভাহঙ্কারাদিভিরসংস্পৃষ্টচেতা বর্ত্ততে। এবমুক্ত-লক্ষণো যঃ স এব ব্রাহ্মণ ইতি **শ্রুতিস্মৃতি-পুরাণেতিহাসানামভিপ্রায়ঃ। অন্যথা হি ব্রাহ্মণত্বসিদ্ধির্নাস্ত্যেব।**"—(বজ্রসূচিকোপনিষৎ)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাৎপর্য্য—যে কেহ আত্মাকে অদ্বিতীয়, অশেষ প্রাণীর অন্তর্যামিরূপে বর্ত্তমান, আকাশের ন্যায় অন্তর্বাহ্যে অনুস্যূত, অখণ্ড আনন্দ-স্বভাব-সম্পন্ন, অপ্রমেয়, অনুভবৈকবেদ্য এবং অপরোক্ষ প্রকাশময় জানিয়া করতলস্থিত আমলক ফলের ন্যায় সাক্ষাৎ অপরোক্ষীকরণ-পূর্ব্বক কৃতার্থ হইয়া কাম-রাগাদি-দোষশূন্য, শম-দমাদি-বিশিষ্ট, ভাব, মাৎসর্য্য, তৃষ্ণাশা, মোহাদি রহিত এবং দম্ভ, অহঙ্কারাদি দ্বারা অসংস্পৃষ্ট-চিত্ত হইয়া বাস করেন, এই প্রকার কথিত লক্ষণ-বিশিষ্ট যিনি, তিনিই 'ব্রাহ্মণ'—ইহাই শ্রুতি, স্মৃতি, ইতিহাস, পুরাণাদির অভিপ্রায়। অন্যথা ব্রাহ্মণত্ব সিদ্ধ হয় না।

বেদান্ত-সূত্রের ১।৩।৩৪ ও ৩৫ সূত্র এবং পদ্মপুরাণ ও ব্রহ্মপুরাণ-বাক্য—যাহা শ্রীমন্মধ্বাচার্য্য তাঁহার ভাষ্যে উদ্ধার করিয়াছেন, তাহা হইতেও জানা যায় যে, লক্ষণের দ্বারা বর্ণ নিরূপিত হয়। শোক-দ্বারা যিনি দ্রবীভূত হন, তিনিই শূদ্র। রাজা পৌত্রায়ণ ক্ষত্রিয় হইলেও শোকের বশবর্ত্তী হওয়ায় রৈক্কমুনি-দ্বারা 'শূদ্র' বলিয়া অভিহিত হইয়াছেন। শ্রীমন্মধ্ব-সম্প্রদায়ের প্রসিদ্ধ বেদান্তাচার্য্য জয়-তীর্থ তাঁহার শ্রুত-প্রকাশিকা টীকায় 'বৃশ্চিকতাণ্ডুলীয়ক' ন্যায়ের অবতারণা করিয়াছেন,—

"ব্রাহ্মণাদেব ব্রাহ্মণ ইতি নিয়মস্য ক্বচিদন্যথাত্বোপপত্তে বৃশ্চিকতাণ্ডুলীয়কাদিবদিতি।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃশ্চিকের ঔরসে বৃশ্চিকীর গর্ভে বৃশ্চিক উৎপন্ন হয়। আবার কোন কোন সময় তণ্ডুল হইতেও বৃশ্চিকাদি কীটের উৎপত্তি দেখা যায়। বশিষ্ঠ, অগস্ত্য, ঋষ্যশৃঙ্গ, ব্যাসদেব প্রভৃতি ঋষিগণ পূর্ব্বোক্ত সাধারণ বীর্য্য-প্রবাহান্তর্গত ব্রাহ্মণ নহেন। অতএব জন্ম এবং বৃত্ত (বৃত্তি বা গুণানুসারে) উভয়ভাবেই বর্ণনিরূপণ শাস্ত্রবিধি। শ্রীমদ্ভাগবতের "যস্য যল্লক্ষণং প্রোক্তং" শ্লোকও তাহাই বলিয়াছেন।

আমরা বেদ, উপনিষদ্, ব্রহ্মসূত্র, শ্রীমদ্ভাগবত, মহাভারত ও পুরাণাদির সিদ্ধান্ত আলোচনা করিলাম। এখন দেখা যাউক, শ্রীচৈতন্যদেব কিরূপ বর্ণবিচার করিয়াছেন।

শ্রীচৈতন্যভাগবতকার শ্রীমন্মহাপ্রভুর যে বিপ্রপাদোদক-পান-লীলার কথা বলিয়াছেন, বা শ্রীকৃষ্ণদ্বৈপায়ন-বেদব্যাস যে শ্রীকৃষ্ণের ভৃগুপদচিহ্ন ধারণের কথা লিখিয়াছেন, তদুভয়েরই উদ্দেশ্য—ভগবদ্ভক্তের মহিমা-প্রকাশ। শ্রীচৈতন্য-ভাগবতে মহাপ্রভুর বিপ্রপাদোদক-পানের তাৎপর্য্য এইরূপ লিখিত হইয়াছে, যথা—

যে তাহান দাস্যপদ ভাবে নিরন্তর।
তাহান অবশ্য-দাস্য করেন ঈশ্বর॥
অতএব নাম তা'ন সেবক-বৎসল।
আপনে হারিয়া বাড়ায়েন ভৃত্যবল॥

(চৈঃ ভাঃ আঃ ১৭।২৫-২৬)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভৃগুর প্রসঙ্গেও শ্রীচৈতন্যভাগবতে লিখিত আছে,—

মূলে কৃষ্ণ প্রবেশিয়া ভৃগুর দেহেতে।
করাইলা ভক্তির মহিমা প্রকাশিতে ॥
জ্ঞানপূর্ব্বক ভৃগুর এই কর্ম্ম কভু নয়।
কৃষ্ণ বাড়ায়েন অধিকারী ভক্ত-জয় ॥

(চৈঃ ভাঃ অঃ ৯।৩৮৩-৩৮৪)

ভক্তকে ভগবান্ মস্তকে রাখেন, স্কন্ধে স্থাপন করেন, এমন কি, রাগমার্গীয় ভক্তের পদসেবা পর্য্যন্ত করেন। তদ্দ্বারা 'প্রত্যেক মনুষ্যকেই ভগবান্ তাঁহার মস্তকে চড়িবার বা প্রত্যেক বিপ্রনামধারী ব্যক্তিকেই ভগবান্ তাঁহার বক্ষে পদাঘাত বা তাঁহাকে পদধৌত জল পান করাইবার অধিকার প্রদান করিয়াছেন',—এরূপ প্রমাণিত হয় না। ভগবান্ শূকরকুলে আবির্ভূত হইয়াছিলেন বলিয়া প্রত্যেক বিষ্ঠাভোজী শূকরকেই 'ভগবান্' বলিয়া পূজা করা যায় না। শ্রীচৈতন্যদেব অত্যন্ত পাপী ব্যক্তিগণের মঙ্গলের জন্য পুণ্যাত্মা ব্রাহ্মণ সজ্জনের প্রতি সম্মান প্রদর্শনের আদর্শ প্রকাশ করিয়াছিলেন বলিয়া তাহাই তাঁহার প্রচারের শেষ কথা নহে। পাপ হইতে পুণ্য ভাল; কিন্তু পুণ্য হইতে অনন্তগুণে শ্রেষ্ঠ—বৈষ্ণবতা। শ্রীচৈতন্যদেবের শিক্ষায়ই জানা যায় যে, তিনি বৈষ্ণব-পাদোদক-পানের ফলকে বিপ্র-পাদোদক-পানের ফলের মত অতি সামান্য পার্থিব বা দৈহিক প্রয়োজন-সিদ্ধিতে পর্য্যবসিত করিবার আদর্শ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রদর্শন করেন নাই। শ্রীচৈতন্যদেব তাঁহার আচার ও প্রচারের দ্বারা জানাইয়াছেন যে, বৈষ্ণব-পাদোদকপানে ব্রহ্মানন্দধিক্কারী কৃষ্ণপ্রেম লাভ হয়, আর বিপ্রপাদোদক-পানে সামান্য ক্ষণভঙ্গুর জড়দেহের রোগমাত্র বিনষ্ট হয়। ভবরোগ-মুক্তির পর প্রেমফল-লাভ। দৈহিক রোগমুক্তি হইতে প্রেমফল-লাভ কত অধিক শ্রেষ্ঠ, তাহা সুবুদ্ধিমান্ ব্যক্তিগণই বিচার করিতে পারিবেন। বৈষ্ণব-পাদোদক-পানের মহিমা শ্রীচৈতন্যচরিতামৃত অন্ত্য ১৬।৫৯—৬১ সংখ্যায় দ্রষ্টব্য।

যে হরিদাস ঠাকুরকে তাঁহার নির্য্যাণের পর শ্রীচৈতন্যদেব কোলে করিয়া নাচিয়াছিলেন, বিমানে আরোহণ করাইয়া লইয়া গিয়াছিলেন, যাঁহার স্নান-জলে সমুদ্র **'মহাতীর্থ'** হইয়াছিল, সমস্ত ভক্ত যাঁহার পাদোদক পান করিয়াছিলেন (চৈঃ চঃ অঃ ১১।৬৪) ও যাঁহাকে স্বহস্তে সমাধি দান করিয়াছিলেন, যাঁহার সম্বন্ধে মহাপ্রভু বলিয়াছিলেন,—"তোমা স্পর্শি পবিত্র হৈতে। * * * ক্ষণে ক্ষণে কর তুমি সর্ব্বতীর্থে স্নান। ক্ষণে ক্ষণে কর তুমি যজ্ঞ-তপোদান॥ নিরন্তর কর তুমি বেদ-অধ্যয়ন। **দ্বিজ-ন্যাসী হৈতে তুমি পরম পাবন॥**"—(চৈঃ চঃ মঃ ১১।১৮৯-১৯১), যে হরিদাস ঠাকুরকে শ্রীঅদ্বৈত-প্রভু পিতৃপুরুষের শ্রাদ্ধপাত্র ভোজন করাইয়া বলিয়াছিলেন,—'তুমি খাইলে হয় কোটি-ব্রাহ্মণ-ভোজন'—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(চৈঃ চঃ অ ৩।১২০), যে হরিদাস ঠাকুরের ভুবনপাবনত্ব শ্রীচৈতন্যভাগবত সহস্রমুখে কীর্ত্তন করিয়া বলিয়াছেন,— "হরিদাস-স্পর্শবাঞ্ছা করে দেবগণ। **গঙ্গাও বাঞ্ছেন হরিদাসের মজ্জন ॥**"—(চৈঃ চঃ আ ১৬।১৪২), যে হরিদাসকে লইয়া অদ্বৈতাচার্য্য প্রভু তাঁহার নিজ-শান্তিপুরস্থ গৃহের অভ্যন্তরে মহাপ্রভুর আদেশে এক পংক্তিতে 'যথেচ্ছ' ভোজন করিয়াছিলেন এবং স্বয়ং মহাপ্রভু হরিদাসকে তাঁহার সহিত এক পংক্তিতে ভোজন করিবার জন্য আহ্বান করিয়াছিলেন (কপটতা করিয়া আহ্বান করেন নাই)—[চৈঃ চঃ ম ৩।১০৬-১০৭], যে ঠাকুর হরিদাস ব্রাহ্মণশ্রেষ্ঠ শ্রীবলরাম আচার্য্যের আরাধ্য গুরুদেব ছিলেন—(চৈঃ চঃ অ ৩।১৬৬), যে হরিদাসের চরণে ব্রাহ্মণকুলে অবতীর্ণ স্মার্ত্ত ভট্টাচার্য্য ও কাশীবাসী ব্রাহ্মণ সন্ন্যাসীর বেদান্তাধ্যাপক শ্রীসার্ব্বভৌম পুনঃ পুনঃ সাষ্টাঙ্গে প্রণত হইয়া হরিদাসের কৃপা ভিক্ষা করিয়াছেন (চৈঃ চঃ মহাকাব্য ১৩শ সর্গ ৪৭, ৪৮); সেই ব্রহ্মজ্ঞ-কুল-শিরোমণিগণের গুরুপাদপদ্ম ঠাকুর হরিদাসকে শ্রীচৈতন্যদেব অস্পৃশ্য-জ্ঞানে (!) মন্দিরের চক্র দেখিবার ব্যবস্থা করিয়াছিলেন, মন্দিরে প্রবেশাধিকার দেন নাই,—এই বিচার দেখাইয়া বসন্তবাবু যে তামসিক আগম-শাস্ত্রের বাক্য উদ্ধার করিয়াছেন, তাহাতে 'তথান্যানাং' শব্দের দ্বারা যাহাদিগকে লক্ষ্য করিয়াছেন, অনুবাদে তাহা আবৃত হইয়াছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাত্বত-বৈষ্ণব-শাস্ত্রের সিদ্ধান্ত কর্ম্মজড়-চিত্তবৃত্তিতে উপলব্ধির বিষয় হয় না। তথাপি যাঁহারা সত্যানুসন্ধিৎসু, তাঁহাদিগের অবগতির জন্য শ্রীমন্দিরের চক্র-দর্শনের নিগূঢ় রহস্য লিখিত হইতেছে। শ্রীমন্মহাপ্রভু ঠাকুর হরিদাসের দ্বারা একমাত্র ঐকান্তিক শ্রীনামভজনেরই আচার ও প্রচারের আদর্শ প্রকাশ করিয়াছেন। হরিদাসের দ্বারা মহাপ্রভু পাঞ্চরাত্রিক অর্চ্চনমার্গের কোন আদর্শ প্রকাশ করিবার প্রয়োজন মনে করেন নাই। যে মহাভাগবতের শ্রীমন্দিরের চূড়া দর্শনেই কৃষ্ণপ্রেমের উদ্দীপনা হয়, একান্ত নামভজননিষ্ঠ সেই মহাভাগবতের মন্দিরে প্রবেশ বা শ্রীবিগ্রহাদিদর্শনের আদর্শ-প্রকাশ বাধ্যতামূলক নহে; তাহা সেই সকল ভাগবতমার্গীয় ভজনবিজ্ঞগণেরই স্বতন্ত্র স্বেচ্ছাধীন। মহাপ্রভু যখন সন্ন্যাস-গ্রহণ-লীলা প্রকাশ করিয়া গৌড়দেশ হইতে নীলাচলের দিকে অভিসার করিতেছিলেন, তখন দূর হইতে মন্দিরের চূড়া দেখিয়া তাঁহার কৃষ্ণপ্রেমের প্রবল উদ্দীপনা হইয়াছিল। ইহার সাক্ষ্য আমরা শ্রীচৈতন্য-ভাগবতে (অন্ত্য ২য় অধ্যায় ৪০৫-৪১৪) পাই। * মহাপ্রভু যেরূপ কনিষ্ঠাধিকারিগণকে বঞ্চনা করিয়া বিরহ-বিধুরা শ্রীরাধার ন্যায় শ্রীজগন্নাথের অর্চ্চামূর্ত্তিতে শ্যামসুন্দর মুরলীবদন দেখিয়াছেন, তেমনি তিনি কর্ম্মজড়গণকে

---

* প্রাসাদাগ্রে নিবসতি পুরঃ স্মেরবক্ত্রারবিন্দঃ। (চৈঃ ভাঃ অ ২।৪০৭)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বঞ্চনা করিয়া ঠাকুর হরিদাস ও সনাতনকে শ্রীমন্দিরের সুদর্শনচক্র-দর্শনের উপদেশের দ্বারা তাঁহাদের মহাভাগবতোচিত অধিকারের কথাই তত্ত্ববিৎ ভক্তগণের নিকট প্রকাশ করিয়াছেন। শ্রীল গোপালভট্ট গোস্বামী, শ্রীল রঘুনাথ ভট্ট গোস্বামী, শ্রীল লোকনাথ গোস্বামী প্রভৃতি ভূসুরকুলে আবির্ভূত আচার্য্য গোস্বামিগণের সহিত বেল্লনাটি আন্ধ্র-ব্রাহ্মণকুলে জাত সোমযাজী বল্লভাচার্য্যের পুত্র বিঠ্ঠলের দেবমন্দিরে প্রবেশ-পূর্ব্বক শ্রীরূপ বা শ্রীল জীবগোস্বামী ক্রমাগত একমাসকাল শ্রীগোপাল দর্শন করিয়াছিলেন—(চৈঃ চঃ মঃ ১৮শ পঃ দ্রষ্টব্য)। শ্রীসনাতন ও শ্রীরূপ শ্রীবৃন্দাবনের অধিদেব শ্রীমদনমোহন ও শ্রীগোবিন্দ-অর্চ্চা-মূর্ত্তির সেবা প্রকাশ করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীসনাতন ও শ্রীরূপকে শ্রীবিগ্রহসেবা-প্রকাশ, ভক্তিস্মৃতিশাস্ত্র-রচনা, লুপ্ততীর্থ উদ্ধার ও ভক্তিশাস্ত্রের প্রচার করিবার আদেশ দিয়াছিলেন,—

"তুমিহ করিহ ভক্তিশাস্ত্রের প্রচার।
মথুরায় লুপ্ততীর্থের করিহ উদ্ধার॥
বৃন্দাবনে কৃষ্ণসেবা, বৈষ্ণব-আচার।
ভক্তিস্মৃতিশাস্ত্র করি' করহ প্রচার॥"

(চৈঃ চঃ মঃ ২৩।৯৭-৯৮)

যাহাকে কোন কার্য্য করিতে বলা যায়, তিনি প্রযোজ্য। যিনি কার্য্য করিতে বলেন, তিনি প্রেরক। প্রেরক যে বাক্য দ্বারা কার্য্য করিতে বলেন, তাহা হয় সাক্ষাৎ—নয় আরোপ। কোন বৃদ্ধ ব্যক্তি প্রেরক হইয়া কোন প্রযোজ্য বালককে সৈন্ধব আনিতে বলিলেন, 'সৈন্ধব' শব্দে লবণও হয় ঘোটক ও হয়। উভয় ব্যক্তির কথোপকথনে পশ্চাৎ জ্ঞান হয় এবং সাক্ষাৎ দেখাইয়া দিলে অগ্রেই জ্ঞান হয়। জ্ঞান উৎপন্ন না হওয়া পর্য্যন্ত বালক শব্দার্থে ব্যুৎপন্ন হয় না। অতএব শব্দ কখনও সাক্ষাৎকার, কখন আরোপ দ্বারা জ্ঞান প্রেরণ পূর্ব্বক বালককে শব্দার্থে ব্যুৎপন্ন করে। শাস্ত্র প্রেরক হইয়া কোন স্থলে সাক্ষাতে অগ্রেই, কোন স্থলে আরোপ দ্বারা পশ্চাৎ ব্রহ্মজিজ্ঞাসুকে ব্যুৎপন্ন করেন ॥ ৩৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রবণাদ্‌গুরুবাক্যানাং শাস্ত্রাভ্যাসাৎ পুনঃ পুনঃ।
ব্রহ্মাদিপদসাক্ষাত্তঃ শিষ্যস্যোৎপদ্যতে ধ্রুবম্ ॥৩৬॥

কর্ত্তৃত্বসিদ্ধৌ পরমেশ্বরস্য
শরীরসিদ্ধিঃ স্বত এব জাতা।
ঘটাদিকার্য্যেষ্বপি দৃশ্যতে স্ম
কর্ত্তা শরীরী খলু নাঽশরীরী ॥ ৩৭ ॥

যত্ত্বস্তি দেহঃ পরমেশ্বরস্য
তদাস্মদাদিপ্রতিমো হি স স্যাৎ।
ব্যাপারবত্ত্বে সতি কর্ত্তৃকানাং
কিঞ্চিদ্বিশেষং ন বিলোকয়ামঃ ॥ ৩৮ ॥

প্রথমে গুরুর নিকট শ্রবণ করিয়া পুনঃ পুনঃ শাস্ত্রাভ্যাস পূর্ব্বক শিষ্যের 'ব্রহ্ম' প্রভৃতি শব্দের অর্থ নিশ্চয়রূপে সাক্ষাৎকার হয় ॥ ৩৬ ॥

পরমেশ্বরের কর্ত্তৃত্ব সিদ্ধি হইলে তাঁহার নিত্য শরীরের সিদ্ধি স্বভাবতঃই হইয়া থাকে। ঘটাদি-কার্য্য-সমূহেও শরীরবিশিষ্ট কর্ত্তাই দৃষ্ট হয়, পরন্তু কোনকার্য্যেই অশরীরী কর্ত্তা দৃষ্ট হয় না ॥ ৩৭ ॥

যদি পরমেশ্বরের শরীর স্বীকার করিতে হয়, তাহা হইলে মানবরূপ আমাদের শরীরের ন্যায় তাঁহার শরীর, এটাও মানিতে হইবে। ব্যাপারবান্ সমস্ত কর্ত্তৃপুরুষদিগের পরস্পর সৌসাদৃশ্য দেখা যায়; তাহাতে কোন ভেদ দেখি না ॥ ৩৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৎ কথ্যতে ভগবতো মহদন্তরং যৎ
কুদ্দাল-দাত্র-হলপাণিভৃতাং জনানাম্।
এতে ষড়ূর্ম্মিবিবশাঃ শ্রমভারখিন্না
ভ্রূভঙ্গমাত্রবিষয়ঃ স করোতি সর্ব্বম্ ॥ ৩৯ ॥
অকর্ত্তুমন্যথা কর্ত্তুং কর্ত্তুং প্রভবতি প্রভুঃ।
অতস্তয়োর্বিজানীয়াদন্তরং মহদন্তরম্ ॥ ৪০ ॥
যদস্তি ভোগায়তনং শরীরং
লোকে প্রসিদ্ধং তদপি প্রকামম্।
লক্ষ্মীপতিত্বাদ্‌ভগবচ্ছরীরে
ন্যূনং ন কিঞ্চিদ্‌ঘটতে সমগ্রম্ ॥ ৪১ ॥

তবে জীবরূপ কর্ত্তা ও ভগবদ্রূপ কর্ত্তা—এই দু'এর মধ্যে একটি বিশেষ ভেদ আছে। জড়-জগতে বদ্ধ জীবসকল কোদাল, দা, হল প্রভৃতি বস্তুর সহায় ব্যতীত কিছু করিতে পারে না,আবার তাহারা ক্ষুৎপিপাসা প্রভৃতি ষড়ূর্ম্মির বিবশ এবং শ্রমভারে সর্ব্বদা খিন্ন, কিন্তু ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ ভ্রূভঙ্গ-মাত্রেই সমস্ত কার্য্য করিবার জন্য অবিচিন্ত্যশক্তিসম্পন্ন ॥৩৯॥

প্রভু পরমেশ্বর কার্য্য করিতে, সেই কার্য্য অন্যরূপে করিতে অথবা সেই কার্য্যকে বিনাশ করিতে অনায়াসেই পারেন। সুতরাং জীবকর্ত্তা ও ভগবৎকর্ত্তার মধ্যে যে ভেদ আছে, তাহা অতিশয় বৃহৎ ॥ ৪০ ॥

যদিও জীবের শরীর ভোগায়তনরূপে লোকে প্রসিদ্ধ,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যদ্‌যচ্ছরীরং তদদৃষ্টযুক্ত-
মেতাদৃশী ব্যাপ্তিবরা কৃতা চেৎ।
তদস্মদাদিপ্রবলৈরদৃষ্টৈঃ
সংপ্রেরিতোঽয়ং খলু সর্ব্বকর্ত্তা ॥ ৪২ ॥
যদ্‌যচ্ছরীরং তদনিত্যমেব
ব্যাপ্তিস্ততোঽপীশ্বরনিত্যদেহঃ।
সর্ব্বত্র দৃষ্টা খলু ভূরনিত্যা
নিত্যা যথা সা পরমাণুরূপা ॥ ৪৩ ॥

ভগবানের শরীর তদ্বৎ, তথাপি ষড়ৈশ্বর্য্যপূর্ণ, জীব-শরীরের ন্যায় ষড়্‌বিকাররূপ ন্যূনতা নাই। তদ্দ্বারা সমস্ত কার্য্য হইলেও তাহা মায়াতীত ও সর্ব্বদা চিন্ময় ॥ ৪১ ॥

যদি বল, শরীরমাত্রই অদৃষ্টানুসারী বলিয়া ঈশ্বরশরীরও তাদৃশ, তাহা হইলেও এরূপ বুঝিও না যে, ঈশ্বরের নিজের কোন অদৃষ্ট আছে, তদ্দ্বারা তাঁহার শরীর সৃষ্ট হইয়াছে। যেহেতু তাঁহার কর্ম্মফল না থাকায় তাঁহার অদৃষ্ট নাই। পরন্তু আমাদের প্রবল অদৃষ্টক্রমে প্রেরিত হইয়াই তাঁহার নিত্যশরীর আমাদের অদৃষ্টোপযোগী হইয়া আমাদের সম্বন্ধে কার্য্য করিয়া থাকে ॥ ৪২ ॥

যদি বল, শরীর হইলেই অনিত্য হইবে এবং এই বিধির ব্যাপ্তিক্রমে ঈশ্বরের দেহও অনিত্য, তাহা নহে। যেরূপ কার্য্যরূপা পৃথিবী অনিত্যা হইলেও কারণরূপ পার্থিব পরমাণু

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নাদৃষ্টমেকস্য জনস্তু কস্মা-
দন্যত্র লগ্নং ভবতীতি বাচ্যম্ ।
যস্মাদ্দ্বিজগ্রাহ শুভাশুভাভ্যা-
মতিত্বরাবান্ খলু চক্রপাণিঃ ॥ ৪৪ ॥
শ্রুতং পুরাণে জগদীশ্বরস্য
নাভ্যম্বুজাৎ সর্ব্বমিদং বভূব ।
শরীরসিদ্ধিস্তত এব জাতা
নাভিঃ কথং হন্ত বিনা শরীরম্ ॥ ৪৫ ॥
সর্ব্বেন্দ্রিয়াস্বাদ্যগতিপ্রসিদ্ধং
শরীরমীশস্য হি ষড়্গুণাঢ্যম্ ।
বেদৈশ্চ সর্ব্বৈরধিগম্যমানং
যৎপাদশৌচোদকমেব গঙ্গা ॥ ৪৬ ॥

নিত্য, তদ্রূপ জীবের অদৃষ্টজনিত জীবের দেহ অনিত্য হইলেও বদ্ধজীবদেহের স্বরূপাদর্শরূপ চিন্ময় দেহ নিত্যই থাকে ॥৪৩॥

একজনের অদৃষ্ট অন্যের প্রতি লগ্ন হয় না—এরূপ বলিতে পার না, যেহেতু সর্ব্বকৌশলগুরু চক্রপাণি সত্বরেই জীবের শুভাশুভক্রমেই জীবের অদৃষ্ট স্বীকার পূর্ব্বক পৌরুষদেহ ধারণ করিয়াছিলেন ॥ ৪৪ ॥

পুরাণে শুনিয়াছি, জগদীশ্বরের নাভিপদ্ম হইতে এই সমস্ত জগৎ হইয়াছিল। ইহাতেই ঈশ্বরের শরীর সিদ্ধ হইতেছে, যেহেতু শরীর ব্যতীত নাভি সম্ভবপর হয় না ॥৪৫॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অধর্ম্মবৃদ্ধিঃ খলু ধর্ম্মহ্রাসো
যদা যদা কালবশাদুপৈতি।
তদা তদা সাধুজনস্য রক্ষা-
মসাধুনাশং ভগবান্ করোতি ॥ ৪৭ ॥
অবতারাবতারিত্বাদীশোঽপি দ্বিবিধঃ স্মৃতঃ।
ভক্তাভক্তবিভেদেন জীবোঽপি ভবতি দ্বিধা ॥৪৮॥
তত্রৈব কেচিৎ পরমেশ্বরস্য
বদন্তি জীবং প্রতিবিম্বমেব।
মতন্তু তেষাং ঘটতে ন সম্যগ্
যতো ব্যবস্থাপয়িতুং ন শক্যম্ ॥ ৪৯ ॥

ঈশ্বরের শরীর সর্ব্বেন্দ্রিয়ের আস্বাদ্য বস্তু এবং ষড়্গুণযুক্ত, সর্ব্ববেদের গম্য। সেই শরীরের পাদশৌচোদকরূপে গঙ্গা পূজিতা হইয়াছেন ॥ ৪৬ ॥

কালবশে যখন যখন অধর্ম্মবৃদ্ধি ও ধর্ম্মহ্রাস হয়, তখন তখন ভগবান্ সাধুজনের রক্ষা ও অসাধুজনের নাশ করিয়া থাকেন ॥ ৪৭ ॥

পরমেশ্বর অবতার ও অবতারি-ভেদে দ্বিবিধ। জীব ও মুক্ত ও বদ্ধ-ভেদে দ্বিবিধ ॥ ৪৮ ॥

কেহ কেহ জীবকে পরমেশ্বর-প্রতিবিম্ব বলিয়া থাকেন। তাহাদের মতসামঞ্জস্য না হওয়ায় অসম্যক্ বলিয়াই স্থিরীকৃত হয় ॥ ৪৯ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তথাহি কস্মাৎ প্রতিবিম্বতা স্যাৎ
তস্যাপরিচ্ছিন্ন-নিরঞ্জনস্য।
জড়স্য কস্মান্নিগমোক্ত ধর্ম্মা-
ধর্ম্মৌ তু তত্তৎ সুখদুঃখভোগম্ ॥৫০॥
প্রতিবিম্বং ভবেন্ন্যূনং পরিচ্ছিন্নস্য বস্তুনঃ।
অপরিচ্ছিন্নতা যস্য তস্য তন্তবতি কথম্? ৫১॥

পরমেশ্বর অপরিচ্ছিন্ন নির্ম্মল, অতএব তাঁহার কল্পিত প্রতিবিম্বতা হইতে পারে না। অপরিচ্ছিন্ন অর্থাৎ সীমাশূন্য বস্তুর সর্ব্বব্যাপকতা-প্রযুক্ত তাঁহার প্রতিবিম্বতার স্থল নাই। পরিচ্ছিন্ন বস্তুই অন্যত্র প্রতিবিম্বিত হইতে পারে, আবার নির্ম্মল পুরুষে ধর্ম্মাধর্ম্ম ও সুখ-দুঃখ-ভোগ অসম্ভব। ব্রহ্ম প্রতিবিম্বিত হইয়া থাকেন, তবে তাঁহারই জীবগত ধর্ম্মাধর্ম্ম ও সুখ-দুঃখ-ভোগ হইয়া পড়ে। যদি বল, ব্রহ্ম প্রতিবিম্বিত হইয়া জড়বৎ হওয়ায় স্বশক্ত্যভাবে জীবস্বরূপে ধর্ম্মাধর্ম্ম ও সুখদুঃখ ভোগ করিতেছেন, তাহাও অযুক্ত; কেননা, ব্রহ্ম ও জড় দুই বস্তুর মধ্যে যদি ব্রহ্ম ধর্ম্মাধর্ম্ম, সুখদুঃখ-ভোগ হইতে পৃথক্ হন, তবে কি জীবের জড়ায়তনটা নিগমোক্ত ধর্ম্মাধর্ম্ম-ভোগে কর্ত্তাস্বরূপ হইল? একথাটীও নিতান্ত অযুক্ত ॥ ৫০ ॥ সূর্য্যাদি পরিচ্ছিন্ন বস্তুরই প্রতিবিম্ব সম্ভব হয়, অপরিচ্ছিন্নতা যাহার ধর্ম্ম, তাহার প্রতিবিম্বতা কখনই সম্ভব হয় না ॥ ৫১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রামানুজঃ শিষ্টগণাগ্রগণ্যো
নিনিন্দ বিম্বপ্রতিবিম্ববাদম্ ।
শিষ্টৈর্গৃহীতং ন মতন্তু যস্মাৎ
তস্মাদ্ ভবেচ্চারুতরস্তু নূনম্ ॥ ৫২ ॥

তয়োরনাদিভেদোঽস্তি দ্বাসুপর্ণাবিতি শ্রুতেঃ।
সখায়াবিতিনির্দ্দেশাদৈক্যন্তু ঘটতে কথম্ ?৫৩॥
ব্রহ্মৈবাহং ন সংসারী ব্রহ্মণ্যাত্মন ঈক্ষণাৎ।
শোকাদিবিনিবৃত্তিঃ স্যাৎ ফলং নৈক্যং কদাচন॥

শিষ্টগণের অগ্রগণ্য শ্রীসম্প্রদায়ের আচার্য্য রামানুজ মায়াকল্পিত বিম্ব-প্রতিবিম্ববাদকে নিন্দা করিয়াছেন। শিষ্টগণ যে মতকে গ্রহণ করিলেন না, তাহা নিশ্চয়ই সুন্দর হইয়া থাকে, (উপহাসোক্তি) ॥ ৫২ ॥

জীব ও ব্রহ্মে 'দ্বাসুপর্ণা' এই শ্রুতি হইতে নিত্যভেদ পাওয়া যায়। 'সেই দুইটী ব্যক্তি পরস্পর সখা'—এই নির্দ্দেশবাক্য হইতে জীব ও ব্রহ্মের মায়াকল্পিত প্রতিবিম্ববাদগর্ভ অভেদ কথনই সম্ভব হয় না॥ ৫৩ ॥

বেদে 'আমি ব্রহ্ম' সংসারী নই, ইত্যাদি বাক্যদ্বারা ব্রহ্মে আত্মদর্শনহেতু শোকাদিনিবৃত্তিই ফলরূপে উক্ত হইয়াছে, পরন্তু এই সকল বাক্য দ্বারা জীব ও ব্রহ্মের অভেদ অবস্থাকে ফলস্বরূপ বলিয়া নির্ণয় করা হয় নাই ॥ ৫৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অহমেব খলু ব্রহ্ম ব্রহ্মণস্ত্বাত্মনীক্ষণাৎ।
পরোক্ষবিনিবৃত্তিঃ স্যাৎ ফলং নৈক্যং কদাচন॥
একাগ্রবুদ্ধ্যা পরিশীলনেন
ব্রহ্মৈব স স্যাদিতি নৈব বাচ্যম্।
কিঞ্চিদ্‌গুণস্যৈব ভবেৎ প্রবেশো
যৎ কীটভৃঙ্গাদিষু দৃষ্টমিত্থম্ ॥ ৫৬ ॥
ভক্ত্যা সদা ব্রাহ্মণপূজনেন
শূদ্রোঽপি ন ব্রাহ্মণতামুপৈতি।
কিদ্‌গুণস্যৈব ভবেৎ প্রবেশো
ন ব্রাহ্মণঃ স্যাৎ খলু শূদ্রজাতিঃ ॥ ৫৭ ॥

'আমি নিশ্চয়ই ব্রহ্ম' এইরূপে আত্মাতে ব্রহ্ম-দর্শন হেতু পরোক্ষ বুদ্ধি অর্থাৎ আপনাতে ব্রহ্মেতর জড়বুদ্ধি নিবৃত্ত হয়। বস্তুতঃ অভেদ জ্ঞানরূপ ফল হয় না॥ ৫৫ ॥

ব্রহ্ম-বস্তুতে একাগ্রবুদ্ধির পরিশীলন হইলে যে পরিশীলক ব্রহ্ম হইয়া পড়েন, এরূপ বলিতে পার না। যেরূপ ভৃঙ্গ-চিন্তায় কীটের পরিবর্ত্তন দৃষ্ট হয়, সেইরূপ ব্রহ্মবস্তুর চিন্ময়-গুণস্বরূপ একদেশবিশেষে কিঞ্চিৎ প্রবেশ হয়, এই মাত্র জানিবে ॥৫৬॥

শূদ্র যদি ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণ-পূজা করে, তাহা হইলে তাহার কি ব্রাহ্মণত্ব লাভ হইয়া থাকে? কেবল তাহার শরীরে ব্রাহ্মণের কিঞ্চিন্মাত্র গুণ প্রবেশ করে, শূদ্রজাতি কখনও ব্রাহ্মণ হয় না॥ ৫৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীসূত্রকারেণ কৃতো বিভেদো
যৎ কর্ম্মকর্ত্তুর্ব্যপদেশ উক্তঃ।
ব্যাখ্যা কৃতা ভাষ্যকৃতা তথৈব
গুহাং প্রবিষ্টাবিতি ভেদবাক্যৈঃ ॥ ৫৮ ॥
স্মৃতেশ্চ হেতোরপি ভিন্ন আত্মা
নৈসর্গিকঃ সিধ্যতি ভেদ এব।
ন চেৎ কথং সেবকসেব্যভাবঃ
কণ্ঠোক্তিরেষা খলু ভাষ্যকর্ত্তুঃ ॥ ৫৯ ॥

'কর্ম্মকর্ত্তৃব্যপদেশাচ্চ' এই সূত্রে সূত্রকার বেদব্যাস জীব ও ব্রহ্মের নিত্যভেদ স্বীকার করিয়াছেন। ভাষ্যকার শঙ্করাচার্য্যও 'ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধে' এই কয় বচন লক্ষ্য করিয়া প্রথমাধ্যায়ের দ্বিতীয়পাদে একাদশ সূত্রার্থে এই পূর্ব্বপক্ষ তুলিলেন,—'আত্মানৌ' শব্দে কি বুদ্ধি, জীব অথবা জীব ও পরমাত্মাকে বুঝা যাইবে? সিদ্ধান্ত স্থির করিলেন,—বিজ্ঞানাত্মা ও পরমাত্মাকেই গ্রহণ করিতে হইবে। অতএব শঙ্করাচার্য্য মহাশয় সূত্রকারের ভেদমতই বস্তুতঃ স্বীকার করিয়াছেন ॥৫৮॥

'স্মৃতেশ্চ' এই বেদান্তসূত্রের প্রথমাধ্যায় দ্বিতীয়পাদে পঞ্চমসূত্র-ব্যাখ্যায় "ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি। ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া" এই গীতাবচন উঠাইয়াছেন। এই বচন বিচার করিলে জীবাত্মা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অহং সুখী ক্বাপি ভবামি দুঃখী
সুখস্বরূপঃ সততং স আত্মা।
এবং হি ভেদঃ কথমৈক্যমেব
তয়োর্দ্বয়োর্ভিন্নপদার্থয়োর্যৎ ॥ ৬০ ॥

নিত্যঃ স্বয়ং জ্যোতিরনাবৃতোঽত্যা-
বতীবশুদ্ধো জগদেকসাক্ষী।
জীবস্তু নৈবংবিধ এব তস্মা-
দভেদবৃক্ষোপরি বজ্রপাতঃ ॥ ৬১ ॥

ও পরমাত্মার নৈসর্গিক ভেদ সিদ্ধ হয়। কেন না, "তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত। তৎপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি শাশ্বতম্ ॥" এই দ্বিতীয় বচনে সেব্য-সেবক-ভাবের উক্তি আছে। যদি জীব ও ব্রহ্মের আত্মনৈসর্গিক ভেদ না থাকিত, তাহা হইলে সেব্য-সেবক-ভাবের উক্তি কেন থাকিত ? ভাষ্যকর্ত্তা শঙ্করাচার্য্যের অন্তঃকরণে ইচ্ছা না থাকিলেও সত্যকথা কণ্ঠে বাহির হইয়া পড়িয়াছে ॥ ৫৯ ॥

আমি জীব কখনও সুখী, কখনও দুঃখী, কিন্তু তিনি পরমাত্মা সর্ব্বদা সুখস্বরূপ—এই দুই ভিন্ন পদার্থের যে ভেদ, তাহা কি কখনও এক হইতে পারে ? ৬০ ॥

তিনি নিত্য, স্বয়ং জ্যোতিঃ, অনাবৃত, অত্যন্ত শুদ্ধ এবং জগতের একসাক্ষী—এই সমস্ত বিশেষণ বেদে অনেক-স্থানে কথিত আছে। জীবকে যেখানে যেখানে বর্ণন করা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জীবাত্মনোর্যে প্রবদন্ত্যভেদং
তেষাং মতে দ্বন্দ্বসমাসবাধঃ।
উদাহৃতং বাগ্‌দৃষদাদিরূপং
দ্বন্দ্বো হি ভেদে ন কদাপ্যভেদে ॥ ৬২ ॥

অভেদে জায়তে নূনং সমাসঃ কর্ম্মধারয়ঃ।
সামানাধিকরণ্যেন নীলোৎপলমুদাহৃতম্ ॥ ৬৩ ॥

হইয়াছে, সেই সেই স্থলে এপ্রকার বিশেষণ দ্বারা বর্ণন করা হয় নাই। সুতরাং এই বিশেষতত্ত্ব বিচারিত হইলে অভেদ-বাদ-বৃক্ষের উপরে বজ্রপাত হয় ॥ ৬১ ॥

যাঁহারা জীব ও পরমাত্মার অভেদ স্থাপন করেন, তাঁহা-দিগের মতে দ্বন্দ্বসমাস বাধ হয়। ব্যাকরণে বাগ্‌দৃষদাদি-রূপ উদাহরণ-দ্বারা ভেদস্থলে দ্বন্দ্বসমাস কথিত হইয়াছে, অভেদ স্থলে কখনই দ্বন্দ্বসমাস হয় না। জীব ও পরমাত্মার যদি অভেদ হইত, তাহা হইলে 'জীবাত্মনোঃ' শব্দ দ্বন্দ্বসমাসে ব্যবহার হইতে পারিত না; কিন্তু শাস্ত্রে যখন সেইরূপ ব্যবহার দেখা যাইতেছে, তখন শাস্ত্রকর্ত্তাদিগের মতে জীব ও পরমাত্মার ভেদ স্বীকৃত হইয়াছে ॥ ৬২ ॥

যদি অভেদ হইত, তাহা হইলে সমানাধিকরণ বশতঃ কর্ম্মধারয় ব্যবহার হইত। 'নীলোৎপল' শব্দে সমানাধিকরণ বশতঃ কর্ম্মধারয় সমাসের উদাহরণ ॥ ৬৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্নং ব্রহ্মেতিবাক্যানি যথা তিষ্ঠন্তি ভূরিশঃ।
তথা ব্রহ্মাহমস্মীতি বিজ্ঞেয়োপাসনা পরা ॥৬৪॥

ভেদেঽপ্যভেদেঽপি বহূনি সন্তি
বাক্যানি নূনং নিগমে পুরাণে।
মাৎসর্য্যমুৎসৃজ্য বিচার্য্য তথ্যং
পথ্যং শরীরং প্রবদন্তি ধীরাঃ ॥ ৬৫ ॥

ভ্রান্ত প্রতারিতমতে ননু জীব রে ত্বং
ব্রহ্মাহমস্মি বচনং কুরু দূরমস্মাৎ।
তত্ত্বং কথং ভবসি দৈবহতপ্রকামঃ
সংসারদুস্তরমহার্ণবমধ্যমগ্নঃ ॥ ৬৬ ॥

যেরূপ 'অন্ন ব্রহ্ম' ইত্যাদি বহুবিধ শ্রুতি আছে, তদ্রূপ 'ব্রহ্মাহমস্মি' এই শ্রুতিকে উপাসনাপরা বলিয়া জানিবে। তাৎপর্য্য এই 'অন্ন ব্রহ্ম' এই শব্দে অন্নের কিঞ্চিৎ ব্রহ্ম সম্বন্ধ যেরূপ প্রকাশ পায়, সেইরূপ 'আমি ব্রহ্ম' এই শ্রুতি দ্বারা উপাসনা-মার্গে আমার দেহাত্মাভিমান পরিত্যাগ পূর্ব্বক ব্রহ্মধর্ম্মগত চিদভিমানের প্রয়োজনীয়তা জানিবে ॥৬৪॥

বেদে ও পুরাণে জীব-ব্রহ্মের অনেকগুলি ভেদবাক্য ও অভেদবাক্য আছে। মাৎসর্য্য পরিত্যাগ পূর্ব্বক তথ্য বিচার করিয়া ধীরসকল শরীরকেই পথ্য বলেন। অর্থাৎ ব্রহ্মশরীর ও জীবের নিত্যশরীর পরস্পর পৃথক্—এইরূপ বিশ্বাসই পথ্য, ইহা স্থির করেন ॥ ৬৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লক্ষ্মীকান্তঃ প্রকটপরমানন্দপূর্ণামৃতাব্ধিঃ
সেব্যো রুদ্রপ্রভৃতিবিবুধৈর্যস্য পাদাম্বু গঙ্গা।
সৃষ্টেঃ পূর্ব্বং সৃজতি নিখিলং
ভ্রূবিভঙ্গেন সদ্যঃ
সোঽহং বাক্যং বদসি বত রে
জীব রক্ষ্যো ন রাজা ॥ ৬৭ ॥

যেন ব্যাপ্তমখণ্ডমণ্ডলমিদং ব্রহ্মাণ্ডভাণ্ডাদিকং
রে রে মন্দমতে ত্বয়া কথমহো সোঽহং বচঃ
কথ্যতে।
কস্য ত্বং কুত আগতঃ কথমরে সংসারবন্ধক্রম-
স্তত্ত্বং তৎ পরিচিন্তয় স্বহৃদয়ে ভ্রান্তস্য মার্গং ত্যজ॥

হে প্রতারিতমতি ভ্রান্তজীব, তোমার মুখ হইতে "আমি ব্রহ্ম" এই কথাটী দূর করিয়া দাও। এই সংসাররূপ দুস্তর মহার্ণব-মধ্যে মগ্ন এবং যথেষ্টরূপে দৈবহত তুমি কিরূপে ব্রহ্ম হইতে পার ॥ ৬৬ ॥

রুদ্র প্রভৃতি দেবতাগণের সেব্য প্রকটপরমানন্দপূর্ণ অমৃত-সমুদ্রস্বরূপ সেই লক্ষ্মীকান্ত ভগবান্—যাঁহার পাদপদ্ম হইতে গঙ্গা নিঃসৃতা হইয়াছেন—যিনি ভ্রূভঙ্গে এই নিখিল জগৎ পূর্ব্বে সৃষ্টি করেন। তুমি কহিতেছ 'আমি সেই।' এবংবিধ বাক্য অত্যন্ত অন্যায়, কেন না, তিনি—রাজা এবং তুমি—রক্ষ্য অর্থাৎ প্রজা ॥ ৬৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সোঽহং মা বদ সেব্যসেবকতয়া নিত্যং ভজ শ্রীহরিং
তেন স্যাৎ তব সদগতির্ধ্রুবমধঃ-
পাতো ভবেদন্যথা।
নানাযোনিষু গর্ভবাসবিষয়ে দুঃখং মহৎ প্রাপ্যতে
স্বর্গে বা নরকে পুনঃ পুনরহো জীব ত্বয়া ভ্রাম্যতে॥

সোঽহং জ্ঞানমিদং ভ্রমস্তব ভজ ত্বং
পাদপদ্মং হরে-
স্তস্যাহং কিল সেবকঃ স ভগবাং-
স্ত্রৈলোক্যনাথো যতঃ।
অদ্বৈতাখ্যমতং বিহায় ঝটিতি দ্বৈতে প্রবৃত্তো ভব
স্বান্তে সম্প্রতি বিদ্যতে যদি হরাবেকান্তভক্তিস্তদা॥

ওরে মন্দমতি, যিনি ব্রহ্মাণ্ডভাণ্ডাদিপূর্ণ অখণ্ড মণ্ডলে ব্যাপ্ত, তিনিই যে তুমি, একথা কিরূপে বল। তুমি কাহার সম্বন্ধে আছ? কোথা হইতে আসিয়াছ? তোমার সংসার-বন্ধন কষ্ট কি হেতু হইয়াছে? সেই সমস্ত নিজের হৃদয়ে চিন্তা করিয়া ভ্রান্ত মায়াবাদীর উপদিষ্ট পথ পরিত্যাগ কর॥ ৬৮॥

হে জীব, তুমি আর 'সোঽহং' এই বাক্যটী বলিও না। সেব্য-সেবকভাবে সেই শ্রীকৃষ্ণকে নিত্যভজন কর। তাহা হইলেই তোমার সদ্গতি নিশ্চয় হইবে। তাহা না করিলে অবশ্য অধঃপাত হইবে এবং তুমি নানা যোনিতে গর্ভবাস করিয়া অনেক দুঃখ পাইবে; পুনঃ পুন স্বর্গে বা নরকে ভ্রমণ করিতে থাকিবে॥ ৬৯॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাক্যং নারদপঞ্চরাত্রবিষয়ে চান্যত্র সর্ব্বত্র চ
জ্ঞাত্বা বৈষ্ণবতন্ত্রসূত্রমখিলং নির্ণীয়তাং যদ্ধিতম্।
শক্তো জ্ঞাতুমহো ন ভেদমনয়োর্জীবাত্মনো
দুর্জ্জনো
মায়াবাদদুরাগ্রহ-গ্রসিতধীস্তত্রৈব হেতুর্মহান্॥
পিত্তাধিক্যবতাং যথৈব রসনা
খণ্ডস্থিতাং মাধুরীং
শঙ্খস্থাং কিল কাচ-কামলবতাং
নেত্রে যথা শুক্লতাম্।
মায়াচিন্তিতচেতসামিব মনঃ
স্বচ্ছং হরেঃ কীর্ত্তনং
জ্ঞাতুং দ্রষ্টুমবৈতুমত্র খলু নো
যাতা যথৈব ক্রমাৎ॥৭২॥

'সোঽহং' জ্ঞানটী তোমার ভ্রম। সেই হরির দ্ব পাদপ ভজন কর। 'আমি তাঁহার নিত্যদাস এবং তিনি ত্রৈলোক্যনাথ'—এই ভাবনা কর। অদ্বৈতবাদ অতি শীঘ্র পরিত্যাগ পূর্ব্বক দ্বৈতবাদে প্রবৃত্ত হও। তোমার নিজ অন্তঃকরণে সম্প্রতি হরিতে যদি একান্ত ভক্তি হইয়া থাকে, তবে এইরূপ কর॥ ৭০॥

নারদ-পঞ্চরাত্র-বিষয় অবলম্বন পূর্ব্বক অন্যশাস্ত্রে ও সর্ব্বশাস্ত্রে সম্পূর্ণ বৈষ্ণবতন্ত্রসূত্র অবগত হইয়া যে হিতবাক্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যস্যৈব চৈতন্যলবেন জীব
জাতোঽসি চৈতন্যবতো বরেণ্যঃ।
মা ব্রূহি সোঽহং শঠ কঃ কৃতঘ্না-
দন্যঃ পদং বাঞ্ছতি হন্ত ভর্ত্তুঃ ? ৭৩ ॥

হয়, তাহা নির্ণয় কর। যদি বল, মায়াবাদী পণ্ডিতগণ ঐ সমস্ত শাস্ত্র পড়িয়াছেন, তবে তাহার তাৎপর্য্য শুন। মায়াবাদরূপ দুরাগ্রহগ্রস্তবুদ্ধি-দূষিত দুর্জ্জন ব্যক্তি জীব ও পরমাত্মার ভেদ ঐ সকল শাস্ত্রপাঠেও জানিতে পারে না। ইহাই তাহাদের দুর্ম্মতির প্রধান হেতু ॥ ৭১ ॥

পিত্তাধিক্যদূষিত জিহ্বা যেরূপ মিষ্ট দ্রব্যের মাধুরী-জ্ঞানে অসমর্থ, কাচ-কামলরোগপীড়িত ব্যক্তির নেত্রদ্বয় যেরূপ শঙ্খস্থ শুক্লতা দর্শনে অসমর্থ, বিষয়মাত্রা-চিন্তাযুক্ত চিত্ত যেমন বিশুদ্ধি লাভে অসমর্থ, সেইরূপ মায়াবাদী নিজের মায়াবাদ-রোগগ্রস্ত হইয়া ভগবদ্ভজন-সুখ প্রাপ্ত হয় না ॥ ৭২ ॥

হে জীব, যে বিভুচৈতন্য পুরুষের চৈতন্যকণ লইয়া তুমি বরেণ্য হইয়াছ, 'তিনি যে তুমি'—একথা বলিও না। হে শঠ, কৃতঘ্ন ব্যতীত অন্য কে নিজ প্রভুর পদ পাইবার বাঞ্ছা করে ? ৭৩ ॥

৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ন্যস্তঃ শ্রীপরমেশ্বরেণ কৃপয়া চৈতন্যলেশস্ত্বয়ি
ত্বং তস্মাৎ পরমেশ্বরঃ স্বয়মহং নায়াতি বক্তুং শঠ।
লব্ধ্বা কশ্চন দুর্জ্জনঃ খলু যথা হস্ত্যশ্বপাদাতকং
ভূপাদেব তদীয় রাজপদবীং চক্রে গ্রহীতুং মনঃ॥
মায়া যস্য বশংগতা বলবতী ত্রৈলোক্যসম্মোহিনী
বিজ্ঞেয়ঃ প্রভুরীশ্বরঃ স ভগবানানন্দসচ্চিদ্ঘনঃ।
যস্তস্যা বশমাগতঃ খলু নসি প্রোতোক্ষকল্পঃ সদা
জ্ঞাতব্যঃ স হি জীব ইত্থমনয়োরস্ত্যেব ভেদো
মহান্ ॥ ৭৫ ॥

শ্রীপরমেশ্বর কৃপাপূর্ব্বক তোমাতে চৈতন্যকণা অর্পণ করিয়াছেন। অতএব হে শঠ, 'আমিই সেই পরমেশ্বর' তোমার এ কথা বলা উচিত নয়। কোন দুর্জ্জন কোন রাজার নিকট হইতে হস্ত্যশ্বপদাতিক লাভ করিয়া শেষে তাঁহার রাজপদবী গ্রহণ করিতে মানস করিয়াছিল, তুমি তদ্রূপ করিও না ॥ ৭৪ ॥

ত্রৈলোক্যসম্মোহিনী বলবতী মায়া যাঁহার বশীভূতা দাসী, সেই আনন্দ সচ্চিদ্ঘন ভগবান্ 'ঈশ্বর' ও 'প্রভু' বলিয়া পরিজ্ঞাত। যিনি স্বভাবতঃ নাসিকাবিদ্ধ বলদের ন্যায় মায়ার বশযোগ্য, তাঁহাকে জীব বলিয়া জানিবে। সুতরাং জীব ও ঈশ্বরে বস্তুগত বিশেষ ভেদ আছে ॥ ৭৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জ্ঞাত্বা সাংখ্যকণাদগোতম-মতং
পাতঞ্জলীয়ং মতং
মীমাংসামতভট্টভাস্করমতং
ষড়্‌দর্শনাভ্যন্তরে।
সিদ্ধান্তং কথয়ন্তু হন্ত সুধিয়ো
জীবাত্মনোর্বস্তুতঃ
কিম্ভেদোঽস্তি কিমেকতা কিমু ভবে-
দ্ভেদেঽপ্যভেদস্তয়োঃ ॥ ৭৬॥

শাস্ত্রেষু পঞ্চসু ময়া খলু তত্র তত্র
জীবাত্মনোরতিতরাং শ্রুত এব ভেদঃ।
বেদান্তশাস্ত্রবিষয়ে কিমিদং শৃণোমি
ভেদং ততোঽন্যদুভয়ং ত্রিবিধং বিচিত্রম্ ॥৭৭॥

পণ্ডিতগণ ষড়্‌দর্শনে সাংখ্য, কণাদ, গোতম, পতঞ্জলি, জৈমিনি ও ভট্টভাস্করের মত বিচারপূর্ব্বক এই প্রশ্নের সিদ্ধান্ত বলুন—জীব ও পরমাত্মার বস্তুগতভেদ আছে কিনা, কিম্বা তাঁহারা বস্তুতঃ এক অথবা বস্তুতঃ তাঁহাদের যুগপৎ ভেদাভেদ সিদ্ধ কিনা ? ৭৬ ॥

প্রথমোক্ত পাঁচটী শাস্ত্রে আমি দেখিতেছি. জীবও পরমাত্মার অত্যন্ত ভেদ স্বীকৃত হইয়াছে, কেবল বেদান্তশাস্ত্র-বিষয়ে যাঁহারা মীমাংসা করিয়াছেন, তাঁহাদের মধ্যে কেহ জীবাত্মা ও পরমাত্মার নিত্যভেদ, কেহ কেহ তদুভয়ের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বাতন্ত্র্যযোগাত্তবতি স্বতন্ত্রো
বিশ্বস্য কর্ত্তা জগদীশ্বরোঽয়ম্।
জীবঃ পরাধীনতয়াপ্রসিদ্ধঃ
কথং তয়োরৈক্যমহো বদন্তি ॥ ৭৮ ॥

নানারসা মধুরভিন্নতয়া তরূণাং
সন্তি ত্রিদোষহরণং কথমন্যথা চেৎ।
জীবাস্তথা ভবতি যে প্রলয়ে বিলীনা-
নৈক্যং গতাঃ খলু যতঃ পৃথগেব স্বষ্টৌ ॥ ৭৯ ॥

নিত্য অভেদ, কেহ বা তদুভয়ের যুগপৎ নিত্যভেদাভেদ ব্যাখ্যা করিয়াছেন,—ইহাই বিচিত্র ॥ ৭৭ ॥

বিশ্বকর্ত্তা পরমেশ্বরের স্বতন্ত্র ধর্ম্ম থাকায় তিনি বিশ্বকর্ত্তা হইয়াছেন। জীব সর্ব্বদাই তাঁহার অধীন—এরূপ প্রসিদ্ধি আছে স্বতন্ত্র পুরুষ ও পরতন্ত্র পুরুষের কিরূপে ঐক্য বলিতে পারেন?

ঔষধ প্রক্রিয়ায় বহুবিধ তরুর রস একত্র করা হইলেও সেই ঔষধে ভিন্ন ভিন্ন মাধুর্য্য সহকারে নানাবিধ রসসকল পৃথক্ থাকে। তাহা না হইলে পৃথক্ পৃথকরূপ ত্রিদোষ-হরণ কিরূপে হইত? সেইরূপ জীবসকল প্রলয়কালে বিলীন-ভাবে ঐক্যধর্ম্ম লাভ করিলেও পৃথক্ পৃথক্ থাকে। যেহেতু পুনরায় সৃষ্টিকালে পূর্ব্বাদৃষ্টক্রমে পৃথক্ হইয়া পড়ে। সুতরাং প্রলয়কালে সে ঐক্য জীবদিগের পরস্পর অভেদ উৎপাদক নয় ॥ ৭৯ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নদীসমুদ্রয়োর্ভেদঃ শুদ্ধোদলবণোদয়োঃ।
তথা জীবেশ্বরৌ ভিন্নৌ বিলক্ষণগুণান্বিতৌ ॥ ৮০ ॥

নদ্যঃ সমুদ্রে মিলিতাঃ সমন্তা-
ন্নৈক্যং গতা ভিন্নতয়া বিভান্তি।
ক্ষীরোদশুদ্ধোদকয়োর্বিভেদা-
দাস্তে তয়োর্বাস্তব এব ভেদঃ ॥ ৮১ ॥

দুগ্ধে তোয়ং মিলিতমপরে নৈব পশ্যন্তি ভেদং
হংসস্তাবৎ সপদি কুরুতে ক্ষীরনীরস্য ভেদম্।
এবং জীবা লয়মধিপরে ব্রহ্মণা যে বিলীনা
ভক্তা ভেদং বিদধতি গুরোর্বাক্যমাসাদ্য সদ্যঃ ॥

যেরূপ নদীর জল, শুদ্ধ অর্থাৎ লবণহীন, সমুদ্রের জল লবণাক্ত, সেইরূপ জীব ও ঈশ্বর বিলক্ষণগুণান্বিত হইয়া পৃথক্ থাকেন ॥ ৮০ ॥

নদীসকল সমুদ্রে মিলিত হইলে সম্পূর্ণরূপে ঐক্য লাভ করে না। পয়োরাশির মধ্যে উভয় জল পৃথক্ পৃথক্ থাকে। ক্ষীরসমুদ্রের জল ও নদীর জল সর্ব্বদা ভিন্ন থাকায় নদী ও সমুদ্রের বাস্তবভেদ নিত্য ॥ ৮১ ॥

দুগ্ধের সহিত জল মিশ্রিত করিলে অপরে তাহাতে ভেদ দেখিতে পায় না। কিন্তু হংস উপস্থিত থাকিলে তৎক্ষণাৎ ক্ষীরকে নীর হইতে পৃথক্ করে। তদ্রূপ মায়াবাদীর বুদ্ধিতে যে সকল জীব প্রলয়কালে পরতত্ত্বে ব্রহ্মের সহিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দুগ্ধে দুগ্ধং জলমপি জলে মিশ্রিতং সর্ব্বথা তৎ
নৈক্যং প্রাপ্তং নিয়তমনয়োর্ম্মানমস্ত্যেব যস্মাৎ।
এবং জীবাঃ পরমপুরুষে ধ্যানযোগাদ্বিলীনা
নৈক্যং প্রাপ্তা বিমলমতয়ঃ সন্ত এবং বদন্তি ॥ ৮৩ ॥

কেচিদ্বাদবলাঃ কুতর্কজলধৌ
মগ্নাঃ কুমার্গে রতাঃ
মিথ্যা জল্পনকল্পনা-শতযুতা
ভ্রান্তা জগদ্ভ্রামকাঃ।
ব্রহ্মৈবাহমিদং চরাচরমিতি ব্রহ্মৈব দৃশ্যাখিলং
প্রাহুর্যত্তদসন্মনোরথ ইতি
ব্যাখ্যাতমত্র স্ফুটম্ ॥ ৮৪ ॥

বিলীন হন, ভক্তসকল গুরু বাক্য অবলম্বন পূর্ব্বক সত্ত্ব সেই জীব ও ব্রহ্মের ভেদ দেখাইয়া দিতে পারেন ॥ ৮২ ॥

দুগ্ধে দুগ্ধ মিলাইলে এবং জলে জল মিলাইলে মিশ্রিত হয় বটে, কিন্তু সর্ব্বপ্রকারে ঐক্য হয় না, কেন না, মিলিত দুই বস্তুর পরিমাণ কম হয় না। সেই প্রকার ধ্যানযোগে জীবসকল পরম পুরুষে বিলীন হইয়াও ঐক্য প্রাপ্ত হয় না— বিমলমতি পণ্ডিতসকল এরূপ বলিয়া থাকেন ॥ ৮৩ ॥

বাদে বলবান্, কুতর্ক-সমুদ্রে মগ্ন, কুমার্গে রত, শত শত মিথ্যা জল্পন-কল্পন-যুক্ত, স্বয়ং ভ্রান্ত এবং অপরের বঞ্চনাকারী এরূপ কেহ কেহ 'আমি ব্রহ্ম', 'এই অখিল দৃশ্য চরাচর ব্রহ্ম'

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সকলমিদমহঞ্চ ব্রহ্মভূতং যদিস্যা-
মহহ খলু তদা স্যাদাবয়োরৈক্যমেব।
তব ধন-সুত-দারা মামকীনাস্তদা স্যু-
র্মম চ তব ভবেয়ুর্নাবয়োরস্তি ভেদঃ ॥ ৮৫ ॥

বিধির্নিষেধশ্চ তদা কথং স্যা-
দৈক্যং যতো নাস্তি চ বর্ণভেদঃ।
নির্ণীতমদ্বৈতমতং ত্বয়া চেদ্
বৌদ্ধৈস্তদা কো বিহিতোঽপরাধঃ ? ৮৬ ॥

অসৎমনোরথ হইয়া এরূপ বলিয়া থাকে। এই তত্ত্বটী এ স্থলে স্পষ্ট করিয়া বলিলাম ॥ ৮৪ ॥

যদি এই সমস্ত এবং আমি ব্রহ্ম হইলাম, তখন তোমাতে আর আমাতে ঐক্যই হইল। সুতরাং এখন তোমার ধন, সুত, দারা আমার হউক এবং আমার ধন সুত, দারা তোমার হউক। যেহেতু আমাদের উভয়ের কিছুমাত্র ভেদ নাই ॥ ৮৫ ॥

হে মায়াবাদি, তুমি যেরূপ বিচার করিয়াছ, তাহাতে ঐক্যহেতু বর্ণভেদ রহিল না। তবে শাস্ত্রোক্তবিধি-নিষেধ কিরূপে সম্ভব হয় ? তুমি যদি অদ্বৈত-মতকে 'বৈদিক' বলিয়া নির্ণয় করিলে, বৌদ্ধেরা তাহা হইলে কি অপরাধ করিয়াছে ? ৮৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ প্রধানা-
জ্জীবাভিধানাদপি ভিন্ন আত্মা।
ইতীরিতোঽভেদরতে তৃতীয়-
স্কন্ধে পুরস্তাৎ কপিলেন মাতুঃ ॥ ৮৭ ॥

যে ধ্যায়ন্তি গুরূপদিষ্টপদবীমালম্ব্য শূন্যালয়ে
শূন্যান্তঃকরণেন শূন্যমখিলং শূন্যঞ্চ তদ্দৈবতম্।
কিং বাচ্যং বহু তত্র শূন্যবিষয়ে নো বাক্যবৃত্তির্যত-
স্তেষাং শূন্যধিয়াং ভবেৎ ফলমপি
প্রায়েণ শূন্যং কিল ॥ ৮৮ ॥

শূন্যবাদস্য নিন্দায়াং ভারতে ব্যাসভাষিতম্।
তেষাং তমঃশরীরাণাং তম এব পরায়ণম্ ॥৮৯॥

হে অভেদরত, শ্রীমদ্ভাগবতে তৃতীয়-স্কন্ধে শ্রীমৎকপিল-দেব মাতাকে বলিয়াছিলেন যে, পঞ্চমহাভূত, পঞ্চেন্দ্রিয়, অন্তঃকরণ, প্রধান ও জীব নামক তত্ত্ব হইতেও পরমাত্মা পৃথক্ তত্ত্ব, অন্তঃকরণান্তর্গত মন, বুদ্ধি ও অহঙ্কার ॥ ৮৭ ॥

যাহারা স্বীয় মতের গুরূপদিষ্ট পদবী অবলম্বন পূর্ব্বক শূন্যালয়ে, শূন্যান্তঃকরণে, সমস্ত শূন্য এবং ঈশ্বরের স্বরূপ-শূন্য ধ্যান করিয়া থাকে, সেই শূন্য বিষয়ে আর অধিক কি বলিব, যেহেতু কোন বাক্যবৃত্তি চলে না। সেই শূন্যবুদ্ধিবিশিষ্ট ব্যক্তিদের ফলও শূন্যপ্রায় হইয়া থাকে ॥ ৮৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কপিলেন যদুদ্দিষ্টং শূন্যরশ্মিপরং পুরম্।
তদেব ভারতে পশ্চাদ্ব্যাসেন সমুদাহৃতম্ ॥ ৯০ ॥

নৈগু র্ণ্যবাদো গুণসাগরেঽপি
তেষামহো গড্ডরিকাপ্রবাহঃ।
সূত্রস্য ভাষ্যং পৃথগেব কৃত্বা
প্রতারয়ন্তি স্বগতপ্রপন্নান্ ॥ ৯১ ॥

ঐশ্বর্য্যকর্ত্তৃত্বমুখাঃ সমগ্রা
নিত্যা গুণাস্তে পরমেশ্বরস্য।
ততো বিভুর্নিগু র্ণ এব কস্মাৎ
নৈগু র্ণ্যবাদস্তু বিবাদ এব ॥ ৯২ ॥

মহাভারতে শূন্যবাদের নিন্দাস্থলে ব্যাস বলিয়াছেন,—সেই তমঃশরীরী শূন্যবাদীদিগের তমঃই চরম ফল ॥ ৮৯ ॥

শূন্যবাদিগণের সম্বন্ধে কপিলদেব যে শূন্যরশ্মিময় পুর বর্ণন করিয়াছেন, ব্যাসদেব সেই কথাটী পরে ভারতে উদ্ধৃত করিয়াছেন ॥ ৯০ ॥

অপ্রাকৃত গুণসাগর ভগবানে নৈগু র্ণ্যবাদ অর্থাৎ প্রাকৃত গুণের বিকারবাদ মায়াবাদীদিগের পক্ষে গড্ডরিকা-প্রবাহ অর্থাৎ যেমন একটী মেষ জলে পড়িলে অন্য সকল মেষ হিতাহিত-বিবেচনা-রহিত হইয়া জলে পড়ে, তদ্রূপ মায়াবাদিগণ ব্রহ্মসূত্রের স্বসিদ্ধ অর্থ পরিত্যাগ পূর্ব্বক পৃথক্ ভাষ্য প্রস্তত করিয়া স্বীয় মতের অনুগামীদিগকে প্রতারণা করিয়া থাকেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জ্ঞানেচ্ছাকৃতিমানয়ং স ভগবান্
নির্ধর্ম্মকত্বং কুতো
বেদৈর্বা প্রতিপাদ্যতে কথমহো
নির্ধর্ম্মকশ্চেত্তদা।
নৈর্গুণ্যং গুণসাগরে নিগদিতুং
তূষ্ণীং কথং স্থীয়তে
স্বীয়ান্তঃকরণে বিচার্য্য ভবতা
নির্ণীয়তাং যদ্ভবেৎ ॥ ৯৩ ॥

প্রতীয়তে ক্বাপি ন বেদ লোকে
নির্ধর্ম্মকং বস্তু খপুষ্পতুল্যম্।
প্রতীতিরাস্তে যদি তস্য বেদা-
দ্বেদাঃ প্রমাণং খলু নো তদা স্যাৎ ॥ ৯৪ ॥

ঐশ্বর্য্য-কর্ত্তৃত্বাদি বহুবিধ নিত্যগুণ পরমেশ্বরে আছে, তবে বিভুকে কি জন্য নির্গুণ বলে। নৈর্গুণ্যবাদটী কেবল বৃথা বিবাদমাত্র ॥ ৯২ ॥

ভগবান্ জ্ঞানবান্, ইচ্ছাময় ও কৃতিমান্। এস্থলে নির্ধর্ম্মকত্ব কিরূপে হয়? যদি তিনি নির্ধর্ম্মক হইতেন, বেদ তাঁহাকে কিরূপে প্রতিপাদন করিত? গুণসাগর ভগবানে নৈর্গুণ্য আরোপ করিবার মানসে কিরূপে তূষ্ণীম্ভাব অবলম্বন করিয়াছ, নিজ অন্তঃকরণে বিচার করিয়া যাহা সত্য হয়, তাহা বিচার কর ॥ ৯৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রস্তরো যজমানো বৈ যথাত্র যজ্ঞসাধনম্।
ধর্ম্মবাধে তথাত্রাপি নির্ধর্ম্মস্তৎ প্রতীয়তে ॥ ৯৫ ॥
ন ধর্ম্মে ধর্ম্মভাবস্তু কুত্রাপি ভবতা কৃতম্।
বাধে কল্পিতধর্ম্মস্য বোধঃ সর্ব্বত্র জায়তে ॥ ৯৬ ॥
নির্ধর্ম্ম ব্রহ্মবোধে নো সত্যাদেরনুকূলতা।
স সত্যধর্ম্ম ইত্যাদৌ প্রতিকূলত্বমাগতম্ ॥ ৯৭ ॥

আকাশকুসুম-তুল্য নির্ধর্ম্মক বস্তু বেদে বা লোকে কোথাও প্রতীত হয় না। বেদসকল যদি সেরূপ বস্তু প্রতীতি করাইতে চেষ্টা করে, তাহা হইলে বেদই প্রমাণ হইতে পারে না ॥৯৪॥

যেরূপ 'প্রস্তররূপ যজমান হইলে যজ্ঞসাধন হয় (?) সেইরূপ ধর্ম্ম না থাকিলেও নির্ধর্ম্ম তাহার প্রতীতি করায়। প্রস্তরত্ব-রূপ ধর্ম্মের বাধ থাকিয়া 'প্রস্তরো যজমানঃ' শ্রুতিতে যেরূপ যজমানকে প্রস্তর বলা হইয়াছে, এখানেও সেরূপ ধর্ম্মের বাধহেতুক ব্রহ্মের নির্ধর্ম্মত্ব প্রতীতি হইয়া থাকে ॥ ৯৫ ॥

আপনারা প্রকৃত ধর্ম্মকে কোন স্থলে ধর্ম্মভাব বলিয়া স্বীকার করেন নাই। প্রকৃত ধর্ম্মাভাবে কল্পিত ধর্ম্মের বোধ আপনাদের গ্রন্থে সর্ব্বত্র পাওয়া যায় ॥ ৯৬ ॥

নির্ধর্ম্ম-ব্রহ্মজ্ঞান স্বীকার করিলে শ্রুতি-বোধিত 'সত্য' প্রভৃতি পদ দ্বারা তাহার কোন অনুকূলতা হয় না, 'সঃ সত্য-ধর্ম্মঃ' ইত্যাদি শ্রুতিতে নির্ধর্ম্মব্রহ্মবোধের প্রতিকূলতাই উপস্থিত হয় ॥ ৯৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিঞ্চ কস্মিংশ্চ ধর্ম্মিত্বে সিদ্ধে সিধ্যতি কল্পনা।
শুক্তীরজতমিত্যাদৌ প্রসিদ্ধং রজতং ভবেৎ ॥৯৮॥
আত্মাপাদানকং বিশ্বমবিদ্যাকল্পিতং ভবেৎ।
কেচিদ্বিবর্ত্তমিচ্ছন্তি তন্ন হৃদ্যতরং সমম্ ॥ ৯৯ ॥
মিথ্যাভূতমিদং বিশ্বমিতি বক্তুং ন শক্যতে।
নিত্যক্রীড়াপ্রবৃত্তস্য ক্রীড়াভাণ্ডং যতো হরেঃ ॥.

কল্পনা সিদ্ধ করিতে হইলে কোন পক্ষের ধর্ম্মিত্ব মানিতে হয়। শুক্তি, রজত ইত্যাদি উদাহরণে সত্যবস্তু রজতের সত্বা স্বীকার পূর্ব্বক শুক্তিতে রজতভ্রমরূপ মিথ্যাবাদ উপস্থিত হয় ॥ ৯৮ ॥

"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" এই শ্রুতিবাক্যে আত্মা এই বিশ্বের অপাদান-কারণ হইতেছেন। তোমার মধ্যে আত্মার অপাদান-কারকত্ব স্বীকার না থাকায় এই বিশ্ব অবিদ্যাকল্পিত হইতেছে। কেহ কেহ তাহাকে একটুকু উন্নত করিবার নিমিত্ত বিবর্ত্তবাদ স্থাপনা করে। বস্তুতঃ অবিদ্যা-পরিণামবাদ হইতে ব্রহ্মবিবর্ত্তবাদ কোনমতেই স্বতন্ত্র নয় অর্থাৎ পণ্ডিতদিগের ভাল লাগে না ॥ ৯৯

নিত্যলীলাময় হরির ক্রীড়াভাণ্ডস্বরূপ এই বিশ্বকে অবিদ্যা-পরিণতি বা বিবর্ত্তজনিত মিথ্যা-ভাণ বলিয়া কিরূপে স্থাপন করিতে পার ? ১০০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ন স্বপ্নতুল্যো ভবতি প্রপঞ্চঃ
স্বপ্নস্তু নিদ্রা খলু ভূরিদোষঃ।
ভুক্তঞ্চ পীতং নহি তত্র তৃপ্ত্যৈ
জাগ্রদ্দশায়াং কুরুতে চ তৃপ্তিম্ ॥ ১০১ ॥

যদ্যেব মিথ্যা পরিদৃশ্যমান-
মর্থক্রিয়াকারি তদা কথং স্যাৎ।
ঘটেন তোয়াহরণস্তু জাতং
মিথ্যা ন তন্নশ্বরমেব নূনম্ ॥ ১০২ ॥

মিথ্যাভূতং যদিদমখিলং সর্ব্বমেতদ্বিরুদ্ধং
প্রায়শ্চিত্তপ্রভৃতি কথিতং ধর্ম্মশাস্ত্রে বিরুদ্ধম্।
এতে চৌরাঃ কিমিতি ধরণীনায়কেনাপি দণ্ড্যা
মায়াবাদী স শপথবতো বক্তি বর্ণস্তু মিথ্যা ॥১০৩॥

এই প্রপঞ্চ স্বপ্নতুল্য নয়। স্বপ্ন বা নিদ্রা ভূরিদোষ-যুক্ত। স্বপ্নে অন্নাহার ও জল পান করিলে তৃপ্তি হয় না। জাগ্রদ্দশায় অন্ন-পানাদি তৃপ্তিকর হয় ॥ ১০১ ॥

যদি এই পরিদৃশ্যমান জগৎকে মিথ্যা বল, তাহা হইলে ইহাতে অর্থ-সাধন-ক্রিয়া কিরূপে হইত? ঘটে জল আনয়ন করিলে অনেক কার্য্য সিদ্ধ হয়। ঘটকে তুমি মিথ্যা বলিতে পার না, কেবল নশ্বর বলিতে পার। তদ্রূপ পরিদৃশ্যমান জগৎ অর্থসাধক হওয়ায় মিথ্যা হইতে পারে না। জগৎ সত্য, কিন্তু নশ্বরমাত্র ॥ ১০২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্রগ্ ভোগি-ভোগোপমমেব বক্তুং
ত্বয়া প্রপঞ্চঃ খলু শক্যতে নো।
বিশেষদৃষ্ট্যা নন্থু নাত্র বাধঃ
প্রবাহনিত্যং সততং বিভাতি ॥১০৪॥
অয়ং প্রপঞ্চঃ খলু সত্যভূতো
মিথ্যা ন চ শ্রীপতিসংগ্রহেণ।
শুদ্ধত্বমেতস্য নিবেদনেন
স্বর্ণং যথা রাজতি ধাতুজাতম্ ॥১০৫॥

এই জগৎকে মিথ্যাভূত বলিলে সমস্তই বিরুদ্ধ হয়। ধর্ম্ম-শাস্ত্রে প্রায়শ্চিত্তাদির যে ব্যবস্থা, সে সমস্তই বিরুদ্ধ হয়। রাজা চৌরগণকে সত্যই চুরি করিয়াছে বলিয়া দণ্ড দিতে পারেন না। যেহেতু শপথরত মায়াবাদী মিথ্যা বর্ণ বলিয়া সাক্ষ্য দেন ॥ ১০৩ ॥

মালাতে সর্পবুদ্ধির ন্যায় মিথ্যাবস্তুতে সত্য-জ্ঞানে ব্রহ্ম-বিবর্ত্তে বস্তুভাণ—এইরূপ এই প্রাপঞ্চিক জগৎ বলিতে পার না। মালায় সর্পভাণ হইলে তাহা বিশেষরূপে দৃষ্টি করিলে ভাণ তিরোহিত হয়। কিন্তু এই জগৎ নিত্যপ্রবাহরূপে স্পষ্ট প্রতীত হইতেছে, বিশেষরূপে দৃষ্টি করিলেও এই প্রতীতি যায় না।

এই প্রাপঞ্চিক জগৎ কদাপি মিথ্যা নয়। ভগবৎসম্বন্ধে ইহা সত্যভূত। কেবল এইমাত্র বলিতে পার যে, মায়িক জগৎ শুদ্ধ চিন্ময়-তত্ত্বের ছায়ারূপ অশুদ্ধ ব্যাপার। ভগবৎ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৈরাগ্যভোগাবিতি ভক্তিমধ্যে
স্থিতাবুদাসীনতয়া খলু দ্বৌ।
মহাপ্রসাদগ্রহণস্তু নিত্যং
ভোগঃ কদাচিৎ খলু ভক্তিরেব ॥ ১০৬ ॥

অত্যন্তাভিনিবেশেন ভোগী তু বিষয়ী ভবেৎ।
বিরাগস্তদভাবেঽপি স্যাদেব পরমার্থতা ॥ ১০৭ ॥

সৎসঙ্গেন পুনঃ পুনর্ভগবতো লীলাকথাবর্ণনাৎ
শুদ্ধপ্রেমবিশুদ্ধভক্তিলহরী চেতঃসরস্যামভূৎ।
অদ্বৈতস্য মতং বিহায় সহসা দ্বৈতে প্রবৃত্তা বয়ং
লক্ষ্মীকান্তপদারবিন্দযুগলং স্বৈরং ভজামো বয়ম্ ॥

সম্বন্ধে ইহাকে সংগ্রহ করিলে এবং ইহার সমস্ত ব্যাপারকে ভগবানে নিবেদন করিয়া গ্রহণ করিলে ইহার শুদ্ধত্ব সম্পাদিত হয়। স্পর্শমণির স্পর্শদ্বারা অন্য সমস্ত ধাতু যেরূপ স্বর্ণ হয়, তদ্রূপ জানিবে ॥ ১০৫ ॥

বৈরাগ্য ও ভোগ—দুই তত্ত্বই উদাসীনভাবে ভক্তিযোগ-তত্ত্বে অবস্থিত। জগতের যে যে বস্তুকে মহাপ্রসাদ-জ্ঞানে গ্রহণ করা যায়, তাহা ভোগমধ্যে পরিগণিত হয় না। কিন্তু ভক্তি বলিয়া অবশ্য পরিগণিত হয় ॥ ১০৬ ॥

অত্যন্ত অভিনিবেশের সহিত বিষয়ভোগকে 'ভোগ' বলে। অভিনিবেশ পরিত্যাগ পূর্ব্বক বিষয় গ্রহণরূপ বিরাগকে পরমার্থতা বলে ॥ ১০৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অস্তি লোকবিষয়ে ব্যবহারো
রাজকীয়পুরুষঃ খলু রাজা।
ব্রহ্মজীববিষয়েঽপি তথৈব শ্রূয়তে
হি বিবিধাগমমার্গে॥ ১০৯॥

যস্মিন্নুৎপত্তিমায়াৎ ত্রিভুবনসহিতং
চন্দ্রসূর্য্যাদি সর্ব্বং
যস্মিন্নাশান্তমাস্তে ব্রজতি চ বিলয়ং
স্ব-স্ব-কালেন যস্মিন্।
বেদৈর্ব্রহ্মাপি বক্তুং প্রভবতি ন কদা
যং গুণাতীতমীশং
সোঽহং বাক্যস্তু কস্মাদুপদিশসি গুরো
মন্দভাগ্যায় মহ্যম্॥ ১১০॥

সৎসঙ্গ দ্বারা পুনঃ পুনঃ ভগবল্লীলা-কথা-বর্ণনক্রমে আমাদের চিত্ত-জলাশয়ে শুদ্ধ প্রেম-বিশুদ্ধ ভক্তিলহরীর উদয় হয়। অদ্বৈতবাদ-মত পরিত্যাগ পূর্ব্বক সহসা আমরা দ্বৈতমতে প্রবিষ্ট হই এবং ভগবান্ লক্ষ্মীকান্তের পদারবিন্দযুগল সেবা পূর্ব্বক ভজন করি॥ ১০৮॥

লৌকিক বিষয়ে রাজকীয় পুরুষকে 'রাজা' বলিয়া ব্যবহার আছে। তদ্রূপ বিবিধাগমমার্গে ব্রহ্ম-সম্বন্ধীয় জীব কখনও ব্রহ্মরূপে শ্রুত হইয়া থাকে॥ ১০৯॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সূক্ষ্মস্থূলসমস্তজন্তুসহিতং ব্রহ্মাণ্ডভাণ্ডাদিকং
পক্বোড়ুম্বরমধ্যলভ্যমশকশ্রেণীব যস্মিন্নভূৎ।
যস্মিন্নাপ্রলয়ঞ্চ তিষ্ঠতি নহি প্রাপ্নোতি যস্মিন্নহো
সোঽহং বাক্যমিদং মদীয়বদনা-
দায়াতি কস্মাদ্‌গুরো? ১১১॥

যস্য শ্রীপরমেশ্বরস্য কৃপয়া মূকোঽপি বাচালতাং
পঙ্গুঃ পর্ব্বতলঙ্ঘনেঽখিলমহো
সামর্থ্যমেতি ক্ষণাৎ।
জন্মান্ধোঽপ্যরবিন্দসুন্দরদৃশোদ্বন্দ্বং কিমন্যৎ পরং
বন্দে নন্দকিশোরমিন্দুবদনং তং ভক্তচিন্তামণিম্‌॥

হে মায়াবাদাচার্য্য, যাঁহা হইতে চন্দ্র-সূর্য্যাদি সমস্ত ত্রিভুবন উৎপন্ন হইয়াছে, উৎপন্ন হইয়া যাঁহাতে প্রলয়ান্ত পর্য্যন্ত অবস্থিতি করে এবং প্রলয়কালে যাঁহাতে ঐ সকল লয়প্রাপ্ত হয়, আবার যে মায়াগুণাতীত ঈশ্বরকে চতুর্ম্মুখ ব্রহ্মা চতুর্ব্বেদ দ্বারাও বর্ণন করিতে সক্ষম হন না, অ সেই পরমানন্দবস্তুর সহিত 'আমি এক'—এই কথা আমাকে নিতান্ত মন্দভাগ্য দেখিয়া উপদেশ করিতেছেন॥১১০॥

যে পরমেশ্বরে সূক্ষ্ম, স্থূল সমস্ত জন্তুগণ সহিত ব্রহ্মাণ্ড-ভাণ্ডসকল পক্কডম্বুরমধ্যগত মশক-শ্রেণীর ন্যায় প্রলয়কালে ছিল এবং স্থিতিকালে প্রলয় পর্য্যন্ত যাঁহাতে অবস্থিতি করিয়াও যাঁহাকে পায় না, হায়! হায়! 'সেই পরমেশ্বর—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কালঃ প্রশস্তোঽনন্তো বা বিষ্ণুভক্তিফলং মহৎ।
মদ্‌গুণগ্রাহকঃ কশ্চিৎ কদাচিদ্ভবিতা ভুবি ॥ ১১৩॥
শ্রীনারায়ণভট্টবর্য্যসবিধে তদ্ভক্তিভূষাভিধং
সাঙ্গোপাঙ্গমধীত্য ভক্তকৃপয়া জ্ঞানং রহস্যব্রজম্।
ভক্ত্যাধারতয়া যথামতিঃশতশ্লোকী নিবদ্ধা ময়া
জীবব্রহ্মবিভেদতত্ত্ববিষয়ে সদ্বাক্যমুক্তাবলী ॥১১৪

আমি'—এই বাক্য আমার মুখ হইতে হে মায়াবাদাচার্য্য, কিরূপে নিঃসৃত হইতে পারে? ১১১ ॥

যে পরমেশ্বরের কৃপায় বোবাও নৈয়ায়িকদিগের ন্যায় বাচাল হইতে পারে এবং পঙ্গু পর্ব্বত-লঙ্ঘনে সদ্য ক্ষমতা লাভ করিতে পারে, জন্মান্ধ ব্যক্তিও সুন্দর পদ্মলোচনদ্বয় লাভ করিতে পারে, অন্য কথা কি বলিব, সেই ভক্তদিগের চিন্তামণি চন্দ্রবদন পরব্রহ্মস্বরূপ শ্রীকৃষ্ণকে আমি বন্দনা করি॥

কাল প্রশস্ত বা অনন্ত এবং বিষ্ণুভক্তিফল অত্যন্ত মহৎ। কালবশেইহউক বা বিষ্ণুভক্তির ফলেই হউক এই জগতে কখন কেহ মৎকৃত এই গ্রন্থের গুণগ্রাহক হইবে ॥১১৩

শ্রীনারায়ণ ভট্টশ্রেষ্ঠের নিকটে 'নারায়ণ-ভক্তিভূষা' নামক গ্রন্থ ও সাঙ্গোপাঙ্গ-শাস্ত্রসকল অধ্যয়ন পূর্ব্বক ভক্তকৃপাহেতু আমার বুদ্ধ্যনুসারে জ্ঞান ও রহস্যসমূহ ভক্তির আধাররূপে জীব ব্রহ্মভেদতত্ত্ববিষয়ে সাধুবাক্য-মুক্তাবলীনামা এই শত-শ্লোকী রচনা করিলাম॥ ১১৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বয়মিহ যদি দুষ্টং প্রোক্তবন্তঃ প্রমাদাৎ
তদখিলমপি বুদ্ধা শোধয়ন্তু প্রবীণাঃ।
স্খলতি খলু কদাচিদ্‌গচ্ছতো হন্তপাদঃ
ক্বচিদপি বদ বক্তা বক্তি মোহাদ্বিরুদ্ধম্ ॥১১৫॥
গুণিগণগুম্ফিতকাব্যে মৃগয়তি খলো
দোষং ন জাতু গুণং
মণিময়মন্দিরমধ্যে পশ্যতি
পিপীলিকা ছিদ্রম্ ॥ ১১৬ ॥
যে মৎসরা হতধিয়ঃ খলু তে চ দোষং
পশ্যন্তু নাগমনয়ন্তু গুণং গুণজ্ঞাঃ।
আলোকয়ন্তি কিল যে চ গুণং ন দোষং
তে সাধবঃ পরমমী পরিতোষয়ন্তু ॥ ১১৭ ॥

আমি যদি প্রমাদক্রমে এই গ্রন্থে কোন দুষ্টকথা বলিয়া থাকি, তাহা সম্পূর্ণরূপে বুঝিয়া প্রবীণ ব্যক্তিগণ শোধন করুন্। কেন না, চলিষ্ণু ব্যক্তির পদ কখন কখন স্খলিত হয় এবং বক্তা মোহহেতু অনেক সময় বিরুদ্ধ কথা বলিয়া থাকেন ॥

প্রস্তর-নির্ম্মিত গৃহমধ্যে যেরূপ পিপীলিকা ছিদ্রই অনুসন্ধান করিয়া থাকে, তদ্রূপগুণিগণ-বিরচিত কাব্যে খলপুরুষ কেবল দোষই অন্বেষণ করিয়া থাকে, গুণ অন্বেষণ করে না ॥

যাঁহারা মৎসরতাক্রমে হতবুদ্ধি, তাঁহারা অবশ্য দোষ দেখিয়া থাকেন এবং গুণজ্ঞসকল গুণই গণনা করেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্ণানন্দকবেঃ কৃতির্ভগবতো জীবস্য ভেদাশ্রিতা
তত্ত্বাতত্ত্ববিবেকবাক্যসুভগা শ্রীবিষ্ণুভক্তির্ম্মতা।
সাধ্বী মুগ্ধপদপ্রবন্ধমধুরা তৎ পঠ্যতাং শ্রূয়তাং
ভো ভো ভাগবতোত্তমা মনসি চেদ্-
ভক্তির্ভবেদ্বাঞ্ছিতা ॥ ১১৮ ॥
নানালঙ্কারযুক্তা মৃদুমধুরপদ-ন্যাসসম্বর্দ্ধিতশ্রীঃ
পীযূষপ্রখ্যবাক্যপ্রকরসুললিতা
চারুসর্ব্বোজ্জ্বলাঙ্গী।
বজ্ঞানন্দৈকভূমির্গুণগণসুভগা দোষলেশেন হীনা
ভক্তানাং কণ্ঠদেশে নিবসতু সততং
তত্ত্বমুক্তাবলীয়ম্ ॥ ১১৯ ॥

ইতি শ্রীমধ্বাচার্য্যবিরচিতা তত্ত্বমুক্তাবলী সম্পূর্ণা।

যাহারা দোষ না দেখিয়া কেবল গুণ আলোচনা করেন, পরম সাধু তাঁহারা ইহাতে পরিতোষ লাভ করুন ॥ ১১৭ ॥

হে ভাগবতোত্তমগণ, যদি এই জগতে শুদ্ধভক্তি বাঞ্ছিত হয়, তাহা হইলে গৌড়পূর্ণানন্দ-কবিকৃত ভগবান্ ও জীবের ভেদাশ্রিত তত্ত্বাতত্ত্ববিবেকবাক্যমণ্ডিত, শ্রীবিষ্ণুভক্তি-সম্মত, নির্ম্মল মুগ্ধপদমধুর প্রবন্ধ পাঠ করুন ও শ্রবণ করুন ॥

নানালঙ্কারযুক্ত মৃদুমধুর পদবিন্যাস দ্বারা সম্বর্দ্ধিত-সৌন্দর্য্য, অমৃত-সদৃশ বাক্যসমূহ দ্বারা সুললিত চারুসর্ব্বাঙ্গ-যুক্ত, বিজ্ঞদিগের আনন্দের একমাত্র ভূমি, সর্ব্বগুণ দ্বারা সুন্দর, দোষমাত্রবিহীন এই তত্ত্বমুক্তাবলী সর্ব্বদা ভক্তগণের কণ্ঠদেশে বাস করুন ॥ ১১৯ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
কলিকাতা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

গৌড়ীয়-গৌরব-গ্রন্থাবলী ২

গৌড়ীয়-সাহিত্য

শ্রীগৌড়ীয় মঠ
কলিকাতা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গৌড়ীয়-সাহিত্য

কলিকাতা এলবার্ট হলে বঙ্গাব্দ ১৩৩৬
১৯শে শ্রাবণ তারিখে

শ্রীশ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক ও বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী
শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদের
অনুকম্পিত

গৌড়ীয়-সম্পাদক
শ্রীমৎসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ
কর্ত্তৃক প্রদত্ত বক্তৃতার মর্ম্ম

দ্বিতীয় সংস্করণ

গৌরাব্দ ৪৪৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১নং উল্টাডিঙ্গি জংসন রোড্
কলিকাতা শ্রীগৌড়ীয় মঠ হইতে
শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ
কর্ত্তৃক-প্রকাশিত

২৪৩।২ অপার সারকুলার রোড্
কলিকাতা গৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কসে
শ্রীঅনন্তবাসুদেব বিদ্যাভূষণ বি, এ
কর্ত্তৃক মুদ্রিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-সাহিত্য

——:•:——

বিষয়-সূচী

বিষয়	পত্রাঙ্ক
মঙ্গলাচরণ	১
গৌড়ীয়-সাহিত্য—অভিধেয়তত্ত্ব	২
'গৌড়ীয়' শব্দের তাৎপর্য্য	২
'সাহিত্য' শব্দের ব্যুৎপত্ত্যর্থ	৩
'সাহিত্য' ও 'রাহিত্য'-বিচার	৩
নির্ব্বিশেষভাবে সাহিত্যাভাব	৪
একল-বাসুদেব-বিচারে সাহিত্যের সঙ্কীর্ণতা	৪
লক্ষ্মীনারায়ণে অধিকতর সাহিত্য-সম্পৎ	৫
সীতারামে সাহিত্যাধিক্য	৫
দ্বারকেশ ও মথুরেশে অধিকতর সাহিত্য	৫
বৃন্দাবনেই সাহিত্যের পরাকাষ্ঠা	৬
সাহিত্যের অদ্বিতীয় নায়ক-নায়িকা	৭
সাহিত্যের বিভাগ	৭
গোলোক ও ভূলোকের সাহিত্যে পার্থক্য	৮
বিশ্ব-সাহিত্য	৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয়	পত্রাঙ্ক
প্রাকৃত-সাহিত্য সমাজের সম্যক্ হিতসাধনে অসমর্থ	১০
গৌড়ীয়-বৈষ্ণবের 'সাহিত্য' সংজ্ঞা	১১
শ্রুতি-সাহিত্য ও সূত্র-সাহিত্য	১২
ভাগবত-সাহিত্য সর্ব্ব সাহিত্যের আকর	১৩
গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য ও গৌড়ীয়-সাহিত্য	১৬
স্বাতন্ত্র্যাবলম্বন-চেষ্টার দিগ্দর্শন	১৮
গৌড়ীয়-সাহিত্যের যুগ-নির্দ্দেশ	২০
গৌড়ীয়-সাহিত্যের ত্রিধারা	২৩
সাহিত্যের সৌন্দর্য্য-তত্ত্ব	২৬
গৌড়ীয়-সাহিত্য ও দর্শন	২৭
গৌড়ীয়-সাহিত্যের নায়ক-নায়িকা	২৮
বেদ-সাহিত্য ও সাহিত্য-নায়ক কৃষ্ণ	৩১
ভাগবত-সাহিত্য ও শ্রীরাধিকা	৩৩
ভাগবত-সাহিত্যে শ্রীরাধাপ্রমুখা গোপীগণের নাম নাই কেন ?	৩৭
গৌড়ীয়-সাহিত্যের বৈশিষ্ট্য	৪১
গৌড়ীয়-ব্যাকরণ	৪৩
গৌড়ীয়-সাহিত্যই—সার্ব্বভৌম-সাহিত্য	৪৩
গৌড়ীয়-নিরুক্ত	৪৫
গৌড়ীয়-ছন্দঃ	৪৬
গৌড়ীয়-অলঙ্কার	৫৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয়	পত্রাঙ্ক
গৌড়ীয়-নাটক	৫৫
গৌড়ীয়-কাব্য	৬১
গৌড়ীয় চরিত বা কড়চা-সাহিত্য	৬৬
শ্রীচৈতন্যভাগবত	৬৯
প্রাকৃত-সাহিত্যিকের অনধিকার-চর্চ্চা	৭০
শ্রীচৈতন্যভাগবত-সাহিত্য	৭২
শ্রীচৈতন্যমঙ্গল	৭৫
অপ্রামাণিক-সাহিত্য	৭৭
শ্রীরসিকমঙ্গল	৭৭
শ্রীভক্তিরত্নাকর	৭৮
ভক্তমাল	৮০
সাহিত্য ও সিদ্ধান্ত	৮১
বঙ্গদেশীয় প্রাকৃত কবির উদাহরণ	৮৩
'ভক্তমালে' তত্ত্ববিরোধের উদাহরণ	৮৭
পদাবলী-সাহিত্যে আবর্জ্জনা	৯০
গৌড়ীয়-পুরাণ-সাহিত্য	৯২
গৌড়ীয়-বিজ্ঞান-সাহিত্য	৯২
গৌড়ীয়-শিল্প-সাহিত্য	৯৪
গৌড়ীয়-পত্র-সাহিত্য	৯৫
গৌড়ীয়-সাময়িক-পত্র সাহিত্য	৯৬
গৌড়ীয়-রস-সাহিত্য	১০০

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয়	পত্রাঙ্ক
গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্য	১০০
গৌড়ীয়-জ্যোতিঃ-সাহিত্য	১০৩
গৌড়ীয়-সাহিত্য-নায়কের লীলা	১০৬
গৌড়ীয়-সাহিত্যিক-বিভাগ	১০৭
গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের যুগবিভাগ	১০৮
গৌড়ীয়-সাহিত্যের নবযুগ	১১১
শ্রীচৈতন্য-সারস্বত-সাহিত্য	১৪১
সভাপতির অভিভাষণ	১১৮
রায়বাহাদুর ব্যানার্জ্জি	১২১

"কৃষ্ণোৎকীর্ত্তনগাননর্ত্তনকলাপাথোজনি ভ্রাজিতা
সদ্ভক্তাবলিহংসচক্রমধুপশ্রেণীবিহারাস্পদম্ ।
কর্ণানন্দিকলধ্বনির্বহতু মে জিহ্বামরুপ্রাঙ্গণে
শ্রীচৈতন্যদয়ানিধে তব লসল্লীলাসুধাস্বধুনী ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গৌড়ীয়-সাহিত্য *

গুরুবন্দনামুখে মঙ্গলাচরণ

মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎকৃপা তমহং বন্দে শ্রীগুরুং দীনতারণম্॥
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো! রাধিকা-মাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিত-কৃপয়া শ্রীগুরুং তং নতোঽস্মি॥

বক্তার অযোগ্যতা জ্ঞাপন ও আশাবন্ধ

মাননীয় সভাপতি মহোদয় ও সমবেত সজ্জন-সঙ্ঘ, আমি আপনাদিগকে যথোচিত অভিবাদন জানাচ্ছি। আপনাদের করুণা, উৎসাহ ও আদেশ শিরে গ্রহণ ক'রে

---

* গত ১৯শে শ্রাবণ (১৩৩৬) রবিবার কলিকাতা এলবার্ট হলে "গৌড়ীয়"-সম্পাদক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি, এ কর্ত্তৃক বক্তৃতা। সভাপতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আশুতোষ-আসনের অধ্যাপক মহামহোপাধ্যায় ডাঃ ভাগবত কুমার শাস্ত্রী এম, এ, পি, এইচ, ডি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবং আপনাদের স্বভাব-সুলভ ক্ষমা ও স্নেহের আশাবন্ধ হৃদয়ে ধারণ ক'রে আজকার নৈবেদ্য পরিবেশন করবার জন্য উপস্থিত হ'য়েছি।

"গৌড়ীয়-সাহিত্য"—অভিধেয়-তত্ত্বান্তর্গত

আজকার নৈবেদ্য—'গৌড়ীয়-সাহিত্য'। গত সপ্তাহের অভিভাষণে আমরা আলোচনা ক'রেছি যে, আমাদের তিন দিবসের অভিভাষণ একটা বৈষ্ণব-বৈদান্তিক-প্রণালীতে সজ্জিত হ'য়েছে। গত সপ্তাহের 'গৌড়ীয়-গৌরব'-শীর্ষক অভিভাষণে আমরা প্রয়োজনতত্ত্ব বিচার ক'রেছি, আজ আমাদের 'গৌড়ীয়-সাহিত্য'-অভিভাষণের বিচার্য্য বিষয়—অভিধেয়তত্ত্ব। আগামী সপ্তাহে মদীয় আচার্য্যদেব 'গৌড়ীয়-দর্শন'-শীর্ষক অভিভাষণে বিষদ্ভাবে সম্বন্ধতত্ত্বের আলোচনা করবেন।

'গৌড়ীয়'-শব্দের সংক্ষিপ্ত তাৎপর্য্য

সেদিন 'গৌড়ীয়-গৌরব'-মধ্যে 'গৌড়ীয়' শব্দের তাৎপর্য্য অনেকটা আলোচিত হ'য়েছে, সুতরাং আলোচিত বিষয়ের পুনরাবৃত্তি নিষ্প্রয়োজন মনে ক'রে আমরা 'গৌড়ীয়' শব্দে সারস্বত, কান্যকুব্জ, উৎকল, মৈথিল, মধ্য-গৌড় বা বঙ্গ—এই পঞ্চ-গৌড়ের অধিবাসী, অথবা আরও ব্যাপক অর্থে রজতপীঠপুরন্দর গৌড়পূর্ণানন্দের অন্বয় অর্থাৎ ব্রহ্মমাধ্ব-পরম্পরায় মহাপ্রভুর সর্ব্বদেশী ও সার্ব্বজনীন বৈদান্তিক-সিদ্ধান্তের বিচার গ্রহণকারি-মাত্রকেই 'গৌড়ীয়' বলতে পারি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'সহিত' বা 'সাহিত্য'—বিচিত্রতা-জ্ঞাপক

'সহিত'-শব্দ ষ্ণ্য অথবা সম্-হিত-ষ্ণ্য ক'রে 'সাহিত্য'-শব্দ নিষ্পন্ন। 'সাহিত্য'-শব্দে সুংসর্গ, মৈত্রী অথবা সম্যক্ হিতকারক সুসন্নিবিষ্ট-বাক্য-পরম্পরা বুঝায়। 'সাহিত্য'-শব্দ উচ্চারণ-মাত্রেই একাধিক বস্তুর অধিষ্ঠান এবং তা'দের পরস্পরের সহিত একটা মিলন-সম্বন্ধ বা ঐক্য-তানের ভাবের হৃদয়ে স্ফূর্ত্তি হয়। যেখানে একাধিক বস্তু নেই, সেখানে কা'র সঙ্গে কে মিলিত বা অন্বিত হ'বে? 'সহিত'-কথাটীর সার্থকতাই থাকে না, যদি একাধিক বস্তু বা বিচিত্রতা না থাকে।

'সাহিত্য' ও 'রাহিত্য' বিচার

তা' হ'লেই দাঁড়াল 'সাহিত্য' মানে—বিলাস। যেখানে বিলাস—বিচিত্রতা, সেখানেই সাহিত্য। বিরাগে সাহিত্য নেই—নির্ব্বিশেষভাবে সাহিত্য নেই, সেখানে সব রাহিত্য—'নেতি' নেতি'র পর একটা রাহিত্যভাব মাত্র। বিরাগ জিনিষটা—শুষ্ক, রসাল নহে। সাহিত্য—রসের খনি, তবে বিরক্তি বা ক্রোধকেও যদি কেউ একটা রসের ভিতরে ফেলতে চান, তা' হলেও আলঙ্কারিকগণ তা'কে গৌণ ও সাময়িক রসের অন্তর্গতই বল্‌বেন। মুখ্য রসগুলির পুষ্টি বিধান ক'রেই গৌণরস নিবৃত্ত হয়। যেখানে 'বিরাগ' অর্থে বিশিষ্টরাগ, সেখানে 'সাহিত্য' আছে—সেইটাই প্রকৃত সাহিত্য। যেমন ভাগবত বল্‌ছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং যদ্বৈষ্ণবানাং প্রিয়ং
যস্মিন্ পারমহংস্যমেকমমলং জ্ঞানং পরং গীয়তে।
যত্র জ্ঞান-বিরাগ-ভক্তি-সহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতং
তচ্ছৃণ্বন্ সুপঠন্ বিচারণপরো ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ॥

এখানে 'জ্ঞান' মানে—সম্বন্ধজ্ঞান, 'বিরাগ' মানে—অভিধেয়, আর 'ভক্তি' মানে—প্রেমভক্তি-প্রয়োজন। পারমহংসী-সংহিতা ভাগবত—একাধারে দার্শনিক-সাহিত্য, অভিধেয়-সাহিত্য ও প্রয়োজন-সাহিত্য। তাই শ্রীমদ্ভাগবত বৈষ্ণবগণের এত প্রিয়।

"নিগমকল্পতরোর্গলিতং ফলং
শুকমুখাদমৃতদ্রব-সংযুতম্।
পিবত ভাগবতং রসমালয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ॥

নির্ব্বিশেষভাবে সাহিত্যের অভাব

যেখানে নপুংসক-লিঙ্গ ব্রহ্মের ধারণা বা নির্ব্বিশেষ চিন্মাত্র-ভাব—যেখানে চিদ্বিলাসরাহিত্য—যেখানে ত্রিপুটী-বিনাশ, সেখানে যে কথা বন্ধ, দেখা বন্ধ, চলা-ফেরা সব বন্ধ, কাজেই সেখানে আর সাহিত্যের স্থান কোথায়?

একল-বাসুদেব-বিচারে সাহিত্যের সঙ্কীর্ণতা

একল-বাসুদেবের কথায় কিছু সাহিত্য আছে বটে, কিন্তু যেখানে কেবল বিষয়ের অবস্থান-জন্য আশ্রয়ের প্রধান

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নায়িকার প্রকাশভাব, সেখানে সাহিত্যের সঙ্কীর্ণতা। আমরা প্রাকৃত দৃষ্টান্ত অনুধাবন কর্‌লেও দেখতে পাই, জগতে যদি আজ কেবল পুরুষ থাকৃত, স্ত্রীজাতির কোন অস্তিত্ব না থাকৃত, তা' হলে জগচ্চক্র এরূপভাবে চল্‌ত না। জগতে মানুষের উত্তম, আশা, আকাঙ্ক্ষা, কর্ম্মস্পৃহা, জটিলতা কুটিলতা, যুদ্ধবিগ্রহের মহাভারত, পুরুষ ও স্ত্রীজাতির সম্মেলনেই পরিবর্দ্ধিত। একল-পুরুষে বিলাস-পুষ্টি না হওয়ায় সাহিত্য সেখানে সঙ্কোচিত।

লক্ষ্মীনারায়ণে অধিকতর সাহিত্য-সম্পৎ

স্ত্রী-পুংভাবযুক্ত লক্ষ্মীনারায়ণের উপাসনায় অধিকতর সাহিত্য আছে বটে, কিন্তু সেখানেও ঐশ্বর্য্যের আচ্ছাদন সাহিত্য-চন্দ্রিকাকে পরিস্ফুট হ'তে দেয় নাই।

সীতারামে আরও অধিক সাহিত্য

সীতারামের উপাসনায় লক্ষ্মীনারায়ণের উপাসনা হ'তে অধিকমাত্রায় সাহিত্য থাকৃলেও রামায়ণ-সাহিত্যের সীতা-রাম-প্রীতির আদর্শকে ঠিক কান্তভাব বলা যেতে পারে না, সেটা দাস্যভাবেরই প্রকারান্তর।

দ্বারকেশ ও মথুরেশে অধিকতর সাহিত্য

দ্বারকেশ রুক্মিণীরমণের বিলাসে অযোধ্যা-পুরন্দর সীতা-রাম অপেক্ষা অধিক সাহিত্য থাকৃলেও তাহা—ঐশ্বর্য্যমিশ্র।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মথুরানাথে যথেষ্ট সাহিত্য আছে সত্য, কিন্তু সাহিত্য-সম্পুট সেখানেও পূর্ণতমভাবে সম্প্রকাশিত নয়।

বৃন্দাবনেই সাহিত্যের পরাকাষ্ঠা

বৃন্দাবনেই সাহিত্যের চরম-সীমা। কথায় বলে,—"কানু ছাড়া গীত নেই।" সাহিত্যের পরিস্ফূর্ত্তি—ব্রজ-নব-যুব-যুগ্মের অবাধ অপ্রাকৃত লীলায়। যেখানে রসের চরমোৎকর্ষ, সেখানেই সাহিত্যের ভাণ্ডার উন্মুক্ত। বন ছাড়া সাহিত্য সুন্দরতম হয় না, ব্রজ ছাড়া সাহিত্য পূর্ণতম হয় না। ক্রীড়া-মাধুরী, বেণু-মাধুরী, বিগ্রহ-মাধুরী যেখানে, সেখানেই সাহিত্যের মূল প্রস্রবণ সহস্রধারে নির্ঝরিত। বেণুর রবে সাহিত্য-সাগরের বাণ ডাকে, ত্রৈলোক্য-সৌভগ-বিগ্রহ-মাধুরী অপ্রাকৃত সহজ-সাহিত্য-সুরধুনীর অভিসার আবিষ্কার করে, ক্রীড়া-মাধুরী সাহিত্য-কৌস্তভমণির নব নব খনি প্রকটিত করে, ঐশ্বর্য্যমাধুরী সাহিত্য-সাম্রাজ্য বিস্তার করে। তারুণ্য যেখানে, সাহিত্য সেখানে; কিশোর-কিশোরী যেখানে, সাহিত্য সেখানে; কদম্ব-কেতকী-কুসুম-কিসলয় যেখানে, সাহিত্য সেখানে; কালিন্দীকুঞ্জ, কোকিলের কাকলী, শিখির কেকা যেখানে, সাহিত্য সেখানে। শ্বেতদ্বীপের সবই সাহিত্য। সেখানকার মাটী—সাহিত্য, সেখানকার তরু—সাহিত্য, সেখানকার জল—সাহিত্য, সেখানকার কথা—সাহিত্য, সেখানকার গমন—সাহিত্য, সেখানে সাহিত্যের 'হরির লুট'।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রিয়ঃ কান্তা কান্তঃ পরমপুরুষঃ কল্পতরবো
দ্রুমা ভূমিশ্চিন্তামণিগণময়ী তোয়মমৃতম্।
কথা গানং নাট্যং গমনমপি বংশী প্রিয়সখী
চিদানন্দং জ্যোতিঃ পরমপি তদাস্বাদ্যমপি চ॥"

সাহিত্যের অদ্বিতীয় নায়ক-নায়িকা

অখিলরসামৃতমূর্ত্তি এক নবকিশোর-নটবর—সেই সাহিত্যের অদ্বিতীয় নায়ক, আর সাহিত্যের সান্দ্র-মূর্ত্তি—কিশোরী-শিরোমণি বৃষভানুনন্দিনী—যাঁর চিত্তেন্দ্রিয়কায় সব সাহিত্য—যাঁর প্রতি অঙ্গ-প্রত্যঙ্গ—প্রতি হাব-ভাব—প্রতি বসনভূষণ পূর্ণতম, সুন্দরতম সান্দ্র-স্বরাট্-সাহিত্য—যে সাহিত্য জগন্মোহন কৃষ্ণকে মোহিত করে। জগতে বহু তরুণাভিমান, তাই এখানকার সাহিত্য বিরস উৎপাদন করে। কিন্তু শ্বেতদ্বীপে এক কিশোরই—কান্ত, কিশোরী-কুল—কান্তা; এক কিশোরের সেবা-সাহিত্য-সম্বর্দ্ধনাই—সেখানকার মূলমন্ত্র।

সাহিত্যের বিভাগ

সাহিত্যকে আমরা দু'ভাগে বিভাগ কর্তে পারি,—একটা হচ্ছে—স্বরাটের সাহিত্য—মানুষকে যা' সত্য সত্য স্বরাজ দিতে পারে—যা'কে অপ্রাকৃত-সাহিত্য বলা যায়; আর একটা হচ্ছে—বিরাটের সাহিত্য—যেটা স্বরাটের বাইরের অঙ্গের আপাত মনোমুগ্ধকর একটা প্রতিফলিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রতিবিম্ব। এই বিরাট্ বা প্রকৃতি থেকে যে সকল সাহিত্যের উৎপত্তি হ'য়েছে ও হচ্ছে, তাকেই বিরাটের সাহিত্য বা প্রাকৃত-সাহিত্য বলা যায়। এখানকার সাহিত্য সেই স্বরাট্-সাহিত্য-সৌন্দর্য্য-সাগরের একটুকু বিকৃত আভাসমাত্র; এখানকার সাহিত্যের নায়ক অনেক, কিন্তু স্বরাট্-সাহিত্যের নায়ক একমাত্র সনাতন-রসপরিপালী সর্ব্বতন্ত্রস্বতন্ত্র ব্রজ-নব-যুবরাজ।

গোলোক ও ভূলোকের সাহিত্যে পার্থক্য

যেখানে নায়ক অনেক, সেখানে ঐক্যতান বা এক-ক্রিয়ান্বয়িত্ব নাই; ঐক্যতান বা একক্রিয়ান্বয়িত্ব যেখানে সর্ব্বতোমুখী, সেখানেই সাহিত্যের পূর্ণ অভিব্যক্তি: এ জগতের সাহিত্যের নায়কম্মন্য বা নায়িকাভিমানিনীগণ সচ্চিদানন্দঘন ন'ন—এখানকার মাটী, তরু, জল চিন্তামণি নয়—এখানে কাল ভূত-ভবিষ্যদ্ধর্ম্ম-রহিত অখণ্ড নয়—এখানকার নায়ক-নায়িকাগণ কাণ দিয়ে অসম্পূর্ণভাবে কথা শুনতে পারলেও কাণ দিয়ে কথা কইতে পারেন না; কিন্তু স্বরাট্-সাহিত্যের নায়ক-নায়িকাগণ কাণ দিয়ে যেমন কথা শুন্‌তে পারেন, তেম্‌নি কাণ দিয়ে কথা কইতেও পারেন—তাঁ'দের সকল অপ্রাকৃত ইন্দ্রিয়ই পূর্ণভাবে অন্যান্য সকল ইন্দ্রিয়ের কাজ কর্‌তে পারে; তাই তাঁ'দের প্রতি অঙ্গ-প্রত্যঙ্গ—সাহিত্য,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অঙ্গানি যস্য সকলেন্দ্রিয়বৃত্তিমন্তি
পশ্যন্তি পান্তি কলয়ন্তি চিরং জগন্তি।
আনন্দচিন্ময়সদুজ্জ্বলবিগ্রহস্য
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥"

বিশ্ব-সাহিত্য

আমরা আজকাল বিশ্ব-সাহিত্যের কথা খুব শুন্তে পাই; কিন্তু যদি কেবল বিরাট্ ধ'রেই বিশ্বের গণ্ডি দেওয়া যায়, তা'হলে প্রাকৃত সাহিত্যই বিশ্ব-সাহিত্য হ'য়ে দাঁড়ায়। শ্রুতি বল্‌ছেন, বিরাট্—স্বরাটেরই একটা বাহ্য-ছবি। স্বরাট্‌কে বাদ দিয়ে বিরাট্ থাক্‌তে পারে না—বিম্বকে বাদ দিয়ে প্রতিবিম্ব থাক্‌তে পারে না। তাই স্বরাটের সাহিত্যই বিশ্ব-সাহিত্য হ'লে বিরাটের সাহিত্য আনুষঙ্গিকভাবেই তা'র অন্তর্গত থেকে যায়। যে সাহিত্যে অপূর্ণতা আছে—যে সাহিত্যে সঙ্কীর্ণতা আছে—যে সাহিত্যে অপসাম্প্রদায়িকতা আছে—যে সাহিত্যে আপাত উত্তেজনা আছে, কিন্তু সঞ্জীবনী-শক্তি নেই—যে সাহিত্যের সুর ভেঙ্গে যায়—বীণা ছিঁড়ে যায়—যে সাহিত্য আলেয়ার মত ছলনা ক'রে মানুষকে কালাপানির আবর্ত্তে ফেলে দেয়—যে সাহিত্য বিরাটের খানিকটা নিয়ে চল্‌তে চল্‌তে হিত হারিয়ে বিপরীত পথে পথ হারিয়ে ফেলে—যে সাহিত্য বিরাটের আবরণ ভেদ ক'রে—বিরজা পার হ'য়ে—বিরাটের অতীত স্বরাটের পাদপদ্ম নীরাজন কর্‌তে পারে না,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিশ্বকে স্বরাটের সেবায়—স্বরাটের সাধনায়—স্বরাটের সুখ-গৌরবে উদ্বুদ্ধ ক'রে তুল্‌তে পারে না, তা'কে কি ক'রে বিশ্ব-সাহিত্য বা বিশ্ব-ভারতী বলা যেতে পারে? ঐ শুনুন, শ্রুতি-সাহিত্য কি বল্‌ছেন,—

"শৃন্বন্তি বিশ্বে অমৃতস্য পুত্রাঃ।"

বিশ্বকে অমর ক'রে দিতে পারে যে সাহিত্য—অচৈতন্য তাড়িয়ে চেতন ক'রে দিতে পারে যে সাহিত্য—বিশ্ব-চেতনায় যুগান্তর এনে দিতে পারে যে সাহিত্য, তা'রই নাম—বিশ্ব-সাহিত্য—তা'রই নাম—চৈতন্য-সরস্বতী—মহা-বিশ্ব-ভারতী—মহাভারত-ভারতী—ভাগবত-ভারতী।

প্রাকৃত-সাহিত্য সমাজের সম্যক্ হিত সাধনে অসমর্থ

সেক্ষপীয়র-সাহিত্য, সানিন-সাহিত্য, কৃষ্ণচন্দ্রীয়যুগের রায়গুণাকরী-সাহিত্য বা আধুনিক বাংলার সাহিত্য সমূহ যদি স্বরাটের সেবা হ'তে বিচ্যুত হ'য়ে পড়ে, তা' হ'লে সে সাহিত্য 'সংহিত' অর্থাৎ সমাজের সম্যক্ হিত—সাহিত্যের যেটী প্রকৃত তাৎপর্য্য, সেটী রক্ষা কর্‌তে পারে না। মহাবিশ্ব-সাহিত্যের ঋষি তাঁ'র বীণার] গানে একদিন এ কথা গেয়েছিলেন,—

"ন যদ্বচশ্চিত্রপদং হরের্যশো
জগৎপবিত্রং প্রগৃণীত কর্হিচিৎ।
তদ্বায়সং তীর্থমুশন্তি মানসা
ন যত্র হংসা নিরমন্ত্যশিক্ক্ষয়াঃ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তদ্বাগ্বিসর্গো জনতাঘবিপ্লবো
যস্মিন্ প্রতিশ্লোকমবদ্ধবত্যপি।
নামান্যনন্তস্য যশোঽঙ্কিতানি যৎ
শৃন্বন্তি গায়ন্তি গৃণন্তি সাধবঃ॥"

মানস-সরোবরের কোমল-কমল-কাননচারী রাজহংস-সমূহ যেমন বিচিত্র অন্নাদিপূর্ণ কাকক্রীড়াস্থল উচ্ছিষ্টগর্ত্তে কখনও উল্লসিত হয় না, তদ্রূপ শব্দ-বিচারাড়ম্বরপূর্ণ হ'লেও হরি-কথারসহীন বাক্য বা গ্রন্থে ভক্তগণের আনন্দ হয় না,—তাঁ'রা সে সব শুষ্কবোধে পরিত্যাগ ক'রে থাকেন। যে বাক্য বা গ্রন্থে ভগবান্ অনন্তদেবের মহিমাপর নামসমূহ বর্ণিত আছে, তা'র প্রতি শ্লোক 'অপ'-শব্দাদিযুক্ত হ'লেও অর্থাৎ তা'তে প্রসাদ-গুণ না থাকলেও সেই বাগ্‌বিন্যাস লোকের অশুভ বিনাশ করে। কেন না, সেই নামসমূহ সাধুগণ বক্তা থাকলে শ্রবণ করেন, কেউ না থাকলেও নিজে নিজেই গান করেন, আর শ্রোতা থাকলে কীর্ত্তন ক'রে থাকেন।

গৌড়ীয়বৈষ্ণবের "সাহিত্য"-সংজ্ঞা

গৌড়ীয়-বৈষ্ণবগণের "সাহিত্যের" এরূপ সংজ্ঞা আছে,—"হিতেন প্রাণিনামবিদ্যা-মোচন-রূপোপকারেণ সহ বর্ত্তমানা 'সহিতা' ভগবদ্ভক্তিস্তামর্হতীতি সাহিত্যং শ্রীভাগবতং" অথবা "সহিতস্য ভগবৎসঙ্গস্য ভাবঃ সাহিত্যম্" অর্থাৎ প্রাণিগণের অবিদ্যামোচনরূপ উপকারের সহিত বর্ত্তমান যাহা, তাহাই সহিতা, সেই 'সহিতা' অর্থে—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভগবদ্‌ভক্তি। ভগবদ্ভক্তি প্রতিপাদন কর্‌বার যোগ্যবস্তুই—'সাহিত্য'। সেই সাহিত্যই—ভাগবত, অথবা ভগবৎ-সঙ্গের যে ভাব, তা'রই নাম—সাহিত্য। অল্পকথায় সাহিত্য—স্বরাটের সরস্বতী, স্বরাটের বাণী-বিনোদ, স্বরাটের বিচিত্র-বিলাস বা স্বরাটের সঙ্কীর্ত্তন।

শ্রুতি-সাহিত্য ও সূত্র-সাহিত্য

শ্রুতি-সাহিত্য বা সূত্র-সাহিত্য 'রাহিত্য' বা নির্ব্বিশেষ ভাব প্রতিপাদন করে নি। শ্রুতি-সাহিত্য ও সূত্র-সাহিত্য স্বরাটের সাম-সঙ্গীতই সঙ্কীর্ত্তন ক'রেছেন। শ্রুতি যাঁ'কে "রসো বৈ সঃ" বল্‌ছেন, তিনিই মধুর-রস-সর্ব্বস্ব স্বরাট্ পুরুষোত্তম। কঠ-শ্রুতি—"নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনা-নামেকো বহূনাং যো বিদধাতি কামান্" মন্ত্রে যাঁর আরতি ক'র্‌ছেন, তিনিই—নিখিল-চেতন-জীবাতু অপ্রাকৃত কামদেব। ঋঙ্‌মন্ত্র "অপশ্যং গোপামনিপদ্যমানমা চ পরাচ পথিভিশ্চরন্তম্," "তা বাং বাস্তূন্যুশ্মসি গমধ্যৈ যত্র গাবো ভূরিশৃঙ্গা অয়াসঃ" প্রভৃতি সাহিত্যে যে সাহিত্য-নায়কের আরাধনা ক'র্‌ছেন, তিনিই গোপেন্দ্রনন্দন গোকুলবীর কৃষ্ণ-চন্দ্র। "শ্যামাচ্ছবলং প্রপদ্যে শবলাচ্ছ্যামং প্রপদ্যে", "সৈষানন্দস্য মীমাংসা ভবতি", "এবমেবৈষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষঃ, স তত্র পর্য্যেতি জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ", "অয়মাত্মা সর্ব্বেষাং ভূতানাং মধু" "আত্মানমেব প্রিয়মুপাসীত", "স

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ৰ আত্মানমেব প্রিয়মুপাস্তে ন হাস্য প্রিয়ং প্রমায়ুকং ভবতি” প্রভৃতি শ্রুতি সেই গূঢ় দেবতা গোপীজনবল্লভ রসিকশেখরেরই সাহিত্য-সৌরভ বিস্তার ক'র্‌ছেন। “ওঁ আঽস্য জানন্তো নাম চিদ্বিবক্তন্ মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে” প্রভৃতি ঋক্ সর্ব্বসাহিত্য-স্ফোটব্রহ্ম ত্রিভুবনমঙ্গল দিব্যনামধেয়ের সাহিত্যেরই স্তব ক'র্‌ছেন। আবার সূত্র-সাহিত্য “জন্মাদ্যস্য যতঃ”-সূত্র হ'তে সাঙ্কর্ষণ-সূত্র ও নিগম-কল্পতরুর গলিত-ফল নৈমিষ-সাহিত্য-সঙ্গীতের সুর ধ'রে “সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ”, “লোকবত্তু লীলাকৈবল্যম্” ও সর্ব্বোপসংহারে “ভোগমাত্রসাম্যলিঙ্গাচ্চ” সূত্র-সঙ্গীতে গূঢ়ভাবে বল্লভাকুল-সীমন্তমণির স্বরূপ ও লীলাকৈবল্যের কথাই গান ক'রেছেন।

ভাগবত-সাহিত্য বা নৈমিষ-সাহিত্য সর্ব্বসাহিত্যের আকর

ভাগবত-সাহিত্য বা নৈমিষ-সাহিত্য হ'তেই জগতের সব সাহিত্য উদ্ভূত হ'য়েছে, হচ্ছে ও অনন্তকাল হ'তে থাক্‌বে। ভাগবত-সাহিত্য সর্ব্ব-বেদান্ত-সূত্র-সাহিত্যের সার—সর্ব্ব শ্রুতি-সাহিত্যের সার। ভাগবত-সাহিত্য সূত্র সাহিত্যের অকৃত্রিম ভাষ্যভূত। পরস্পর আপাত-বিরোধী শ্রুতির ও আপাত-বিরোধী সূত্রের সমন্বয়-সাহিত্যই এই নৈমিষ-সাহিত্য। এই সাহিত্যের স্রষ্টা নেই, এই সাহিত্য স্বরাট্ পুরুষের নিঃশ্বসিত বাণী। ইহা কখনও কখনও সনাতন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুরুষের দ্বারা—ব্যাস-নারদাদি দ্বারা পৃথিবীতে প্রচারিত হয়; আবার কখনও কখনও প্রলয়াদির সঞ্চারে, গ্রাহকের অভাবে পৃথিবী হ'তে অদৃশ্য হয়। এই সাহিত্য-শিখামণি নৈমিষ-সাহিত্য প্রাগ্‌বন্ধযুগেও বর্ত্তমান ছিল। নৈমিষ-সাহিত্যের আকর-গ্রন্থগুলি যে ভাষায় লিখিত হ'য়েছিল, সে সকল বৈদিক-গ্রন্থ কালবশে তিরোহিত হবার পর এবং সেই সাহিত্যের ভাষা বর্ত্তমান-প্রকাশিত-পুরাণ-সাহিত্য-রচনাকালের পরবর্ত্তী সময়ে অনাদৃত হওয়ায় ভারতীয় প্রাচীন সাহিত্যের আকর-গ্রন্থগুলি কালবশে সম্প্রতি দুর্ল্লভ হ'য়ে প'ড়েছে। নৈমিষ-সাহিত্যের প্রতিপাদ্য বিষয়গুলি ঋক্‌সংহিতা প্রকাশকালেরও বহু পূর্ব্বের কথা। সে জন্যই সংহিতা-সাহিত্যের পরবর্ত্তিকালে প্রচারিত পুরাণ-সাহিত্যের নব্য ঐতিহ্যের সহিত বৈদিক-কালের পূর্ব্ববর্ত্তী বিষয়ের যথেষ্ট আলোচনা রয়েছে। সর্ব্ব-সাত্বতশাস্ত্র-সমন্বয় সাহিত্য নৈমিষ-সাহিত্যকে অবলম্বন ক'রেই ভারতের প্রাচীন সাহিত্য-সমূহ সম্বর্দ্ধিত হ'য়েছে। 'পরমহংসপ্রিয়া' 'শুকহৃদয়', 'মুক্তাফল', 'হরিলীলা', 'বিদ্বৎকামধেনু', বিষ্ণুস্বামীর 'সর্ব্বজ্ঞসূক্ত', লক্ষ্মীধর ও শ্রীধরের 'নামকৌমুদী' এবং 'ভাবার্থদীপিকা', নিম্বভাস্করের 'পারিজাত', আলবন্দারু ঋষি ও লক্ষ্মণদেশিকের 'স্তোত্ররত্ন' ও 'গদ্যত্রয়' প্রভৃতি, পূর্ণপ্রজ্ঞের 'ভাগবত-তাৎপর্য্য', 'অমৃতমহার্ণব', 'দ্বাদশস্তোত্র', শ্রীমদ্‌বিষ্ণুপুরীপাদের 'ভক্তিরত্নাবলী', সাত্বত-সাহিত্যিকগণের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'পদ্যাবলী'—সকলই নৈমিষ-সাহিত্য-কুসুম-কাননের কৃষ্ণ-কণ্ঠোৎসব-মালিকা। অধিক কি, আচার্য্য শঙ্কর ভগবদাদেশে চিদ্‌বিলাস-রাহিত্যবাদের প্রচারক হ'লেও নৈমিষ-সাহিত্যের প্রতিপাদ্য চেল-চৌরাদি-লীলা গোবিন্দাষ্টকাদিতে তটস্থ-ভাবে বর্ণন ক'রে দূর হ'তে নৈমিষ-সাহিত্যকে স্পর্শ ক'রেছেন। এই নৈমিষ-সাহিত্য-সহস্র-দীপ দিয়ে "গোবিন্দমাদি পুরুষং তমহং ভজামি" স্তোত্র পাঠ কর্‌তে কর্‌তে যেদিন পূজারী চতুর্ম্মুখ স্বরাট্‌ শ্যামসুন্দরের আরতি ক'র্‌ছিলেন, আর সেই আরতির শঙ্খ-সলিল দেবতাগণের মাথায় প্রক্ষিপ্ত হচ্ছিল, সেদিন পয়স্বিনীর তটে আদিকেশবের মন্দিরে গৌড়ীয়গণ সেই শঙ্খ-সলিল লুটে নিয়েছিলেন। গৌড়পুরের জয়-দেওয়া দেবতা সেই শঙ্খ-সলিল হ'তে সাহিত্য-সুরধুনীর বাণ এনেছিলেন—যে বাণ বিশ্ব-সাহিত্যকে ক্রোড়ীভূত ক'রে সকল সাহিত্যের শিরোদেশে "সুখদং শুভদং ভবসারং" গান গেয়ে নৃত্য কর্‌ছে। সে-দিন হ'তেই গৌড়ীয়-সাহিত্যের নবযুগ আরম্ভ হলো। গৌড়েশ্বর লক্ষ্মণসেনের সভা-কবি জয়দেবের মধুর-কোমল-কান্ত-পদাবলী, গুণরাজ খাঁর শ্রীকৃষ্ণবিজয়, মৈথিল-গৌড়ীয়-মহাকবি বিদ্যাপতির মধুর পদাবলী, চণ্ডীদাসের মনঃপ্রাণ-আকুল-করা পদগুলি, রায়ের নাটকগীতি গৌড়পুর, মিথিলা ও ওড্রদেশের রাজসভা-প্রাঙ্গণ মুখরিত ক'রে নৈমিষ-সাহিত্য সরস্বতীর সহস্র জয় ঘোষণা কর্‌তে থাক্‌ল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-গোস্বামিগণের গৌরব-গ্রন্থমালা নৈমিষ-সাহিত্য-সৌরভ আরও সম্প্রকাশিত ক'রে দিল। সুতরাং নৈমিষ-সাহিত্যই স্বরাট্-সাহিত্য বা মহাবিশ্ব-সাহিত্য। বিশ্বরূপ বা বিরাটের সাহিত্য স্বয়ংরূপ বা স্বরাটের সাহিত্যের অবৈধ আনুকরণিক প্রতিযোগিতায় নিগমকল্পতরুর ফলের পাশে মাকালফলরূপে অথবা ধান্যের পাশে শ্যামা-ঘাসরূপে অপাশ্রিত ও ব্যতিরেকভাবে অন্ধকারের দ্বারা আলোর ঔজ্জ্বল্য পুষ্টির ন্যায় নৈমিষ-সাহিত্যেরই সৌন্দর্য্যপুষ্টি কর্‌ছে। তথাকথিত বিশ্ব-সাহিত্য—যা' অনন্ত-জগতে অনন্তকালে সৃষ্ট হ'য়েছে, হ'চ্ছে বা হ'বে, সেগুলি সব সেই মহাবিশ্ব-সাহিত্য নৈমিষ-সাহিত্যেরই অবৈধ, বিকৃত, নকল ক্ষুদ্র সংস্করণ। সুতরাং স্বরাট্-সাহিত্যিকগণ ভাগবত-সাহিত্যকেই অন্বয় ও ব্যতিরেকভাবে বিশ্ব-সাহিত্যের আকর ব'লে স্থির ক'রেছেন।

গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য ও গৌড়ীয়-সাহিত্য

অনেকেই গৌড়ীয়-সাহিত্য ও গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যকে পৃথক্ বিচার করেন অর্থাৎ 'গৌড়ীয়-সাহিত্য' বল্‌তে গেলে বাংলার সাহিত্যমাত্রকেই বুঝায়, আর 'গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য' বল্‌লে কেবল শ্রীচৈতন্যদেবের অনুগত-সম্প্রদায়ের সাহিত্যকে লক্ষ্য করে; কিন্তু একভাবে গৌড়ীয়-সাহিত্যকে গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য হ'তে পৃথক্ ক'র্‌লেও গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যেই যে গৌড়ীয়-সাহিত্যের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আকর, এ সত্যকথা অনেক গবেষণাপরায়ণ সাহিত্যিক-গণই একবাক্যে স্বীকার ক'রে থাকেন। তবে যাঁরা বৈষ্ণবতা বাদ দিয়ে দিলেন অর্থাৎ সাহিত্যকে সর্ব্বতোভাবে স্বরাটের সেবায় নিযুক্ত কর্‌বার পরিবর্ত্তে একটুকু স্বতন্ত্র হ'য়ে বিরাটের মোহে বিভোর হ'য়ে পড়্‌লেন—যাঁদের উপর স্বরাট্ প্রভুত্ব কর্‌বার পরিবর্ত্তে তাঁদের সাম্‌নে বিরাট্ এসে তাঁদের চোখ ঝল্‌সে দিল, আর তাঁদের উপর প্রভু হ'য়ে চেপে বস্‌লো, তাঁ'রা 'বৈষ্ণব'-শব্দটী বাদ দিয়ে কেবল 'গৌড়ীয়-সাহিত্য' বা 'গৌড়ীয়-সাহিত্যিক' নাম গ্রহণ কর্‌লেন। যাঁ'রা আত্মপ্রতিষ্ঠা-লাঘব-ভয়ে অথবা বিরাটের বুদ্ধি নিয়ে গৌড়ীয়-বৈষ্ণব সাহিত্যকে গৌড়ীয়-সাহিত্যের আকররূপে স্বীকার কর্‌তে লজ্জা বোধ কর্‌লেন, আর বৌদ্ধ-সাহিত্যকে গৌড়ীয়-সাহিত্যের জনকত্বে স্থাপন করাকে শ্লাঘার বিষয় বিচার কর্‌লেন, মনে হয়, তাঁ'রা বাংলা-সাহিত্যকে বৌদ্ধানুগ-সাহিত্য বল্‌তে গিয়ে স্বদেশীয় সাহিত্য-সরস্বতীকে লোক-চক্ষে হীন কর্‌বারই চেষ্টা ক'রেছেন। তারপর বৌদ্ধ-সাহিত্যের আকর অনুসন্ধান কর্‌তে গেলেও সেখানে বৈষ্ণব-সাহিত্যই সামনে এসে দাঁড়ায়। গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য হ'তে যেমন তথাকথিত গৌড়ীয়-সাহিত্য স্বমত কল্পনা ক'রে স্বতন্ত্র হ'য়ে দাঁড়াবার চেষ্টা করায় বিপথগামী হ'য়ে প'ড়েছে, তেমনি বৈষ্ণবতা ও বৈষ্ণব-সাহিত্য হ'তে স্বতন্ত্র হ'য়ে বাংলার বজ্রযানীয় বৌদ্ধবাদ ও বৌদ্ধ-সাহিত্য সৃষ্ট

২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হ'য়েছে। যেমন পরবর্ত্তিকালে গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্ম হ'তে স্বতন্ত্র হ'য়ে আউল, বাউল, কর্ত্তাভজা, নেড়া, দরবেশ, সহজিয়া, সখিভেকী গৌরনাগরী প্রভৃতি মত ও তা'দের সাহিত্য সৃষ্টি হ'য়েছে ও হচ্ছে, তেমনি প্রাচীন বৈষ্ণব-সাহিত্য বা নৈমিষ-সাহিত্য হ'তে স্বতন্ত্র হ'য়ে বজ্রযানীয় বৌদ্ধ-সাহিত্য-সমূহ সৃষ্ট হ'য়ে সমাজ ও সাহিত্যকে কলঙ্কিত ক'রেছে। গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য অর্থাৎ নৈমিষ-সাহিত্য এই সকল নব-সৃষ্ট সাহিত্যের বহু পূর্ব্বে গৌড়-বঙ্গে প্রকাশিত ছিল। সেই সাহিত্যই গৌড়ের আদি সাহিত্য।

স্বাতন্ত্র্যাবলম্বন-চেষ্টার দিগ্দর্শন

গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য হ'তে স্বতন্ত্র হ'য়ে ব্যক্তিগত বা নবসৃষ্ট সম্প্রদায়গত সাহিত্য গ'ড়ে তুলবার চেষ্টা গৌড়ীয়ের অভ্যুদয়-যুগে শুধু যে বাংলায় হ'য়েছিল, তা' নয়, বঙ্গের বাইরেও এই স্বতন্ত্রতা অবলম্বন ও অনুকরণ ক'রে সাহিত্য সৃষ্টি কর্‌বার একটা বিপুল চেষ্টা হ'য়েছিল। উৎকলের ইতিহাসে, প্রাগ্‌জ্যোতিষপুরের ইতিহাসে, আর্য্যাবর্ত্তে ও দাক্ষিণাত্যে এই অনুকরণ ও স্বতন্ত্রতার ছায়াপাত ন্যূনাধিক দেখ্‌তে পাওয়া যায়। উৎকলে অতিবাড়ী জগন্নাথ দাস গৌড়ীয়-বৈষ্ণবগণের বিচার হ'তে স্বতন্ত্র হ'য়ে উৎকলবাসী মত্ত বলরাম দাসের অনুগত পরিচয় দিয়ে উৎকল-ভাষায় সাহিত্য সৃষ্টি ক'রেছিলেন ; যেমন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'ভাগবতের পদ্যানুবাদ', 'শৈবাগম ভাগবত', 'গুণ্ডিচা-বিজে', 'ষোলচৌপদী' ; তারপর তাঁ'র শিষ্য-প্রশিষ্য যথা—বলরাম দাস, যশোবন্ত দাস প্রভৃতিও গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের অনুকরণে কিছু কিছু সাহিত্য সৃষ্টি ক'রে গেছেন। আবার অন্যদিকে আসাম প্রদেশে শঙ্করদেব শ্রীচৈতন্যদেব ও শ্রীঅদ্বৈতাচার্য্য এবং গৌড়ীয়-বৈষ্ণবগণের সঙ্গে নীলাচলে সাক্ষাৎ কর্‌বার পর তাঁ'দের বিচার হ'তে স্বতন্ত্র হ'য়ে স্ব-মতপোষক স্বতন্ত্র সাহিত্য সৃষ্টি কর্‌লেন। শঙ্করদেবের আসামীয়া ভাষায় 'ভাগবতের পদ্যানুবাদ', 'রুক্মিণীহরণ-কাব্য', 'অনাদিপতন', 'বলিছলন', 'রত্নাকর', 'গুণমালা' প্রভৃতি গৌড়ীয়-গোস্বামিগণের সাহিত্যের স্বতন্ত্র অনুকরণ মাত্র। তার পর শঙ্করদেবের 'কীর্ত্তনঘোষা', 'বড়গীত', মাধব-দেবের 'নামঘোষা', শ্রীবিষ্ণুস্বামিপাদের 'ভক্তিরত্নাবলীর পদ্যানুবাদ', তাঁর অন্যান্য শিষ্য-প্রশিষ্য-গণের মধ্যে যেমন রমানন্দ ও দৈত্যারি দাসের 'গুরুচরিত' প্রভৃতি গৌড়ীয়-বৈষ্ণব-পদাবলীর এবং শ্রীচৈতন্যভাগবতকার ঠাকুর বৃন্দাবনের লেখনীর অবৈধ প্রতিযোগী অনুকরণ। তার পর আর্য্যাবর্ত্তেও শ্রীবল্লভাচার্য্যপাদ এবং তৎপুত্র বিঠ্‌ঠলাদি শ্রীমন্মহাপ্রভু, শ্রীগদাধর পণ্ডিত, গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যিক-গুরু শ্রীস্বরূপ-রূপ প্রভৃতির সহিত সাক্ষাৎ কর্‌বার পর অনেক সাহিত্যের পুষ্টি কর্‌লেন। কেউ কেউ ব'লে থাকেন যে, বর্ত্তমানে নিম্বার্কের নামে যে সকল সাহিত্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রচলিত হ'য়েছে এবং কেশব ভট্ট প্রভৃতির দ্বারা যে সকল সাহিত্য সম্বর্দ্ধিত হ'য়েছে, সেগুলি দিগ্বিজয়ী কেশব ভট্টাদির গৌড়ীয়-সাহিত্য-সরস্বতী-পতি মহাপ্রভুর সঙ্গে সাক্ষাৎ হ'বার পর। 'সর্ব্বদর্শন-সংগ্রহে' মাধবাচার্য্য প্রাচীন বিষ্ণুস্বামীর সর্ব্বজ্ঞসূক্ত-সাহিত্য, শ্রীরামানুজীয় সাহিত্য, শ্রীমাধ্ব-সাহিত্য প্রভৃতি সংগ্রহ কর্‌লেও নিম্বার্ক-সাহিত্যের কোন নাম-গন্ধ করেন নি। শ্রীল জীব-গোস্বামী সন্দর্ভ ও সর্ব্বসম্বাদিনীতে শ্রীবিষ্ণুস্বামী, শ্রীশঙ্করাচার্য্য, শ্রীধর, শ্রীমধ্ব, শ্রীরামানুজ—সকলের সাহিত্যই সমাহরণ ক'রেছেন, কিন্তু আধুনিক নিম্বার্ক-সাহিত্যের কোন কথাই বলেন নাই। এ সকল প্রমাণ হ'তেও অনেকে ব'লে থাকেন যে, নিম্বার্ক সম্প্রদায়ের দশশ্লোকী প্রভৃতি গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যেরই অনুকরণে লিখিত। যা' হোক, গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যই যে তথা-কথিত গৌড়ীয়-সাহিত্যের আকর, একথা সুধী-সমাজ একটুকু নিরপেক্ষ বিচার কর্‌লেই জান্‌তে পারেন। এই গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য নৈমিষ-সাহিত্য হ'তে অভিন্ন। এই স্বরাট্-সাহিত্যের মূল প্রস্রবণ হ'তে স্বতন্ত্র হ'য়েই তথা-কথিত গৌড়ীয়-সাহিত্য পৃথকাভিমান করছে।

গৌড়ীয় সাহিত্যের যুগ-নির্দ্দেশ

গৌড়ীয়-সাহিত্যের সর্ব্বাদিযুগ কোন্ সময় থেকে আরম্ভ হ'লো, একটা প্রশ্ন হ'তে পারে। আমরা তা'র অনুসন্ধান

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্‌তে গিয়ে দেখ্‌তে পাই, গৌড়ীয়-সাহিত্যের আদিযুগ সেদিন থেকে আরম্ভ হ'য়েছে, যেদিন "অভিজ্ঞঃ স্বরাট্ তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে" অর্থাৎ স্বয়ং সাহিত্য-সরস্বতী-পতি স্বরাট্‌সুন্দর যেদিন আদিকবি চতুর্ম্মুখের বুদ্ধিবৃত্তি প্রবর্ত্তন ক'রে তাঁকে শ্রুতি-সাহিত্য-সাম্রাজ্যে অভিষিক্ত কর্‌লেন। সেই সাহিত্য-সাম্রাজ্য-সিংহাসনের কৌস্তুভমণিই—চতুঃশ্লোকী। সেই সাহিত্যের সামগান নারদের বীণায় ঝঙ্কৃত হ'য়ে উঠ্‌লো; নারদের বীণা থেকে বাদরায়ণের সহজ সমাধিতে সঞ্চারিত হ'লো। আবার বাদরায়ণ হ'তে সেই সাহিত্য-সরস্বতী শুকদেবের রসনায় রসামৃত-রসায়ন রচনা কর্‌লো। সেই সাহিত্য-রসামৃত বিষ্ণুরাত ও লোমহর্ষণিকে সুধাস্নান করিয়ে গোমতীর তীরে নৈমিষ-কানন-কুঞ্জে সূত গোস্বামীর জিহ্বাপ্রাঙ্গণে বিপুল বন্যা আনয়ন কর্‌লো। যখন নৈমিষকাননে সাহিত্য-সুধা-সুরধুনীর সেই বান ডেকেছিল, তখন শৌনকাদি মুনি তাঁদের সাহিত্য-চিন্তাস্রোত আর রক্ষা কর্‌তে পার্‌লেন না। ষাট্‌হাজার শ্রেষ্ঠ-ঋষি এক সময় সাহিত্য-স্বর্গঙ্গায় অবগাহন কর্‌লেন। সেই সাহিত্য-স্বর্ণদীর বন্যা ক্রমে সাত্বত-আচার্য্যগণের অভিষেকবারিরূপে পাণ্ড্য-দেশের চন্দনবনে, দক্ষিণাপথের মুঙ্গেরপত্তনে, আন্ধ্রদেশের মহাভূতপুরীতে, ম্যাঙ্গালোরের পরশুরামক্ষেত্রে প্রবেশ ক'রে গৌড়পুরের নিত্য-প্রবাহিত ভাগীরথী-ধারার সঙ্গে মিলিত হ'লো। তখনই গৌড়দেশের জয়দেব-সরস্বতী গৌড়ীয়-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাগে সাহিত্য-সান্দ্র-দেবতার আরতি কর্লেন। সাহিত্য-ভাণ্ডার বিশ্বের দ্বারে বিস্তারিত হ'য়ে পড়'তে থাক্লো। যে শ্রুতি-সরস্বতী একদিন "মহান্ প্রভুর্বৈ পুরুষঃ", "যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং", "সৈষা আনন্দস্য মীমাংসা ভবতি" প্রভৃতি মন্ত্রে অস্ফুট সুরে সাহিত্য-নায়কের আগমনী গান ক'রেছিলেন —যে দিন নৈমিষ-কানন মুখরিত ক'রে নৈমিষ-সাহিত্য-সুরসুন্দরী আর একটুকু স্পষ্টসুরে "কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং" স্তোত্রে সাহিত্য-নায়কের অধিবাস-আরতি ক'রেছিলেন—যেদিন পদ্মাবতী-চরণ-চারণ-চক্রবর্ত্তী জয়দেব নব-বসন্তের আগমনের প্রাক্কালে কোকিলের কাকলীর ন্যায় গৌড়পুরের গঙ্গার তটে "মেঘৈর্মেদুরমম্বরম্" মন্ত্রে মধুর-কোমলকান্ত-পদাবলীতে সাহিত্য-পতির আগমনী-গীতি গান ক'রেছিলেন —যেদিন চণ্ডীদাস "এরূপ হইবে কোন্ দেশে"—এই গৌর-চন্দ্রিকা গান ক'রে গৌড়ীয়গণের "কাণের ভিতর দিয়া মরমে পশিয়া মনঃপ্রাণ আকুল" ক'রে দি'য়েছিলেন—যেদিন বিদ্যাপতি "কি কহব রে সখি আজুক আনন্দ ওর। চিরদিন মাধব মন্দিরে মোর" সঙ্গীতের মূর্চ্ছনায় শান্তিপুর-নাথের হুঙ্কার-মোদ বৃদ্ধি ক'রেছিলেন, সেদিনও গৌড়বাসী বুঝ্'তে পারে নাই গৌড়ীয়-সাহিত্য-কাননে সাহিত্যের সান্দ্রমূর্ত্তি ল'য়ে যে সাহিত্য-সরস্বতীর নায়ক স্বয়ং অবতীর্ণ হ'বেন! যখন রাধামাধব-মিলিত-তনু গৌড়ীয়ের নাথ তাঁর সমগ্র লীলা-সাহিত্যকে স্বরাট্-সাহিত্যের সান্দ্রসঙ্গীতরূপে সজ্জন-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গণের সম্মুখে প্রকাশিত কর্‌লেন, তখন নিখিল গৌড়ীয়-সাহিত্যের ভাণ্ডার উন্মুক্ত হ'য়ে গেল! শ্বেতদ্বীপের স্বরাট্‌-সুন্দরের স্বয়ংরূপিণী-সাহিত্য-শোভা একবার মাত্র পৃথিবীতে রূপ গ্রহণ ক'রেছেন, তাহা এই গৌড়দেশে বৈবস্বত-মন্বন্তরের অষ্টাবিংশ চতুর্যুগের কলিতে। সর্ব্ব সাহিত্যের আকর-রূপিণী স্বরাট্‌-সাহিত্য-জয়শ্রী স্বরাট্‌সুন্দরের সহিত স্বয়ম্বর-রসযুক্ত হ'য়ে স্বানন্দ-সাহিত্য-সম্মিলিত-সান্দ্রসম্বিৎসুন্দর গৌরসুন্দররূপে যেদিন গৌড়পুরে অবতীর্ণ হ'লেন, সেদিন সাহিত্য-শোভার উৎসমুখ শত সহস্রধারে উৎসবান্বিত হ'য়ে উঠ্‌লো। যখন সাহিত্যস্বরূপিণী স্বয়ং-সাহিত্য-নায়কের সহিত সম্মিলিত-তনু হ'য়ে গোলোক হ'তে ভূলোকে—শ্বেত-দ্বীপ-গৌড় হ'তে ভৌম-গৌড়ে অবতরণ কর্‌লেন, তখন যে সমগ্র বিশ্বে সাহিত্যের বন্যা উচ্ছলিত হ'য়ে উঠ্‌বে, ইহাতে আর আশ্চর্য্য কি ?

গৌড়ীয়-সাহিত্যের ত্রিধারা

সেই সাহিত্য-বন্যা প্রয়াগের ত্রিবেণী-সঙ্গমে ত্রিধারায় প্রকাশিত হ'য়ে শ্রীরূপের রসামৃতসিন্ধুর সঙ্গে সঙ্গম লাভ কর্‌লো। শ্রীরূপ সেই রসামৃতসিন্ধুর অতলগর্ভ হ'তে উজ্জ্বলনীলমণি আবিষ্কার ক'রে বৈষ্ণব-বিশ্বে সাহিত্য-স্বরাজ প্রদান কর্‌লেন। নৈমিষ-সাহিত্যের "জ্ঞান-বৈরাগ্য-ভক্তিসহিতম্" বাক্যের তাৎপর্য্য সেদিনই উপলব্ধির বিষয়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হ'লো। গৌড়ীয়-সাহিত্য ত্রিধারায় ব্যক্ত হ'লো—সম্বন্ধ-সাহিত্য বা জ্ঞান-সাহিত্য, অভিধেয়-সাহিত্য বা বৈরাগ্য-সাহিত্য, আর প্রয়োজন-সাহিত্য বা ভক্তি-সাহিত্য। জ্ঞান-সাহিত্যকে তত্ত্বসাহিত্যও বলা যেতে পারে, প্রয়োজন-সাহিত্যকে অপর ভাষায় রস-সাহিত্যও বলা যায়। কলুষ-নাশিনী জাহ্নবী যেমন সর্ব্ব-কলুষতা বিনাশ ক'রে সকলকে পূত ক'রে দেয়, সেইরূপ গৌড়ীয়-তত্ত্বসাহিত্য জীবের অনর্থ-মল বিধৌত ক'রে অভিধেয়-সাহিত্যের কাছে—সেই সরস্বতী-প্রবাহের কাছে—ভক্তিরসামৃতসিন্ধুর তটে নিয়ে যায়। তখন প্রয়োজন-সাহিত্যের যমুনাপ্রবাহ গৌড়ীয়-সাহিত্যের পূর্ণ ভাণ্ডার উন্মুক্ত ক'রে দেয়। তখনই তপন-তনয়াতীরে কদম্ববনদেবতার বেণু-মাধুরী রস-সাহিত্যের হাট পত্তন করে, আর সেই হাটে অখিলরসখনি নীলকান্ত-মণি প্রাকৃত রৌপ্যমূল্যের পরিবর্ত্তে অপ্রাকৃত রূপ-মূল্যে রূপানুগা রূপসীগণের নিকট চিরবিক্রীত হ'য়ে আপনাকে চিরঋণী অভিমান করেন। রূপানুগগণ স্বয়ংই—গৌড়ীয়-সাহিত্য। তাঁদের প্রত্যেকের জীবন—সাহিত্যের এক একটী সান্দ্রগ্রন্থাগার। গৌড়ীয়-সাহিত্যকগণের বৈশিষ্ট্য এই যে, তাঁদের জীবন ও সাহিত্য—এক, তাঁদের জীবনই যেন তাঁরা সাহিত্যরূপে বাইরে প্রকাশ করেন। যাঁরা গৌড়ীয়-ব্রুব বা 'অগৌড়ীয়' অভিমানে সাহিত্যিক ব'লে পরিচয় দিতে যান, তাঁদের ভিতরে এ বৈশিষ্ট্য নেই; কাজেই তাঁ'দের সাহিত্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

—মৃত। আর রূপানুগ গৌড়ীয়গণের সাহিত্য—চির-অমৃত। সে সাহিত্য রূপ ধ'রে কথা কইতে পারে—সে সাহিত্য অপরকে অমৃত কর্‌তে পারে—রূপসী কর্‌তে পারে, যে রূপ—যে সাহিত্য ভুবনমোহন স্বরাট্‌সুন্দরের সম্মুখেও সম্মোহিনী বিদ্যা বিস্তার কর্‌তে পারে, গৌড়ীয় সাহিত্য—এত বড় জিনিষ!

সাহিত্য-সরস্বতী-পতি মায়াপুর-পুরন্দরের জীবনের আদিপর্ব্বে যে শিশু-সাহিত্য-শাস্ত্রের এক অপূর্ব্ব অভিনয় হ'য়েছিল, তা হ'তেই শ্রীজীবের হরিনামামৃত-ব্যাকরণ সমগ্র ব্যাকরণ-সাহিত্য-শাস্ত্রে এক যুগান্তর আনয়ন ক'রেছে। কেউ কি কখনও শুনেছিল যে, ব্যাকরণ-সাহিত্য—শিশু-সাহিত্যের প্রতি অক্ষর, প্রতি শব্দ, প্রতি প্রাতিপদিক, প্রতি পদ, প্রতি সূত্র স্বরাটের সঙ্গীত শিক্ষা দিতে পারে? শিশুকাল হ'তেই মানুষকে স্বরাটের সেবায়—স্বরাটের সাধনায় অভিষিক্ত কর্‌বার জন্য সরস্বতী-পতি এ অভূতপূর্ব্ব ব্যাকরণ-সাহিত্য আবিষ্কার করালেন। তারপর গৌড়পুরে চন্দ্রশেখর আচার্য্যের ভবনে যেদিন গৌরসুন্দর পররঙ্গমঞ্চের যবনিকা উত্তোলন কর্‌লেন, সেইদিনই বাংলার সর্ব্বপ্রথম নাট্যসাহিত্য প্রদর্শনীর দ্বার উদ্‌ঘাটিত হ'লো—সে দিন হ'তেই গৌড়ীয়ের দৃশ্য ও শ্রব্য-কাব্য-সাহিত্য—গৌড়ীয়ের অলঙ্কার-সাহিত্য—গৌড়ীয়ের রস-সাহিত্য—গৌড়ীয়ের শিল্প সাহিত্য—গৌড়ীয়ের বিজ্ঞান-সাহিত্যের পূর্ণভাণ্ডার উন্মুক্ত হ'লো।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাহিত্যের সৌন্দর্য্যতত্ত্ব

সাহিত্য জিনিসটী সুন্দর, নবনবায়মান ও সর্ব্ব চিত্তাকর্ষক। সাহিত্য এত সুন্দর যে, প্রকৃতির সকল সৌন্দর্য্য হ'তে—বিরাটের সকল সুষমারাশি হ'তে শান্ত, নিবৃত্ত হ'য়ে যাঁরা সাহিত্যের দিকে অভিযান ক'রেছেন, সেই আত্মারাম নির্গ্রন্থগণও সাহিত্য-সৌন্দর্য্যে আকৃষ্ট হ'য়ে আত্মারামতাকে বারণ ক'রে পর-রামতাকে বরণ ক'রে থাকেন। আর বিরাটে আচ্ছন্ন, বিকৃত, প্রতিফলিত প্রতিবিম্বে বিবর্ত্তগ্রস্ত যাঁ'রা, তাঁ'রাও স্বরাট্-সাহিত্যেরই প্রতিবিম্বিত সৌন্দর্য্যের ছলনাময়ী ছবিতে আকৃষ্ট হ'য়ে প্রকৃতির পাশে পতিত হয়। সাহিত্যে সব সৌন্দর্য্য আছে। সাহিত্যে শিল্পের সৌন্দর্য্য—সাহিত্যে বিজ্ঞানের সৌন্দর্য্য—সাহিত্যে দর্শনের সৌন্দর্য্য—সাহিত্যে রসের সৌন্দর্য্য পূর্ণমাত্রায় বিরাজমান। সর্ব্ব-সৌন্দর্য্যের সমন্বয় যেখানে নেই, সেখানে সাহিত্যও নেই।

সাহিত্যে সর্ব্ব-সৌন্দর্য্যের সমাবেশ কেন? এর উত্তর আমরা পূর্ব্বেই দিয়েছি। সর্ব্বসৌন্দর্য্যের—সর্ব্বশোভার খনি—অংশিনী মহাভাবময়ী হ্লাদিনীই—স্বয়ং সাহিত্য স্বরূপিণী। গৌড়ীয়-সাহিত্যে এই হ্লাদিনী-দেবতার আরাধনাই প্রচুর, তাই গৌড়ীয়-সাহিত্য সর্ব্বসাহিত্যের সৌন্দর্য্যকে অতিক্রম ক'রেছে। গৌড়ীয়-সাহিত্য স্বয়ংরূপিণী সাহিত্যস্বরূপিণী বার্ষভানবীর সেবা-সৌন্দর্য্যেরই সান্দ্র-শ্রীমূর্ত্তি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-সাহিত্য ও দর্শন

অনেকে মনে করেন, সাহিত্য যখন সৌন্দর্য্যময়, রসময়, তখন সেখানে দার্শনিক শুষ্কতার (?) স্থান নেই ; সাহিত্যে কেবল অবলীলতা ও ভাবশীলতার মুক্তবন্না স্বৈরিণী-ভাষার ইন্দ্রজাল সৃষ্টি ক'রে সকলকে সম্মোহিত কর্‌বে। কিন্তু এরূপ সম্মোহন-সাহিত্য-সোমরসের রাজ্যে উর্ব্বশী-রস বা মেনকা-রস সৃষ্টি ক'রে পাশ্চাত্য পণ্ডিত থিওক্রাইটাসের কথিত 'নীরব-বঞ্চক' প্রাকৃত-সাহিত্য সৌন্দর্য্যের চরম পরিণতি বিরসের অন্ধকূপে পাতিত কর্‌তে পারে।

সাহিত্য ও সুদর্শন পৃথক্ থাকৃতে পারে না। হ্লাদিনী ও সম্বিৎ কখনও পৃথক্ হ'তে পারে না। যেখানে সম্বিৎ, সেখানে হ্লাদিনী, যেখানে হ্লাদিনী, সেখানে সম্বিৎ— মৃগমদ এবং তা'র গন্ধে যেরূপ অবিচ্ছেদ্য সম্বন্ধ। তাই গৌড়ীয়-সাহিত্য—গৌড়ীয়-দর্শনেরই বিগলিত-বিচিত্র-সৌন্দর্য্য-প্রবাহ। গৌড়ীয়-দর্শনই 'জ্ঞান-বৈরাগ্য-ভক্তি-সহিত' ত্রিবেণী-ধারায় বিগলিত হ'য়ে স্বরাট্-সাগর-সঙ্গমের অভিসারে চল্‌ছে। গৌড়ীয়-সাহিত্যে এই ত্রিধারা নিত্য প্রবাহিতা। গোস্বামিগণের সাহিত্য—সাহিত্য-সম্রাট্ শ্রীরূপের সাহিত্য এই ত্রিবেণী-সঙ্গমের অপূর্ব্ব আদর্শ। তাই বুঝি সাহিত্য-নায়ক গৌড়ীয়ের ঠাকুর এই সাহিত্য-ত্রিবেণী-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সঙ্গমের প্রথম প্রস্তাবনা প্রদর্শন ক'রেছিলেন—প্রয়াগের ত্রিবেণীর তটে। যাঁ'রা জয়দেব সরস্বতী ও লীলাশুকের সাহিত্য-স্রোতস্বিনী স্পর্শ কর্‌বার অধিকারী, তাঁ'রা জান্‌তে পারেন যে, গীত-গোবিন্দ ও কর্ণামৃতে ত্রিধারারই সম্মিলন আছে। সম্বন্ধজ্ঞান ছাড়া অভিধেয় হয় না, অভিধেয় ছাড়া আবার সম্বন্ধ হয় না। সম্বন্ধজ্ঞান ছাড়া প্রয়োজন লাভ হয় না, অভিধেয় ব্যতীত প্রয়োজন পাওয়া যায় না। তবে যেমন পূর্ণিমাদি পর্ব্বদিনে ত্রিবেণীর মধ্যে কখনও সরস্বতী প্রবাহ, কখনও বা যমুনা-প্রবাহ অধিকতর উচ্ছলিত হ'য়ে ওঠে, তেম্‌নি কখনও অভিধেয়-বিচার, কখনও বা প্রয়োজন-বিচার অধিকতর প্রকাশিত হ'য়ে সাহিত্যকে সেই সেই ভাবের রঙে অধিকতর রঙিন ক'রে তোলে।

গৌড়ীয়-সাহিত্যের নায়ক-নায়িকা

পূর্ব্বেই বলা হ'য়েছে, গৌড়ীয়-সাহিত্যের নায়ক—ব্রজনবযুবরাজ শিখিপিচ্ছমৌলি ত্রিভঙ্গভঙ্গিম কামদেব, আর গৌড়ীয়-সাহিত্যের নায়িকা—বৃন্দারণ্যরাজ্ঞী মুকুন্দ-মধুমাধবী ভুবনমোহন-মনোমোহিনী বৃষভানু-নন্দিনী। কেহ কেহ কল্পনা করেন, গৌড়ীয়-সাহিত্যের এই নায়ক ও নায়িকা সেক্ষপীয়রের রোমীয়-জুলিয়েটাদির মতই গৌড়ীয়-কবিগণের কল্পিত পাত্র-পাত্রীবিশেষ! এইরূপ কল্পনা-শিল্পিগণ আরও অগ্রসর হ'য়ে বলেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান ?
পূর্ব্বরাগ, অনুরাগ, মান, অভিমান,
অভিসার, প্রেমলীলা, বিরহ, মিলন,
বৃন্দাবন-গাথা—এই প্রণয় স্বপন ?
শ্রাবণের শর্ব্বরীতে কালিন্দীর কূলে
চারি চক্ষে চেয়ে দেখা কদম্বের মূলে
সরমে, সম্ভ্রমে,—একি শুধু দেবতার ?
এ সঙ্গীত রসধারা নহে মিটাবার,
দীন মর্ত্ত্যবাসী এই নরনারীদের
প্রতি রজনীর আর প্রতি দিবসের
তপ্ত প্রেমতৃষা ?

* * *

সত্য ক'রে কহ মোরে হে বৈষ্ণব-কবি,
কোথা তুমি পেয়েছিলে এই প্রেম ছবি ?
কোথা তুমি শিখেছিলে এই প্রেম-গান
বিরহ-তাপিত ? হেরি কাহার নয়ান,
রাধিকার অশ্রু-আঁখি প'ড়েছিল মনে ?

কল্পনা-শিল্পী এই প্রাকৃত-কবির কবিত্ব প্রকৃতির সহজ ধারণায় পুষ্ট। প্রাকৃত সাহজিকের সম্ভোগ-বুদ্ধি যে এরূপ কত কি প্রলাপময়ী কবিতা সৃষ্টি কর্‌বে, তা'তে আর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আশ্চর্য্য কি ? পুরীষকণবাসী মক্ষিকা যেরূপ মধুমক্ষিকার সহজ সৌভাগ্যের প্রতিযোগিতা কর্‌বার জন্য আপনাকে মধুমক্ষিকা কল্পনা ক'রে স্বচ্ছ কাচভাণ্ডে সুরক্ষিত মকরন্দকে আপনার আয়ত্ত-বস্তু জ্ঞানে আস্বাদন কর্‌তে ধাবিত হয়, কিন্তু হায়, সে যেমন মকরন্দের মধুর আস্বাদ পায় না— কখনও পেতে পারে না, সেইরূপ চিদ্‌বিলাস-বৈচিত্র্যের খণ্ড প্রতিফলিত ছলনাময়ী ছবিতে আত্মহারা প্রাকৃত কবি অপ্রাকৃতের কথা বুঝ্‌তে পারে না ! অপ্রাকৃত বৈষ্ণব-কবি বিরাটের বিকৃত প্রতিচ্ছবি হ'তে অপ্রাকৃত স্বরাটের প্রেমছবি মনোধর্ম্মের কাল্পনিক তুলিকায় অঙ্কিত করেন না—এ কথা বিরাটের গ্রাম্য-কবি বুঝ্‌তে পারে না ! অপ্রাকৃত-কবি অপ্রাকৃত-বিপ্রলম্ভগীতি প্রাকৃত নায়ক-নায়িকার ক্ষুদ্র অপস্বার্থের পূতিগন্ধযুক্ত কামগান হ'তে শিক্ষা করেন নি— একথা গ্রাম্য-কবি বুঝ্‌তে পারে না ! অপ্রাকৃত অদ্বিতীয় কামদেব ও পরদেবতা বৃষভানুনন্দিনীর অপ্রাকৃত লীলা প্রাকৃত কামগন্ধদুষ্ট নায়ক-নায়িকার চিত্র হ'তে অধোক্ষজ বৈষ্ণব-কবি কল্পনা করেন নি, বিরাড্‌-বিমোহিত প্রাকৃত-কবি তা'র ক্ষুদ্র বুদ্ধি নিয়ে ধারণা ক'রে উঠ্‌তে পারে না! "কামুকাঃ পশ্যন্তি কামিনীময়ং জগৎ"—তাই বিরাড্‌-বিহ্বল গ্রাম্য-কবি তা'র শত-ছানিপড়া কাম-চক্ষু দিয়ে প্রেমের রাজত্বের অপ্রাকৃত মধুরিমা দেখ্‌তে পায় না ! এজন্যই বৈষ্ণব-কবি গেয়েছেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"অকৈতব কৃষ্ণপ্রেম, যেন সুবিমল হেম,
এই ফল নৃলোকে দুর্ল্লভ।
কৈতব বঞ্চনা মাত্র, হও আগে যোগ্যপাত্র,
তবে প্রেম হইবে সুলভ॥
কাম-প্রেমে দেখ ভাই, লক্ষণেতে ভেদ নাই,
তবু কাম প্রেম নাহি হয়।
তুমি ত' বরিলে কাম, মিথ্যা তাহে প্রেম নাম,
আরোপিলে কিসে শুভ হয়॥
না মানিলে সুভজন, সাধুসঙ্গে সঙ্কীর্ত্তন,
না করিলে নির্জ্জনে স্মরণ।
না উঠিয়া বৃক্ষোপরি, টানাটানি ফল ধরি,
দুষ্ট ফল করিলে অর্জ্জন॥"

বেদ-সাহিত্য ও সাহিত্য-নায়ক কৃষ্ণ

এ জাতীয় প্রাকৃত-সাহিত্যিক অনেক সময় গৌড়ীয়-সাহিত্য শোভার প্রভা দর্শন করতে অসমর্থ হ'য়ে ব'লে থাকেন,—গৌড়ীয়-সাহিত্যের নায়ক-নায়িকা যদি বাস্তব-বস্তুই হ'বেন, তা'হ'লে সেই সাহিত্য-নায়কের কথা বেদে নাই কেন? আর সাহিত্য-নায়িকার কথা ভাগবতেই বা নাই কেন? এরূপ যুক্তি তাঁ'দের মুখর ক'রে তুল্লেও মনে হয়, এতে তাঁ'দের অজ্ঞতা ও অন্ধতাই অপরাধী। দেহা-রামতাকেই আমাদের অপবর্গ মনে ক'রে যখন আমরা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চার্ব্বাক, ইয়াংচু, লুসিপস্, লুক্রিসিয়াস প্রভৃতি গুরুবর্গের (?) শিষ্যত্ব স্বীকার করি, তাঁ'দের নিকট হ'তে "ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ" মন্ত্র শ্রুতিবদ্ধ ক'রে অপৌরুষেয় শ্রুতিমন্ত্রকে ভণ্ড-ধূর্ত্ত-নিশাচরের কৃত ব'লে শ্রুতিকে একেবারে উড়িয়ে দেওয়ার একটা চেষ্টা অপ-প্রয়োজনের প্রেরণায় দেখাতে বাধ্য হই—যখন এই নাস্তিকতা ক্রম-বিকাশের পথে প্রচ্ছন্ন হ'য়ে আরও ঘনিয়ে ওঠে, তখন আমরা বেদকে মুখে একেবারে অস্বীকার করতে না পারলেও বিরোচনের শিষ্যত্ব স্বীকার ক'রে বিরাটে ব্যাপৃত হ'য়ে পড়ি। কখনও বা আরও একটুকু অগ্রসর হ'য়ে বিরাটকেই 'ভূমা' ব'লে স্থাপন ক'রে "যস্য দেবে পরা ভক্তিঃ" শ্রুতির 'পরা ভক্তি' কথাটী বুঝ্‌তে চাই না; তাই আমাদের কাছে শ্রুতির অর্থও প্রকাশিত হয় না। শ্রুতির প্রতিপাদ্য পরম পুরুষ—"বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যঃ"—সাহিত্য-নায়কের এই গীতরাগিণী আমাদের কর্ণমল ভেদ ক'রে মর্ম্মের মর্ম্মর-মন্দিরে প্রবেশ করে না। শ্রুতি-সাহিত্য যে "প্রাকৃত নিষেধি' করে অপ্রাকৃত স্থাপন"—একথা আমরা একটুকু ধৈর্য্য ধ'রে নিরপেক্ষতার নিকষ পাথরে ফুটিয়ে দেখ্‌তে চাই না। কাজেই "শ্যামাচ্ছবলং প্রপদ্যে" ছান্দোগ্যের এই মন্ত্রে শ্যামসুন্দরের স্বরূপশক্তির নির্দ্দেশ পরভক্তিহীন আমাদের হৃদয়ে প্রকাশিত হয় না, আমরা 'শবল'কে হার্দ্দি-ব্রহ্মত্ব ব'লে কাটিয়ে দিতে চাই। শ্রুতি-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

সাহিত্যে—সূত্র-সাহিত্যে যে গৌড়ীয়-সাহিত্যের নায়ক গূঢ়-দেবতা রসরাজ শ্যামসুন্দরের কথাই—পরমাক্ষরাকৃতি দিব্য-নামধেয়ের কথাই অসম্প্রসারিতভাবে কীর্ত্তিত হ'য়েছে—একথা প্রচ্ছন্ন-ভগবদ্বিমুখতার পরচক্ষু নিয়ে আমরা দেখতে পাই না। তাই বেদ-বেদান্তের ভিতরে কিরূপে শ্যামসুন্দরের সাযোদ্গানের সম্পুট সুরক্ষিত রয়েছে, পূর্ণপ্রজ্ঞপাদ সুপ্রাচীন সাঙ্কর্ষণ-সূত্র উদ্ধার ক'রে তা' দেখিয়েছেন—যা'র খবর বোধ হয় আমরা অনেকেই রাখি না।

ভাগবত-সাহিত্য ও শ্রীরাধিকা

তার পর প্রশ্ন ওঠে—ভাগবতে গৌড়ীয়-সাহিত্যের নায়িকার নাম নাই কেন? কেউ কেউ আবার সর্ব্ব-সাহিত্যের একমাত্র আকর এই ভাগবত-সাহিত্য-খনিটীকে একেবারে উপ্‌ড়ে ফেলে দিবার আসুরিকতা দেখাতেও অগ্রসর হ'য়েছিলেন। নৈমিষ-সাহিত্যকে আধুনিক ব'ল্‌বার চেষ্টাও হ'য়েছে। এগুলি সেই পূর্ব্বোক্ত অভিজ্ঞতা-বাদেরই বিভিন্ন উত্তেজনা বা উৎপাত। যেমন একদিন দেহবিলাসী চার্ব্বাকাদি বিশাল বেদ-বৃক্ষকে ভণ্ড-ধূর্ত্ত-নিশা-চরের সৃষ্ট ব'লে উপ্‌ড়ে ফেলে দেবার চেষ্টা ক'রেছিল, তেম্‌নি সর্ব্ব-সাহিত্য-খনি নৈমিষ-সাহিত্যকে এক সম্প্রদায় —যা'রা দেখ্‌লেন কৃষ্ণের স্বেচ্ছাচারিতা—কৃষ্ণের সর্ব্বতন্ত্র-স্বতন্ত্রতা থাক্‌লে তাঁ'দের কল্পিত স্বেচ্ছাচারিতা ও স্বতন্ত্রতার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

বাধা পড়ে—কৃষ্ণের সর্ব্বেন্দ্রিয় থাক্‌লে তাঁ'দের ইন্দ্রিয়-চালনার পথে কণ্টক পড়ে, তাঁ'রা সাহিত্যের অদ্বিতীয় স্বরাট্-নায়ককেই সর্ব্বসাহিত্য হ'তে বিচ্যুত কর্‌বার চেষ্টা কর্‌লেন। তাঁ'রা মনে কর্‌লেন, সর্ব্বসাহিত্য তাঁদেরই থাক্‌বে, আর 'পরম' ব'লে যদি কিছু স্বীকার করা যায়, তা' হ'লে তা'তে সর্ব্ব-রাহিত্যের আরোপ করা হবে। এরূপ অন্তর্নিহিত প্রচ্ছন্ন-নাস্তিক্য-চেষ্টা নিয়ে রাবণ যেরূপ একদিন মনে ক'রেছিল, রামচন্দ্রকে কিছুতেই সীতা-সতীর সাহিত্য অনুমোদন করা যাবে না, সেইরূপ অদৈব-বুদ্ধির উত্তেজনা হ'তেই স্বরাট্ পুরুষ ব্রজরাজকে কিছুতেই তাঁর স্বরূপ-সাহিত্য প্রদত্ত হ'বে না ব'লে একটা অবৈধ বিদ্রোহ-চেষ্টার উৎপত্তি হ'লো! আবার প্রচ্ছন্ন-ভোগী আর একশ্রেণী স্বরাটের সাহিত্য-সুন্দরীকে তা'দের হস্তামলক মনে ক'রে তা'দের ইন্দ্রিয়-লালসার ইন্ধন যোগাবার জন্য অপ্রাকৃতকে যেন বল-প্রয়োগে কামের ভূমিকায় টেনে আন্‌বার চেষ্টা দেখাতে থাক্‌লো। যেমন, একদিন ভারত-চন্দ্র প্রথমে পুরুষোত্তমে সাতাসন মঠে বাসের অভিনয়, বৃন্দাবন-বাসের অভিনয়, বেষ-গ্রহণের অভিনয় দেখিয়ে উজ্জ্বলনীলমণি, 'গোবিন্দলীলামৃত', 'জয়দেব', 'চণ্ডীদাস', 'বিদ্যাপতি', 'রায়ের নাটকগীতি' প্রভৃতি অপ্রাকৃত সাহিত্যিকগণের গ্রন্থ অপরিপক্বাবস্থায়ই স্পর্শ কর্‌বার প্রয়াস ক'রেছিলেন, আর তৎফলস্বরূপ অপ্রাকৃত শৃঙ্গার-রস হ'তে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

গ্রাম্যরস-পুষ্টির উপকরণ সংগ্রহ ক'রে ফেলেছিলেন। শোনা যায়, পরবর্ত্তিকালে এমন কি তিনি কৌপীন ত্যাগ ক'রে বৈষ্ণব-বিদ্বেষী রাজা কৃষ্ণচন্দ্রের প্রিয়ভাজন হ'বার জন্য বিদ্যাসুন্দর ও অন্নদামঙ্গল সাহিত্য লিখে 'রায়গুণাকর' উপাধি লাভ ক'রেছিলেন, যে সাহিত্যের সমালোচনা-প্রসঙ্গে প্রাকৃত সাহিত্যিকগণও ব'লেছেন,—"যে নবদ্বীপে একদিন বৈষ্ণবগণ কদম্ববৃক্ষ দর্শনে কৃষ্ণের উদ্দীপন-বিভাবে বিভাবিত হ'তেন, সে-স্থানে ভারতচন্দ্রের শিষ্যগণ স্ফুরিত-কদম্ব দেখে কুভাবনায় কণ্টকিত হ'য়ে রাত্রি জাগরণ ক'রৃত!"

রায়-গুণাকরের তোটকছন্দ, শব্দবিন্যাসের মাদকতা, "ছলচ্ছল-টলটুল-কলক্কল-তরঙ্গা" প্রভৃতি অনুপ্রাসের ছটা যে সাহিত্য সৃষ্টি ক'রেছিল, সেই সাহিত্য সমাজের সম্যক্ হিত-সাধন করা দূরে থাকুক, সমাজের সর্ব্বনাশই ক'রেছে। একজন সাহিত্যিক ব'লেছেন—"বাঁশীর রবে হরিণ ফাঁদে পড়ে, হাতী কাদায় মগ্ন হয়, আর ভারতচন্দ্রের ললিতশব্দে মুগ্ধ হ'য়ে এক সময়ে বঙ্গীয় যুবকগণ নৈতিক কূপে প'ড়েছিলেন!" বারবনিতা যেমন সতীর স্বাভাবিক সাজসজ্জা ও সৌন্দর্য্যের অবৈধ অনুকরণ ক'রে লোকের আপাত উত্তেজনা জন্মিয়ে আপাত মনোরঞ্জন ক'রে—আপাত প্রিয় হ'য়ে ব্যষ্টি ও ক্রমে ক্রমে সমষ্টির সর্ব্বনাশ সাধন করে, তেম্নি সমাজে স্বরাট্-সাহিত্য-জয়শ্রীর স্বাভাবিক সুষমার অবৈধ অনুকরণে যখন বিরাটের সাহিত্য গ'ড়ে তুল্বার একটা চেষ্টা হ'চ্ছিল,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তখন বঙ্গীয় সমাজে বিষবৃক্ষের বীজ উপ্ত হ'লো। রায়গুণাকর ভারতচন্দ্র নিষ্কপটে অপ্রাকৃত সাহিত্যিক-গুরু শ্রীরূপের অনুগ-গণের চরণাশ্রয় না ক'রে ইতর অভিলাষ নিয়ে যখন অপ্রাকৃত রসগ্রন্থ স্পর্শ কর্‌বার প্রয়াস ক'রেছিলেন এবং পরে "বিদ্যাসুন্দরে" (অবিদ্যাসুন্দরে!) অপ্রাকৃত রসরাজ স্বরাট্‌সুন্দরের সাহিত্যের অবৈধ অনুকরণ ক'রেছিলেন, তখন তাঁ'র সেই আদর্শ কিছুকাল পরে বিদেশ হ'তে পাশ্চাত্য-সভ্যতার আমদানীর সঙ্গে সঙ্গে অন্যান্য ইতর-অভিলাষের ইন্ধন-সম্ভারের সহিত যুক্ত হ'য়ে আরও বেড়ে উঠ্‌তে লাগ্‌লো! তখন রাইকানুর গান নিয়ে হাটে বাজারে ছিনিমিনি খেলার ব্যবস্থা হ'লো। জয়দেব, চণ্ডীদাস, বিদ্যাপতি প্রভৃতির যে অপ্রাকৃত-রস-সাহিত্য ছোট-হরিদাসের দণ্ডদাতা শ্রীমন্মহাপ্রভু সর্ব্বত্যাগের লীলাভিনয় ক'রে স্বরূপ-রামরায়ের ন্যায় জিতেন্দ্রিয়-শিরোমণিগণের সঙ্গে একান্তে সমগ্র জগৎ ভুলে', বিপ্রলম্ভ সম্ভোগ-বাদের সমস্ত কথা পরিত্যাগ ক'রে, অধিরূঢ়-মহাভাবে বিভাবিত হ'য়ে আস্বাদন কর্‌তেন, আজ সেই জিনিষটাকে তথাকথিত সাহিত্যিকগণ প্রাকৃত নগ্ননারীর চিত্রের পার্শ্বে সর্ব্বসাধারণের পাঠ্য গ্রাম্যবার্ত্তাবহের পণ্যদ্রব্যরূপে—বিলাসী কিম্বা সম্ভোগ-মদমত্ত অন্যাভিলাষিগণের উপভোগ্য বস্তুরূপে পরিণত কর্‌বার চেষ্টা ক'র্‌ছে। এতে সমাজের ভাবি-পরিণাম,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভাবি-পরিণাম কেন, প্রত্যক্ষ পরিণাম কি হ'বে ও হচ্ছে, সামাজিকগণের তা' চিন্তা কর্‌বার অবসর নেই।

ভাগবত-সাহিত্যে শ্রীরাধাপ্রমুখা-গোপীগণের নাম স্পষ্ট নাই কেন?

মন্ত্রদ্রষ্টা ঋষিগণ সমাজের এই ভাবী পরিণাম দিব্যচক্ষে দেখেছিলেন, তাই তাঁরা "নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যনীশ্বরঃ" বাক্যের মর্য্যাদা-স্থাপন-কল্পে—"অতএব কহি কিছু করিঞা নিগূঢ়। বুঝিবে রসিক ভক্ত না বুঝিবে মূঢ়॥" "অনয়ারাধিতো নূনং" শ্লোকে কেবল অপ্রাকৃত রসিক ভক্তগণের জন্যই সাহিত্যের সর্ব্বশ্রেষ্ঠা নায়িকার সেবা-সাহিত্যের ইঙ্গিত ক'রেছেন। স্বরাট্‌সুন্দরের সাহিত্যস্বরূপিণী বার্ষভানবীর নাম ইতর-সাহিত্যে রতি থাকা কাল পর্য্যন্ত কখনই শ্রুতিগোচর হয় না—শ্রুতিগোচর হ'য়েছে মনে হ'লেও 'কাণের ভিতর দিয়া মরমে' প্রবেশ করে না। সে জন্যই শ্রীরাধার নাম নৈমিষ-সাহিত্যে ব্যক্ত ক'রে বলা হয় নাই। শ্রীল জীবগোস্বামিপাদ সন্দর্ভে ব'লেছেন—"প্রথমং নাম্নঃ শ্রবণমন্তঃকরণশুদ্ধ্যর্থমপেক্ষ্যম্। শুদ্ধে চান্তঃকরণে রূপ-শ্রবণেন তদুদয়যোগ্যতা ভবতি। সম্যগুদিতে চ রূপে গুণানাং স্ফুরণং সম্পদ্যেত, সম্পন্নে চ গুণানাং স্ফুরণে পরিকরবৈশিষ্ট্যেন তদ্বৈশিষ্ট্যং সম্পদ্যতে।" অর্থাৎ প্রথমে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভগবন্নাম শ্রবণের দ্বারা অন্তঃকরণের অনর্থমল বিশুদ্ধির অপেক্ষা আছে, অন্তঃকরণ বিশুদ্ধ হ'লে ভগবানের রূপ-শ্রবণের দ্বারা অনর্থনির্ম্মুক্ত মানসমুকুরে ভগবদ্রূপের স্ফূর্ত্তি হ'য়ে থাকে। ভগবদ্রূপ সম্যগ্রূপে স্ফূর্ত্তিপ্রাপ্ত হ'লে তা' গুণরূপে ব্যক্ত হয়, আর গুণ সম্যগ্রূপে স্ফূর্ত্তিপ্রাপ্ত হ'লে তৎপরে পরিকরবৈশিষ্ট্য স্ফূর্ত্তি প্রাপ্ত হয় অর্থাৎ পরিকরবৈশিষ্ট্যের কথা বৈষ্ণব-জগতের—স্থায়িভাব-জগতের চরম কথা ব'লে তা' ভজনের পরিপকাবস্থায় স্ফূর্ত্তিপ্রাপ্ত হ'য়ে থাকে। শ্রীমতী রাধিকা—নিখিল-পরিকরশিরোমণি, সুতরাং যে বস্তু ভজনের শেষ-সীমা—স্বতঃস্ফূর্ত্তির বিষয়, সেই গুহ্যতম বস্তুটীর কথা সর্ব্বসাধারণের নিকট প্রথম-মুখে খুলে' বলা হয় নাই; কেবল তাঁর কৃষ্ণ-সেবা-শোভা-বর্ণনমুখে তাঁর নামের ইঙ্গিত করা হ'য়েছে। তাঁ'র রূপ-গুণ-লীলা-পরিকরবৈশিষ্ট্য নৈমিষারণ্যের জ্ঞান-কর্ম্ম-যোগ মিশ্র বিভিন্ন ঋষির নিকট স্পষ্ট ক'রে খুলে' বলা হয় নাই; তবে সেই সাহিত্য-সভায় যে সকল রসিক-ভক্ত ছিলেন, তাঁরা সেই গূঢ়কথা বুঝ্‌তে পেরেছিলেন। "অরসিকেষু রসস্য নিবেদনম্" প্রয়োজনীয় নহে, তা'তে জগজ্জঞ্জাল উপস্থিত হয়। ভজনরাজ্যের দ্বার হ'তে বহুদূরে বিক্ষিপ্ত স্বৈর-সম্ভোগ-বাদে বিমোহিত-মতি হবার ফলে অধিকার-বিচারে অনভিজ্ঞ কোনও প্রাকৃত শাক্তের-মতবাদ-সাহিত্যিক ব'লেছেন,—"শ্রীমতী রাধা প্রথমতঃ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ ও আর কএকখানি সংস্কৃত গ্রন্থ আশ্রয় করিয়া শুভদিনে আর্য্যাবর্ত্তের দেব-মন্দিরে প্রবেশ লাভ করিয়াছিলেন। চিরশ্রদ্ধেয় দেবদেবীগণ প্রকৃতির এই আবরণ হীনা নগ্ন-সৌন্দর্য্যময়ীর অন্তরালে পড়িয়া গেলেন। সদ্যচ্যুত অনাঘ্রাত মালতী পুষ্পের ন্যায় এই দেবীকে পাইয়া কবি ও ভক্তগণ আনন্দিত হইল; চিরারাধ্যা দুর্গা ও কালীর উদ্দেশে আহৃত পুষ্পমালা রাধিকার কণ্ঠে দোলাইয়া দিল!"

অহো! বঙ্গমাতার ললাট সৌভাগ্য-সিন্দুর-তিলকে উজ্জ্বল হ'লেও আমাদের ন্যায় প্রকৃতিপ্রমত্ত কুলাঙ্গারকে কোলে ধারণ ক'রে তাঁর সৌভাগ্যতিলক আজ বিলুপ্ত! একমাত্র যে গৌড়দেশের মহাভাগ্যে একবার মাত্র গোলোকের সাহিত্য-জয়শ্রী ভূলোকে রূপগ্রহণ ক'রেছিলেন,— একবার মাত্র নিখিলসীমন্তিনীকুলমণি সর্ব্বকান্তাগণের অংশিনী কৃষ্ণকামকেলির বসতিনগরী, সর্ব্বপূজ্যা, সর্ব্বপালিকা, সর্ব্বজগতের মাতা, সর্ব্বলক্ষ্মী, সর্ব্বকান্তি, পরম দেবতা এই বাংলার ভাগ্যে স্বরাটের সেবা-সাহিত্য প্রকাশ ক'রেছিলেন, সেই স্বরূপশক্তিকে—নিখিল-জগদারাধ্যা কালী-দুর্গা-প্রভৃতি ছায়াশক্তির আকররূপা নিত্য-স্বরূপশক্তিকে প্রকৃতির বঞ্চনায় বিমোহিত হ'য়ে আমরা আমাদের ঔলূক্য-ধর্ম্মের পরিচয় দিতে বাধ্য হ'য়েছি! এই জন্যই বুঝি বৌধায়ন ঋষি একদিন ব'লে-ছিলেন,—'যে ব্রাহ্মণ বঙ্গ এবং কলিঙ্গ প্রদেশে পদার্পণ করবেন, তাঁ'কে স্তোম-যজ্ঞের দ্বারা প্রায়শ্চিত্ত করতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হবে'! নতুবা যে দেশের ধূলিকণা প্রেমের ঠাকুরের পাদপদ্ম-পরাগে রঞ্জিত—যে দেশের প্রতি রেণুপরমাণু প্রেমময়ের পরিকরবৈশিষ্ট্যের পাদপদ্মপরাগ চুম্বন ক'রে বৈকুণ্ঠের সৌভাগ্যকেও স্বল্প মেনেছিল—যে গৌড়মণ্ডল-ভূমি গৌড়ীয়-সাহিত্যিকগণের নিকট চিন্তামণিস্বরূপা, সেই গৌড়দেশে অপ্রাকৃত প্রেমের প্রদর্শনী আবিষ্কৃত হ'বার পরও স্বরূপ-রূপ-সনাতনের মত—ব্যাসাবতার বৃন্দাবন-কবিরাজের মত—কবিকর্ণপুর-ঠাকুর নরোত্তমের মত—বিশ্বনাথ-বল-দেবের মত সাহিত্যিক-শিরোমণিগণের আবির্ভাবের পরও কেন এই নদীয়ার বক্ষেই ভারতচন্দ্রের অন্নদামঙ্গলে, বিদ্যাসুন্দরে, রৈবতক পর্ব্বতে রাম-রমণীগণের প্রতি দ্বিবিদের অবৈধ ব্যবহারের ন্যায় সর্ব্বসাহিত্যের নায়িকা-শিরোমণির প্রতি অবৈধ মুখভঙ্গীর দূষিত বীজাণু সংক্রামিত হ'লো—আজ আবার কেনই বা সেই সংক্রামক বীজাণু পরিবর্দ্ধিত হ'য়ে প্রকৃতি-পাগল-সাহিত্যিকগণের প্রলাপ-ব্যাধি উত্তরোত্তর বিশ্ব-বায়ু দূষিত ক'রে দিল! অথবা এতে আর আশ্চর্য্য কি? গৌড়ীয়-সাহিত্যিকবর পূর্ব্বেই ত' এর কারণ নির্দ্দেশ ক'রে গিয়েছেন,—

হৃদয়ে ধরয়ে যে চৈতন্য নিত্যানন্দ।
এ সব সিদ্ধান্তে সেই পাইবে আনন্দ॥
এ সব সিদ্ধান্ত হয় আম্রের পল্লব।
ভক্তগণ কোকিলের সর্ব্বদা বল্লভ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অভক্ত উষ্ট্রের ইথে না হয় প্রবেশ।
তবে চিত্তে হয় মোর আনন্দ বিশেষ॥

গৌড়ীয়-সাহিত্যের বৈশিষ্ট্য

বিশ্ব-সাহিত্য হ'তে গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের বৈশিষ্ট্য এই সাহিত্য-সৌধের ভিত্তি-সংস্থাপন-কালেই প্রকাশিত হ'য়েছে। শ্রীল জীব গোস্বামী প্রভু যেদিন শ্রীহরিনামামৃত ব্যাকরণের মঙ্গলাচরণ ক'রেছেন, সেইদিনই সে-কথা সুস্পষ্টভাবে সাহিত্যিক-সমাজে ব্যক্ত ক'রেছেন।

সাহিত্য জীবের উপভোগ্য নয়, সাহিত্য-সুন্দরী—কৃষ্ণযোষিৎ। সাহিত্যের ভোক্তা—অদ্বিতীয়-ভোগ-পুরন্দর কৃষ্ণ। গৌড়ীয়গণের ভজন-প্রণালী আর কিছুই নয়, সেটী কেবল গৌড়ীয়-সাহিত্যিকগণের আনুগত্য স্বীকার ক'রে সাহিত্যের সেবা। গৌড়ীয়-সাহিত্যের মূল মন্ত্রই—

"আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা তারে বলি কাম।
কৃষ্ণেন্দ্রিয়-প্রীতি-ইচ্ছা ধরে প্রেম নাম॥"

আমরা অপ্রাকৃত সাহিত্য-সেবিগণের অনুগত হ'য়ে সেই সাহিত্যের সেবামাত্র করতে পারি—কৃষ্ণের সঙ্গে সাহিত্যের মিলন করানই আমাদের সাধন ও সাধ্য। কৃষ্ণ হ'তে সাহিত্যকে বিচ্ছিন্ন ক'রে তাঁ'কে নির্ব্বিশেষ করার দুর্ব্বুদ্ধি বা কৃষ্ণভোগ্য-সাহিত্যে ভোগ্যবুদ্ধি—দুটোই সাহিত্যের সঙ্গে বিদ্রোহ বা বিদ্বেষ। এই সাহিত্য-সেবাই—গৌড়ীয়ের ভজন-পূজন। মহাপ্রভু তাঁ'র শিক্ষাষ্টকে সমগ্র জীবকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভোগবুদ্ধিমূলা সাহিত্য সেবা পরিত্যাগ ক'রে গৌড়ীয়-সাহিত্যের সেবা শিক্ষা দিয়েছেন। ভোগবুদ্ধি-প্রসূত অগৌড়ীয়-সাহিত্য মানুষকে কনক-কামনা, কামিনী-কামনা, কখনও বা কীর্ত্তি-কামনার দাস ক'রে দেয়—কখনও সাহিত্য-দর্পণ, কখনও বা পাণিনি কিম্বা জৈমিনী-কথিত স্ফোটবাদের আলোচনা করতে গিয়ে মানুষকে সাহিত্যই শেষ প্রাপ্য ব'লে ধারণা করিয়ে দেয়; কিন্তু এ সকল—'সাহিত্য'-চর্চ্চার অপব্যবহার বা বিপরীত পথানুসরণ। 'সাহিত্য' একমাত্র ভাগবতধর্ম্ম-প্রতিপাদ্য অহৈতুকী কৃষ্ণভক্তি। তাই সাহিত্য-সরস্বতীপতি গৌরসুন্দর সাহিত্য-বধূজীবন শ্রীনামের সেবা শিক্ষা দিয়েছেন। শ্রীনামে সকল সাহিত্যই আছে। তাতে শব্দ-সাহিত্য, রূপ-সাহিত্য, গুণসাহিত্য, লীলা-সাহিত্য, পরিকর-সাহিত্যের পূর্ণ সম্পুট নিহিত। গৌরসুন্দর আমাদিগকে শিক্ষা দিয়ে ব'লেছেন,—আমি সে সাহিত্য চাই না—যে সাহিত্য মানুষকে কেবল সুন্দরী কবিতা, ধন, জন, প্রতিষ্ঠা বা মুক্তিপিপাসার বঞ্চনাময় মাকাল-ফলগুলি দিয়ে ভুলিয়ে দেয়, আমি চাই—নিগমকল্পতরুর গলিতফলের সাহিত্য—জন্মে জন্মে যেন সেই সাহিত্যের সেবাই আমার জীবনের ব্রত হয়—সকল সাধনার সার ব'লে জ্ঞান হয়। মানুষ বাস্তব-সাহিত্যের বিকৃত ক্ষুদ্র ক্ষুদ্র ছায়া নিয়ে ভুলে' রয়েছে। বাস্তব-সাহিত্য সেবা—একমাত্র গোপীর কৈঙ্কর্য্য—।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্ভক্তিরহৈতুকী ত্বয়ি ॥"

গৌড়ীয়-সাহিত্যই—সার্ব্বভৌম-সাহিত্য

গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য যখন পূর্ণতম সাহিত্য-নায়ককে আশ্রয় ক'রে প্রকাশিত, তখন গৌড়ীয়-সাহিত্যের ভাণ্ডারও পূর্ণতম। গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে কোন বস্তুর অভাব নেই। ব্যাকরণ, ছন্দঃ, নিরুক্ত, অলঙ্কার, নাটক, কাব্য, মহাকাব্য, চম্পূ, বিরুদ, চরিত্র, ঐতিহ্য, কড়চা, কারিকা জ্যোতিষ, ন্যায়, বেদান্ত, স্মৃতি, পদ্ধতি, স্তব, কথা, গল্প, পাঁচালি, পত্র, পুরাণ, বিজ্ঞান, শিল্প, রস, রাগ, রাগিনী, বাদ্য, তত্ত্ব, দর্শন, সিদ্ধান্ত, ভাষ্য, ভাষা, গদ্য, পদ্য, অনুবাদ, সন্দর্ভ, সূত্র, সংহিতা, তাপনী, পঞ্চরাত্র, পদ, সঙ্গীত, কীর্ত্তন, উপাখ্যান, উপন্যাস, নবন্যাস,—সকল জিনিষই গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে সাহিত্য-নায়কের সেবাসামগ্রীরূপে বিরাজিত রয়েছে। কাজেই আমরা গৌড়ীয়-সাহিত্যকে সার্ব্বভৌম-সাহিত্য ব'লে ঘোষণা করতে পারি। এই সার্ব্বভৌম-সাহিত্য নিখিল চেতন-জগতকে সাহিত্য-সাধনার সর্ব্ববিধ সাধ্যবস্তু দান করতে পারে ব'লে গৌড়ীয়-সাহিত্যকেই একমাত্র সার্ব্বজনীন-সাহিত্য বলা যায়।

গৌড়ীয়-ব্যাকরণ

শ্রীল জীব-গোস্বামিপাদের 'হরিনামামৃত ব্যাকরণ'—সাহিত্য-বিশ্বের এক অভিনব মহা-আলোকস্তম্ভ। সর্ব্বেশ্বর-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্ধি, বিষ্ণুজন-সন্ধি, পুরুষোত্তম-লিঙ্গ, লক্ষ্মীলিঙ্গ, ব্রহ্মলিঙ্গ, শ্যামরাম সমাস, কৃষ্ণ-পুরুষ সমাস, রামকৃষ্ণ সমাস, ত্রিরামী তদ্ধিত প্রভৃতি পাণিনীয় স্ফোটবাদকে অতিক্রম ক'রে এক অতীন্দ্রিয় স্ফোটবাদের বা স্ফোট-সাহিত্যের খনি আবিষ্কার ক'রেছে। শ্রীল জীব-পাদের সূত্র-মালিকা, "ধাতু-সংগ্রহ" প্রভৃতি ব্যাকরণ-বিষয়ক গ্রন্থ, শ্রীগৌরসুন্দরের অধ্যাপক-লীলার "ধাতু-সংজ্ঞা কৃষ্ণ-শক্তি বল্লভ সবার।" "সূত্রবৃত্তি টীকা যে বাখানে কৃষ্ণ মাত্র॥" বাক্যেরই দীপ্তিমান-বিগ্রহ। শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ প্রভুর 'ব্যাকরণকৌমুদী'ও গৌড়ীয়-ব্যাকরণ-সাহিত্য-ভাণ্ডারের মহামণি। আমরা পণ্ডিতবর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের ব্যাকরণ-কৌমুদীর নামই সকলে শুনেছি, কিন্তু তা'রও বহু পূর্ব্বে আমাদের এই গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য 'ব্যাকরণ-কৌমুদী' নামে একটী বৈষ্ণবজনপাঠ্য ব্যাকরণ রচনা ক'রেছিলেন।

একমাত্র গৌড়ীয়-সাহিত্যিক—একমাত্র গৌড়ীয়-বৈয়াকরণই স্পর্দ্ধা ক'রে—বিশ্ব-বৈয়াকরণ-সমাজকে প্রতিদ্বন্দিতার্থ আহ্বান ক'রে বল্‌তে পারেন,—

"ধাতু-সংজ্ঞা কৃষ্ণশক্তি বল্লভ সবার।
দেখি ইহা দূষুক আছয়ে শক্তি কা'র॥
ভ্রমবশে অধ্যাপক, না বুঝয়ে ইহা।
হয় নয় ভাই সব বুঝ মন দিয়া॥

*　　*　　*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

'আমি যে বাখানি সূত্র করিয়া খণ্ডন।
নবদ্বীপে তাহা স্থাপিবেক কোন্ জন॥'
নগরে বসিয়া এই পড়াইমু গিয়া।
দেখি কা'র শক্তি আছে দূষুক আসিয়া॥''

গৌড়ীয়-নিরুক্ত

আমরা নিরুক্তকার যাস্কের নাম খুব শুন্‌তে পাই, কিন্তু গৌড়ীয়-বৈষ্ণব-নিরুক্তকারগণ যেরূপ পঞ্চপ্রকার নিরুক্ত, পদভঞ্জন প্রভৃতির উদাহরণ দেখিয়েছেন, তা' নিরুক্তশাস্ত্রে যুগান্তর আনয়ন ক'রেছে। শ্রীল জীব-গোস্বামিপাদ সন্দর্ভে ঋগ্বেদের প্রথম মণ্ডলের ১৫৬ সূক্তের তৃতীয় ঋক্ ও বহু বেদমন্ত্র এবং শ্রীরূপ সনাতন, শ্রীচক্রবর্ত্তী, শ্রীল বলদেব বিদ্যাভূষণ, ঠাকুর ভক্তিবিনোদ, ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ প্রভৃতি বেদের বিভিন্ন মন্ত্র ব্যাখ্যাকালে গৌড়ীয়-নিরুক্ত-সম্পুট হ'তে যে মহামণি সকল আবিষ্কার ক'রেছেন, তা' দেখ্‌লে আশ্চর্য্যান্বিত হ'তে হয়—প্রত্যক্ষ উপলব্ধি হয়, নিরুক্ত-দেবতা পরমাক্ষরাকৃতি পরব্রহ্ম স্বয়ংই সেই সকল বৈদিক পদের পদভঞ্জন ক'রেছেন। এমন নৈপুণ্যের সহিত বর্ণাগম, বর্ণ-বিপর্য্যয়, বর্ণ-বিকার, বর্ণ-লোপ, যোগ প্রভৃতির সাধন একমাত্র নিরুক্ত-দেবতা পরমাক্ষরাকৃতি দিব্য-নামধেয়ের অব্যভিচারি উপাসক গৌড়ীয়-সাহিত্যিকগণের দ্বারাই সম্ভব। আমাদের পূর্ব্বগুরু শ্রীআনন্দতীর্থ, শ্রীজয়তীর্থ প্রভৃতিও নিরুক্ত-সাহিত্যের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ভাণ্ডারে প্রচুর সম্পত্তি দান ক'রেছেন। সুতরাং গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যে যে নিরুক্ত-সম্পৎ আছে, তা'—অতুলনীয়।

গৌড়ীয়-ছন্দঃ

ছান্দোগ্যোপনিষদের মন্ত্র উদ্ধার ক'রে সায়ন বলেছেন,—"অপমৃত্যুং বারয়িতুমাচ্ছাদয়তীতি ছন্দঃ।' অপমৃত্যু বারণ কর্‌বার জন্য যে আচ্ছাদন করে, তা'কে 'ছন্দঃ' বলা যায়। ঋক্-সায়ন-ভাষ্য-ভূমিকায় ছন্দের আরও সংজ্ঞা দেখ্‌তে পাওয়া যায়—"পুরুষস্য পাপসম্বন্ধং বারয়িতু-মাচ্ছাদকত্বাচ্ছন্দ ইত্যুচ্যতে। তচ্চারণ্যকাণ্ডে সমাম্নায়তে।" "ছাদয়ন্তি হ বা এনং ছন্দাংসি পাপাৎ কর্ম্মণঃ।" পাপ-সম্বন্ধ নিবারণ কর্‌বার জন্য যে পুরুষকে আচ্ছাদন করে, তা'কে ছন্দঃ বলে। মহর্ষি পাণিনি 'চদি' ধাতুর উত্তর 'অসুন্' প্রত্যয় ক'রে 'ছন্দস্' এই শব্দটী সিদ্ধ ক'রেছেন। (চন্দেরাদেশ্চ ছঃ। উণ্ ৪।২১৮)। তা' হ'লে "ছন্দয়তি আহ্লাদয়তি"—এই ব্যাকরণ-ব্যুৎপত্তিগত অর্থানুসারে—যা' আহ্লাদ জন্মায় বা আমাদিগকে আহ্লাদিত করে, তা'রই নাম 'ছন্দঃ'। গৌড়ীয়-সাহিত্যের ছন্দঃ—সাক্ষাৎ-ছন্দঃস্বরূপিণী হ্লাদ-দেবতা। ছন্দো-নায়ক পরমানন্দপূর্ণামৃতাব্ধি নন্দনন্দন—

"কৃষ্ণকে আহ্লাদে তা'তে নাম—আহ্লাদিনী।

* * *

ভক্তগণে সুখ দিতে হ্লাদিনী কারণ।

* * *

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

রাধিকা হয়েন কৃষ্ণের প্রণয়-বিকার।
স্বরূপশক্তি—"হ্লাদিনী" নাম যাঁহার॥
হ্লাদিনী করায় কৃষ্ণে আনন্দ-আস্বাদন।
হ্লাদিনীর দ্বারা করে ভক্তের পোষণ॥"

গৌড়ীয়-সাহিত্য এই হ্লাদময়ী ছন্দোদেবতার আরাধনাই সাধ্যসার, সুতরাং গৌড়ীয়-সাহিত্যে যে ছন্দের বৈচিত্র্য ও নবনবায়মানতা রয়েছে, এরূপ আর কোথায়ও নেই। গৌড়ীয়-সাহিত্যের ছন্দঃ ছন্দোদেবতার—ছন্দো-নায়কের বন্দনা ছাড়া আর কোন প্রকার ব্যভিচার-বৃত্তি অবলম্বন করে না। বৈদিক ও লৌকিক উভয়প্রকার ছন্দই গৌড়ীয়-সাহিত্যে ব্রজনবযুবদ্বন্দ্বের চরণারবিন্দ বন্দনা ক'র্‌ছেন। বাংলার গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যই সর্ব্বাগ্রে গৌড়ীয়-ছন্দঃ বিস্তার ক'রেছেন। চণ্ডীদাস, বিদ্যাপতি, গুণরাজ খান, ব্যাসাবতার ঠাকুর বৃন্দাবন, শ্রীল কবিরাজ প্রভৃতি গৌড়ীয়-ছন্দোদেবতার পূজা প্রচার ক'রেছেন। মহর্ষি পিঙ্গল যে সকল ছন্দের কথা জানেন না, ছন্দোদেবতার উপাসক গৌড়ীয়-সাহিত্যিক-গণ সে সকল ছন্দের সৌরভস্রাবি-গন্ধ ছন্দোদেবতার আরতি-মুখে বিস্তার ক'রেছেন। গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যিকের "ছন্দঃকৌস্তভ" গৌড়ীয়-ছন্দোজগতের কীর্ত্তিস্তম্ভ। জয়দেবের কোমলকান্তপদাবলীতে, রামরায়ের নাটকগীতে, শ্রীরূপের পদ্যাবলীতে, সনাতনের ভাগবতামৃতে, কবিকর্ণপূরের নাটকে ও মহাকাব্যে, শ্রীদাস গোস্বামী প্রভুর স্তবাবলীতে, কবিরাজের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌরগোবিন্দলীলামৃতে যে সকল ছন্দোমাধুরী ও ছন্দোবিলাস আবিষ্কৃত হ'য়েছে, তা'র তুলনা জগতে মিলে না। গৌড়ীয়-সাহিত্যিকগণের 'তোটক', 'ভুজঙ্গপ্রয়াত', 'মন্দাকিনী', 'কুসুমবিচিত্রা', 'তড়িদ্‌গতি', 'মনোরমা', 'ভুজঙ্গসঙ্গতা', 'বাসন্তী', 'শশীকলা', 'নান্দীমুখী', 'অপরাজিতা', 'চন্দ্রিকা', 'মালতী', 'মণিমালা', 'চিত্রা', 'বাণিনী', 'চিত্রলেখা', প্রভৃতি ছন্দঃ হ্লাদময়ী ছন্দো-দেবতা বৃষভানুনন্দিনীর কৃষ্ণসেবাময় এক একটী আভরণ। গোড়ীয় ছন্দের 'মদিরা', 'সরসী', 'শোভা' প্রভৃতি ছন্দঃ সত্য সত্যই রসিকশেখরের হ্লাদ বর্দ্ধন ক'রে ভক্তমোদ বিস্তার ক'রে থাকে। গৌড়ীয়-সাহিত্যে যে 'লীলা-খেল', 'বিপিনতিলক', 'তুনক', 'প্রবরললিত', 'অনঙ্গশেখর', 'মত্তমাতঙ্গ', প্রভৃতি ছন্দের উদাহরণ রয়েছে, তার তুলনা প্রাকৃত কবির ছন্দে কোথাও হ'তে পারে না। এই গৌড়ীয় ছন্দের কথা বল্‌তে গেলেই একটা বিরাট্ গ্রন্থ রচিত হ'য়ে যেতে পারে। আমাদের সময় সংক্ষেপ, তাই অপ্রাকৃত-সাহিত্যমোদিগণের সাম্‌নে গৌড়ীয়-কবিগণের কএকটীমাত্র ছন্দের উদাহরণ উদ্ধার কর্‌ছি। ছন্দের যা' অর্থ—ছন্দের যা' তাৎপর্য্য, তা' একমাত্র গৌড়ীয়-সাহিত্যিকগণের ছন্দেই ষোলকলায় প্রস্ফুটিত। শ্রীরূপ তাঁর কত বিচিত্র ছন্দে সাক্ষাৎ হ্লাদময়ী ছন্দো-দেবতার সঙ্গে ছন্দো-নায়কের মিলন করিয়ে অপ্রাকৃত-ছন্দোমোদিগণের আনন্দ-মোদ বৃদ্ধি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক'রেছেন। শ্রীরূপের একটী তোটকছন্দের উদাহরণ শ্রবণ করুন—

অয়মুজ্জ্বলয়ন্ ব্রজভূসরণীঃ
রময়ন্ ক্রমণৈর্মৃদুভির্ধরণীম্।
অজিরে মিলিতঃ কলিতপ্রমদে
হরিরুদ্বিজসে তদপি প্রমদে॥

শ্রীরূপপাদের ভুজঙ্গপ্রয়াত ছন্দের একটী উদাহরণ রূপানুগগণের অনুগত হ'য়ে আস্বাদন করুন—

দুকূলস্য লক্ষ্মীং সমন্তাদ্বিশালা-
মসৌ বীক্ষ্য পীতস্য তে মল্লীমালা।
লুঠন্তী কুচোদ্ভাসি কাশ্মীরপঙ্কে
নিজং পীতমঙ্গং চকারাত্ম শঙ্কে॥

শ্রীরূপের দ্ব্যক্ষর চিত্রকবিত্বে ছন্দোনায়কের সেবার অনুগমন করুন—

রসাসারসুসারোরুরসুরারিঃ সসারসঃ।
সংসারাসিরসৌ রাসে সুরিরংসুঃ সসার সঃ॥
ধরে ধরাধরধরং ধারাধরধুরারুধি।
ধীরধীরাররাধাধিরোধং রাধাধুরং ধরম্॥

একাক্ষর—

নিনুন্নানোননং নূনং নানুনোন্নাননোন্নুনীঃ।
নানেনানাং নিনুন্নেনং নানৌন্নানা ননোননু॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চক্রবন্ধ—

গন্ধাকৃষ্ট গুরুন্মদালিনি বনে হার প্রভাতিপ্ল্‌ তং
সংপুঞ্জন্তমুপস্কৃতাধ্বনি যমীবীচিশ্রিয়ো রঞ্জকম্।
সত্ত্বস্তঙ্গিতবিভ্রমং সুনিভৃতে শীতানিলৈঃ সৌখাদে
দেবং নাগভুজং সদা রসময়ং তং নৌমি কঞ্চিন্মুদে॥

সর্পবন্ধ—

রাসে সারঙ্গ সজ্যাচিতনবনলিনপ্রায়বক্ষস্থদামা
বর্হালঙ্কারহার স্ফুরদনল মহারাগ চিত্রে জয়ায়।
গোপালো দাসবীথী ললিতহিততরবস্ফারহাসঃ স্থিরাত্মা
নব্যোজস্রং ক্ষণোপাশ্রিতবিততবলো বীক্ষ্য রঙ্গং বভাসে॥

পদ্মবন্ধ—

কলবাক্যসদালোককলোদারমিলাবক।
কবলাদ্যাম্ভুভানূককনুতাভীর বালক॥

এইরূপে গোমূত্রিকাবন্ধ, মুরজবন্ধ, বৃহৎপদ্মবন্ধ—কত প্রকার চিত্র-কবিত্বময় ছন্দঃ শ্রীরূপের সাহিত্যে সাহিত্য-নায়কের আরতি ক'রেছেন।

শ্রীগোপালভট্ট গোস্বামিপাদের—

চূড়া-চুম্বিত-চারু-চন্দ্রক-চমৎকার-ব্রজ-ভ্রাজিতং
দীব্যন্মঞ্জু-মরন্দ-পঙ্কজ-মুখং ভ্রূ-নৃত্যদিন্দিন্দিরম্।
রজ্যদ্বেণু-সুমূল-রোক-বিলসদ্বিম্বাধরৌষ্ঠং মহঃ
শ্রীবৃন্দাবন-কুঞ্জ-কেলি-ললিতং রাধাপ্রিয়ং প্রীণয়ে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীজয়দেব-কবির—

সান্দ্রানন্দপুরন্দরাদিদিবিষদ্বৃন্দৈরমন্দাদরা-
দানম্রৈর্মুকুটেন্দ্রনীলমণিভিঃ সন্দর্শিতেন্দীবরম্।
স্বচ্ছন্দং মকরন্দসুন্দরগলন্মন্দাকিনীমেদুরং
শ্রীগোবিন্দপদারবিন্দমশুভস্কন্দায় বন্দামহে॥

—কিরূপ অপ্রাকৃত-ছন্দোনায়কের পদারবিন্দের মকরন্দ লুণ্ঠন ক'র্ছেন।

গৌড়ীয়ের অপ্রাকৃত কবিকুল-শিরোমণি সাহিত্যের দ্বিতীয় সান্দ্রমূর্ত্তি শ্রীরূপপাদকে কেহ কেহ প্রাকৃত কবিকুল-সম্রাট্ কালিদাসের সঙ্গে তুলনা দিয়ে থাকেন। কিন্তু যাঁরা শ্রীরূপের অপ্রাকৃত কবিত্ব-রসামৃতসিন্ধুর একটী বিন্দু স্পর্শ কর্বার অধিকার লাভ কর্তে পেরেছেন—যা'রা নিরপেক্ষতার নিকষ পাথরে শ্রীরূপের কবিত্ব-কৌস্তুভ দেখ্তে জানেন, তাঁরাই বল্তে বাধ্য হ'বেন, ত্রিভুবনে এমন কোন প্রাকৃত কবি নাই—যিনি কবিত্ব-গৌরবে শ্রীরূপের পাদুকার রেণুর সাম্‌নে দাঁড়াতে পারেন। শ্রীরূপের কথা দূরে থাকুক, শ্রীরূপের পদরেণুর পরমাণু-গণের যে অপ্রাকৃত সহজ কবিত্ব আছে, সে কবিত্ব—সে সাহিত্য ত্রিভুবনে আর কোথায়ও নেই। তাই অপ্রাকৃত কবিকুলশিখামণি শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু তাঁ'র "মুক্তাচরিত"-গ্রন্থের উপসংহারে ব'লেছেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
শ্রীমদ্রূপপদাম্ভোজধূলিঃ স্যাং জন্মজন্মনি॥

অধিক কি, স্বয়ং সনাতনপ্রভু বৃহদ্ভাগবতামৃত গ্রন্থের প্রারম্ভে শ্রীরূপের বন্দনা ক'রেছেন। শ্রীল কবিরাজ গোস্বামী তাঁর মহাগ্রন্থের প্রতি পরিচ্ছেদে শ্রীরূপের নিকট কবিত্ব-শক্তি প্রার্থনা ক'র্‌ছেন। গৌড়ীয়-সাহিত্যিক-শিরোভূষণ ঠাকুর মহাশয় শ্রীরূপের চরণার্চ্চনারতি কীর্ত্তন ক'রেছেন,—

"শ্রীরূপমঞ্জরী-পদ, সেই মোর সম্পদ,
সেই মোর ভজন পূজন।
সেই মোর প্রাণধন সেই মোর আভরণ,
সেই মোর জীবনের জীবন॥
সেই মোর রসনিধি, সেই মোর বাঞ্ছাসিদ্ধি
সেই মোর বেদের ধরম।
সেই ব্রত সেই তপ, সেই মোর মন্ত্র-জপ,
সেই মোর ধরম করম॥
অনুকূল হবে বিধি, সে পদে হইবে সিদ্ধি,
নিরখিব এ দুই নয়ানে।
সে রূপমাধুরীরাশি, প্রাণকুবলয় শশী,
প্রফুল্লিত হবে নিশি দিনে॥
তুয়া অদর্শন-অহি, গরলে জারল দেহি,
চিরদিন তাপিত জীবন।
হাহা প্রভু! কর দয়া, দেহ মোরে পদছায়া,
নরোত্তম লইল শরণ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-অলঙ্কার

গৌড়ীয়-সাহিত্যে যে অলঙ্কার-সম্পৎ র'য়েছে, তা' কাচমণি নয়, নকল হীরক নয়, চুনী, পান্না, প্রবাল, স্ফটিক-মাত্র নয়, সে অলঙ্কার "ভূষণের ভূষণ অঙ্গ" ভুবনমোহন নীলমণির বক্ষোবিভূষণ নিখিল-অলঙ্কারের সম্রাট্ অলঙ্কার-কৌস্তুভ। "অলং ক্রিয়তেঽনেন ইতি অলঙ্কারঃ।" গৌড়ীয়-সাহিত্য তা'র যে অলঙ্কার দিয়ে সাহিত্য-নায়কের সজ্জা রচনা করে, তা'তে 'অলং' অর্থাৎ যথেষ্ট হ'য়েছে ব'লে 'ইতি দেওয়া'র কথা নেই। কারণ গৌড়ীয়ের রাজ্য—অপ্রাকৃত। তা' প্রাকৃত-জগতের মত "ইতি-দেওয়ার" রাজ্য নয়, সেখানে 'অলং' নবনবায়মান, 'অলং'এর পরম্পরা প্রকাশিত ক'রেও 'ইত্যলম্' ব'লে উপসংহার করতে পারে না। গৌড়ীয়-সাহিত্যের রাজ্য—সেই নবনবায়মান 'অলং'এর রাজ্য; কাজেই গৌড়ীয়-সাহিত্যের অলঙ্কারের তুলনা চতুর্দ্দশ-ব্রহ্মাণ্ডে, বিরজা-ব্রহ্মলোকে, এমন কি বৈকুণ্ঠে পর্য্যন্ত পাওয়া যায় না। গৌড়ীয়-সাহিত্যের অলঙ্কার কেবল শব্দালঙ্কার, অর্থালঙ্কার নয়, সে অলঙ্কার ব্রজনবযুবরাজের অঙ্গের এক একটী অমূল্য বিভূষণ। "ভূষণ-ভূষণাঙ্গ" ললিতত্রিভঙ্গ যে অলঙ্কার পরিধান করেন, সে অলঙ্কারের শোভা কোটি কোটি কন্দর্পের শোভাকে তিরস্কার করে। গৌড়ীয়-সাহিত্যের অলঙ্কার—বিষয়ালম্বনের আত্মবিস্মাপনকারী রূপমাধুর্য্য ও আশ্রয়ালম্বনের অসমোর্দ্ধ্বা সেবাসীমার গঙ্গা-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাগর-সঙ্গম। গৌড়ীয়-সাহিত্যের রূপক-অলঙ্কার দৃষ্টান্ত-অলঙ্কার, মালাদীপক-অলঙ্কার, আক্ষেপ-অলঙ্কার, বিভাবনা-অলঙ্কার, বিশেষোক্তি-অলঙ্কার, স্বভাবোক্তি-অলঙ্কার, সহোক্তি-অলঙ্কার, বিনোক্তি-অলঙ্কার, পর্য্যায়োক্তি-অলঙ্কার, ভাবিক-অলঙ্কার, উত্তর-অলঙ্কার, অন্যোন্য-অলঙ্কার, সূক্ষ্ম-অলঙ্কার, সার-অলঙ্কার, সমাসোক্তি-অলঙ্কার, শ্লেষ-অলঙ্কার, সন্দেহালঙ্কার প্রভৃতি সাধারণ সাহিত্যের অলঙ্কার নয়, 'সাহিত্য-দর্পণ', 'কাব্যচন্দ্রিকা', 'সরস্বতী-কণ্ঠাভরণ' প্রভৃতি সাধারণ অলঙ্কার-গ্রন্থের অলঙ্কারমাত্র নয়, সেগুলি ঐ "ভূষণ-ভূষণাঙ্গ" শ্যামসুন্দরের পাদপদ্মের কোনটী পাদচূড়, পাদকটক, কিঙ্কিনী ; কোনটী বা মুদ্রিকা; কোনটী বা পদ্ম; কোনটী কটিদেশের কাঞ্চী, মেখলা, রসনা, কলাপ ; কোনটী বা বাহুর কেয়ূর, পঞ্চকা, চূড়, বলয়, কঙ্কণ ; কোনটী বা মস্তকের ললামক, আপীড়; কোনটী বা হংসতিলক; কোনটী বা চূড়ামণ্ডল, দণ্ডক, লম্বন; কোনটী বা মুকুট; কোনটী বা কর্ণের কুণ্ডল, কর্ণপুর, কর্ণিকা, কর্ণেন্দু, মুক্তাকণ্টক; কোনটী বা কণ্ঠের নক্ষত্রমালা, নীল-লবণিকা, মানবক, অর্দ্ধহার, ভ্রামর ; কোনটী বা বক্ষঃস্থলের বন্ধুক ও পদক। এই অলঙ্কারগুলি—সকলই চেতন ; এরা কথা কইতে পারে—মুহূর্ত্তমধ্যে কোটি কোটি সাহিত্য-গ্রন্থাগার রচনা করতে পারে—কোটি কোটি অপ্রাকৃত কবিকুলের কবিত্ব-মহামণির খনি আবিষ্কার ক'রে দিতে পারে! আবার উজ্জ্বলনীল-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মণির অলঙ্কার এমন একটী জিনিষ—যেখানে শিখিপিচ্ছ-মৌলির বনমালার একটী কিসলয় কৌস্তুভমণিকেও স্পর্দ্ধা করতে পারে। সেখানে ব্রজললনাগণের অঙ্গজ, অযত্নজ ও স্বভাবজ বিংশতি প্রকার অলঙ্কার গৌড়ীয়-সাহিত্যের অসমোর্দ্ধ-মাধুরী বিস্তার করে। তাই গৌড়ীয়-সাহিত্যের অলঙ্কারের সঙ্গে জগতের কোন সাহিত্যের অলঙ্কারের তুলনা হ'তে পারে না। শ্রীল রূপপাদের 'উজ্জ্বল' ও 'নাটকচন্দ্রিকা', মহাকবি জয়দেবের 'চন্দ্রালোক' নামক অলঙ্কার-সংগ্রহ, শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণের 'সাহিত্য-কৌমুদী' প্রভৃতি গৌড়ীয়-অলঙ্কার-সাহিত্য ত্রিজগতে অতুলনীয়। শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ নাটকচন্দ্রিকার টীকায়, শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর অলঙ্কারকৌস্তুভের 'সুবোধিনী' টীকায় যে সকল অপ্রাকৃত মহা-মরকত চয়ন ক'রেছেন, তা'তে গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডার বিশ্বের কেন, বৈকুণ্ঠের সাহিত্য-প্রদর্শনীতে সর্ব্বশ্রেষ্ঠ সেব্যের পাদপদ্ম-পদক পুরস্কার লাভের অপ্রতি-যোগী অধিকারী হ'য়েছে।

গৌড়ীয়-নাটক

আমরা পূর্ব্বেই ব'লেছি, গৌড়ীয়-সাহিত্যের নায়ক গৌরসুন্দরই সর্ব্বপ্রথমে গৌড়পুরে চন্দ্রশেখর আচার্য্যের মন্দিরে বাংলার রঙ্গমঞ্চের দ্বার উদ্‌ঘাটন ক'রেছেন। যেদিন মায়াপুর-পুরন্দর—

"আজি নৃত্য করিবাঙ অঙ্কের বন্ধানে।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

—বাণী ঘোষণা ক'র্লেন, সেদিন হ'তেই ত' গৌড়দেশে বঙ্গীয় দৃশ্য-কাব্যের অভিনয় আরম্ভ হ'লো। গৌড়ীয়-নাটকাভিনয়ের বৈশিষ্ট্যও নাট্য-নায়ক সঙ্গে সঙ্গে জানিয়ে দিয়েছিলেন,—

"প্রকৃতি স্বরূপা নৃত্য হইবে আমার।
দেখিতে যে জিতেন্দ্রিয়, তা'র অধিকার॥"

সর্ব্বাঙ্গচূড়ামণি নাট্য-নায়ক গৌরসুন্দরের এই অপ্রাকৃত অভিনয়ের অনুসরণে ও অনুকরণেই বঙ্গদেশে নাট্য-কলার বিস্তার হ'য়েছে। বঙ্গদেশের যাত্রাগান প্রভৃতি গৌরসুন্দরের এই অপ্রাকৃত অভিনয়েরই অবৈধ খণ্ড অনুকরণ।

নাটকের লক্ষণ-বর্ণনে সাহিত্য-দর্পণকার ব'লেছেন,—

নাটকং খ্যাতবৃত্তং স্যাৎ পঞ্চসন্ধিসমন্বিতম্।
বিলাসর্দ্ধ্যাদি-গুণবদ্‌যুক্তং নানাবিভূতিভিঃ॥
সুখদুঃখসমুদ্ভূতিনানারসনিরন্তরম্।
পঞ্চাদিকা দশপরাস্তত্রাঙ্কাঃ পরিকীর্ত্তিতাঃ॥
প্রখ্যাতবংশো রাজর্ষির্ধীরোদাত্তঃ প্রতাপবান্।
দিব্যোঽথ দিব্যাদিব্যো বা গুণবান্নায়কো মতঃ॥
এক এব ভবেদঙ্গী শৃঙ্গারো বীর এব বা।
অঙ্গমন্যে রসাঃ সর্ব্বে কার্য্যং নির্ব্বহণেঽদ্ভুতম্॥

কোন প্রসিদ্ধ বৃত্তান্ত অর্থাৎ কোন পুরাণ কথা বা বৃহৎ-কথা প্রভৃতি চিরমান্য গ্রন্থের বৃত্তান্ত অবলম্বন ক'রে নাটক রচিত হ'তে পারে। স্বকপোলকল্পিত বৃত্তান্ত হ'লে তা'

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'নাটক'-পদবাচ্য হ'বে না। পঞ্চসন্ধিযুক্ত বিলাস, নানা প্রকার সম্পৎ, বহুবিধ বিভূতি, সুখ ও দুঃখ প্রভৃতি নানা প্রকার রসোৎপত্তি এবং পাঁচ হইতে দশটী পর্য্যন্ত অঙ্ক নাটকে থাকৃবে। নাটকের নায়ক ধীরোদাত্ত, প্রখ্যাতবংশ, প্রতাপবান্ ও মহাপুরুষ হ'বেন। নাটকের প্রধান রসটী শৃঙ্গার বা বীর-রস হওয়া চাই। করুণ, হাস্য বা শান্ত প্রভৃতি রস প্রধান হ'লে তা'কে 'নাটক' বলা যাবে না।

সাধারণ-নাট্যশাস্ত্র সাহিত্য-দর্পণে নাটকের যে লক্ষণ র'য়েছে, সেগুলি ধ'রে বিচার করলেও গৌড়ীয়-নাট্য-সাহিত্যই সর্ব্বশীর্ষস্থান অধিকার ক'র্‌বে। কেন না, গৌড়ীয়ের নাট্য-নায়ক স্বয়ং নবকিশোর-নটবর, রাসরস-তাণ্ডবী, অখিলরসামৃতমূর্ত্তি; আবার অখিলনৃত্যকলা-নায়ক মহাপ্রণয়সীধু-সমুদ্র নটরাজ গৌরসুন্দর। নাট্য-নায়কের যত কিছু লক্ষণ আছে এবং সাহিত্যদর্পণকার যে সকল সংগ্রহ কর্‌তে পারেন নি, সে সকলের সমাবেশ একমাত্র গৌড়ীয়-সাহিত্যের নায়ক শ্যামসুন্দর ও গৌরসুন্দরেই আছে। উজ্জ্বলনীলমণি-কার শ্রীরূপগোস্বামী প্রভু নাট্য-নায়ক নবকিশোর-নটবরের ও নাট্য-নায়িকা ব্রজবালাগণের যে সকল প্রকার-ভেদ বর্ণন ক'রেছেন, সাহিত্যদর্পণকার বা নাট্যকলাবিৎ ভরতমুনিও তা' জানেন না। কারণ প্রপঞ্চে নায়কনায়িকাগণের তুল্যরস পর্য্যন্ত হ'তে পারে, কিন্তু চিদ্-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাজ্যে কান্তরস অপেক্ষাও কান্তা-রসের আধিক্য। তাই গৌড়ীয়-কবিরাজ ব'লেছেন—

"দোঁহার যে সমরস ভরত-মুনি মানে।
আমার ব্রজের রস সেহ নাহি জানে॥"

অপ্রাকৃত রসিকশিরোমণি রামরায়ের নাটকগীতি গজপতি প্রতাপরুদ্রের পৃষ্ঠপোষকতায় রচিত হ'য়ে একদিন নীলাচলে মহাপ্রভুর পরম প্রীতি উৎপাদন ক'রেছিল। সেই—

মৃদুতর-মারুত-বেল্লিত-পল্লববল্লী-বলিত-শিখণ্ডম্।
তিলকবিড়ম্বিত-মরকতমণিতলবিম্বিত-শশধরখণ্ডম্॥
খেলাদোলায়িতমণিকুণ্ডল-রুচিরুচিরাননশোভম্।
হেলাতরলিত-মধুরবিলোচনজনিতবধূজনলোভম্॥
গজপতিরুদ্র-নরাধিপ-চেতসি-জনয়তুমুদনুবারম্।
রামানন্দরায়-কবিভণিতং মধুরিপুরূপমুদারম্॥

—প্রভৃতি সঙ্গীত-নাটক-সাহিত্যের মহামরকতমণি। নাট্য-নায়ক গৌরসুন্দরেরই বিপ্রলম্ভ-লীলা-বিনোদকালে শ্রীরূপের ললিতমাধব, বিদগ্ধমাধব নাটকদ্বয় প্রকাশিত হ'য়েছিল। শ্রীরূপের এই নাটক দুটী নীলাচলে রামানন্দের সঙ্গে শ্রবণ ক'রে একদিন শ্রীরূপের সম্বন্ধে স্বয়ং গৌড়ীয়-নাট্যনায়ক ব'লেছিলেন—

মধুর প্রসঙ্গ ইহার কাব্য সালঙ্কার।
ঐছে কবিত্ব বিনা নহে রসের প্রচার॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রস-শিক্ষাগুরু রামরায় শ্রীরূপের কবিত্বের প্রশংসা ক'রে ব'লেছিলেন,—

কবিত্ব না হয় এই অমৃতের ধার।
নাটক-লক্ষণ সব সিদ্ধান্তের সার॥
প্রেম-পরিপাটী এই অদ্ভুত বর্ণন।
শুনি' চিত্ত-কর্ণের হয় আনন্দ-ঘূর্ণন॥
কিং কাব্যেন কবেস্তস্য কিং কাণ্ডেন ধনুষ্মতঃ।
পরস্য হৃদয়ে লগ্নং ন ঘূর্ণয়তি যচ্ছিরঃ॥

অপরের হৃদয়লগ্ন হ'য়ে যদি তা'র মস্তকই চঞ্চল না করতে পারে, তা' হ'লে কবির কাব্যে বা ধানুকীর ধনুতে কি প্রয়োজন?

শ্রীরূপের অপ্রাকৃত কাব্য মহাভাব-গম্ভীর মহানুভবগণের হৃদয়লগ্ন হ'য়ে তাঁ'দিগকে পর্য্যন্ত ভাবচঞ্চল ক'রে দেয়।

কবিকর্ণপূরের চৈতন্যচন্দ্রোদয়নাটক গৌড়ীয়-নাটক-সাহিত্যের বিজয়-স্তম্ভ। জগতে যে সকল নাট্যকলার প্রচার আছে, সকলগুলিই ন্যূনাধিক মানুষকে ইন্দ্রিয়তর্পণের বধ্যভূমিতে টেনে এনে হরিবৈমুখ্যের যূপকাষ্ঠে বলি দেয়; কিন্তু কবিকর্ণপূরের চৈতন্যচন্দ্রোদয় সত্যসত্যই মানুষের চৈতন্য উদয় করায়। বাংলার ভাগ্যে এ সকল মহামরকত একদিন বিতরিত হ'লেও আমরা আমাদের ভাগ্যদোষে ঘরের জিনিষ ত্যাগ ক'রে বিদেশায় নকল কাচখণ্ড ধন-জন-জীবন-যৌবন দিয়ে ক্রয় করছি। এ সকল নাট্য-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভাণ্ডারে সিদ্ধান্ত-সঞ্জীবন-খনি নিহিত র'য়েছে। গ্রাম্য-কবি বা যদ্বাতদ্বা-কবি চৈতন্যলীলা লিখ্‌বার নাম ক'রে যে সকল অপসিদ্ধান্ত ও প্রাকৃত-সাহজিক-ভাব-বিভাবের আশ্রয় গ্রহণ ক'রে থাকে, তা'তে রূপানুগ অপ্রাকৃত কবিগণের কিম্বা কাব্য-নায়কের সন্তোষ হয় না; তাই একদিন রূপানুগবর ঠাকুর ভক্তিবিনোদ বর্ত্তমান যুগের প্রথিতনামা কোন প্রাকৃত নাটক-লেখকের দ্বারা যখন তাঁর চৈতন্য-লীলা-নাটক শুন্‌বার জন্য বিশেষভাবে আমন্ত্রিত ও অনুরুদ্ধ হ'য়েছিলেন, তখন লোকশিক্ষক ভক্তিবিনোদ কেবলমাত্র নাটকের নাম-শ্রবণে বঞ্চিত হবার আদর্শ না দেখিয়ে প্রাকৃত কবির সেই নাটকের অভিনয়ে কোন প্রকার সহানুভূতি প্রকাশ করেন নি। কেবল নামমাত্র-সাম্যে অপ্রাকৃতত্ব স্থাপিত হয় না। সাহিত্য-সিদ্ধান্ত-সম্রাট্ স্বরূপ-গোস্বামী প্রভু একথা আমাদিগকে জানিয়েছেন,—

'যদ্বা-তদ্বা' কবির বাক্যে হয় 'রসাভাস'।
সিদ্ধান্তবিরুদ্ধ শুনিতে না হয় উল্লাস॥
'রস', 'রসাভাস' যার নাহিক বিচার।
ভক্তিসিদ্ধান্ত-সিন্ধু নাহি পায় পার॥
'ব্যাকরণ' নাহি জানে, না জানে 'অলঙ্কার'।
'নাটকালঙ্কার' জ্ঞান নাহিক যাহার॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৃষ্ণলীলা বর্ণিতে না জানে সেই ছার।
বিশেষে দুর্গম এই চৈতন্য-বিহার॥
কৃষ্ণলীলা, গৌরলীলা সে করে বর্ণন।
গৌর-পাদপদ্ম যাঁর হয় প্রাণধন॥

গৌড়ীয়-কাব্য

কৃষ্ণের যাবতীয় মহাগুণের উত্তরাধিকারী কৃষ্ণভক্তগণের মহাগুণ-বর্ণনে গৌড়ীয়-কবিরাজ গোস্বামী প্রভু 'কবিত্ব'রূপ একটী গুণের নির্দ্দেশ ক'রেছেন। কৃষ্ণভক্তগণ স্বতঃসিদ্ধ কবি; কেননা তাঁ'রা বাবদূক ব্রজনবযুবরাজের নিত্য-উপাসক। বাবদূকত্ব যে প্রকার কাব্য-নায়ক কৃষ্ণের নিত্য স্বভাব, কবিত্বও তদ্রূপ কৃষ্ণভক্তের একটী স্বতঃসিদ্ধ-ধর্ম্ম। শ্রীরূপ—গৌড়ীয়ের অপ্রাকৃত মহাকবিগুরু। প্রাকৃত কবি—প্রকৃতি-সম্বন্ধীয় বিশ্বরূপে লোলুপ, আর অপ্রাকৃত গৌড়ীয়-মহাকবিগণ প্রেমাঞ্জনচ্ছুরিত ভক্তিলোচনে সপ্রণয়-বিকৃতি নন্দনন্দনের রূপ-সেবার মূর্ত্তবিগ্রহ।

কবিকর্ণপূর ব'লেছেন,—"কবিবাঙ্‌নির্ম্মিতিঃ কাব্য-মিতি"। "সবীজো হি কবির্জ্ঞেয়ঃ স সর্ব্বাগমকোবিদঃ। সরসপ্রতিভাশালী যদি স্যাদুত্তমস্তদা"। যিনি—সবীজ, তিনিই—কবি। কবি—অলঙ্কারাদি বহু শাস্ত্রজ্ঞ, সরস ও প্রতিভাশালী। শ্রীগৌরগোপীজনবল্লভের সেবকগণে এই সবীজত্ব, অলঙ্কারাদি শাস্ত্র-নৈপুণ্য, সরসত্ব ও প্রতিভা চরমকাষ্ঠায় বর্ত্তমান। এ সকল কথা আমরা "গৌড়ীয়-গৌরব"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শীর্ষক অভিভাষণে দিগ্দর্শন ক'রেছি। প্রাক্তন-সংস্কার-বিশেষই—'বীজ', যা' কাব্যের রোহভূমি। যাঁরা অপ্রাকৃত সহজ, যাঁরা নিত্য-ভগবৎসেবায় অনুরাগবিশিষ্ট, তাঁরাই সহজ সবীজ—'সবীজ' শব্দের ইহাই বিদ্বদ্রূঢ়ি। অলঙ্কারাদি শাস্ত্র-নৈপুণ্য, সরসত্ব এবং নব নব উল্লেখশালিনী প্রজ্ঞা বা প্রতিভা তাঁ'দিগের মধ্যেই প্রচুর। শ্রীস্বরূপ-রূপে, রাম-রায়ে, যে সবীজত্ব, অলঙ্কার-নৈপুণ্য, সরসত্ব ও প্রতিভা আছে, তা'র উদাহরণ ত্রিজগতে দূরের কথা, ঐশ্বর্য্যধাম বৈকুণ্ঠে পর্য্যন্ত নেই। প্রাকৃত কবিগণ—সতৃণাভ্যবহারী। বামনাচার্য্য যে দুই প্রকার কবির কথা ব'লেছেন, তন্মধ্যে সতৃণাভ্যবহারী কবি তাঁ'রা—যাঁ'রা গবাদি পশুর মত তৃণের সঙ্গে অন্নাদি সকল বস্তুই মিশ্রিত ক'রে ভোজন করেন। অর্থাৎ প্রাকৃত কবিগণ প্রাকৃত ওঅপ্রাকৃত, মুড়ি ও মিছরি উভয়কে একাকার ক'রে ভোজনে রত হয়, আর অপ্রাকৃত কবিগণ ঐ প্রকার মিশ্র বা সদোষ সাধারণ কাব্যের আস্বাদক ন'ন, তাঁ'রা 'বিশুদ্ধ অরোচকী' অর্থাৎ অন্যাভিলাষ, জ্ঞান, কর্ম্ম, যোগাদি হ'তে সর্ব্বথা নির্ম্মুক্ত, অবিমিশ্র, কৃষ্ণেন্দ্রিয়তর্পণপর কাব্যেই তাঁ'দের স্বাভাবিক রুচি।

গৌড়ীয়-কবিগুরু কবিকর্ণপূর ব'লেছেন,—অপ্রাকৃত কবিগণ পরম সুলক্ষণসম্পন্ন কাব্য-পুরুষেরই আরাধনা করেন। শব্দার্থ—কাব্যের শরীর, ধ্বনি—প্রাণ, রস—আত্মা, মাধুর্য্যাদি—গুণ, উপমা প্রভৃতি—অলঙ্কার, রীতি—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অঙ্গসৌষ্ঠব। গৌড়ীয়কবিগণ ঔদার্য্য ও মাধুর্য্য-রসের মূর্ত্ত-নায়কের উপাসক ; তাঁ'দের কাব্য—সেই রসমূর্ত্তির আরতি। গৌড়ীয়ের যেরূপ শব্দার্থ-বৈচিত্র্য আছে, এরূপ শব্দার্থ-বৈচিত্র্য অন্য কোথায়ও নেই। এটা শুধু কথার কথা নয়, যে কেহ গৌড়ীয়ের শব্দ-বৈচিত্র্য-ভাণ্ডার আলোচনা ক'রে দেখ্‌তে পারেন। গৌড়ীয়ের যাবতীয় শব্দ—পরমাক্ষরাকৃতি শ্রীনাম বা তাঁর প্রকাশমূর্ত্তি। স্ফোটবাদের বিদ্বদ্রূঢ়িগত বিচার একমাত্র গৌড়ীয়-সাহিত্যেই আছে। গৌড়ীয়-সাহিত্যের শব্দার্থ সকলই—শব্দের বিদ্বদ্‌রূঢ়িবৃত্তিতে প্রতিষ্ঠিত। কবি-কর্ণপূর ব'লেছেন,—

স জয়তি যেন প্রভবতি দৃশি সুদৃশাং ব্যঞ্জনাবৃত্তিঃ।
অতিশয়িতপদপদার্থো ধ্বনিরিব মুরলীধ্বনির্মুরারাতেঃ॥

যেমন কাব্য-রাজ্যে পদপদার্থের 'অতিরিক্ত ধ্বনি' নামক বস্তুর সর্ব্বাপেক্ষা উৎকর্ষ দেখ্‌তে পাওয়া যায়, তেমনি যে ধ্বনির প্রভাবে সুদর্শনা ব্রজাঙ্গনাগণের নয়নে আনন্দাশ্রু প্রবাহিত হওয়ায় অঞ্জনরেখা-বিলোপ-জন্য ব্যঞ্জনা অর্থাৎ বিগতাঞ্জনা-বৃত্তি সঞ্জাত হ'য়ে থাকে, ব্রহ্মানন্দ-বৈকুণ্ঠাদি-পদ হ'তেও পরমোৎকর্ষশালী ধ্বনি অর্থাৎ যা' ব্রহ্মলোক এমন কি বৈকুণ্ঠেও নেই, সেই মুরলীধ্বনি জয়যুক্ত হউক্।

সুতরাং গৌড়ীয়-কাব্যে যে ধ্বনির উদাহরণ আছে, তা' আর অন্যত্র কোথায়ও নেই। ত্রিজগন্মানসাকর্ষি-মুরলীকলকূজিত কৃষ্ণই—গৌড়ীয়-কাব্যের অদ্বিতীয় নায়ক ;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাই গৌড়ীয়-কাব্য—নিত্য-প্রাণময়। গৌড়ীয়-কাব্য প্রতীক-মাত্র নয়, গৌড়ীয় কাব্যই—প্রাণ, চেতন,—কাব্য-পুরুষেরই দেহদেহী-ভেদ-রহিত শ্রীঅর্চ্চা।

যে রস কাব্যের আত্মা, সেই রসের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ অপ্রাকৃত মাধুর্য্য ও ঔদার্য্যরসই গৌড়ীয়-কাব্যের আত্মস্বরূপ। বৈদগ্ধ্যাদি-গুণ পরিপূর্ণভাবে একমাত্র গৌড়ীয়-কাব্যেই পরাকাষ্ঠাপদবী লাভ ক'রেছে। কাব্য-পুরুষের অলঙ্কার যে উপমা প্রভৃতি, তাহা গৌড়ীয়-কাব্যে যে প্রকার আছে, তা'র উপমা আর কোথায় পাওয়া যায়? প্রাকৃত কবিগণও তা'র প্রশংসা না ক'রে থাক্‌তে পারেন না। কাব্য-পুরুষের অঙ্গসৌষ্ঠবস্বরূপ 'বৈদর্ভী-পাঞ্চালী-গৌড়ী-লাটী' রীতিচতুষ্টয় গৌড়ীয়-কাব্যে প্রচুর। বাহুল্য-ভয়ে এখানে উদাহরণ প্রদর্শিত হ'তে না পার্‌লেও যাঁরা অপ্রাকৃত রূপানুগগণের আনুগত্যে গৌড়ীয়-কাব্যের কিছু আলোচনা ক'রেছেন, তাঁ'রাই এ কথার যাথার্থ্য উপলব্ধি কর্‌তে পার্‌বেন। গৌড়ীয়-কবিকুলশিরোমণি শ্রীরূপের কাব্য, শ্রীসনাতনের কাব্য, কবিকর্ণপূরের চৈতন্যচরিতমহাকাব্য, শ্রীল কবিরাজ-গোস্বামী প্রভুর "গোবিন্দলীলামৃত মহাকাব্য", শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের "কৃষ্ণভাবনামৃত মহাকাব্য" প্রভৃতি—গৌড়ীয়-কাব্যের বিজয়স্তম্ভ। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের "প্রেমসম্পুট" প্রভৃতি খণ্ডকাব্যও—অপ্রাকৃত রাজ্যের মহামরকত-খণ্ডস্বরূপ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আমরা পূর্ব্বে দৃশ্য ও শ্রব্য-কাব্যের মধ্যে দৃশ্য-কাব্য গৌড়ীয়-নাটকাদির কথা কিছু আলোচনা ক'রেছি। শ্রব্য-কাব্যের মধ্যে পদ্য ও গদ্য দু'প্রকার ভেদ আছে। সেই পদ্য-কাব্যেরই আবার মহাকাব্য ও খণ্ডকাব্যরূপ দুই প্রকার ভেদ। এই উভয়প্রকার কাব্যই গৌড়ীয়-সাহিত্যে সর্ব্বোৎকর্ষে বিরাজিত র'য়েছে। গদ্য-কাব্যের ভিতরে যে 'কথা' ও 'আখ্যায়িকা'রূপ দু'রকম বিশেষ আছে, তা'ও গৌড়ীয়-কাব্যে প্রচুর। বর্ত্তমানযুগের শুদ্ধভক্তিপ্রচারের মূলপুরুষ ঠাকুর ভক্তিবিনোদ এবং ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ গৌড়ীয়-গদ্য-কাব্যের ভাণ্ডার পূর্ণ ক'রেছেন। দেবভাষায় যে সকল গৌড়ীয়-কাব্য রচিত আছে, তা'তে গদ্য-কাব্য থাক্‌লেও গৌড়ীয়গণের বাংলা-সাহিত্যে গদ্য-কাব্য রচনা কর্‌বার জন্য কাব্যকুলগুরু শ্রীরূপ-পাদের অভিন্নকলেবর শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরকেই গৌরসুন্দর গৌড়মণ্ডলে প্রেরণ ক'রেছিলেন। ঠাকুরের রচিত 'প্রেমপ্রদীপ', 'জৈবধর্ম্ম' প্রভৃতি গদ্য-গ্রন্থ একাধারে কথা, আখ্যায়িকা, উপন্যাস, নবন্যাস বা সর্ব্বগৌড়ীয়-সিদ্ধান্ত-সমন্বিত গৌড়ীয়-গদ্য-কাব্য বলা যেতে পারে। তারপর চম্পূ, বিরুদ প্রভৃতি কাব্যও গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে সর্ব্বোচ্চ পদবী লাভ ক'রেছে। শ্রীল জীব গোস্বামিপাদের 'গোপালচম্পূ', শ্রীল কবিকর্ণপূরের 'আনন্দবৃন্দাবনচম্পূ' প্রভৃতি, শ্রীল রূপপাদের গোবিন্দবিরুদাবলী, শ্রীল চক্রবর্ত্তী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঠাকুরের নিকুঞ্জবিরুদাবলী প্রভৃতি চম্পূ ও বিরুদ-কাব্য ত্রিজগতে অতুলনীয়।

গৌড়ীয়-চরিত বা কড়চা-সাহিত্য

গৌড়ীয়-চরিত-সাহিত্যের মধ্যে আমরা মহাপ্রভুর চরিত্র-বিষয়ক যে সকল গ্রন্থ দেখ্‌তে পাই, তা'তে 'কড়চা' নামক সংক্ষিপ্ত বিবরণের বিশেষ নিদর্শন আছে। কেউ কেউ ব'লে থাকেন,—'করচালন', শব্দটী সংক্ষেপ ক'রেই 'কড়চা'-শব্দের প্রচলন হ'য়েছে। মহাপ্রভুর নবদ্বীপ-লীলার সঙ্গী মুরারিগুপ্তের কড়চা এবং মহাপ্রভুর নীলাচল-লীলার সঙ্গী শ্রীস্বরূপ দামোদর ও তদনুগ শ্রীল রঘুনাথ প্রভুদ্বয়ের কড়চাই প্রসিদ্ধ ও প্রামাণিক। মুরারি গুপ্তের কড়চা মহাপ্রভুর নবদ্বীপ-লীলার অনেক উপকরণ গৌড়ীয়-চরিত-লেখকগণকে প্রদান ক'রেছে। 'চৈতন্যচরিত-মহাকাব্য' প্রভৃতি সংস্কৃত গৌড়ীয়-চরিত-সাহিত্যগ্রন্থ এবং শ্রীলোচন দাসের শ্রীচৈতন্য-মঙ্গলাদি বঙ্গভাষায় রচিত গৌড়ীয়-চরিত সাহিত্য এই মুরারি গুপ্তের কড়চা-অবলম্বনেই লিখিত। চৈতন্যচরিত-মহাকাব্যকার বল্‌ছেন,—

"আশৈশবং প্রভুচরিত্রবিলাসবিজ্ঞৈঃ
কেচিন্মুরারিরিতি মঙ্গলনামধেয়ৈঃ।
যদযদ্বিলাসললিতং সমলেখি তজ্জ্ঞৈ-
স্তত্তদ্বিলোক্য বিলিলেখ শিশুঃ স এষঃ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যিনি আশৈশব মহাপ্রভুর চরিত্র ও বিলাস-বিষয়ে সুবিজ্ঞ, সেই তত্ত্বজ্ঞ 'মুরারি'—এই মঙ্গলনামা কোন এক মহাত্মা যে যে বিলাস-লালিত্য সম্যগ্রূপে লিখেছেন, আমি শিশু তাই দেখেই এই মহাকাব্য রচনা ক'রেছি।

শ্রীল স্বরূপ দামোদরের কড়চা মহাপ্রভুর অন্ত্যলীলা-বর্ণনে শ্রীচৈতন্যচরিতামৃতকার শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুকে অনেক উপকরণ প্রদান ক'রেছে। শ্রীল স্বরূপ গোস্বামী প্রভু মহাপ্রভুর অন্ত্যলীলা কড়চা-সূত্রাকারে শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভুর কণ্ঠে রেখেছিলেন। এতদ্ব্যতীত শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু নিজেও কড়চা ক'রেছিলেন। সেই উভয় কড়চাই শ্রৌত-পারম্পর্য্যে কবিরাজ গোস্বামী লাভ করেন। শ্রীল স্বরূপ গোস্বামী ও শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুদ্বয়ের কড়চা পৃথক্ পুস্তকাকারে লিখিত হ'ন নাই, কেবল শিষ্য-পারম্পর্য্যে শ্রুতি ও কণ্ঠে সংরক্ষিত ছিলেন। শ্রীচৈতন্যচরিতামৃত শ্রীস্বরূপের রঘুনাথের কড়চারই নিষ্কর্ষ। আজকাল যাঁ'রা স্বরূপ-দামোদরের কড়চার দোহাই দিয়ে অনেক প্রাকৃত-সহজিয়া-মত কল্পনা করেন, তাঁ'দের অভিসন্ধি ও উক্তি অবৈধ। কবিরাজ গোস্বামী প্রভু বলেছেন,—

"স্বরূপ-গোসাঞি আর রঘুনাথ দাস।
এই দুই'র কড়চাতে এ লীলা প্রকাশ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই কালে এ দুই রহেন প্রভুর পাশে।
আর সব কড়চাকর্ত্তা রহেন দূর-দেশে॥
ক্ষণে-ক্ষণে অনুভবি' এই দুই জন।
সঙ্ক্ষেপে বাহুল্যে করেন কড়চা গ্রন্থন॥
স্বরূপ—'সূত্রকর্ত্তা', রঘুনাথ—'বৃত্তিকার'।
তাঁর বাহুল্য বর্ণি পাঁজী-টীকা ব্যবহার॥"

(চৈতন্যচরিতামৃতে অন্ত্য ১৪শ অঃ)

আবার অন্যত্র ব'লেছেন,—

চৈতন্য-লীলা-রত্নসার স্বরূপের ভাণ্ডার
তেঁহো থুইলা রঘুনাথের কণ্ঠে।
তাহাঁ কিছু যে শুনিলুঁ, ইহাঁ তাহা বিস্তারিলুঁ,
ভক্তগণে দিলাঙ এই ভেটে॥

আধুনিক বিভিন্ন কল্পিত কড়চা-গুলির প্রামাণিকত্ব নেই, তবে 'কড়চা' নামে প্রচলিত কোন কোন পুস্তকের যতটুকু পূর্ব্ববর্ত্তী মহাজনগণের লিপি রক্ষা ক'রেছে, তা' হ'তে ততটুকু ভৌগোলিক-সংস্থানাদির প্রামাণ্য গৃহীত হ'তে পারে; কিন্তু সিদ্ধান্তবিরোধস্থলে প্রাচীন মহাজনগণের লেখনীতে যে অবৈধ করচালন হ'য়েছে, তদ্বিষয়ে আর কোন সন্দেহ নেই।

দাক্ষিণাত্য-কাবেরীতট-নিবাসী শ্রীব্যেঙ্কটেশ-তনয় কোন স্থানে ক্রমানুসারে, কোন স্থানে ক্রমভঙ্গে বা বিচ্ছিন্নভাবে কড়চারই মত যে-সকল সিদ্ধান্ত লিখে' গিয়েছিলেন, শ্রীল

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জীব গোস্বামী প্রভু সে-সকল উপকরণ নিয়েই 'ষট্সন্দর্ভ' রচনা ক'রেছেন ব'লে জানিয়েছেন,—

তস্যাদ্যং গ্রন্থমালেখং ক্রান্ত-ব্যুৎক্রান্ত-খণ্ডিতম্।
পর্য্যালোচ্যাথ পর্য্যায়ং কৃত্বা লিখতি জীবকঃ॥

দেবভাষায় লিখিত মুরারি গুপ্তের 'কড়চা', 'চৈতন্য-চন্দ্রোদয়'নাটক, 'চৈতন্য-চরিত' মহাকাব্য, উৎকল-কবি শ্রীগোবিন্দদেবের 'গৌর-কৃষ্ণোদয়' প্রভৃতি মহাপ্রভুর চরিত-গ্রন্থের মধ্যে বিশেষ প্রামাণিক। এতদ্ব্যতীত শ্রীরূপের কৃষ্ণ-গণোদ্দেশ, শ্রীকবিকর্ণপূরের গৌরগণোদ্দেশদীপিকা প্রভৃতিও গৌড়ীয়-চরিত-সাহিত্যের মূল্যবান্ উপকরণ।

শ্রীচৈতন্য-ভাগবত

বঙ্গভাষার চরিত-সাহিত্যের মধ্যে গৌড়ের নৈমিষের ব্যাস নারায়ণী-নন্দন ঠাকুর বৃন্দাবনের 'শ্রীচৈতন্যভাগবত' মহা-গ্রন্থটী গৌড়ীয়-সাহিত্য-সাম্রাজ্য-সিংহাসনের মহা-কোহিনুর। শ্রীচৈতন্য-ভাগবতের লিখন-প্রণালী অতীব প্রাঞ্জল ও অত্যন্ত হৃদয়গ্রাহিণী। ঠাকুর বৃন্দাবনের প্রাণময়ী ভাষার স্বচ্ছন্দ-গতি তাঁহার নিত্যানন্দ-সেবা-স্রোতের ন্যায়ই সরল ও মধুর। শ্রীনবদ্বীপের তদানীন্তন সামাজিক অবস্থা-বর্ণনে, শ্রীনবদ্বীপের বৈভব-বর্ণনে, ভোগিপাল, যোগিপাল ও মহীপাল প্রভৃতির গীতাদির সাহিত্যিক-স্থান-নির্দ্দেশে তাৎকালিক ব্রাহ্মণগণের কালে-ভদ্রে 'পুণ্ডরীকাক্ষ' প্রভৃতি নামগ্রহণ-বর্ণনে, শ্রীগৌর-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুন্দরের ঐশ্বর্য্য ও মহিমা প্রভৃতির প্রকাশে, নগরসঙ্কীর্ত্তন-শোভাযাত্রা, কাজীদমন-লীলা, জগাইমাধাইর উদ্ধার-লীলা, চন্দ্রশেখর-ভবনে নাটকাভিনয়-লীলা, শ্রীহরিদাস ঠাকুরের বাইশবাজারে প্রহার-লীলা প্রভৃতি বহুবিধ চিত্রের অঙ্কনে ঠাকুর মহাশয় যেরূপ কৃতিত্ব প্রদর্শন ক'রেছেন, তা'তে সাহিত্যের সৌন্দর্য্য-সেবিগণ সাহিত্য-মন্দিরে ব'সেও অলৌকিক প্রীতি লাভ কর্‌তে পার্‌বেন—মায়িক ভোগবৃত্তি অতিক্রম ক'রে বৈকুণ্ঠের সাহিত্যগত বৈচিত্র্য লক্ষ্য কর্‌বার সুযোগ পাবেন। গৌড়ীয়-সাহিত্যিকের প্রাণ "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ"—শ্রৌত বাণীর অগ্নিময়-মন্ত্রে কিরূপ দীক্ষিত, তা' নিত্যানন্দ-কিঙ্কর গৌড়ীয়-সাহিত্যিক-গুরু ঠাকুর বৃন্দাবনের—"এত পরিহারেও যেই পাপী নিন্দা করে। তবে লাথি মারোঁ তার শিরের উপরে ॥" "সংসারের পার হই' ভক্তির সাগরে। যে ডুবিবে, সে ভজুক নিতাইচাঁদেরে ॥"—প্রভৃতি জগদ্‌গুরু-সেবা-প্রাণময়ী দীপ্তিমতী বাণীর প্রভায় ফুটে র'য়েছে।

প্রাকৃত সাহিত্যিকের অনধিকার-চর্চ্চা

সদ্‌গুরুসেবা-রহিত আধুনিক কোন কোন প্রাকৃত সাহিত্যিক "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ" শ্রুতিমাতার মঙ্গলোপদেশটী অত্যন্ত ভোগবুদ্ধিমূলে বুঝ্‌তে অসমর্থ হ'য়ে ঐরূপ অপ্রাকৃত-সাহিত্যিক-গুরু ব্যাসাবতারের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রতি অবৈধ অনধিকারচর্চ্চা কর্‌তে ত্রুটী করেন নি। ঐরূপ প্রাকৃত সাহিত্যিক অপ্রাকৃত সাহিত্যিকগুরুকে আসামী সাব্যস্ত ক'রে ব্যাসের উপর কলম ধ'রে 'রায়' প্রকাশ কর্‌তে ব'সেছেন! বল্‌ছেন,—"বৃন্দাবনদাস অবৈষ্ণব-সমাজকে লক্ষ্য করিয়া যে কটূক্তি করিয়াছেন, তজ্জন্য সমালোচকগণ একবাক্যে তাঁহাকে দোষী সাব্যস্ত করিয়াছেন। তিনি রাগের বশে অসংযতবাগ্ দুর্দ্দান্ত একটী শিশুর ন্যায় অকৃত্রিম ইতরভাষা প্রয়োগ করিয়াছেন।"

প্রাকৃত সাহিত্যিকের অপ্রাকৃতের উপর এরূপ রায়-প্রকাশের কতটা যোগ্যতা আছে,—তিনি কতটা অপ্রাকৃত-গণের সেবা-প্রাণতা বুঝ্‌তে পারেন—কতটা কৃষ্ণ ও মায়া, সাধু ও গ্রাম্য, সভ্যতা ও অসভ্যতার পার্থক্য বুঝ্‌তে পেরেছেন, সেটা বিবেচ্য। তবে আমাদের স্বভাব এই যে, আমরা প্রাকৃতের হোম্‌রা-চোম্‌রা-কেই 'সবজান্তা' সমালোচক ও সর্ব্ববিষয়ে যোগ্য ব'লে ধ'রে নেই। ঠাকুর বৃন্দাবন অসংযতবাগ্ দুর্দ্দান্ত শিশুর ন্যায় ইতরভাষা প্রয়োগ ক'রেছেন, আর আমরা ইতর বিষয়ে অভিনিবিষ্ট থেকে আমাদের অশ্লীল আচরণগুলিকে তথা-কথিত সভ্যতার সোণার পাতে ও কপটতাপূর্ণ ভাষার আবরণে আচ্ছাদিত রেখে লোকবঞ্চনা কর্‌তে জানি ব'লে আমরা খুবই নিরপেক্ষ যোগ্য সমালোচক, এ কথা কিন্তু সুধী-সমাজ স্বীকার কর্‌তে প্রস্তুত হবেন না। পরম-প্রৌঢ় কবিরাজ গোস্বামী প্রভু

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই ঠাকুর-বৃন্দাবনেরই কথা সমগ্র-বিশ্বের নিকট ঘোষণা ক'রে বল্‌ছেন,—

"ওরে মূঢ় লোক, শুন চৈতন্যমঙ্গল।
চৈতন্য-মহিমা যা'তে জানিবে সকল॥
কৃষ্ণলীলা ভাগবতে কহে বেদব্যাস।
চৈতন্য-লীলার ব্যাস বৃন্দাবনদাস॥
চৈতন্যমঙ্গল শুনে যদি পাষণ্ডী যবন।
সেহ মহা-বৈষ্ণব হয় ততক্ষণ॥
মনুষ্য রচিতে নারে,—ঐছে গ্রন্থ ধন্য।
বৃন্দাবনদাস-মুখে বক্তা শ্রীচৈতন্য॥
চৈতন্য-লীলামৃতসিন্ধু— দুগ্ধাব্ধি-সমান।
তৃষ্ণারূপ ঝারি ভরি' তেঁহ কৈলা পান।
তাঁর ঝারির শেষামৃত কিছু মোরে দিলা।
তবেত' ভরিল পেট, তৃষ্ণা মোর গেলা॥

শ্রীচৈতন্য-ভাগবত-সাহিত্যে সমাজের সম্যক্ হিত-সাধন

যেমন শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস মহাভারত ও ভাগবতাদি শাস্ত্র রচনা ক'রে বিশ্ববাসী জীবকে হরিভক্তির কথা জানিয়েছেন, আমাদের বাংলার বেদব্যাস ঠাকুর বৃন্দাবনও তেমনি বঙ্গবাসী আপামর সকলকে সহজ, সরল, স্বচ্ছন্দ বাংলা-ছন্দে সকলবিশ্বের ঠাকুর মহাপ্রভুর লীলা-কথা জানিয়ে-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ছেন। দ্বাপরযুগে ভগবান্ বেদব্যাস শ্রীকৃষ্ণদ্বৈপায়নরূপে যে করুণার পরিচয় দিয়েছিলেন, তা' হ'তেও অনেক বেশী দয়ার পরিচয় দিয়েছেন আমাদের এই বাংলায় অবতীর্ণ ব্যাস-বৃন্দাবন। এবারকার দয়া—নিষ্কপট দয়া। মহাভারতাদি সাহিত্যে যা' গোপন ক'রে বলা হ'য়েছিল, শ্রীচৈতন্যভাগবত-সাহিত্যে সে-সব অমায়ায় ও সুস্পষ্টভাবে ব্যক্ত হ'য়েছে। শ্রীকৃষ্ণদ্বৈপায়ন গ্রাম্যকথা অর্থাৎ মূষিক-বিড়াল-গৃধ্র-গোমায়ু প্রভৃতি ইতর প্রাণীর দৃষ্টান্তযুক্ত ব্যবহারিক কথা দিয়ে প্রাকৃত লোকের চিত্ত হরিকথায় আকৃষ্ট কর্‌বার চেষ্টা ক'রেছেন, কিন্তু এবার এ ভীষণ কলিযুগে—এই জড়তার যুগে আমাদের গৌড়ের নৈমিষের বেদব্যাস বৃন্দাবন শ্রীচৈতন্যের পরম-মধুর-লীলাময়ী কথার ভিতর দিয়ে বাংলার দ্বারে-দ্বারে শ্রীচৈতন্য-কৃপা-বিজলি সঞ্চার ক'রেছেন। অধিক কি, আমাদের এই আদি প্রাচীন সাহিত্যিক ঠাকুরটী এত অহৈতুক-করুণাময় যে, পতিতপাবন নিত্যানন্দপ্রভুর ভৃত্যসূত্রে নিত্যানন্দ-নিন্দক-গণকে পর্য্যন্ত তাঁ'দের শিরে পদাঘাত ক'রে কৃপা কর্‌তে উদ্যত হ'য়েছেন। সর্ব্বপ্রথমে ঠাকুর বৃন্দাবনই বাঙ্গালীর ভাষায় গৌড়ীয়-সাহিত্য-নায়ক শ্রীচৈতন্য-নিত্যানন্দের অদ্ভুত চরিত বাঙ্গালীকে জানিয়েছেন। চণ্ডীদাস, বিদ্যাপতি প্রভৃতি বৈষ্ণব মহাজনগণের পদাবলী বা গুণরাজ-খাঁর শ্রীকৃষ্ণবিজয় প্রভৃতি গ্রন্থে ভক্তিকথা কীর্ত্তিত হ'লেও গৌড়-গৌরব বিশ্বম্ভরের কথা এত স্পষ্ট ও বিশদভাবে বর্ণিত হয় নাই,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আর সে-সকল পদাবলী ও অনুবাদ-সাহিত্য আসল বাংলা-ভাষায় রচিতও বলা যায় না। আমাদের ঠাকুর বৃন্দাবনই সর্ব্বপ্রথমে বাংলা ভাষায় এই মহাগ্রন্থ লিখে এই জড় সর্ব্বৈস্বকবাদের যুগে সমগ্রবিশ্বে এক চৈতন্য-স্বরাজ-সাম্রাজ্য স্থাপনের আশাবাণী ঘোষণা ক'রেছেন,—

পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম।
সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম॥

আমাদের এই গৌড়ের সাহিত্যিক-গুরুই অগৌড়ীয়-সাহিত্যিক ও গৌড়ীয়-ব্রুব সাহিত্যিকগণের চিন্তা-জগতে যুগান্তর এ'নে ভগবান্ হ'তেও ভক্তের অধিকতর পূজা-গৌরব ঘোষণা ক'রেছেন,—

"আমার ভক্তের পূজা আমা হৈতে বড়।"

প্রাকৃত সাহিত্যিকগণও তাঁ'দের আংশিক-দর্শনে স্বীকার করতে বাধ্য হ'য়েছেন—"চৈতন্যভাগবতকে বঙ্গভাষার একখানা শ্রেষ্ঠ ঐতিহাসিকগ্রন্থ বলিয়া মনে করি। বঙ্গদেশে যে কোন বিষয় লইয়া প্রাচীন ইতিহাস রচনার প্রয়োজন হইবে, চৈতন্যভাগবত হইতে ন্যূনাধিক পরিমাণে তজ্জন্য উপকরণ সংগ্রহ করা আবশ্যক হইবে। বৈষ্ণব-বিদ্বেষী সমাজ-সম্বন্ধেও চৈতন্যভাগবতে যে-সব কথা উল্লিখিত আছে, তাহা কুড়াইয়া লইলে বঙ্গদেশের সামাজিক, রাজনৈতিক ও লৌকিক ইতিহাসের এক একখানা মূল্যবান্ পৃষ্ঠা সংগৃহীত হইবে।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীচৈতন্যমঙ্গল

গৌড়ীয়-চরিত-সাহিত্যে শ্রীলোচন দাসের 'শ্রীচৈতন্য-মঙ্গল' নামক পাঁচালি গ্রন্থটীও বিশেষ উল্লেখযোগ্য। শ্রীলোচন দাস তাঁর 'শ্রীচৈতন্যমঙ্গল' মুরারি গুপ্তের কড়চার আদর্শে রচিত হ'য়েছে ব'লে গ্রন্থের প্রারম্ভে স্বীকার ক'রেছেন। শ্রীখণ্ডনিবাসী শ্রীগৌর-পার্ষদ শ্রীনরহরি সরকার ঠাকুরের শিষ্য শ্রীল লোচন দাসের চৈতন্যমঙ্গল পঞ্চদশ শক-শতাব্দীর শেষভাগে বর্দ্ধমান-জেলার অন্তর্গত কোগ্রামে গৌরগুণ ও গৌরচরিত বর্ণনমুখে গানোপযোগী পাঁচালি গ্রন্থরূপে রচিত হ'য়েছিল। শ্রীল লোচন দাসের শ্রীচৈতন্যমঙ্গল নামক পাঁচালি গ্রন্থের অনুকরণ ক'রেই মনে হয় এককালে বঙ্গীয় সমাজে যাত্রার দল প্রভৃতির বিশেষ প্রচার হ'য়েছিল।

বর্ত্তমানে কোন কোন প্রাকৃত-সাহিত্যিক সম্প্রদায় গৌড়ীয় সাহিত্যিক সমাজে সম্পূর্ণ অজ্ঞাত-কুলশীল একজন কল্পিত জয়ানন্দের নামে 'চৈতন্যমঙ্গল'শীর্ষক একটী কৃত্রিম প্রাচীনকল্প পয়ারী ভাষায় লিখিত পুঁথি প্রচার কর্‌তে বিশেষ ব্যস্ত আছেন এবং সেই কল্পিত জয়ানন্দের হস্তাক্ষর প্রভৃতিও অবৈধভাবে প্রদর্শন ক'রে উক্ত কল্পিত চৈতন্য-মঙ্গলের প্রামাণিকতা স্থাপন কর্‌তে প্রয়াস কর্‌ছেন। শুধু তাই নয়, কোন কোন সাহিত্যিক আবার সেই কল্পিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয়ানন্দের চৈতন্যমঙ্গলকে শ্রীচৈতন্যচরিতামৃতের পূর্ব্বের পুঁথি ব'লে স্থাপন কর্‌বার চেষ্টা ক'রেছেন। যদি কল্পিত জয়ানন্দের অস্তিত্ব শ্রীচৈতন্যচরিতামৃত-রচনার পূর্ব্বেই থাকৃত বা সেই কল্পিত ব্যক্তি মহাপ্রভুর পার্ষদগণের মধ্যে কেউ হ'তেন, তা' হ'লে তাঁর নাম নিশ্চয়ই চৈতন্যচরিতামৃতে ও চৈতন্যভাগবতে থাকৃত, কিম্বা যেমন দাক্ষিণাত্যের কাম্যবন-নিবাসী শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের কথা চরিতামৃতে স্পষ্ট না থাকৃলেও ভক্তিরত্নাকরাদি পরবর্ত্তি-কালের চরিতগ্রন্থে সুস্পষ্টভাবে র'য়েছে। তেমনি ঐ সকল গ্রন্থেও জয়ানন্দের কথা থাকৃতে পার্‌তো।

শ্রীচৈতন্যভাগবতের নাম 'চৈতন্যমঙ্গল' ছিল। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচরিতামৃতে ঠাকুর-বৃন্দাবনের শ্রীচৈতন্যভাগবতকে 'চৈতন্যমঙ্গল' নামেই উল্লেখ ক'রেছেন। কিংবদন্তী এই যে, লোচনদাস 'চৈতন্যমঙ্গল' নামে মহা-প্রভুর চরিত্রসম্বন্ধী অপর একটী গ্রন্থ রচনা কর্‌বার পর শ্রীনারায়ণীদেবীর ইচ্ছায় ঠাকুর বৃন্দাবন তাঁ'র গ্রন্থের নাম 'চৈতন্যভাগবত' প্রদান করেন। শ্রীল ঠাকুর বৃন্দাবনের চৈতন্যভাগবতের নাম শ্রীল লোচনদাসের চৈতন্যমঙ্গলে উল্লিখিত আছে, আবার ঠাকুর বৃন্দাবনের চৈতন্যমঙ্গলের কথা কবিরাজ গোস্বামী প্রভুর গ্রন্থে উল্লিখিত আছে। কিন্তু কল্পিত জয়ানন্দের পুঁথির কথা কোন প্রামাণিক গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যিকের গ্রন্থে নেই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অপ্রামাণিক সাহিত্য

গৌড়ীয় চরিত-সাহিত্যের নাম ক'রে এরূপ অনেকগুলি সিদ্ধান্তবিরোধপূর্ণ এবং ঐতিহাসিক ও ভৌগোলিক সংস্থান-বিপর্য্যয়কারী কল্পিত পুঁথি অভিসন্ধিযুক্ত মতবাদিগণের দ্বারা কিছুদিন পূর্ব্বে রচিত হ'য়েছে। সে সকল সাহিত্যের প্রামাণিকতা প্রামাণিক গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যিকগণ আদৌ স্বীকার করেন নি। সংস্কৃত অদ্বৈত-চরিতাদি গ্রন্থ—শ্রীঅদ্বৈতাচার্য্য প্রভুর চরিত্র-বর্ণনার নাম ক'রে ঈশান নাগরের অদ্বৈতপ্রকাশ, হরিচরণ দাসের অদ্বৈতমঙ্গল, নরহরিদাসের অদ্বৈতবিলাস প্রভৃতি যে-সকল পুঁথি দেখ্‌তে পাওয়া যায়, তাদের প্রামাণিকতা কত দূর, সে-বিষয় সুধী-সাহিত্যিক-সমাজের বিবেচ্য। তারপর নিত্যানন্দবংশমালা প্রভৃতি আধুনিক পুঁথিও ঠাকুর বৃন্দাবনের নামে প্রচলিত কর্‌বার অবৈধ চেষ্টা হ'য়েছে, তা'তে যে কোন নিরপেক্ষ সাহিত্যিক ঐরূপ চেষ্টাকে কোন মতেই সমর্থন কর্‌তে পারেন না।

শ্রীরসিকমঙ্গল

শ্রীল জীব গোস্বামী প্রভুপাদের শিষ্যবর শ্যামানন্দ প্রভুর শিষ্য শ্রীরসিকানন্দ মুরারি প্রভুর অনুগ গোপীজন-বল্লভদাস রসিকমঙ্গল-নামে একটী চরিত-গ্রন্থ প্রণয়ন ক'রেছেন। শ্যামানন্দপ্রভুর সংক্ষেপ চরিত্র, রসিক মুরারির

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিস্তৃত চরিত্র এবং তৎপ্রসঙ্গে শ্রীরসিকানন্দ প্রভুর শিষ্যগণের পরিচয় এই গ্রন্থে প্রদত্ত হ'য়েছে। এই গ্রন্থ পাঠে শ্রীরসিকানন্দ প্রভুর আচার-প্রচার-প্রণালীর বিষয় অনেকটা জানা যায়। এই গ্রন্থের পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম ও উত্তর—এই চারিটী বিভাগ। প্রত্যেক বিভাগ ষোলটী লহরীতে বিভক্ত।

শ্রীভক্তি-রত্নাকর

পরবর্ত্তী গৌড়ীয়-চরিত-সাহিত্যের মধ্যে শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের শিষ্য শ্রীজগন্নাথের পুত্র শ্রীল নরহরিদাস চক্রবর্ত্তীর (নামান্তর 'রস্থয়া নরহরি' বা ঘনশ্যামদাসের) 'ভক্তি-রত্নাকর' ও 'নরোত্তম বিলাস', যদুনন্দনদাসের 'কর্ণানন্দ', নিত্যানন্দদাসের 'প্রেমবিলাস' প্রভৃতি দেখ্‌তে পাওয়া যায়। শ্রীমন্মহাপ্রভুর প্রকটকালে যে সমস্ত ভক্ত আবির্ভূত হ'য়েছিলেন, তাঁদের বিবরণ শ্রীচৈতন্যভাগবতে, শ্রীচৈতন্য-চরিতামৃতে ও শ্রীচৈতন্যমঙ্গলে অনেকটা পাওয়া যায়; কিন্তু সকল ভক্তের বিস্তৃত বিবরণ উক্ত তিন গ্রন্থে নেই। শ্রীচৈতন্যদেবের অপ্রকটের পর শ্রীনিবাস আচার্য্য, শ্রীল নরোত্তম ঠাকুর ও শ্রীশ্যামানন্দ প্রভু প্রভৃতি যে সকল বৈষ্ণবাচার্য্য আবির্ভূত হ'য়েছেন, তাঁ'দের বিস্তৃত বিবরণ এবং শ্রীমন্মহাপ্রভুর প্রকটকালীয় যে সমস্ত ভক্তের বিবরণ অবশিষ্ট ছিল, তা' ভক্তিরত্নাকরে বর্ণিত হ'য়েছে। এই গ্রন্থখানা ১৫শ তরঙ্গে বিভক্ত এবং গ্রন্থানুবাদ-নামক একটী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিশিষ্ট-সংযুক্ত। গ্রন্থকার—শ্রীনিবাসপ্রভুর শাখার শিষ্য। এই রত্নাকরে অনেক নূতন রত্ন পাওয়া যায়। শ্রীনবদ্বীপের ভৌগোলিক সংস্থান, বিশেষতঃ গৌরজন্মস্থলী শ্রীধাম-মায়াপুরের কথা এবং শ্রীনবদ্বীপধাম-পরিক্রমার কথা এই গ্রন্থে বিশেষভাবে র'য়েছে। শ্রীগৌর-নিত্যানন্দ-অদ্বৈতাচার্য্য,শ্রীরূপ-শ্রীসনাতন ও শ্রীজীব প্রভৃতির চরিত্র এবং গোস্বামিগণের গ্রন্থাদির নাম, শ্রীল গোপাল ভট্ট গোস্বামী প্রভুর পিতৃব্য শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপাদের কথা, বৃন্দাবনের দ্বাদশ বনের বর্ণনা, বনবিষ্ণুপুরে বীরহাম্বির রাজার গ্রন্থাপহরণ বৃত্তান্ত, খেতুরীর সুপ্রসিদ্ধ মহোৎসব ও বিগ্রহ-স্থাপন প্রভৃতির বর্ণনা, শ্রীল নরোত্তম ঠাকুরের পাদপদ্মাশ্রিত শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্ত্তী, রামকৃষ্ণ ভট্টাচার্য্য প্রভৃতির আচার-প্রচার-প্রণালী প্রভৃতি বহু বিষয় এ রত্নাকর হ'তে আহরণ করা যায়। শ্রীনরহরি চক্রবর্ত্তী ঠাকুরের 'নরোত্তমবিলাস' নামক পুস্তকে ১২ বিলাসে শ্রীল নরোত্তমঠাকুরের চরিত্র বর্ণিত হ'য়েছে। তবে পরবর্ত্তিকালে যে প্রকার হ'য়ে থাকে, এ সকল গ্রন্থের মধ্যে নানা মতবাদিগণ তাঁ'দের মতবাদ কিছু কিছু প্রবেশ করাবার চেষ্টা যে না ক'রেছেন, তা' নয়।

অপরাপর গ্রন্থ

যদুনন্দনদাসের 'কর্ণানন্দে' শ্রীনিবাস আচার্য্য ও তাঁর আত্মজা শ্রীহেমলতা ঠাকুরাণী এবং আচার্য্য প্রভুর শিষ্যবর্গের কথা বর্ণিত হ'য়েছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিত্যানন্দদাসের যে 'প্রেমবিলাস' ২০ অধ্যায়ে সমাপ্ত দেখ্‌তে পাওয়া যায়, তা'তেও অনেক মতবাদ ও কল্পনা প্রবিষ্ট হ'য়েছে। প্রেমবিলাসে শ্রীনিবাস আচার্য্য ও শ্রীল শ্যামানন্দ প্রভুর কথাই প্রধানরূপে বর্ণিত আছে। শ্রীল লোচন দাসের চৈতন্যমঙ্গলেও যে অভিসন্ধিযুক্ত বহু মতবাদ পরবর্ত্তিকালে প্রবিষ্ট হ'য়েছে, তা'ও বেশ বুঝ্‌তে পারা যায়। কেবল বাংলা চরিত-সাহিত্যের মধ্যে শ্রীচৈতন্য-ভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃতকে এবং কবিকর্ণপূরের সংস্কৃত শ্রীচৈতন্যচন্দ্রোদয় ও শ্রীচৈতন্যচরিত মহা-কাব্যকে এখন পর্য্যন্ত মতবাদিগণ দূষিত কর্‌বার চেষ্টা ক'রেও বিশেষ কিছু ক'রে উঠ্‌তে পারেন নি।

ভক্তমাল

আর একখানা চরিতগ্রন্থ সাধারণ বৈষ্ণব-সমাজে— বৈষ্ণব-সমাজেই বা বলি কেন, সাধারণ সাহিত্যক-সমাজেও আদরের সহিত গৃহীত হচ্ছে। কেননা, তা'তে সাধারণের মতের অনুকূল সিদ্ধান্ত ও ভাব দেখ্‌তে পাওয়া যায়। সেই গ্রন্থখানার নাম হচ্ছে—ভক্তমাল। যদিও এই গ্রন্থখানা অনুবাদ-সাহিত্যেরই প্রকারবিশেষ, তথাপি এ'কে ঠিক অনুবাদ-সাহিত্যও বলা যায় না; কেননা, এই গ্রন্থখানা রামানন্দিসম্প্রদায়ের হিন্দুস্থানী কবি নাভাদাসের হিন্দিভক্ত-মালের অনুকরণে লেখা হ'লেও গ্রন্থ-রচয়িতার বাক্যানুসারেই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

—"গ্রন্থ হয় ব্রজভাষা, সব বুঝি নাহি।" গ্রন্থকর্ত্তা ব্রজভাষায় অভিজ্ঞ না থাকায় হিন্দি ভক্তমালেরও যথাযথ অনুবাদ হয় নাই, তবে অনুকরণ-মাত্র হ'য়েছে। কোন কোন সাহিত্যিক এই পুস্তকখানাকে বহু পূর্ব্বের রচিত ব'লে স্থাপন কর্‌তে গিয়ে শ্রীনিবাস-আচার্য্য প্রভুর শিষ্য কৃষ্ণদাস নামক কোন ব্যক্তির সময় পর্য্যন্ত টেনে এনে ফেলেছেন। আবার আর এক সম্প্রদায় ঐ গ্রন্থের ভাষার আধুনিকত্ব সম্পূর্ণভাবে আচ্ছাদন কর্‌তে না পে'রে বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুরের শিষ্যধারায় ইম্লিতলার প্রাকৃতসাহজিক লালদাস নামক কোন কবির নামে এই গ্রন্থখানা আরোপ কর্‌বার চেষ্টা ক'রেছেন। এই গ্রন্থের রচয়িতা কৃষ্ণদাসই হউন, আর লালদাসই হউন, কিম্বা আধুনিক কোন কবিই হউন, আর এই গ্রন্থ সাধারণ বিদ্ধসম্প্রদায় তাঁদের বিদ্ধমতের অনুকূল জেনে আদরের সহিত গ্রহণই করুন, যদি এই গ্রন্থ অকৃত্রিম গৌড়ীয়-সাহিত্যকগণের—রূপানুগ সাহিত্যিকগুরুগণের সিদ্ধান্তের বিরুদ্ধাচরণ না কর্‌ত, তা' হলেই এই গ্রন্থ গৌড়ীয় সাহিত্য-ভাণ্ডারে স্থান লাভ কর্‌ত। বহুলোকের আদর বা অনাদর দেখে সিদ্ধান্তবিৎ গৌড়ীয়-সাহিত্যিকগণ কোন সাহিত্যগ্রন্থের বহুমানন বা অবমানন করেন না।

সাহিত্য ও সিদ্ধান্ত

গৌড়ীয়-সাহিত্য ও সিদ্ধান্ত—এ দুটো জিনিষ একসঙ্গে বাঁধা। সিদ্ধান্তকে ছেড়ে সাহিত্য নেই, বা সাহিত্যকে ছেড়ে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সিদ্ধান্ত নেই। রসই সাহিত্যের প্রাণ ; যেখানে রসাভাস, সেখানে সাহিত্য নেই। রস আবার সিদ্ধান্তেরই প্রবাহ। সিদ্ধান্ত ও রস একটাই জিনিষ। গৌড়ীয়-সাহিত্যিকগণ সিদ্ধান্ত ও রসকলাবিৎ। গৌড়ীয়-সাহিত্যিক বলেন,—

"সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস।
ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥"
"যদ্বা-তদ্বা কবির বাক্যে হয় রসাভাস।
সিদ্ধান্ত-বিরুদ্ধ শুনিতে না হয় উল্লাস॥"

সিদ্ধান্তপূর্ণ ও তত্ত্ববিরোধ-রহিত রচনায় যদি পদ-লালিত্য কমও থাকে, অথবা ভাষা-ব্যাকরণগত বৈগুণ্যও কিছু থাকে, তথাপি অকৃত্রিম গৌড়ীয়-সাহিত্যিকগণ তা'কেও সৎসাহিত্য ব'লে বিচার করেন। মহাপ্রভুর চরিত্রে দেখ্‌তে পাওয়া যায়,—যখন ঈশ্বরপুরীপাদ তাঁর 'কৃষ্ণলীলামৃত' নামক একখানা গ্রন্থ মহাপ্রভুকে সমালোচনার জন্য দিয়েছিলেন, তখন মহাপ্রভু ব'লেছিলেন,—শ্রৌত-প্রণালীতে রচিতগ্রন্থে—অকৃত্রিম ভগবদ্ভক্তের সাহিত্যে কৃষ্ণের পরিপূর্ণ ইন্দ্রিয়তৃপ্তি হওয়ায় সে সাহিত্যই প্রকৃত সাহিত্য। শুদ্ধভক্তের সাহিত্যে কোন প্রকার তত্ত্ববিরোধ বা রসাভাসদোষ নেই। ব্যাকরণাদি ঘটিত দোষ বা ভাষাগত বৈগুণ্য সাহিত্যের প্রাণ নাশ করে না, কিন্তু সিদ্ধান্তবিরোধ হ'লেই সাহিত্যের সর্ব্বনাশ সাধিত হয়। মহাপ্রভু এই প্রসঙ্গে একটী শ্লোক ব'লেছিলেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মূর্খো বদতি বিষ্ণায় ধীরো বদতি বিষ্ণবে।
উভয়োস্তু সমং পুণ্যং ভাবগ্রাহী জনার্দ্দনঃ॥"

অনেকে এই শ্লোকটীর অবৈধ সুযোগ ও কদর্থ ক'রে ব'লে থাকেন,—যিনি যা'ই লেখুন না কেন, সিদ্ধান্তবিরুদ্ধই হউক, আর রসাভাসদোষ-দুষ্টই হউক, যদি কেবল তা'তে ভগবানের নাম (?) বা গুণলীলার (?) উল্লেখ-ছলনা-মাত্র থাকে, তা' হলেই "ভাবগ্রাহী জনার্দ্দনের" সন্তোষ হয়। কিন্তু সিদ্ধান্ত-বিরুদ্ধ বা রসাভাসদুষ্ট যদ্বাতদ্বা-কবির বাক্যে ভগবানের নাম বা প্রশংসার অভিনয় থাকলেও ভাবগ্রাহী জনার্দ্দনের তা'তে আদৌ সন্তোষ হয় না।

বঙ্গদেশীয় প্রাকৃত কবির উদাহরণ

এর প্রকৃষ্ট প্রমাণ একদিন নীলাচলে একটী গৌড়ীয়-সাহিত্য-সভায় বিশেষরূপে নির্ণীত হ'য়ে গিয়েছে। পূর্ব্ববঙ্গীয় কোন ব্রাহ্মণ-কবি শ্রীক্ষেত্রে উপস্থিত হ'য়ে মহাপ্রভুর ভক্ত শ্রীভগবান্ আচার্য্যের গৃহে আশ্রয় নিয়েছিলেন। সেই কবি মহাপ্রভুর সম্বন্ধে একখানি নাটক রচনা ক'রে ভগবান্ আচার্য্য ও অনেক বৈষ্ণবকে দেখিয়েছিলেন। সকলেই একবাক্যে কবির কাব্যের প্রশংসা ক'রেছিলেন। এমন কি, এই নাটকখানা মহাপ্রভুকে শুনাবার জন্য সকলেই বিশেষ উদ্গ্রীব হ'য়ে প'ড়েছিলেন। কিন্তু মহাপ্রভুর অন্তরঙ্গ রস-সিদ্ধান্ত-সম্রাট্

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বরূপ-দামোদরের কাছে সাহিত্য-পরীক্ষায় উত্তীর্ণ না হ'য়ে কোন সাহিত্যিক বা কবিরই মহাপ্রভুর কাছে কোন প্রকার গীতি, পদ, নাটক বা কাব্য শুনাবার অধিকার ছিল না; কারণ, মহাপ্রভু কোনপ্রকার তত্ত্ববিরোধ বা রসাভাস সহ্য করতে পারতেন না। বৈষ্ণব-সাহিত্যিকগণেরও সেই-প্রকার চিত্তবৃত্তি। ভগবান্‌আচার্য্য যখন বঙ্গদেশীয় কবির পক্ষ থেকে স্বরূপদামোদরের কাছে উক্ত নাটকটী শুনাবার প্রস্তাব নিয়ে গেলেন, তখন স্বরূপ-দামোদর বল্লেন,—"তুমি উদার গোপ-প্রকৃতি; তোমার কাছে সবই ভাল ব'লে বোধ হয়; কিন্তু এসকল যদ্বা-তদ্বা-কবির কাব্য শুনে' গৌড়ীয়গণের সুখ হয় না; কেননা, য'ারা অকৃত্রিম গৌরকৃষ্ণগত-প্রাণ নয়—যা'দের জীবন ও সাহিত্য একসুরে বাঁধা নয়—সাহিত্যটা কেবল যা'দের কোন না কোন অন্যাভিলাষ বা কনককামিনী-প্রতিষ্ঠা সঞ্চয়ের একটা যন্ত্রমাত্র, তা'দের কাব্যে সিদ্ধান্তবিরোধ ও রসাভাস-দোষ থাক্‌বেই থাক্‌বে। তা'রা পূর্ণভাবে শ্রৌত-পথ অবলম্বন না করায়, কখনও কখনও বা কোন প্রকৃত বৈষ্ণব-সাহিত্যিকের অনুকরণ ক'রে দু'-চারটা ভাল কথা ব'লে ফেল্‌তে পারে; কিন্তু যেখানেই তা'রা তা'দের নিজ-মনঃকল্পনা ও উচ্ছ্বাস এনে ফেল্‌বে, সেখানেই তত্ত্ববিরোধ, না হয়, রসাভাস-দোষ ক'রে বস্‌বে। তাই এদের কাব্য-সাহিত্য শুন্‌তে শুদ্ধবৈষ্ণবদের সুখ হয় না। আর দেখ,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীরূপ কিরূপ সুন্দর দুইটী নাটক লিখেছেন—'ললিতমাধব' ও 'বিদগ্ধমাধব'। এই নাটক শুনে' মহাপ্রভু ও রামানন্দ কিরূপ আনন্দ ও পরিতৃপ্তি লাভ ক'রেছেন।" শ্রীল স্বরূপ-দামোদরের এত উপদেশ-সত্ত্বেও পূর্ব্ববঙ্গীয় কবির পুনঃ পুনঃ প্ররোচনায় ভগবান্‌আচার্য্য যখন স্বরূপদামোদরের নিকট আরও দু' তিন দিন এসে' অনেক অনুরোধ জানা'তে লাগ্‌লেন, তখনশ্রীস্বরূপদামোদর ভগবান্‌আচার্য্যের অনুরোধ রক্ষা কর্‌বার জন্যে বল্লেন,—"বেশ, তা'হলে একটা বৈষ্ণব-সাহিত্য-সভার অধিবেশন হউক, সেখানে পূর্ব্ববঙ্গীয় কবি তাঁ'র নাটক পাঠ ক'রে শুনাবেন।" নির্দ্দিষ্ট দিনে বহু-বৈষ্ণব-মণ্ডিত একটী সভায় ঐ কবি সর্ব্বাগ্রে তাঁ'র নাটকের নান্দীশ্লোকটী পাঠ ক'রে শুনা'লেন। ঐ শ্লোকের কাব্য শু'নে প্রায় সকলেই কবির কাব্যের প্রশংসা কর্‌তে থাক্‌লেন, কবির কর্ণে করতালির মধুস্রাবী রব সুধা বর্ষণ কর্‌তে থাক্‌লো। নান্দীশ্লোকটীর তাৎপর্য্য এই ছিল—'দারুমূর্ত্তি জগন্নাথ হচ্ছেন—শরীরস্বরূপ, আর চৈতন্যদেব হচ্ছেন—সেই শরীরের শরীরী। নীলাচলে এই দেহ ও দেহীর একত্র সম্মেলন হ'য়েছে, তা'তে ক'রে দারুমূর্ত্তি জগন্নাথও সজীব হ'য়ে উঠেছেন!'

স্বরূপদামোদর কিন্তু আগাগোড়া চুপ ক'রে সব শুন্‌ছিলেন। তিনি লোকের ভোট্‌ নিয়ে কারো প্রশংসা বা নিন্দা কর্‌বার লোক ছিলেন না। তিনি নিরপেক্ষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিচারক,—তিনি স্বরাট্-সাহিত্য-রথের সারথী—সিদ্ধান্তের সম্রাট্। তিনি কারো অভিমতের দিকে না তাকিয়ে নিরপেক্ষভাবে সেই সাহিত্য-সভায় বঙ্গীয় বিপ্রকবিকে আহ্বান ক'রে বল্লেন,—"অহে! তুমি কি করেছ! তোমার সাহিত্য, তোমার উপমা, অলঙ্কার, সব যে রসাতলে গিয়েছে! এত বড় সিদ্ধান্তবিরোধ—তত্ত্ববিরোধ ক'রে ব'সেছ! বিষ্ণুবস্তুর দেহ-দেহীতে ভেদ ক'রেছ—অপ্রাকৃত শ্রীবিগ্রহে প্রাকৃত বিচার ক'রেছ! আর বিভুচৈতন্য শ্রীচৈতন্যদেবকে-স্ফুলিঙ্গ-কণার মত অণুচৈতন্য বিচার ক'রেছ! তোমার সাহিত্য বিষ্ঠাগর্ত্তপ্রায় হ'য়ে পড়েছে, তা'তে কাককুল রমণ করতে পারে, কিন্তু মানস-সরোবরের মুনি পরমহংসকুল কখনই তোমার ঐ উচ্ছিষ্টগর্ত্তে পতিত হবেন না। যদি মঙ্গল চাও, তবে—

"যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে।
একান্ত আশ্রয় কর চৈতন্য-চরণে॥
চৈতন্যের ভক্তগণের নিত্য কর সঙ্গ।
তবে ত' জানিবে সিদ্ধান্ত-সমুদ্র-তরঙ্গ॥"

সুধীমণ্ডলি! এখন দেখুন, যেখানে সিদ্ধান্ত-বিরোধ—তত্ত্ব-বিরোধ, সেখানে বহু লোকের বা বহু তথা-কথিত বৈষ্ণবের অনুমোদন বা আদরের দ্বারা সিদ্ধান্তবিৎ সৎসাহিত্যিকগণ চালিত হন না। এপ্রকারেই গৌড়ীয়সাহিত্যের নামে অনেক সিদ্ধান্তবিরুদ্ধ ও রসাভাসদুষ্ট অপসাহিত্য বাজারে অবাধে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চ'লেছে। তথা-কথিত বৈষ্ণব-সমাজ ও সাহিত্যিকগণ—যাঁ'দিগকে অলঙ্কারশাস্ত্রের পরিভাষায় "সতৃণাভ্যবহারী" বলা যায়, তাঁরা মল-মধুর একাকারবাদী হ'য়ে পরমাদরের সঙ্গে ঐ সকল অপসাহিত্য গ্রহণ করছেন। এর কারণ আর কিছুই নয়,—সে সকল অপসাহিত্য আমাদের আপাত ইন্দ্রিয়তৃপ্তিকর, আমাদের ভোগোন্মুখ-কর্ণ-রসায়ন।

'ভক্তমালে' তত্ত্ববিরোধের উদাহরণ

লালদাসের নামে প্রচলিত যে 'ভক্তমাল' দেখ্তে পাওয়া যায়, তা'তে স্থানে স্থানে যে সকল তত্ত্ববিরোধপূর্ণ কথা র'য়েছে, তা'কে গৌড়ীয়-সাহিত্যের অন্তর্গত বল্তে গেলে সাহিত্যিক-গুরুগণের অবমাননা এবং সাহিত্যে জঞ্জালময় উপকরণ প্রবেশ করাবার পক্ষপাতিত্ব নিতে হয়। আমরা বাহুল্য-ভয়ে এখানে একটী মাত্র উদাহরণ উদ্ধার করছি। লালদাসের 'ভক্তমালে' শঙ্করাচার্য্যের যে চরিত্র বর্ণিত হ'য়েছে, তা'তে লেখা আছে,—"শঙ্করাচার্য্য অভুক্তবৈরাগী ছিলেন; কিন্তু তাঁর রাধাকৃষ্ণের লীলা আস্বাদন করবার প্রবল ইচ্ছা হওয়ায় তিনি এক মৃত রাজার শরীরে প্রবেশ ক'রে সেই রাজার সুন্দরী মহিষীগণের সঙ্গে বিহার করতে লাগ্লেন; কেননা, প্রাকৃত রসাস্বাদনের অভিজ্ঞতা না থাকলে অপ্রাকৃত-রসাস্বাদনে প্রবেশ-লাভ হয় না!!" 'ভক্তমালে'র বাক্য এইরূপ,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বিরক্ত হইয়া স্ত্রীসঙ্গ না যুয়ায়।
রস জানিবারে প্রবেশয় পরকায়॥
রাণীগণ-সঙ্গে রস-বিহার করিয়া।
জানিব রসের রীত শত আস্বাদিয়া॥
রস জানিবার হেতু তাৎপর্য্য অন্তরে।
রাধাকৃষ্ণ-রসতত্ত্ব জানিব অদূরে॥"

(—ভক্তমাল ১১শ মালা)

এরূপ বিচার কোন গৌড়ীয় সাহিত্যিকেরই হ'তে পারে না। ইহা সম্পূর্ণ তত্ত্ববিরুদ্ধ রসিকব্রুবগণের প্রাকৃত-সাহজিক-বিচার। যদি ইহাই মহাপ্রভুর সিদ্ধান্ত হ'ত যে, প্রাকৃতরসের অভিজ্ঞতা সঞ্চয় ক'রে অপ্রাকৃতরসে প্রবেশ-লাভ হয়,—পশুপক্ষীর প্রেম অনুধাবন কর্‌তে কর্‌তে কৃষ্ণপ্রেমে অধিকার হয়,—রাধাকৃষ্ণের লীলা আস্বাদন কর্‌তে হ'লে অভুক্ত বৈরাগী থাক্‌লে চলে না, —নপুংসক রসিকব্রুবগণের (Bogus) মতে ভুক্ত-বৈরাগী হ'তে হয়—বান্তাশী হ'তে হয়, তা'হলে মহাপ্রভুর শ্রীরঘুনাথ ভট্টগোস্বামীর প্রতি "বিবাহ না করিহ বলি' নিষেধ করিল" প্রভৃতি বাক্যের সার্থকতাই থাকে না। শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামিপ্রভু কিরূপ অষ্টপ্রহর রাধাকৃষ্ণের সেবারসে নিমগ্ন থাক্‌তেন, তা' চরিতামৃতের পাঠকমাত্রেই জানেন; অথচ মহাপ্রভু সেই রঘুনাথের সঙ্গে নীলাচলে আগত কাব্য-প্রকাশের অধ্যাপক রামানন্দী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রামদাসকে আদর করেন নাই। কেননা, তা'তে মুমুক্ষার গন্ধ ছিল। রসসাহিত্য-জগতে যে মহাপ্রভুর শ্রীস্বরূপ-দামোদর, শ্রীগদাধর পণ্ডিত গোস্বামী, শ্রীলোকনাথ গোস্বামী, শ্রীমাধবেন্দ্রপুরী, শ্রীজগদানন্দ পণ্ডিত গোস্বামী, শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভৃতি শ্রীরাধাগোবিন্দের লীলারস-সাম্রাজ্যের এক একজন দিক্‌পাল—যে মহাপ্রভু ছোট-হরিদাসের বর্জ্জনকারী,—যে মহাপ্রভুর আচার ও প্রচার—

"নিষ্কিঞ্চনস্য ভগবদ্ভজনোন্মুখস্য
পারং পরং জিগমিষোর্ভবসাগরস্য।
সন্দর্শনং বিষয়িণামথ যোষিতাঞ্চ
হা হন্ত হন্ত বিষভক্ষণতোঽপ্যসাধু॥"

"যদবধি মম চেতঃ কৃষ্ণপদারবিন্দে
নবনবরসধামন্যুদ্যতং রন্তুমাসীৎ।
তদবধি বত নারীসঙ্গমে স্মর্য্যমাণে
ভবতি মুখবিকারঃ সুষ্ঠু নিষ্ঠীবনঞ্চ॥"

প্রভৃতি শ্লোকে পরিস্ফুট, সেই সাহিত্য-নায়ক উন্নতোজ্জ্বল-রসের প্রচারকারী মহাপ্রভুর অনুগত-সম্প্রদায়ের সাহিত্যের নাম ক'রে কখনই কোন প্রাকৃত রস বা প্রাকৃত সহজিয়ার Bogus সাহিত্য গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে প্রবেশ লাভ করতে পারে না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পদাবলী-সাহিত্যে আবর্জ্জনা

পূর্ব্বেই আমরা ব'লেছি, সাহিত্যের প্রাণ—অপ্রাকৃত রস বা সিদ্ধান্ত। গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে আমরা তা'কেই গ্রহণ কর্‌ব, যেখানে সাহিত্যের প্রাণবধ হয় নাই। গৌড়ীয়-সাহিত্যের নাম ক'রে অনেক শ্যামাঘাস গৌড়ীয়-সাহিত্য-ধান্য-ক্ষেত্রের পাশে পরিবর্দ্ধিত হ'য়েছে। যে পদাবলী-সাহিত্য গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারের মহামণি মরকত—গৌড়ীয়-সাহিত্য-কুঞ্জের অকৃত্রিম কৃষ্ণভোগ্য বনফুলমালা, সেই পদাবলী-সাহিত্যে আজ কত ভয়াবহ বিষময় আবর্জ্জনা প্রবেশ ক'রেছে! অপ্রাকৃত কৃষ্ণসেবারসমগ্ন মহাকবি চণ্ডীদাস, বিদ্যাপতি, বাসু ঘোষ, নরহরি সরকার ঠাকুর, লোচনদাস, ঠাকুর নরোত্তম, গোবিন্দদাস প্রভৃতি অপ্রাকৃত পদকর্ত্তা মহাজনগণের নাম ক'রে, তাঁদের নামে ভণিতা রচনা ক'রে, কত দুরভিসন্ধিযুক্ত ব্যক্তি কত কু-মতবাদ গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে প্রবেশ করাবার চেষ্টা ক'রেছেন! কুরুচিপূর্ণ ব্যক্তিগণ তাঁ'দের নিজ নিজ নিসর্গগত কুরুচি এবং তাঁ'দের কুভাব সমর্থন কর্‌বার জন্যে অপ্রাকৃত সেবারসমগ্ন পরম-নির্ম্মল গৌড়ীয়-সাহিত্যকগণের উপর তাঁ'দের চরিত্র আরোপ কর্‌বার চেষ্টা ক'রেছেন। যে—

"বিদ্যাপতি, চণ্ডীদাস, শ্রীগীতগোবিন্দ।
এ তিনের গীতে করায় প্রভুর আনন্দ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই শ্রীচণ্ডীদাস, শ্রীবিদ্যাপতি ও শ্রীগীতগোবিন্দকার জয়দেবকে প্রাকৃত সাহজিক সাহিত্যিক-সম্প্রদায় তাঁ'দের চিত্তবৃত্তিতে সাজাবার চেষ্টা ক'রেছেন। তাঁ'রা স্ব-স্বভাব-বর্ণন-মুখে চণ্ডীদাসকে একজন মৎস্যাশী সাজিয়ে কোন মৎস্য-বিক্রেত্রীর নিকট হ'তে চণ্ডীদাসের প্রথম রসের সন্ধান, রজকিনী রামীর নিকট হ'তে পদ-সাহিত্যের সন্ধান প্রভৃতি অত্যন্ত নীচ-জনোচিত কত ইতরকথা সৃষ্টি ক'রেছেন! তার পর বিদ্যাপতিকে মিথিলাধিপতি শিবসিংহের সাধ্বী মহিষী লছমী দেবীর সঙ্গে সংযোগ করিয়ে 'গবাক্ষপথে লছমী-দেবীর দর্শন না হ'লে বিদ্যাপতির কবিতার উৎস প্রকাশিত হত না!' প্রভৃতি নানা প্রকার কুরুচিপূর্ণ কথা সৃষ্ট ক'রেছে! শ্রীজয়দেবকে নীলাচলে পদ্মাবতীর জন্য বাস্তাশী করাবার গল্প রচনা ক'রেছে! এমন কি, প্রভুর সহিত কাঞ্চনলতার অবৈধ সংযোগ এবং শ্রীরূপ-সনাতন-শ্রীকবিরাজ গোস্বামী প্রভৃতি পরমজিতেন্দ্রিয়কুলশিরোমণি গোস্বামিবর্গকে মিরাবাই ও কল্পিত শ্যামাঙ্গিনী প্রভৃতির নামের সহিত সংযোগ করাবার চেষ্টা ক'রেছে। যা'দের অপ্রাকৃত-সাহিত্যিক-সারথী শ্রীল জগদানন্দ পণ্ডিত-গোস্বামী প্রভুর 'প্রেমবিবর্ত্ত' সাহিত্যের উক্তি—

"ছোট হরিদাসের কথা থাকে যেন মনে।"

—ভুল হ'য়ে গিয়েছে, সে সকল প্রাকৃত সহজিয়া-সাহিত্যিক-সম্প্রদায়ের এ সকল অবৈধ চেষ্টা সুধী-সমাজ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিশ্চয়ই ধর্‌তে পার্‌বেন। যে মহাপ্রভু 'স্ত্রীগান' শব্দমাত্র শ্রবণ ক'রে ব'লেছিলেন,—

"—গোবিন্দ আজ রাখিলা জীবন।
স্ত্রী-পরশ হইলে আমার হইত মরণ॥"

সেই মহাপ্রভু যখন—

"চণ্ডীদাস, বিদ্যাপতি, রায়ের নাটক-গীতি,
কর্ণামৃত, শ্রীগীতগোবিন্দ।
স্বরূপ-রামানন্দ-সনে, * * রাত্রি-দিনে,
গায় শুনে পরম-আনন্দ॥"

তখন সেই চণ্ডীদাস, বিদ্যাপতি প্রভৃতি অপ্রাকৃত সাহিত্যকগণে কোনপ্রকার হেয়তার লেশমাত্রও যে থাকৃতে পারে না, তদ্‌বিষয়ে আর অধিক প্রমাণের আবশ্যকতা নেই।

গৌড়ীয় পুরাণ-সাহিত্য

গৌড়ীয়-সাহিত্য নিত্য নবযৌবন আদ্য পুরাণ-পুরুষ গোবিন্দের সেবার কথাই কীর্ত্তন ক'রে থাকেন। গৌড়ীয়-সাহিত্য, গৌড়ীয়-কাব্য সকলই বৈষ্ণবগণের পরমপ্রিয় অমলপুরাণ শ্রীমদ্ভাগবতের বিবৃতি। গোস্বামিগণের গ্রন্থ সমস্তই পুরাণ-সাহিত্য।

গৌড়ীয়-বিজ্ঞান-সাহিত্য

গৌড়ীয়-সাহিত্য বাস্তব-বিজ্ঞানের কথা কীর্ত্তন করেছেন। নিখিল বিজ্ঞান একমাত্র যে মূল-বিজ্ঞানের অনুগত হ'য়ে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কার্য্যকরী হ'লে বিজ্ঞান-বিশ্বে সাম্য, মৈত্রী ও স্বাধীনতা স্থাপিত হ'তে পারে, সেই বাস্তব-বিজ্ঞানই গৌড়ীয়-সাহিত্যের প্রতিপাদ্য বিষয়। লোকপিতামহ ব্রহ্মাকে বিজ্ঞান-পুরুষ চতুঃশ্লোকীর মন্ত্রে এই বাস্তব-বিজ্ঞান-বীজই প্রদান ক'রেছিলেন। আবার সেই বিজ্ঞানপুরুষ শ্রীকৃষ্ণ-চৈতন্য ত্রিবেণীর তটে শ্রীরূপ গোস্বামী প্রভুতে এই বিজ্ঞান-বিজলী সঞ্চার করবার লীলা প্রদর্শন ক'রেছিলেন। তারই ফলস্বরূপ গৌড়ীয়-বিজ্ঞান-মহাগ্রন্থ শ্রীভক্তিরসামৃত-সিন্ধু প্রকাশিত হ'য়েছে। অনিত্য জগদ্রূপ অবাস্তবে বাস্তব-বুদ্ধিযুক্ত বর্ত্তমান বিশ্ব এসকল কথাকে যেন 'রূপক' মনে না করেন। গৌড়ীয়-বাস্তব-বিজ্ঞান-সাহিত্য ভক্তি-রসামৃতসিন্ধুর আলোচনা করুন, দেখিবেন,—বিশ্ব-বিজ্ঞানকে কিরূপ বাস্তব সুবৈজ্ঞানিক ধারায় নিয়মিত করা হয়েছে। বাস্তব-বিশ্ববিজ্ঞান-মন্দিরের দ্বারোদ্‌ঘাটনের কুঞ্চিকাস্বরূপ গৌড়ীয়-বিজ্ঞান-সাহিত্যের এই মূলমন্ত্রটী অনুধাবন করুন,—

"অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥"

বিশ্ববিজ্ঞান যদি গৌড়ীয়-বিজ্ঞান-শাস্ত্রের এই মূল-মন্ত্রটীর অবজ্ঞা করে, তা'হলে বিশ্ববিজ্ঞান অজ্ঞানে পরিণত হবে—বিশ্ব চিরকালই ভবমহাদাবাগ্নিতে দগ্ধ হ'তে থাকবে! আর যে দিন ঐ বাস্তব-বিজ্ঞানের উক্ত বীজ-মন্ত্র কর্ণে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধারণ কর্‌তে শিখ্‌বে, সেদিন বিশ্বে সত্য-সত্যই সাম্য, মৈত্রী ও স্বাধীনতার বাস্তব রাজ্য স্থাপিত হ'বে।

গৌড়ীয় শিল্প-সাহিত্য

গৌড়ীয়-শিল্প-সাহিত্য শিল্প-বিশ্বের শীর্ষোপরি নৃত্য করে্ছ। কথা-শিল্পে, গ্রন্থন-শিল্পে, সন্দর্ভ-শিল্পে, সঙ্গীত-শিল্পে অথবা বাৎসায়নোক্ত নৃত্য-গীত-বাদ্যাদি চতুঃষষ্টি বাহ্যক্রিয়া, আলিম্পনাদি চতুঃষষ্টি আভ্যন্তরক্রিয়া, কারুকর্ম্মগ্রহ প্রভৃতি কলা-কলাপে গৌড়ীয়-শিল্প অদ্বিতীয়। প্রতিমা-প্রকাশ, শ্রীমন্দির-নির্ম্মাণ, শিলাপীঠ, লিঙ্গপীঠ, রথনির্ম্মাণ, অলঙ্কার-নির্ম্মাণ প্রভৃতি যে-কোন বিষয়ে গৌড়ীয়-শিল্প বিশ্ব-সাহিত্যের অবিকৃত আদি কারণরূপে বিরাজ-মান; কারণ, স্বয়ং শিল্প-নায়কই গৌড়ীয়-সাহিত্যের প্রতিপাদ্য বিষয়। ললিতাক্ষেপ, মহারাজলীলা প্রভৃতি ভঙ্গ, দ্বিভঙ্গ, ত্রিভঙ্গ, অনুভঙ্গ ও অতিভঙ্গ প্রভৃতি চারু ললিত দেহ-সংস্থান একমাত্র শিল্প-নায়ক ললিতত্রিভঙ্গ শ্যামসুন্দরেই পূর্ণমাত্রায় বিরাজমান। বিশ্বকর্ম্মাদি দেব-শিল্পী বৈকুণ্ঠ-শিল্পিগণেরই আংশিক ও অপূর্ণ শিল্পকলা বিস্তার ক'রেছেন। বৈকুণ্ঠ-শিল্প হ'তে দ্বারকার ও তদপেক্ষা মথুরার শিল্প আরও শ্রেষ্ঠ। আর বৃন্দাবনীয় শিল্পের—যা'র প্রচার নৃলোকে অসম্ভব ছিল, সেই শিল্পই গৌড়ীয়-সাহিত্য অঙ্কন ক'রেছেন। যাঁ'রা শ্রীউজ্জ্বলনীলমণি, শ্রীগোবিন্দলীলামৃত,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীকৃষ্ণভাবনামৃত প্রভৃতি গৌড়ীয়-শিল্প-সাহিত্য-পাঠের অধিকারী, তাঁরাই একথা প্রাণে-প্রাণে অনুভব করতে পারেন। ভারত ও ভাগবতই নিখিল-কথা-শিল্পের মূল মহা-মন্দির। শ্রীল সনাতন গোস্বামী প্রভুর বৃহদ্ভাগবতামৃত কথা-শিল্পের মন্দির-মুকুট। শ্রীল গোপাল ভট্ট গোস্বামিপাদের হরিভক্তিবিলাস গৌড়ীয়-বিশ্ব-শিল্পসাহিত্যের বাস্তব-বিজ্ঞান। 'বিশ্বকর্ম্ম-শিল্প', 'বিশ্বকর্ম্ম-প্রকাশ', 'শিল্পার্থসার', 'শিল্প-কলাদীপিকা', 'রাজবল্লভমণ্ডল' বা 'অপরাজিতাপৃচ্ছা' প্রভৃতি বিশ্ব-শিল্পসাহিত্য গৌড়ীয়-শিল্প-সাহিত্যের নিকট তিরস্কৃত হ'য়েছে,—একথা গৌড়ীয়-সাহিত্য-শিল্পিগণের অনুগত হ'য়ে যে কেহ নিরপেক্ষভাবে বিচার ক'রে নিতে পারেন।

গৌড়ীয়-পত্র-সাহিত্য

পত্র বা পত্রিকা-সাহিত্যে বাস্তব-জীবনের অনেক বিষয় অতি সহজ সরল ও অকৃত্রিমভাবে প্রকাশিত হয় এবং সাময়িক-পত্রিকা-সাহিত্যে বিবিধ সাময়িক-প্রসঙ্গের অব-তারণা, মতবাদের সমালোচনা, অন্বয় ও ব্যতিরেকভাবে পূর্ব্বপক্ষ-নিরাস ও স্বপক্ষ-স্থাপনাদিকার্য্যে সাহিত্য-সম্পদ্ যথেষ্ট বৃদ্ধি প্রাপ্ত হয়। এই পত্র-সাহিত্য গৌড়ীয়-সাহিত্যে প্রচুরভাবে বর্ত্তমান আছে। কেবল যে ভাগবতে ১০ম স্কন্ধে কৃষ্ণের নিকট রুক্মিণীদেবীর পত্রিকা-প্রেরণের কথা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-সাহিত্যে প্রসিদ্ধ আছে, তা' নয়; গৌড়ীয় কাব্যাদিতেও এই পত্র-সাহিত্যের যথেষ্ট নিদর্শন আছে। তারপর ভক্তিরত্নাকর-গ্রন্থ-ধৃত শ্রীনিবাস আচার্য্য, শ্রীরামচন্দ্র কবিরাজ, শ্রীনরোত্তম ঠাকুর, শ্রীগোবিন্দ কবিরাজ প্রভৃতি আচার্য্যগণের প্রতি বৃন্দাবনীয়-বার্ত্তাজ্ঞাপক শ্রীল জীব গোস্বামী প্রভুর পত্রিকা-চতুষ্টয় প্রভৃতি বহুপত্র এবং বর্ত্তমান-যুগে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-পাদের পত্রাবলী গৌড়ীয়-পত্র-সাহিত্যের অমূল্য সম্পত্তি।

সাময়িক-পত্র-সাহিত্য

মুদ্রাযন্ত্রের প্রচলনের সঙ্গে সঙ্গে সাময়িক-পত্রিকার প্রকাশ বিস্তৃত হ'য়েছে। বাংলা-দেশের পরমার্থপ্রচারিণী সাময়িক পত্রিকার ইতিহাস-আলোচনায় জানা যায় যে, সর্ব্বাপেক্ষা প্রাচীন-পত্রিকা—শ্রীসজ্জনতোষণী। এখন হইতে অর্দ্ধশতাব্দী পূর্ব্বে ইহার প্রথম প্রকাশ। যদিও 'নিত্যানন্দদায়িনী' নাম্নী একখানা মাসিক পত্রিকা তিনমাস অন্তর ত্রৈমাসিক আকারে সজ্জনতোষণীর দশ বর্ষ পূর্ব্বে কতিপয় গ্রন্থপ্রকাশমুখে প্রচারিত হ'য়েছিল, তথাপি তা'তে সাময়িক-প্রসঙ্গের অভাবে থাকায় শ্রীসজ্জনতোষণীকেই আদিম গৌড়ীয়-পত্রিকা বলা যায়। শ্রীসজ্জনতোষণী পত্রিকার সম্পাদক ছিলেন—ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর। তিনিই সাময়িক-পত্রিকা-সাহিত্যে শুদ্ধভগবদ্ভক্তির

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

কথা প্রবর্ত্তন করেন। 'নিত্যানন্দদায়িনী' পত্রিকায় মিশ্রভক্তি ও নানাপ্রকার উপধর্ম্মের কথাও স্থান পেয়েছিল। 'শ্রীসজ্জনতোষণী' পত্রিকার পরেই 'প্রেমপ্রচারিণী' নাম্নী আর একখানি পত্রিকা প্রচারিত হয়। তার সম্পাদনকার্য্য কর্‌তেন—নবাবগঞ্জের পরলোকগত দীনবন্ধু সেন। পরে এই পত্রিকা শ্রীসজ্জনতোষণীর সহিত সম্মিলিতা হন। অমৃতবাজারের শিশিরবাবুর যোগে 'বিষ্ণুপ্রিয়া' নাম্নী একখানি পাক্ষিক-বৈষ্ণব-পত্রিকা প্রচারিত হয়। ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ও শ্রীল শ্যামলাল গোস্বামী মহাশয়দ্বয় ঐ পত্রিকার সম্পাদক ছিলেন। পত্রিকাটী দু'তিন বৎসর প্রচারিত হ'য়েছিল। 'নিবেদন' নামে আর একটী সাপ্তাহিক সাময়িকপত্র তিনবৎসর কাল শুদ্ধ-গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য প্রচার ক'রেছিলেন। 'গৌড়ভূমি' নামে একখানি মাসিক পত্রিকা গোকর্ণ হ'তে প্রচারিত হয়, তা'র সম্পাদক ছিলেন—পরলোকগত রামপ্রসন্ন ঘোষ। তিনি শ্রীধামাপরাধী ছিলেন না। দু'তিন বৎসরমাত্র উহার প্রচার ছিল। 'বৈষ্ণবসঙ্গিনী' নাম্নী একখানি মাসিক পত্রিকা হুগলী আলাটী হ'তে শ্রীযুক্ত মধুসূদন দাস অধিকারী মহাশয়ের দ্বারা আজও প্রকাশিত হচ্ছে। এ ছাড়া গৌড়ীয়-বৈষ্ণব-ধর্ম্মের মুখপত্র ব'লে কতকগুলি পত্রিকা বেঙের ছাতার (mush-room) মত মনোধর্ম্মময় ভাবপ্রবণতার বৃষ্টিসম্পাতে সুজলা-সুফলা-শস্যশ্যামলা বাংলার ভূমিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জন্ম গ্রহণ ক'রেছিল। সেগুলিতে সিদ্ধান্তবিরোধ, রস-বিরোধ, স্ব-স্ব-মতবাদ-পোষক সঙ্কীর্ণতা আচার্য্য-বিদ্বেষ ও অসৎ-সাম্প্রদায়িকতা থাকায় সেগুলি সমাজের আদৌ কোন হিত সাধন কর্ তে পারে নি। কাজেই ওগুলোকে গৌড়ীয়-পত্রিকা-সাহিত্য ব'লে উল্লেখ কর্‌লে প্রকৃত সুধী সৎ-সাহিত্যিকগণ তা' কতদূর অনুমোদন কর্‌বেন, সেবিষয়ে সন্দেহ। ঐরূপ পত্রিকা-সাহিত্যের অস্তিত্ব-সম্বন্ধে এই টুকু বলা যায় যে, উহাদের কোন-কোনটী সৃষ্টির সঙ্গে-সঙ্গেই বিলুপ্ত হ'য়েছে, কতকগুলি কিছুকাল সমাজের অহিত ক'রে আত্মগোপন ক'রেছে, কতকগুলি বা এখনও সমাজে দূষিত সংক্রামক-ব্যাধির বীজ ও বিদ্ধমতবাদ-সমূহ অসতর্ক সামাজিক-গণের মধ্যে বিস্তার ক'রে ব্যতিরেকভাবে শুদ্ধ-গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের প্রচার ও প্রসার-বিষয়ে ঔজ্জ্বল্য ও পুষ্টি বিধান কর্‌ছে। অল্পকথায় আমরা এইমাত্র বল্‌তে পারি যে, শ্রৌতপথে পরিপূর্ণভাবে আচার-প্রচার-মুখে পরিনিষ্ঠিত না থাকায়, একমাত্র শ্রীসজ্জনতোষণী, নিবেদন প্রভৃতি কয়েকটী সাময়িক পত্র ব্যতীত অন্যান্য সকল পত্রগুলিই ন্যূনাধিক বিদ্ধ-বৈষ্ণব-সাহিত্য বা সামান্য বৈষ্ণব-সাহিত্য প্রচার ক'রেছে। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের দ্বারা প্রতিষ্ঠিত গৌড়ীয়সাহিত্য-সম্বন্ধী একমাত্র সাপ্তাহিক সাময়িকপত্র "গৌড়ীয়" পারমার্থিক পত্রিকা-সাহিত্যে যুগান্তর আনয়ন ক'রেছে। বৃহত্তর বঙ্গে, আসমুদ্র হিমাচলে,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এমন কি, পাশ্চাত্যদেশে পর্য্যন্ত এই পত্রিকার গ্রাহক ও পাঠক র'য়েছেন। পারমার্থিক সাময়িক পত্রিকার মধ্যে ইঁহার প্রচার সর্ব্বোপরি। কুমতবাদ-খণ্ডনে সম্প্রদায়-বৈভব-সাহিত্য এবং সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-সাহিত্য-প্রচারে এই পত্রিকা-সাহিত্য অদ্বিতীয়। শুদ্ধ-সেবা-সাহিত্য-প্রচারে "গৌড়ীয়" গত সাত বৎসরকাল যে কি কার্য্য ক'রেছেন, তা' গৌড়ীয়ের সাত বছরের সূচীপত্র হ'তেই একটা দিগ্‌দর্শন হ'তে পারে। তারপর শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গৌড়ীয়-সাহিত্য-প্রচারকারী '**শ্রীসজ্জনতোষণী**' পত্রিকা ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সম্পাদকত্বে, প্রথমে বাংলা ভাষায়, তৎপরে অধুনা ইংরেজী, সংস্কৃত ও হিন্দি—এই চতুর্ম্মুখে প্রকাশিত হ'য়ে বিশ্বপত্রিকা-সাহিত্যের চিন্তা-ভাব-ভাষা-পরিভাষা-জগতে এক মহা-যুগান্তরের সূচনা ক'রেছে। বর্ষত্রয় যাবৎ বিশ্বপত্রিকা-সাহিত্য-সাম্রাজ্যে মহা-অভাবনীয় অভিনবতার সাহিত্য-সিংহাসন আবিষ্কৃত হ'য়েছে। মহাপ্রভুর আবির্ভাবভূমি গৌড়পুরের সারস্বত-তীর্থ হ'তে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী গোস্বামী প্রভুপাদের অভীষ্টানুসারে '**দৈনিক-নদীয়া-প্রকাশ**' নামক একমাত্র শুদ্ধ পারমার্থিক সাময়িক পত্র সমগ্র ভারতে প্রকাশিত হচ্ছে। "দৈনিক নদীয়াপ্রকাশ" পত্র—গৌড়ীয়-সাহিত্য-গৌরব, গৌড়ীয়-গৌরব, বিশ্ব-বৈষ্ণব-গৌরব।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-রস-সাহিত্য

যদি চিন্ময় হরি-রস-সাহিত্যের পরিপূর্ণ-ভাণ্ডার কোথায়ও থাকে, তা' হ'লে একমাত্র গৌড়ীয়-সাহিত্যেই আছে। এ কথা আর অধিক ক'রে বল্‌তে হ'বে না। গৌড়ীয়-রস-সাহিত্যের মধ্যে গোপীগীতা, ভ্রমরগীতা, জয়দেবের গীতগোবিন্দ, বিল্বমঙ্গলের কৃষ্ণকর্ণামৃত, রামানন্দ-রায়ের জগন্নাথবল্লভ-নাটক, চণ্ডীদাস, বিদ্যাপতি এবং অন্যান্য শুদ্ধমহাজন-পদাবলী, শ্রীল রূপপাদের ললিতমাধব, বিদগ্ধমাধব, হংসদূত, পদ্যাবলী, ভক্তিরসামৃতসিন্ধু, উজ্জ্বল-নীলমণি, স্তবমালা, শ্রীল রঘুনাথ গোস্বামিপ্রভুর স্তবাবলী, শ্রীল জীবগোস্বামী প্রভুর গোপালচম্পূ, প্রীতিসন্দর্ভ, শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুর গোবিন্দলীলামৃত ও শ্রীচৈতন্য-চরিতামৃত, কবিকর্ণপূরের আনন্দবৃন্দাবনচম্পূ, শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের কৃষ্ণভাবনামৃত, সঙ্কল্পকল্পদ্রুম, রাগবর্ত্ম-চন্দ্রিকা এবং বর্ত্তমানযুগে ভক্তিবিনোদ ঠাকুরের 'রূপানুগ-ভজনদর্পণ' 'গীতমালা' প্রভৃতি এবং শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের ভ্রমরগীত ও মহিষীগীতের পদ্যানুবাদ প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য।

গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্য

গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্য একটী মহাশ্চর্য্য ও বিপুল ব্যাপার। পৃথিবীতে যত সঙ্গীত-সাহিত্য প্রচারিত হয়েছে,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সকলই এই গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্যের একটী বিকৃত আভাস মাত্র; এমন কি, বৈকুণ্ঠের সঙ্গীত-সাহিত্যও এই গৌড়ীয়-সঙ্গীত- সাহিত্যের অসম্পূর্ণ প্রকাশমাত্র। কারণ, সঙ্গীত-সাহিত্যের যেখানে চরমসীমা, সেই রাসক্রীড়ার নায়ক গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্যের দেবতা। একমাত্র সর্ব্বানর্থ-নির্ম্মুক্ত অপ্রাকৃত কৃষ্ণ-রস-রসিকগণই এ কথা উপলব্ধি কর্‌তে পার্‌বেন। রাসতাণ্ডবী কৃষ্ণের গৌরাবতারে যে সঙ্কীর্ত্তন-রস প্রচারিত হ'য়েছিল, ত'াতে সঙ্গীত-সাহিত্য-বিশ্বে যুগান্তর উপস্থিত হ'য়েছে। এমন নৃত্য-কলা, এমন বাদিত্র-কলা, এমন গীত-কলা আর কোথায় আছে—যেমনটী নৃত্য-নায়ক গৌরসুন্দর নিজ-গণ-সঙ্গে জগতে প্রকাশ ক'রেছেন? সঙ্কীর্ত্তন-রাসস্থলী শ্রীবাসঅঙ্গনে, নগরসঙ্কীর্ত্তনে এবং নীলাচলে রথাগ্রে নৃত্য-কালে যে সঙ্গীত-সাহিত্য প্রকাশিত হ'য়েছিল, তার দ্বিতীয় উদাহরণ আর কোথায়ও নেই। 'সঙ্গীত-পারিজাত', 'সঙ্গীত-শিরোমণি' প্রভৃতি শাস্ত্র সঙ্গীত-লক্ষণ-বর্ণনে গীত, বাদ্য ও নৃত্য—এই ত্রিবিধ প্রকার নির্দ্দেশ ক'রেছে। এই তৌর্য্যত্রিক নীতিশাস্ত্রে ব্যসনরূপে পরিগণিত। নৃত্য-নায়ক সেই তৌর্য্য-ত্রিককেই ভগবৎসেবার পরম অনুকূল ক'রে জগতে প্রদর্শন ক'রেছেন। সঙ্গীত-সাহিত্য পরিপূর্ণরূপে কৃষ্ণেন্দ্রিয়তর্পণে নিযুক্ত হ'য়েছে—একমাত্র গৌড়ীয়গণের সেবা-নৈপুণ্যে। মহাপ্রভুর দ্বিতীয়স্বরূপ গন্ধর্ব্বকণ্ঠধিক্কারকারী শ্রীল স্বরূপ-গোস্বামী প্রভু ও শ্রীরামানন্দ রায় গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্যের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুরু। শ্রীমন্মহাপ্রভু শ্রীস্বরূপ গোস্বামী প্রভুকে সঙ্গীত-সাহিত্যে পরম নিপুণ দর্শন ক'রে 'দামোদর' নাম প্রদান ক'রেছিলেন। শ্রীল স্বরূপ দামোদর 'সঙ্গীত-দামোদর' নামে একখানা সঙ্গীত-সাহিত্য শাস্ত্র রচনা করেন,—একথা গৌড়ীয় সাহিত্যকগণ জানেন।

কেবল গৌড়ীয় সঙ্গীত-সাহিত্যের কথা বল্‌তে গেলেই একখানা বৃহৎ গ্রন্থ রচিত হ'তে পারে। ভক্তিরত্নাকরের পঞ্চম তরঙ্গে সঙ্গীত-সাহিত্যের আলোচনা পাঠ কর্‌লেই অনেকে গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্যের একটুকু আভাস পেতে পার্‌বেন। তারপর শ্রীনিবাস আচার্য্য প্রভু, নরোত্তম ঠাকুর ও শ্যামানন্দ প্রভুগণের অভ্যুদয়কালে শ্রীনিবাস আচার্য্য প্রভুর প্রপৌত্র 'পদামৃতসমুদ্র'কার শ্রীল রাধামোহন ঠাকুরের সময় গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্যের বিশেষ বিস্তার হ'য়েছিল। রাণীহাটী, মনোহরসাহী ও গড়েরহাটী (নামান্তর গরাণহাটী) প্রভৃতি রাগিণী একমাত্র গৌড়ীয়-সাহিত্যেরই নিজ-সম্পৎ। মধুর মৃদঙ্গ-বাদ্য ও গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্যেরই আর একটী নিজ-সম্পত্তি। শ্রীনিবাস আচার্য্যপ্রভু ও ঠাকুর মহাশয় সঙ্গীত-সাহিত্যের মধ্য দিয়া 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকা'র শিক্ষাগুলি সর্ব্বসাধারণে প্রচার ক'রেছিলেন। কিন্তু পর-বর্ত্তিকালে গুরুপাদপদ্মানুগত্যের অভাবে সঙ্গীত-সাহিত্য-নায়কের ইন্দ্রিয়তর্পণের পরিবর্ত্তে যখন আত্মেন্দ্রিয়-তর্পণ-বৃত্তি জেগে উঠ্‌লো—তাল-লয়-মান-সুরের বাহ্য মোহ যখন সেবা-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চৈতন্যকে আবৃত করে দিল, তখন সঙ্গীত-সাহিত্য পণ্য-দ্রব্য বা বিলাসীর ভোগোপকরণে পর্য্যবসিত হ'লো। পরবর্ত্তিকালে 'ক্ষণদা-গীতচিন্তামণি' নামক একখানি গ্রন্থ চক্রবর্ত্তী ঠাকুরের নামে আরোপিত হ'য়েছে ; অনেকে ঐ সঙ্গীত-সংগ্রহ-সাহিত্যে নানাপ্রকার সিদ্ধান্ত-বিরোধ, রসা-ভাস-দোষাদি লক্ষ্য করেন, শোনা যায়। ময়নাডালের মঙ্গল-বৈষ্ণবঠাকুরের শিষ্য নৃসিংহঠাকুরের অধস্তন মিত্রঠাকুরগণের বংশীয়গণ মৃদঙ্গবাদ্য নিপুণতায় বিশেষ প্রসিদ্ধি লাভ ক'রেছিলেন।

গৌড়ীয়-জ্যোতিঃ-সাহিত্য

গৌড়ীয়-জ্যোতিঃ-সাহিত্যও জ্যোতিষ-জগতে যুগান্তর আনয়ন ক'রেছে। "ন যত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকম্"এর রাজ্য—"নিমেষার্দ্ধাখ্যো বা ব্রজতি ন হি যত্রাপি সময়ঃ" বা "রাত্রীঃ শারদোৎফুল্লমল্লিকাঃ" প্রভৃতি বাক্য-বর্ণিত যুগপৎ অচিন্ত্য-ব্যাপারের সমাবেশ ও সমন্বয় একমাত্র গৌড়ীয় জ্যোতিষ-সাহিত্যই প্রদর্শন ক'রেছেন। কারণ, একমাত্র গৌড়ীয়-জ্যোতির্ব্বিদ্‌গণই গান ক'রে থাকেন,—

"যচ্চক্ষুরেষ সবিতা সকলগ্রহাণাং
রাজা সমস্তসুরমূর্ত্তিরশেষতেজাঃ।
যস্যাজ্ঞয়া ভ্রমতি সম্ভৃত কালচক্রো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

একদিকে যেমন—

"অথ সর্ব্বগুণোপেতঃ কালঃ পরমশোভনঃ।
যর্হ্যেবাজনজন্মর্ক্ষং শান্তর্ক্ষগ্রহতারকম্॥"

আর একদিকে তেমনি—

"চৌদ্দশত সাতশকে মাস যে ফাল্গুন।
পৌর্ণমাসীর সন্ধ্যাকালে হৈল শুভক্ষণ॥
সিংহরাশি, সিংহ-লগ্ন, উচ্চগ্রহগণ।
ষড়্‌বর্গ, অষ্টবর্গ, সর্ব্ব সুলক্ষণ॥
অকলঙ্ক গৌরচন্দ্র দিলা দরশন।
স-কলঙ্ক চন্দ্রে আর কোন্ প্রয়োজন?"

—যে-সাহিত্যের প্রতিপাদ্য বিষয়, সেস্থলে জ্যোতিষ-সাহিত্য যে সর্ব্বোচ্চ স্থান অধিকার ক'রেছে, এতে আর আশ্চর্য্য কি? শ্রীহরিভক্তিবিলাস একাদশী-নির্ণয়ে, অরুণোদয়-লক্ষণ বর্ণনে, অষ্টমহাদ্বাদশী-বিচারে, পারণকাল-নির্ণয়ে, ভগবদর্চ্চনকারীর বিভিন্ন সেবাকাল-অবধারণে, মার্গশীর্ষকৃত্য, পৌষকৃত্য, মাঘকৃত্য, বসন্তপঞ্চমী, ভীষ্মাষ্টমী, ভৈমীএকাদশী, ফাল্গুনকৃত্য, গোবিন্দদ্বাদশী, বসন্তোৎসব, চৈত্রকৃত্য, রামনবমী, দোলমহোৎসব, দমনকারোপণোৎসব, বৈশাখকৃত্য, অক্ষয়তৃতীয়া, নৃসিংহচতুর্দ্দশী, চাতুর্ম্মাস্য, শ্রাবণ-কৃত্য, পবিত্রার্পণ, ভাদ্রকৃত্য, শ্রীজন্মাষ্টমীব্রত, আশ্বিনকৃত্য, বিজয়োৎসব, উর্জ্জা বা কার্ত্তিককৃত্য, দীপমালিকা-মহোৎসব, গোবর্দ্ধনপূজা, রথযাত্রা, ভীষ্মপঞ্চক প্রভৃতি অসংখ্য ভগবৎ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেবানুকূল-কৃত্য-নির্ণয়ে যে জ্যোতিষ-সাহিত্য বিস্তার ক'রেছে, সেরূপ সাহিত্য আর অন্যত্র নেই। জ্যোতিঃ-শাস্ত্র—ষড়্‌বিধ বেদাঙ্গের অন্যতম এবং 'সকল শাস্ত্রের চক্ষুঃ' বলিয়া উক্ত। কর্ম্মকাণ্ডীয় যজ্ঞবিধিতে কাল-জ্ঞানের আবশ্যকতা আছে এবং তজ্জন্যই জ্যোতিষ-শাস্ত্রের প্রয়োজন অনুভূত হয়; কিন্তু কর্ম্মকাণ্ডীয়-বিধিতে বুদ্ধি জড়ীভূত হ'য়ে গেলে আমাদের দিব্যচক্ষু অন্ধ হ'য়ে যায়। গৌড়ীয়-জ্যোতিষ-সাহিত্য আমাদিগকে সেরূপ অন্ধ ক'রে দেয় না। গৌড়ীয়গণের জ্যোতিষ-শাস্ত্র আদিপুরুষ গোবিন্দের সেবায় সুষ্ঠুভাবে নিযুক্ত। বর্ত্তমানযুগে সর্ব্বশ্রেষ্ঠ কালজ্ঞ গৌড়ীয়-জ্যোতির্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ গৌড়ীয় জ্যোতিষ-সাহিত্যের এক নবযুগ রচনা ক'রেছেন। প্রভুপাদ 'শ্রীসজ্জনতোষণী' ও নবদ্বীপ-পঞ্জিকা-সমূহে এই জ্যোতিষ-সাহিত্য-সম্পৎ কিরূপ সমৃদ্ধ ক'রেছেন, তা' বিশ্ব-জ্যোতির্জ্জগৎ একদিন উপলব্ধি করতে পারবেন। প্রত্যেক বার, তিথি, নক্ষত্র, মাস, ঋতু, বর্ষ, অব্দ, একাদশী, গৌড়ীয়গণের আবির্ভাব ও তিরোভাব-তিথি-সমূহ, সাত্বত-সম্প্রদায়ের আচার্য্যগণের এবং গুরুগণের প্রকটাপ্রকট-তিথি প্রভুপাদ কিরূপ গৌড়ীয়-জ্যোতিঃ-পরিভাষায় প্রকাশিত এবং সেগুলি বাস্তব প্রয়োগবিধিতে পরিণত ক'রেছেন, তা' প্রভুপাদের গৌড়ীয়-জ্যোতিষ-সাহিত্য-সমূহ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আলোচনা করলেই সুধী-সমাজ উপলব্ধি করতে পারবেন। রূপানুগ-গৌড়ীয়গণই একমাত্র জ্যোতিঃ-সাহিত্য-সম্পদের পূর্ণ-মালিক ; কেননা, তাঁরাই শ্রীরাধাগোবিন্দের অষ্টকালীয় সেবায় অভিজ্ঞ। প্রাগ্বন্ধযুগীয় "ত্রেধা নিদধে পদম্" প্রভৃতি বেদোক্তি কৃষ্ণ-লীলার দৈবরাশি এবং গৌর-কৃষ্ণাদি ভগবৎ-প্রাকট্যবিচারে জ্যোতিঃসিদ্ধান্তোপপত্তি-সাহিত্যে আবস্থ অপসারিত হ'লে কৃষ্ণভজনে চিত্ত দৃঢ়তা লাভ করে।

গৌড়ীয়-সাহিত্য-নায়কের লীলা

গৌড়ীয়-সাহিত্য যে সার্ব্বভৌম-সাহিত্য, এ বিষয়ে বোধ হয়, আমরা একটু দিগ্দর্শন করতে পেরেছি। এই সার্ব্বভৌম-সাহিত্যের পূর্ণসম্পুট যখন বৃন্দাবন হ'তে শ্রীনিবাস আচার্য্য, ঠাকুর নরোত্তম ও শ্যামানন্দ—এই গৌড়ীয়-প্রভুত্রয়ের অধ্যক্ষতায় গৌড়দেশে অবতরণ করছিল, তখন বনবিষ্ণুপুর-পথে সেই গৌড়ীয়-সাহিত্য-মঞ্জুষা অপহৃত হ'লো। এটাও একটা গৌড়ীয়-সাহিত্য-নায়কেরই খেলা। সাহিত্য-সরস্বতীপতি জানালেন,—'গৌড়ীয়-সাহিত্য এরূপ-ভাবে যুগে-যুগে আক্রান্ত হ'বে। কিন্তু আক্রান্ত হ'লেও এ অপ্রাকৃত বস্তুর চিরবিলোপ হ'বে না।' কিছুদিন পর গৌড়ীয়-সাহিত্য-মঞ্জুষার পুনরুদ্ধার হ'লো। আবার গৌড়-দেশে, গৌড়দেশে কেন, সমগ্র বিশ্বে সেই স্বরাট্-সাহিত্যের বিস্তার হ'তে থাকলো।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-সাহিত্যিক-বিভাগ

গৌড়ীয়-সাহিত্যিকগণকে আমরা দু'টা প্রধান শ্রেণীতে বিভক্ত কর্‌তে পারি। যাঁরা মধ্ব-সাহিত্যের খবর রাখেন, তাঁ'রা জানেন, মধ্ব-সাহিত্যিকগণের ভিতরে দু'টো বিশিষ্ট সম্প্রদায় আছে। এক সম্প্রদায়ের নাম—ব্যাসকূট, আর এক সম্প্রদায়ের নাম—দাসকূট। এই দুই সম্প্রদায়ই শ্রীমন্মধ্বাচার্য্যের পরে দাক্ষিণাত্যে বিশেষ ব্যাপ্ত হ'য়েছিলেন। ব্যাসকূট-সম্প্রদায়ের সাহিত্য সমস্তই সংস্কৃত ভাষায়, আর দাসকূট-সম্প্রদায় তাঁ'দের কন্নড়-মাতৃভাষায়—তাঁ'দের কথোপকথনের ভাষায় বিরাট্ সাহিত্য-সম্পদ্ রচনা ক'রেছেন। 'ন্যায়ামৃত'কার ব্যাসতীর্থকে অনেকে ব্যাসকূট-সাহিত্য-সম্প্রদায়ের প্রধান স্তম্ভ বলেন, আর কেহ কেহ নরহরিতীর্থকে দাসকূটের প্রতিষ্ঠাতা বলেন। এই দাসকূটের মধ্যে পুরন্দর দাস, কনক দাস, জগন্নাথ দাস প্রভৃতি বহু ত্যাগী এবং ভজনানন্দী পুরুষ কন্নড়-ভাষায় সুললিত-পদ্যে ভগবল্লীলার বহু পদ গ্রথিত ক'রে গিয়েছেন। দাসকূট-সম্প্রদায় কেবল লীলাকথা তাঁ'দের সাহিত্যে প্রকাশ ক'রে ক্ষান্ত হন নাই, পরন্তু সুললিত পদ্যের মধ্যে বহু বৈদান্তিক-বিচার লিপিবদ্ধ ক'রেছেন। দাসকূট-সম্প্রদায়ের সাহিত্যে কৃষ্ণ এবং ব্রজবধূগণের বিক্রীড়ার কথাও পাওয়া যায়। আর ব্যাসকূট-সম্প্রদায় সংস্কৃত-ভাষায় বেদান্ত-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয়ক বিচার, পর-মতবাদ-খণ্ডন এবং ভগবল্লীলা-কথা বর্ণন ক'রে গিয়েছেন। বাদিরাজ স্বামী ব্যাসকূট-সম্প্রদায়ে প্রায় কুড়িটী সংস্কৃত বিস্তৃত গ্রন্থ লিখেও আবার কন্নড় ভাষায় বহু পদ রচনা ক'রে গিয়েছেন। এই বাদিরাজই অপ্যয়দীক্ষিতকে পরাজিত করেন। ইঁহার 'যুক্তিমল্লিকা'র সৌরভগুলিতে অতিসুন্দর সাহিত্য পরিস্ফুট হ'য়েছে।

গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যকগণের ভিতরেও এইরূপ দু'টী শ্রেণী দেখ্‌তে পাওয়া যায়। শ্রীরূপ, শ্রীসনাতন, শ্রীজীব, শ্রীবলদেব, শ্রীভক্তিবিনোদ, শ্রীল প্রভুপাদ প্রভৃতি যেন সেই ব্যাসকূটের সম্রাট্; আর চণ্ডীদাস, বিদ্যাপতি, শ্রীরূপ, রঘুনাথ, বাসুঘোষ, ভজনানন্দী ঠাকুর নরোত্তম, গোবিন্দ-দাস, ভক্তিবিনোদ প্রভৃতি যেন দাসকূটের মুকুটমণি।

গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের যুগবিভাগ

গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যকে আমারা মোটামুটি পাঁচটী যুগে স্থাপন করতে পারি। প্রথম—**শ্রীচৈতন্য-পূর্ব্বযুগ** অর্থাৎ শ্রীমন্মহাপ্রভুর প্রকট-লীলার পূর্ব্বের যুগ—যে যুগে আমরা ভারত-ভাগবত সাহিত্য হ'তে আরম্ভ ক'রে গৌড়-পুরের শ্রীজয়দেব, দাক্ষিণাত্যের কৃষ্ণবেন্বার তীরের শ্রীবিল্ব-মঙ্গল এবং পয়স্বিনী-তীরের সংহিতা-সাহিত্য, মহারাষ্ট্রের নামদেব তুকারাম, বীরভূম জিলার নান্নুর-গ্রামের চণ্ডীদাস, মিথিলার বিদ্যাপতি, কুলীনগ্রামের গুণরাজ খাঁ প্রভৃতি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহাজনগণের সাহিত্য লক্ষ্য করি। দ্বিতীয়যুগ—**শ্রীচৈতন্য-সমসাময়িক ও শ্রীচৈতন্য-পরযুগ** অর্থাৎ মহাপ্রভুর প্রকট-লীলার পরে যে-সকল সাহিত্য প্রকাশিত হয়েছিল, সেই-সকল সাহিত্যের যুগ। তার মধ্যে শ্রীপাদ ঈশ্বরপুরীর 'কৃষ্ণলীলামৃত', শ্রীপাদ বিষ্ণুপুরীর 'ভক্তিরত্নাবলী', শ্রীভাগবত-আচার্য্যের 'কৃষ্ণপ্রেমতরঙ্গিণী,' মৈথিল-কবি রঘুপতি উপাধ্যায়ের বিভিন্ন শ্লোকাবলী, শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক এবং গোস্বামিগণের ও বৈষ্ণব-মহাজনগণের বিভিন্ন সাহিত্য-গ্রন্থ ও পদাবলী। তন্মধ্যে শ্রীমুরারি গুপ্তের কড়চা, কবিকর্ণপূরের চৈতন্যচন্দ্রোদয় নাটক প্রভৃতি, শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের শ্রীচৈতন্যভাগবত, শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর শ্রীচরিতামৃত প্রভৃতিও স্থান পাবে। তৃতীয়যুগ—**গোস্বামি-পরবর্ত্তিযুগ** অর্থাৎ মহাপ্রভুর অনুগত বৃন্দাবনীয় গোস্বামিবর্গ এবং শ্রীল কবিরাজ গোস্বামী প্রভৃতির অপ্রকট-লীলার পরবর্ত্তিযুগ—যাকে শ্রীনিবাস আচার্য্য, ঠাকুর নরোত্তম ও শ্যামানন্দ-প্রভুর যুগ বা গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের মধ্যযুগ বলা যে'তে পারে। এই যুগেও পদাবলী-সাহিত্য অনেক বিস্তার লাভ ক'রেছিল। চতুর্থযুগ—শ্রীবিশ্বনাথ **চক্রবর্ত্তী ঠাকুর** ও গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীপাদ বলদেব **বিদ্যাভূষণ-প্রভুর যুগ**। এর সঙ্গে চক্রবর্ত্তি-ঠাকুরের শিষ্যানুশিষ্য শ্রীনরহরি চক্রবর্ত্তীর 'ভক্তিরত্নাকর', 'নরোত্তমবিলাস' প্রভৃতি গৌড়ীয়সাহিত্যের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যুগ সংশ্লিষ্ট হ'তে পারে। এর পরই গৌড়ীয়ের একটী অন্ধকার-যুগের সূচনা হয়—গৌড়ীয়-সাহিত্য-জগতে আচার-প্রচার প্রণালীর ব্যভিচার ও উদাসীনতার সঙ্গে-সঙ্গে নানাপ্রকার অপমল প্রবেশ করতে থাকে। যদিও চক্রবর্ত্তি-ঠাকুরের সাহিত্যে অতিবাড়ী, চুড়াধারী প্রভৃতি অপ-সম্প্রদায়ের নিন্দা শুন্‌তে পাওয়া যায়, তথাপি আউল, বাউল, কর্ত্তাভজা, নেড়া, দরবেশ, সাঁই, সহজিয়া, সখিভেকী প্রভৃতি অপসম্প্রদায়িগণ গৌড়ীয়ের একটী দীর্ঘকালব্যাপী অন্ধকারের সময় তা'দের স্ব-স্ব-অপস্বার্থ পূরণ কর্‌বার এবং পরবর্ত্তিকালে তা'দের কুমতগুলির বীজ বিস্তারিত কর্‌বার জন্য স্ব-স্ব-মতবাদ-পোষক সাহিত্য সৃষ্টি কর্‌ছিল। গৌড়ীয়ের এই অন্ধকার-যুগেই অশ্বঘোষীয় মহাযান-সম্প্রদায়ের আনুগত্যে অনেক প্রাকৃত-সহজিয়া-সাহিত্য, আউল-বাউলের সাহিত্য, গৌরনাগরী-সাহিত্য প্রভৃতি সৃষ্ট হ'তে থাকে। কৃষ্ণচন্দ্রীয় যুগে ভজনানন্দী মহাত্মা তোতারাম তাঁ'র সুপ্রচারিত সরল ছন্দে ঐসকল মতবাদ ও সাহিত্যকে নিরাস কর্‌বার চেষ্টা কর্‌লেও ভারতচন্দ্রের সাহিত্য এবং তাহার জীবনের উদাহরণ ঐসকল সহজিয়া সাহিত্যিক-গণের মত-পোষণে সাহায্য ক'রেছিল। অন্যদিকে মহারাজ কৃষ্ণচন্দ্রের বৈষ্ণব-বিদ্বেষ ও আচারনিষ্ঠ শুদ্ধবৈষ্ণবধর্ম্ম-প্রচারকের অভাব ও প্রাকৃত-সহজিয়া-সাহিত্য-সম্বর্দ্ধনে যথেষ্ট সুযোগ প্রদান ক'রেছিল। গৌড়দেশের গ্রামে-গ্রামে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

অশিক্ষিত নিম্নসম্প্রদায়ের মধ্যে আউল-বাউল-সহজিয়া-সঙ্গীতের গ্রাম্য সুর-তান-মান-লয়-সমূহ হরিণের কর্ণে ব্যাধের বংশী-ধ্বনির মধুবৃষ্টির ধারার ন্যায় প্রবিষ্ট হ'য়ে যখন বাংলার অ-শিক্ষিত অতত্ত্বজ্ঞ সাধারণ সমাজের নৈতিক ও পারমার্থিক সর্ব্বনাশ সাধন করল, তখন সহজিয়া-সাহিত্য আরো সম্বর্দ্ধিত হ'য়ে পড়্লো। অন্যদিকে আবার মনসার গান, যাত্রা-গান প্রভৃতির অনুকরণে যখন অপ্রাকৃত-সাহিত্য-মঞ্জুষার গুহ্যতম সম্পুটে সংরক্ষিত রাইকানুর গান হাটে, মাঠে, ঘাটে, বাটে বাজারে দগ্ধোদর-পূরণের পিপাসায়, ইন্দ্রিয়তর্পণেচ্ছার উত্তেজনার পণ্যদ্রব্যের মত বিষয়ী ভোগীর নিকট বিকি-কিনি হ'তে আরম্ভ কর্‌লো, যখন গৌড়ীয়-সাহিত্যিক-গুরু 'ঠাকুর-মহাশয়ের 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকা'-সাহিত্যের উপদেশ "আপনভজন-কথা না কহিবে যথা তথা" লঙ্ঘন ক'রে অপ্রাকৃত-গৌড়ীয়-সাহিত্য (?) সৌখিন-জড়বিলাসি-গণের একটা সখের জিনিষ বা বিদ্যাসুন্দর ও লয়লা-মজ্‌নুরই মত আর একটা সাহিত্যবিশেষ হ'য়ে দাঁড়া'ল—শিক্ষিত, সভ্য, সাধারণ নৈতিক-সমাজ যখন গৌড়ীয় সাহিত্যকে অশ্লীলতার অমেধ্যগর্ত্ত ব'লে তা'র প্রতি নাসিকা কুঞ্চন

গৌড়ীয় সাহিত্যে নবযুগ

কর্‌তে থাক্‌লেন, তখন গৌড়ীয় গোস্বামিগণের গৌরবের ধন সাহিত্য-সুরধনীকে যুগোচিত অমৃত-প্রবাহে প্রবাহিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্‌বার জন্যে—গৌড়ীয়-সাহিত্যের এক নবযুগ রচনা কর্‌বার জন্যে, বিশেষতঃ গৌড়ীয়-গদ্য-সাহিত্যের ভাণ্ডার সম্বর্দ্ধিত কর্‌বার জন্যে গৌড়দেশে অপ্রাকৃত রূপানুগ নিত্যসিদ্ধ সাহিত্যিকবর ঠাকুর ভক্তিবিনোদ আবির্ভূত হ'লেন। ঠাকুর ভক্তিবিনোদ গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে শতাধিক গ্রন্থ প্রদান ক'রে গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারকে এক নবীন সৌন্দর্য্যে মণ্ডিত কর্‌লেন। নিত্যসিদ্ধ গৌড়ীয়-সাহিত্যিকবর ঠাকুর ভক্তিবিনোদের সাহিত্য-সম্পুট স্বতঃই সম্পূর্ণ। তাঁ'র সাহিত্যে সূত্র-সাহিত্য, কারিকা-সাহিত্য, শ্লোক-সাহিত্য, গীতি-সাহিত্য স্তোত্র সাহিত্য, কাব্য-সাহিত্য, উপন্যাস-সাহিত্য, দর্শন-সাহিত্য, বিজ্ঞান-সাহিত্য, অনুবাদ-সাহিত্য, ভাষা-সাহিত্য—সকলই আছে। তিনি কেবল যে গৌড়ীয়-ভাষায় গৌড়ীয়-সাহিত্য প্রকাশ ক'রেছিলেন, তা' নয়, ইংরেজী, সংস্কৃত, হিন্দি, উর্দ্দু প্রভৃতি ভাষায়ও সর্ব্বপ্রথমে তিনি গৌড়ীয়ের ঠাকুরের প্রচারিত শুদ্ধভক্তির কথা জগতে প্রচারিত ক'রেছেন! গৌড়ীয় গোস্বামিগণের গ্রন্থাবলীর অকৃত্রিম নির্য্যাস-পীযুষ-ধারা একমাত্র ভক্তিবিনোদ-সাহিত্যেই গদ্য ও পদ্যের মধ্য দিয়ে বর্ত্তমানযুগে প্রকাশিত হ'য়েছে। গৌড়ীয় আচার্য্যগণ অনেকেই শ্রীবৃন্দাবনধাম সম্বন্ধে অনেক সাহিত্যগ্রন্থ লিখেছেন। শ্রীনরহরি চক্রবর্ত্তী, শ্রীপরমানন্দ দাস প্রভৃতি শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে অতি সংক্ষেপে কিছু কিছু কথা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বল্লেও নবদ্বীপধাম-সম্বন্ধে বিপুল-সাহিত্য একমাত্র ঠাকুর ভক্তিবিনোদই প্রচার ক'রেছেন। তাঁ'র শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য, শ্রীনবদ্বীপশতক-পদ্য, প্রমাণখণ্ড, শ্রীনবদ্বীপভাব-তরঙ্গ, সিদ্ধিলালসা প্রভৃতি ধামসম্বন্ধী গ্রন্থ গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারের অমূল্য সম্পদ্। স্ফোট-সাহিত্যের কথা ঠাকুর ভক্তিবিনোদ শ্রীহরিনাম-চিন্তামণি গ্রন্থে যেরূপ প্রকাশ ক'রেছেন, সেরূপ সুন্দর বিশ্লেষণ গৌড়ীয়-সাহিত্যে আমরা আর লক্ষ্য কর্‌তে পারি নাই। এতদ্ব্যতীত পদাবলী ও গীতি-সাহিত্যেও তিনি অনেক গ্রন্থ রচনা ক'রেছেন। তাঁ'র কল্যাণকল্পতরু, গীতমালা, গীতাবলী, রূপানুগ-ভজনদর্পণ, মনঃশিক্ষা, শরণাগতি, শোকশাতন, চাঁদবাউলের সঙ্গীত, শ্রীনামহট্টের গুটিকা প্রভৃতি গৌড়ীয়-পদাবলী সাহিত্যের উজ্জ্বলরত্ন। অনুবাদ-সাহিত্যের মধ্যে সম্বন্ধতত্ত্ব-চন্দ্রিকা, সারার্থবর্ষিণীর রসিক-রঞ্জন-ভাষাভাষ্য, গীতাভূষণ-ভাষ্যের বিদ্বদ্‌রঞ্জন-ভাষাভাষ্য, তত্ত্বমুক্তাবলীর ভাষা-ভাষ্য, ব্রহ্মসংহিতার 'প্রকাশিনী', কৃষ্ণকর্ণামৃতের ভাষা-ভাষ্য, সিদ্ধান্তদর্পণের ভাষাভাষ্য, উপদেশামৃতের পীযূষবর্ষিণী-বৃত্তি ও উপদেশামৃত-ভাষা, ভাগবতামৃতের ভাষা-ভাষ্য, শ্রীচৈতন্য-চরিতামৃতের অমৃতপ্রবাহ ভাষ্য, শ্রীভাগবতামৃত, ভজনামৃত, সঙ্কল্পকল্পদ্রুম, বিলাপকুসুমাঞ্জলি প্রভৃতির ভাষা-ভাষ্যগুলি প্রসিদ্ধ। তাঁ'র ইংরেজী-সাহিত্যের মধ্যে উড়িষ্যার মঠ, ভাগবত-স্পীচ, রিফ্লেক্‌সন্, ঠাকুর-হরিদাসের সমাধি-সম্বন্ধে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কবিতা, পুরীর জগন্নাথ-মন্দির ও পুরীর আখ্ড়া প্রভৃতি এবং 'নিত্যরূপসংস্থাপনম্'-সম্বন্ধে রিভিউ, শ্রীমন্মহাপ্রভুর জীবনী ও শিক্ষা প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁ'র উর্দ্দু ভাষায় রচিত "বালিদে রেজেষ্ট্রী" এবং সংস্কৃত-ভাষায় শ্রীকৃষ্ণসংহিতা, শিক্ষাষ্টকের সম্মোদন-ভাষ্য, ভাবাবলীর সংস্কৃতটীকা, শ্রীচৈতন্যোপনিষদের টীকা, সটীক আম্নায়সূত্র, তত্ত্বসূত্র, ঈশোপনিষদের বেদার্কদিধীতি, গৌরাঙ্গস্মরণমঙ্গল-স্তোত্র, স্বনিয়মদ্বাদশকম্ প্রভৃতি গ্রন্থসমূহ এবং গোস্বামিগ্রন্থ-দুগ্ধসমুদ্রের নবনীত-সরস্বরূপ ও গোস্বামি-গ্রন্থাবলী বুঝ্বার উপক্রমণিকা ও প্রবেশিকাস্বরূপ ভক্তিবিনোদ ঠাকুরের শ্রীজৈবধর্ম্ম, শ্রীচৈতন্য-শিক্ষামৃত, শ্রীভাগবতার্কমরীচিমালা, তত্ত্বসূত্র, আম্নায়সূত্র, তত্ত্ববিবেক এবং শ্রীসজ্জনতোষণীর প্রবন্ধমালা, অমৃতপ্রবাহ-ভাষ্য শ্রীমন্মহাপ্রভুর-শিক্ষা, শ্রীকৃষ্ণসংহিতা, শ্রীহরিনাম চিন্তামণি, ভজনরহস্য প্রভৃতি গ্রন্থ গৌড়ীয়-সাহিত্য-জগতে অতুলনীয়।

শ্রীচৈতন্য-সারস্বত-সাহিত্য

গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে এসকল সাহিত্যরত্ন প্রকাশিত হ'বার পরও যখন আমরা সাহিত্য-চর্চ্চার নামে সাহিত্যের বঞ্চনাময় আবরণে আবৃত হ'বার বিপদ্ বরণ ক'রে নিচ্ছিলাম—সাহিত্যকে কৃষ্ণেন্দ্রিয়তর্পণে নিযুক্ত না ক'রে আত্মেন্দ্রিয়-তর্পণে অথবা রাহিত্যের অভিযানে নিযুক্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্‌ছিলাম—গৌড়ীয়-সাহিত্য-সমুদ্রে যখন একটা ভীষণ কাল-বৈশাখী দেখা দিয়ে তুফান উঠিয়েছিল, আর আমরা যখন সেই কাল-বৈশাখীর ঝাপ্‌টা বায়ুযোগে আহৃত জড়জগতের রাশি-রাশি ধূলি ও বালুকণায় অন্ধনয়ন হ'য়ে পড়্‌ছিলাম, তখন অমন্দোদয়-দয়ানিধি শ্রীচৈতন্যের ভক্তিবিনোদ-দয়া আমাদের নিকট শ্রীচৈতন্য-সাহিত্য-সরস্বতীকে প্রকাশ ক'রে চৈতন্য-সাহিত্যাঞ্জন-শলাকায় আমাদের অন্ধ নয়ন উন্মীলিত ক'রে দিলেন। তাঁর বর্ত্তমানকালের সাহিত্যের স্রোতোগতি যদি একটুকু বিশ্লেষণ ক'রে দেখা যায়, তা' হ'লে দেখ্‌তে পাওয়া যায় যে, সাহিত্যিকগণ যেন মুক্তবল্‌গ-সাহিত্যের সাহায্যে প্রকৃতিকে নানাভাবে ভোগ কর্‌বার জন্য উদ্দামভাবে ছু'টেছেন। বিরাট্‌-প্রকৃতিরই একটা ক্ষুদ্রতম অংশরূপা যোষিৎ ভোগ ক'রে যে অতৃপ্ত ভোগ-কামনা থেকে যায়, সেই অতৃপ্ত-ভোগ-তৃষ্ণানলের লেলিহান কোটি জিহ্বাকে মহামোহিনী প্রকৃতির উপর প্রয়োগ ক'রে পিপাসা-শান্তির জন্য যে প্রয়াস, সেটাই বর্ত্তমান জগতের প্রাকৃত-সাহিত্যিকের সাহিত্যের মধ্য দিয়া প্রকাশিত। শুধু প্রকৃতিকে ভোগ কর্‌বার বাসনাটুকু নহে—সেই বাসনা অতিব্যাপ্ত হ'য়ে রাবণের সীতাহরণ-চেষ্টার ন্যায় ভগবচ্ছক্তিভোগের দুর্ব্বুদ্ধিও পোষণ কর্‌তে ব'সেছে! এখন আর শুধু জড়জগতের ভাবনা নিয়ে সাহিত্য-রচনা আবদ্ধ থাকৃছে না, এখন বৃন্দাবন-লীলা, রাইকানুর পিরীতি,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চণ্ডীদাস-বিদ্যাপতি-প্রভুগণকেও প্রাকৃত-সাহিত্যের মধ্যে টেনে আন্‌বার উত্তম-চেষ্টা হ'চ্ছে। বজ্রাঙ্গজী মহারাজ যেরূপ বীরদর্পে রাবণের দুর্ব্বুদ্ধির বাধা দিয়েছিলেন—রাবণের সীতাহরণকে মায়া-সীতাহরণ ব'লে বুঝিয়ে দিয়েছিলেন, সেরূপ গৌড়ীয়-সাহিত্যাচার্য্য বর্ত্তমানকালের প্রকৃতিভোগ-প্রবণ সাহিত্য-বিশ্বে স্বীয় স্বতন্ত্র স্বতঃসিদ্ধ সাহিত্যের বৈশিষ্ট্য রক্ষা ক'রে আমাদের দুর্ব্বুদ্ধি-গ্রন্থিসমূহকে ছেদন ক'রে দিচ্ছেন। তাঁ'র সাহিত্যের একটী বৈশিষ্ট্য এই যে, তা' কোন প্রকৃতিভোগকামীর ইন্দ্রিয়তর্পণের নিকট বশ্যতা স্বীকার করে না বা দুর্জ্জন-তোষণে প্রশ্রয় দেয় না। সুতরাং ঐরূপ শ্রেণীর ব্যক্তি সেই ঈশ-সেবাপ্রাণ সাহিত্যকে দুর্ব্বোধ্য ও শুষ্ক ব'লে ভয়ে-ভয়ে দূরে থাকে। এই সাহিত্যাচার্য্যের সজ্জনতোষণ-সাহিত্যের এমন একটা সৌন্দর্য্য বর্ত্তমান যে, তা'র এক-একটী শব্দ যেন এক-একটী অফুরন্ত সুসিদ্ধান্ত সন্মণিখনি আবিষ্কার ক'রে দেয়—কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণের চরমকাষ্ঠা নির্ণয় ক'রে দেয়। এই সাহিত্যের আর একটী বিশেষত্ব এই যে, তাহা কোন কদর্থকারীর দুরভিসন্ধি-দ্বারা স্বারস্য ভিন্ন দ্বিতীয়-ব্যাখ্যায় ব্যাখ্যাত হ'তে পারে না। তার গতি সহজ ও সরল। দু'দিকে এমনভাবে সুরক্ষিত যে, কোন দিক্ হ'তেই কোন খল এসে সেই কৃষ্ণপাদচারণ-ভূমিকাকে কোন প্রকারেই বিন্দুমাত্র দূষিত বা পরিবর্ত্তিত কর্‌তে পারে না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই গৌড়ীয় সাহিত্যাচার্য্যই সমগ্র পূর্ব্ব গৌড়ীয়-সাহিত্যিক-গুরুগণের সাহিত্য-সেবার—সাহিত্য-সাধনার অক্ষয় বিজয়-স্তম্ভ স্থাপন কর্‌বার জন্য বৈষ্ণবমঞ্জুষা-নামক একটী গৌড়ীয়-সাহিত্য-বিশ্বকোষের দ্বার উদ্ঘাটন ক'রেছেন। গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডার নানা মহামণি-মরকতে, অলঙ্কার-কৌস্তুভে, রত্নাবলীতে, নীলকান্তমণিতে পরিপূর্ণ হ'লেও এসকল অপ্রাকৃত সন্মণি-অমূল্যরত্নকে চিররক্ষা কর্‌বার একটী অপ্রাকৃত বিপুল-মঞ্জুষা বা কোষের আবশ্যকতা ছিল—বিশ্ববৈষ্ণব-সাহিত্যের একখানা সম্পূর্ণ বিশ্ব-কোষের অভাব পরিলক্ষিত হচ্ছিল। গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের—বিশ্ববৈষ্ণব-সাহিত্যের এই একটী বিপুল-সেবা শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার বর্ত্তমান পাত্ররাজ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ আরম্ভ ক'রেছেন। এই মঞ্জুষা হ'তে বিশ্বের দুয়ারে গৌড়ীয়-সাহিত্যের ভাণ্ডার উন্মুক্ত হউক—গৌড়ীয়-সাহিত্যের গৌরব-প্রদর্শনী বিশ্বের প্রতি-গ্রামে প্রতি নগরে উদ্ঘাটিত হউক। আমরা গৌড়ীয়-সাহিত্য-সম্রাটের বাণী শিরে ধারণ ক'রে যেন চিদেকরস শ্যামসাহিত্য-সেবায় অগ্রসর হ'তে পারি,—

"যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে।
একান্ত আশ্রয় কর চৈতন্য-চরণে॥
চৈতন্যের ভক্তগণের নিত্য কর সঙ্গ।
তবে ত জানিবে সিদ্ধান্ত-সমুদ্র-তরঙ্গ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সভাপতির অভিভাষণ

আজ আপনারা এই ভগবৎ-প্রেমিক বক্তার নিকট অপূর্ব্ব কথা-মাধুরী শ্রবণ করলেন। এ কথাটী আমি স্তুতি ক'রে বল্‌ছি না, সত্য-সত্যই প্রাণের কথা প্রাণ হ'তে ব্যক্ত কর্‌ছি। আমি যখন বিজ্ঞাপনে 'গৌড়ীয়-সাহিত্য' সম্বন্ধে আজ কিছু বলা হ'বে দেখেছিলাম, তখন মনে করেছিলাম, বক্তা কতকগুলি সাধারণ সাহিত্য-গ্রন্থের নাম ও তৎসম্বন্ধে আলোচনা কর্‌বেন ; কিন্তু আজ যখন গৌড়ীয় মঠের এই প্রেমিক বক্তা 'সাহিত্য' শব্দের ব্যুৎপত্তি ব্যাখ্যা কর্‌লেন, তখন সাহিত্য-জগতে যেন এক নূতন আলোকের প্রভা ছড়িয়ে পড়্‌ল। প্রকৃত প্রস্তাবে 'সাহিত্য' শব্দের এরূপ ব্যাখ্যাই সমীচীন। যাঁরা ব্যাকরণ না জানেন, তাঁরাও একথাটী বুঝতে পারেন যে, "সহিত" শব্দ থেকে 'সাহিত্য'-শব্দ নিষ্পন্ন। 'সংহিত' বা 'সহিত'-শব্দ একই। 'সংহিত' অর্থে—মিলন ; যেখানে পূর্ণ মিলন না হয়, সেখানে সাহিত্য হ'তে পারে না।

ভক্তি-শব্দের অর্থ অনুধাবন করলেও জানা যায়, যাহা ভাগীদার করে, তাহা ভক্তি। ভক্তিই পূর্ণমিলনের পথ দেখা'তে পারে। যদ্দ্বারা আমরা ভগবানের মাধুর্য্যের ভাগীদার হই, তার নামই ভক্তি। যিনি আপনাকে ভগবানের সেবায় একতানযুক্ত করতে পারেন, তিনিই বিশ্বপ্রেমিক।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্ম্ম ও জ্ঞানের পথে মিলন হ'তে পারে না। কর্ম্ম মিলনের কুহক দেখিয়ে আপনাকে বিড়ম্বিত করে, আর জ্ঞান মিলনের একটা আংশিক ছায়া দেখিয়ে মাঝপথে নিরস্ত হয়। সেবার পথেই মিলন। সেবার পথ জগতের সকলের অস্তিত্বের সঙ্গে তা'র অস্তিত্ব মিলাতে পারে, সকলের ভিতরে ভগবানের অধিষ্ঠান জেনে সকলকে আলিঙ্গন কর্‌তে পারে। ভগবানেই সমস্ত ভাবের পরিপূর্ণতা। তিনি ঔপনিষদের নিকট ব্রহ্ম, হৈরণ্যগর্ভের নিকট ঈশ্বর, আর ভক্তের নিকট ভগবান্, তিনি অদ্বয়জ্ঞান। সেই ভগবানের ভক্তের সহিত জগতের সকলেই মিলনে বদ্ধ। প্রকৃত 'সংহিত' বা মিলন সেখানে—যেখানে সেই ভগবানের সেবার পূর্ণ বিকাশ। যে শব্দরাশি মিলনের সন্ধান না দেয়, তা'র 'সংহিতা' নাম হ'তে পারে না। ভগবানের সঙ্গে মিলন করা'তে পারে ব'লে—ভক্তির সন্ধান দিতে পারে ব'লে, বৈদিক-সাহিত্যের নাম—'সংহিতা'। গৌড়ীয়-মঠের বক্তাও ব'লেছেন, বৈদিক-সাহিত্য ভক্তিরই সাম গান গেয়েছেন ; এ কথা ঠিক। যেখানে পূর্ণতা ও প্রীতির সমাবেশ—যেখানে পরিপূর্ণ প্রীতি, তাহাই সাহিত্য। আমরা মনে করি,—আমাদের দেহ, আত্মীয়-স্বজন, পাড়াপ্রতিবাসী, সমাজ, স্বদেশ—এসকলই আমাদের প্রীতির নিদান ; কিন্তু ভগবদ্ভক্তের কাছে প্রীতিটা অতটুকু সঙ্কীর্ণ ও ক্ষণিক নয় ; তাঁ'দের প্রীতি প্রীতির প্রতিপাদ্য-বিষয়কে কেন্দ্রীভূত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করে, পূর্ণকে আশ্রয় করে। তাই তাঁ'রাই বিশ্বপ্রেমিক হ'তে পারেন। প্রীতির পূর্ণতা—সমগ্রতা আছে। পূর্ণতা ও প্রীতি একই অর্থবাচক। যখন পরিপূর্ণকে কেন্দ্র ক'রে সকলের সঙ্গে প্রেম হয় এবং যখন সাহিত্য সেই প্রীতির পূর্ণতা দেয়, তখনই সাহিত্য মুখ্য, নতুবা গৌণ।

গৌড়ীয়-মঠের বক্তা বলেছেন, সাহিত্যের প্রতিপাদ্য—সাহিত্যের নায়ক—নন্দকুলচন্দ্রমা—'রসো বৈ সঃ'—অখিল-রসামৃতমূর্ত্তি,—এ কথা ঠিক। সাহিত্যের প্রাণ—রস, হ্লাদৈকময়ী কবিতা। আনন্দই সাহিত্যের প্রাণ। লৌকিক সাহিত্যে এ প্রাণের পূর্ণতা পাওয়া যায় না; কেননা, আমি যখন নাট্যাভিনয় দর্শন করি, তখন রসের দ্বারা যে আনন্দ পাই, সে আনন্দ ফুরিয়ে যায়; তা' ক্ষণিক, তা' অক্ষুণ্ণ নয়, তা'তে জগতের সঙ্গে পূর্ণ প্রেমের সম্বন্ধ স্থাপিত হয় না। গৌড়ীয়-মঠের প্রেমিক বক্তা আরও ব'লেছেন, ভাগবতে ও গোস্বামিগণের সাহিত্যেই পূর্ণ প্রীতির পরাকাষ্ঠা দেখ্‌তে পাওয়া যায়। বাস্তবিকই ভগবৎপ্রেম যখন পরম-তৃপ্তি দেখিয়ে দিতে পারে, তখনই যথার্থ সাহিত্য-সৌন্দর্য্য ফুটে ওঠে। শ্রীচৈতন্যচরিতামৃতে কবিরাজ গোস্বামী লিখেছেন,—

"চণ্ডীদাস বিদ্যাপতি, রায়ের নাটক-গীতি,
কর্ণামৃত, শ্রীগীতগোবিন্দ।
স্বরূপ-রামানন্দ-সনে মহাপ্রভু রাত্রিদিনে,
গায় শুনে পরম আনন্দ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহাপ্রভু এইসকল অলৌকিক-সাহিত্য,—সাহিত্যের প্রকৃত পাত্র যাঁরা, তাঁদের সঙ্গে আস্বাদন কর্‌তেন। আজ গৌড়ীয়-মঠের বক্তা যা' বল্লেন, তঁা'র প্রত্যেক কথাটী বিশ্লেষণ, আলোচনা ও ভাব্‌বার যোগ্য; তাঁ'র কথার ভিতরে অনেক জিনিষ নিহিত রয়েছে। তিনি যা' বলেছেন, সেগুলি যদি শ্রোতৃমণ্ডলী বাড়া গিয়েও আলোচনা করেন, যা'বার পথে আলোচনা করেন এবং ভবিষ্যতে এসব কথা ভাবেন, তা' হ'লে আমার দৃঢ়বিশ্বাস,—আপনারা ধন্য হ'বেন।

রায় বাহাদুর ব্যানার্জ্জি

অতঃপর রায় বাহাদুর গোবিন্‌লাল ব্যানার্জ্জি বলেন যে, আজকে গৌড়ীয়মঠের 'গৌড়ীয়' পত্রের সম্পাদক পরম-পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ মহাশয় 'গৌড়ীয়-সাহিত্য' সম্বন্ধে যে বক্তৃতা প্রদান করেছেন, তা' বাস্তবিকই হৃদয়স্পর্শী। তিনি গৌড়ীয়-সাহিত্যের সুন্দর বিশ্লেষণ ক'রে 'সাহিত্য' শব্দের প্রকৃত অর্থ কি, তা' আজ ব্যাখ্যা ক'রে সকলের হৃদয়ে অভূতপূর্ব্ব আনন্দের সঞ্চার ও নব আলোক প্রদান করেছেন। বাস্তবিকই যা'দ্বারা ভগবানের সহিত নিত্য সঙ্গ হয়, তাহাই 'সাহিত্য'। একটা কথায় আজ আমার বড়ই আনন্দ হ'লো,—ভক্তিবিনোদ ঠাকুরের কথায়। ৩০।৩৫ বৎসর পূর্ব্বে এ অভাগার ভাগ্যে তাঁ'র সঙ্গে দেখা হয়েছিল; তখন দেখেছিলাম তঁা'র সেই প্রেমে-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গড়া মূর্ত্তিটী। মহাভাগবতের যে-মূর্ত্তিতে সর্ব্বভূতে কৃষ্ণ-দর্শন —সর্ব্বভূতে কৃষ্ণানুসন্ধান, তাঁর প্রেমময়-মূর্ত্তিতে তা' প্রত্যক্ষ করেছি। তাঁ'তে প্রকৃত সাহিত্য ছিল, তাঁর তৃণাদপি সুনীচ-ভাবের আদর্শ, এবং কৃষ্ণময়-জগদ্দর্শন আমাকে মুগ্ধ ক'রেছিল। সেরূপ বিশ্বপ্রেমিকের আদর্শ নিয়ে আমাদের সকলের প্রতি প্রেম করতে হ'বে।

—:*:—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय-ग्रन्थालय,
[illegible]
वाराणसी-5

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi